The question may arise why the crisis erupted when it did? Does it have any correlations with great power interaction? Was the crisis expedited by great power involvement? It might be so, though the crisis was inevitable because of its 'preexisting latent conflict' but it has been the case that the crisis was influenced directly or indirectly by the super power involvement and the existing global factors. It clearly indicates that the crisis was related to great powers as well as the small powers interaction. If the independence of Bangladesh is considered as an unit of analysis, it can be generalized that in all such cases the involvement of global powers as well as small are inevitable. However not because of hegemonic reasons, but considering many other factors, such as, political, regional interest, national interest, humanitarian urge and economic interest, the involvement of great and small powers have been very common in the present day situation in the global arena.

During the period of 1947-71 the rulers of Pakistan, basically being from its Western part, gradually tried to demolish the ethnic integrity of the Bangalees by imposing Urdu language, and by economic, cultural, social and political exploitation. In sum, the polity of the then Pakistan appeared to be undemocratic, military-dominant, bureaucratic, unpopular, unfaithful to its people and exploitative in nature, because, the authorities or ruling elite did not face the electorate for two decades after the independence of 1947; the first ever drafted constitution was abrogated (1956); and the country was virtually ruled by military dictatorship in the name of different absurd democracies, such as, 'controlled democracy' of General Iskandar Mirza, 'basic democracy' of Field Marshal Ayub Khan and later so called promised democracy of General Yahya Khan. General Yahya Khan promised to return the power to elected civilians. However, during the crisis, considering the super power inaction at the initial stage, General Yahya prolonged his military suppression of the East Pakistan, and he was made to believe that the super-power would not intervene into the crisis, which later on was proved wrong.

The independence of Bangladesh is not simply a geographical political or economic separation but in reality it was a challenge to the very concept on which Pakistan was created. The emergence of Bangladesh is a serious blow to the basic ideological foundation of Pakistan, the Two Nation Theory - Hindus and Muslims are two separate nations in the sub-continent and thereby formed two nation states.

As early as 1956, Prof. Hans J Morgenthau, the then Director of the Center for the Study of American Foreign Policy at the University of Chicago commented on the foundation of Pakistan and made a prediction about its feasibility. He said "Pakistan is not a nation and hardly a state. It has no jurisdiction in history, ethnic origin, language, civilization, or the consciousness of those who make up its population. They have no common interest in common except getting rid of Hindu domination. It is to that fear, and nothing else, that Pakistan owes its existence."

Separated not only by 1200 miles of Indian territory but even more by language, ethnic composition, civilization and outlook the formation of Pakistan, as if after the Civil War, Louisiana and Maryland had decided to form a state of their own with the capital in Baton Rouge.

While 84 percent of the total population of Pakistan are illiterate, the literacy rate is much higher in East Bengal, which is also much more politically conscious and active than its Western counterpart. Commenting on future of Pakistan, he said, only extra ordinary wisdom and political skill will find them and put them into effect and it is hard to see how anything but a miracle, or else a revival of religious fanaticism, will assure Pakistan's future.[1]

The emergence of independent Bangladesh could be considered as the implementation of original Lahore Resolution of 1940 (later to be known as Pakistan Resolution). At the Muslim League Session of 1930, poet philosopher Mohammad Iqbal in his presidential address said, I would like to see the Punjab, the North West Frontier Province, Sind and Baluchistan amalgamated into a single state. Self government within the British Empire or without the British Empire, the formation of a consolidated North West Indian Muslim State appears to me to be the final destiny of Muslim at least of North West India.[2] The Bengal's political importance was however incorporated in late 30s in Iqbal's scheme in his correspondence with Jinnah on June 21, 1937.[3]

Choudhury Rahmat Ali, one of the foremost dreamers of Pakistan did not also consider Bengal as part of Pakistan, but he referred to Bengal as "Bangle Islam'-a muslim majority state separate from Pakistan. Some of the Bengali leaders like Abul Hashin advocated a separate independent state in Bengal on the basis of Lahore Resolution that says “the areas in which the Muslims are numerically in a majority, as in the North Western and Eastern Zones of India should be grouped to constitute ‘Independent States’ in which the constituent units shall be autonomous and

sovereign.[4] The Muslim League Legislators' convention held in Delhi in 1946 officially endorsed the concept of a single state of Pakistan comprising both the North Western and Eastern Muslim majority areas despite protests from some leaders of whom mention may be made of Abul Hashem, the then Secretary of the Muslim League, Bengal Branch. These protests were very insignificant because the popular demand for Pakistan was too strong. Besides the Muslim leaders from Bengal also felt that the demand for separate Muslim State of Bengal would delay the partition of India as well as create complications toward the movement for separate homeland for the Indian Muslims. Moreover Jinnah's stand on the concept of Indo Muslim nationhood embraced the whole of the sub continental Muslim community both theoretically and practically.

After 1947 the situation became different with the domination by West Pakistani rulers–mostly military. The geographic situation, language and cultures contributed much more sense of alienation. Besides the Urdu speaking elite of Western Pakistan, particularly the Punjabi domination in almost all spheres aggravated the situation amongst politically conscious Bengalis.[5] Pakistan's policy makers contributed much in widening the economic disparities between the two wings by conscious decisions in favour of the western part and as such the movement for provincial autonomy was the direct outcome of the 'sense of accumulated resentment' against the policy makers, predominantly from West Pakistan having only 46 per cent of the Pakistani population which finally followed by the independence movement in 1971.

The period between 1947 and 1971 can be described as the phenomenon of internal or intrastate colonialism where one region of the country was deprived of its proportionate economic and political share in order to develop economically and strengthen politically the other region of the same country.[6] Basically the ideology of two-nation theory and internal colonialism dominated the politics of Pakistan between the period 1947 and 1971. The prime objective of Pakistan's foreign policy

was termed security against a presumed threat from India.[7] This search for security found way for political and military support in order to counterpoise and neutralize Indian power superiority in the sub-continent, which paved the way for super power involvement in the region's affairs. The international situation also contributed to a great extent in the involvement of the super power in the region. In early and mid 50s the cold war reached its peak. The two blocs led by the Soviet Union and the United States tried to establish their spheres of influence and hegemony all around the world specially in the Third World countries, and the sub-continent was not outside of their power struggle. During this time in 1954 Pakistan joined the Western Alliance System and signed a Mutual Defence Assistance Pact with the United States. Later Pakistan also joined SEATO and the Baghdad Pact (CENTO).

The Soviet American cold war became intense in 1960s and the United States' priorities shifted. The change in international system became worse with Sino-Indian relations and the open rift between Peking and Moscow. The Sino-Indian conflict pushed Pakistan more closer to Peking. But Pakistan continued to get military assistance from the United States, and India from the Soviet Union. During 1962-65 period Pakistan was politically heavily backed by China. Mr. Zulfiqur Ali Bhutta, the then Foreign Minister of Pakistan said in the Pakistan National Assembly that India did not attack East Pakistan during the 1965 Indo-Pakistan war because China had told the United States in their bilateral discussions at Warsaw that Peking would intervene in the war if India attacked East Pakistan.[8] Virtually East Pakistan, during the 1965 war between Pakistan and India was defenseless.

The United States after the war in 1965 stopped military aid to Pakistan but Pakistan continued getting massive military assistance from China. According to Mr. Nixon's 1971 foreign policy report, China supplied military hardware worth 135 million dollars between the period 1965 and 1971 to Pakistan.[9]

In the late 60s and early 70s the global situation turned to a new era. The Sino-Soviet cold war reached to extreme point and was about to explode in 1969. Soviet Union further reinforced her political economic and military support to India. There was indications of rapprochement between China and the United States. Sino-American rapprochement however opened possibilities for both Pakistan and India for further gaining militarily and politically from their respective allies. The United States decided to resume arms supply to Pakistan in October 1970. Amerca's global strategy at this time was particularly emphasized on rapprochment with China and the economic interests in the Gulf region. Since mid 1950s the Soviet Union, following Pakistan's defence arrangement with the United States, had increasingly supported India in its regional ambitions and it is the only super power which never supported Pakistan politically. The Soviet support to India however was based not on any humanitarian reasons but as opposing to Sino-American hegemony in the region and to establish its own global interests in the region. The Indo-Soviet treaty in August 1971 provided more Soviet support (military) to India and according to the February 1972 report of the President's (United States) foreign policy, the Soviet Union and its East European allies sent supplies militarily worth 730 million dollars during the period 1965-1971 to India.[10]

The emergence of Bangladesh has perhaps two different aspects significance i.e., a) it reversed the regional system that had been working since 1947 and b) it has exposed the problem for those countries which have potential Bangladeshes in their national structures. Since long back the region has been an arena of external influences and after the independence of most the countries in the region, the competition for economic diplomatic and political hegemony have been intensified. Before 1947, Britain's role was very important. Many may be of the opinion that the external powers' role in the region have been constructive, but the direct or indirect involvement of the super powers and China the emerging super power of what is questionable and case in point; and the intensity is ever-growing

in different environment of the region. The relations of the region with all great powers and China are extensive significant and important.

The policies and actions of these powers heightened and lessened regional tensions under different circumstances of the region. Global and regional trends determined the political shape of the region, and as such, the roles of the major powers or the regional perceptions of world politics are important, despite of the fact that the region is not of special importance to the security of the super powers, except China being the central strategic factor in the arena.

Nixon's China policy in 1969 reinforced the United States and Pakistani relationships and eventually complicated the American role during Bangladesh crisis. In February 1971 President Nixon in his State of the World message said that 'the United States would not allow any outside power to attain predominant influence and make the region a focus of super power conflict'.[11]

Nixon's China policy created some significant impact on Bangladesh crisis. Presumed China's intervention and the United States' inaction India signed the Indo-Soviet Treaty. The American role during the Bangladesh crisis could best be observed in a report to the Congress on February 9, 1972 where President Nixon said that 'the United States did not support or condone' the Pakistani military's severe repression of the East.[12] Despite public criticism, the Nixon administration did not condone military atrocities operated by the Pakistani military junta in Eastern part and practically opposed the nationalist movement during the Bangladesh crisis. Soviet support to India and Nixon's China policy motivated him, to great extent, for his support to Pakistan. However it does not reflect the whole picture of the United States' notion toward the Bangladesh crisis. Senator Kennedy charged President Nixon for 'watching the crisis in silence'. A Louis Harris survey found that the American people, generally less interested in South Asia, disapproved Nixon's handling of the Bangladesh crisis by a two-to-one margin.[13]

Though Soviet Union was the first among the super powers to condemn Pakistani military atrocities in Eastern part but it is hard to believe, specially considering the global super power politics, that the Soviet Union supported the Bangladesh cause just because of suffering humanity or because of being interested in 'restoring the democratic rights of the Bangalees'. President Nixon said, ‘Soviet policy, I regret to say, seemed to show the same tendency we have witnessed before in the 1967 Middle East war and the 1970 Jordanian crisis to allow events to boil up toward crisis in the hope of political gains’.[14]

In the Bangladesh case, Peking's traditional sympathy for national liberation movements was not projected and China chose pragmatism over ideology because its hostility toward the Soviet Union and India. It was not ready to see the Bangladesh's independence movement backed by Delhi and Moscow. However, during the Pakistani president's visit to Peking in November 1970, Premier Chou En Lai urged him to find a reasonable solutions to the growing East West problems. Chou, after the December election in Pakistan wrote both Sheikh Mujibur Rahman and Zulfiqur Ali Bhutto for coming to a satisfactory settlement. But when the war broke out China supported Pakistan in the United Nations Security Council. However, China expressed herself more against the Soviet Union than in favour of West Pakistan.

As regards to the United States foreign policy in the region, the United States Secretary of State Rogers called the events, 'tragic and one of the major disappointments for United States foreign policy in 1971’.[15]

During the crisis most of the world governments refrained from immediate condemnation of the atrocities but the press, particularly in Britain and the United States rendered remarkable humanitarian services by publicizing the horrors and atrocities in Bangladesh which rouse tremendously the world support and sympathy for the sufferings of Bangalees. Various personalities and organizations around the world showed sympathy. From the

beginning of the crisis Senators Kennedy and Sax by, labour MPs Mann and Storehouse among many others spoke out and considered the crisis as uprooting massacre, in addition to a number of organizations and political parties around the world. Except the Soviet Union and Yugoslavia, rest of the socialist world remained silent. Majority of the Muslim countries also remained silent and supported Pakistan except for the very soft voices of Indonesian and Egyptian newspapers.

Practically the United Nations General Assembly in 1971 became a center of Global politics in connection with the two exciting and controversial issues i.e., the admission of the China and the Bangladesh crisis. However, the conflict in West Asia and the search for a new Secretary General were also important issues in the world body in 1971. With the American announcement of no longer opposition to China's admission, the Peking's admission to the world body had been confirmed and the future of Taiwan in the United Nations became uncertain.

During the period September 27 to October 13 in 1971, 117 countries participated in the General Debate of the World body and only 5 countries including Pakistan and India mentioned the Bangladesh crisis in their statements which could be classified into groups of countries advocating different solutions of the crisis. According to these various groups: a) the problem should be solved from the humanitarian point of view and made no reference to political aspects of the crisis; b) political solution should be evolved; c) crisis should be settled between India and Pakistan with or without the United Nations; d) a political solution should be reached in consultation with the elected representatives of the people; and e) some countries refrained from any substantial comment. Only Saudi Arabia took a firm pro-Pakistani stand. Many countries, at the initial stages of the crisis viewed it as the domestic one and could be solved in its own way of which mention may be made of China and the United States. Considering the severe situation in the region and at the request of nine countries - Argentina Belgium, Burundi, Italy, Japan, Nicaragua, Somalia, the United Kingdom and the United

States, an emergency meeting of the Security Council was convened on December 4, 1971.[16] Soviet Union and Polish delegates proposed at the outset of the meeting that Bangladesh representative should be invited and be heard. The Chinese delegates opposed it supporting Pakistan and opined it that as a domestic affair of Pakistan. Pakistan threatened to withdraw if Bangladesh was invited. Supporting Pakistani stand, the Chinese delegate maintained that India had openly invaded East Pakistan and demanded that the Council should strongly condemn the aggressive acts of the Indian government.

Suggesting immediate ceasefire and the withdrawal of armed personnel to their own sides of the border, American delegate submitted a resolution and authorized the Secretary General to ensure the implementation of the ceasefire and withdrawal of the troops. The resolution called upon both India and Pakistan to facilitate the voluntary return of refugees to East Pakistan.[17] Since the resolution did not mention the political solution of the crisis, the Soviet Union called the resolution one-sided. The Soviet Union and Poland voted against and Britain and France abstained. With the Soviet veto the resolution was lost and this was the 106th veto used by the Soviet Union in the 26 year history of the United Nations.[18] Considering the deadlock and as a result of discussions between the delegates a meeting of the Security Council was called on December 5, 1971 which received three draft resolutions:[19] a) a Soviet resolution called for political settlement in East Pakistan which would inevitably result in a cessation of hostilities and called upon Pakistan to cease all acts of violence in East Pakistan; b) Chinese resolution called for a ceasefire and withdrawal of forces and called upon all states to support the Pakistani people in their just struggle to resist Indian aggression,[20] and c) the resolution sponsored by Argentina, Burundi, Italy, Japan, Nicaragua, Sierra Leone and Somalia called for a ceasefire and withdrawal of forces, intensify the efforts to bring about conditions for the voluntary return to the refugees to their homes and full cooperation of States with the Secretary General in aiding the refugees.[21] The Soviet resolution supported by Poland was opposed by China and the 8-Nation

resolution was vetoed again by the Soviet Union, which was the second veto of the Soviet Union within twenty-four hours.[22] Chinese resolution was withdrawn considering the indifferent support from the members of the Security Council. Another effort at the third meeting of the Security Council was also failed on December 6 because of the different attitudes of the members.[23] China, the Soviet Union and the United States raised objections to a French resolution calling for immediate ceasefire, reciprocal disengagement and the speedy creation of conditions for the voluntary return of the refugees. Because of Soviet Union's insistence on using its veto for an Indian-Pakistani ceasefire a decision at the December 6, 1971 meeting of the Security Council was taken to put the whole issue before the 131 Nation General Assembly.[24] China and the United States voted in favour, Poland and the Soviet Union along with Britain and France abstained. Since the Assembly would turn up to be a place of complicated power struggle Britain and France perhaps well realized the fact and abstained. Besides under the United Nations charter the Assembly does not have power of enforcement[25] and normally it becomes a place of confused debates of its large number of membership. However the Security Council failed to decide on an important issue and thus exposed its importance before the world. The shifting of Bangladesh issue was the direct result of the Sino-Soviet and super power clash. December 4, 5 and 6 meetings of the Security Council are proved as the super power struggle in connection with a local crisis, and ideological issues had little significance, but political considerations had been obvious. During this crisis the United States and Chinese interest got identified and Sino-Soviet cleavage became sharper. Altogether, between December 12 and 21 there had been seven meetings of the Security Council in connection with Bangladesh crisis alone[26] and the outcome of the meetings were hopeless. It simply intensified the super power cleavage. The representative of China on December 16 charged India, through a circulated statement, for assisting the Soviet Union to destroy Pakistan and committing aggression against China. The Chinese statement also charged India that it wanted to become a sub-super power in the

region.[27] However the Indian delegate declared that since Pakistani forces surrendered in Bangladesh and Bangladesh was now free and liberated, it was unnecessary for India to continue the present conflict and India had ordered its armed forces to ceasefire[28] which virtually ended the crisis.

The Bangladesh situation virtually isolated India in the world body because out of total 131, 104 members sided against India which was supported only by the Soviet Union, Bhutan, Cuba and Soviet Union's East European allies.[29] Rumania voted with China. Yugoslavia and Egypt - the great non-aligned allies of India voted with Pakistan. Among those who had abstained from voting were only 5 out of more than 70 non-aligned members. All Arab countries sided with Pakistan. Only Oman abstained. Their prime objectives might have been that they did not want to see a brother Muslim country dismembered. Most of the African countries joined the Pakistan supporters, but Malawi and Senegal abstained, and Equatorial Guinea, Guinea and Lesotho absented themselves. Most of the South and South East Asian countries followed the Sino-American line. Afghanistan Singapore and Nepal abstained and Mauritius, Maldives and Burma absented themselves. The Latin American countries, except Chile (abstained) also followed the American line. In Europe, Britain, France and Denmark abstained. In African case, most of the new African countries viewed the independence movement of Bangladesh as the 'secessionist attempt'. Perhaps they looked it on part with the Biafran secession movement. Many African countries do have the problems with their national integration. As for example, Uganda, Kenya, Sudan, Chad Zaire, Nigeria, Ethiopia, Somalia and Zambia have been confronted with the problems of 'dangerous division and possible disintegration'. And as such, to support such case like Bangladesh would have encouraged their own troubles in their countries. Most of the small countries viewed the crisis with suspicions because of strange Sino-American combination one side and Indo-Soviet alliance on the other'.

The Security Council debates on Bangladesh crisis was marked by 'bitter exchange of remarks between the Soviet Union and China'. The two powers, during the discussions in the Security Council meetings worked against each other and held their own views on the crisis. China charged the Soviet Union that it wanted to exploit India's dependence in order to control the India-Pakistan sub-continent and the Indian Ocean and eventually expand its spheres of influence to compete with other super powers for world hegemony. The neutral attitude of Britain and France projected a major breach in the western alliance dominated and led by the United States. Perhaps Britain's knowledge about the sub-continent enabled it to assess the Bangladesh crisis in exact perspective.

The Bangladesh crisis offered some observations about the roles of the major powers in the region. The United States, as it appears now, would maintain a low profile in the region because of its major interests in the Gulf region and because of its own internal economic situation. Besides, the region does not cause a direct confrontation of the super powers. The Soviet Union and China would sustain their diplomatic competition. The internal instability and the global political situation would always invite the major powers' involvement in the region. However, the independence of Bangladesh showed that in small countries' crises, direct or indirect involvement of the super powers would bc inevitable, and the major powers tend to instigate small scale conventional wars which would definitely lead to instability within less developed nation states, and perhaps at the same time would discourage big crises which would bring stability amongst the major powers in terms of their relations and interactions.

**References**

1. Hans J Morgenthau
   Military Illusions (The New Republic), March 19, 1956 pp 14-16, as appeared in the Bangladesh Documents, vol. 1 New Delhi, India.
2. Indian Annual Register, Calcutta, July-Dec 1940, pp 327-38
3. Kamruddin Ahmed, A Social History of Bengal, Dacca 1970 3rd ed., p 31
4. Khalid B Sayeed, The Formative Phase of Pakistan, 3nd ed 1969 London pp 106-118
5. Mohammad Ayoob and K Subrahmanyam, The Liberation War, Delhi 1972, Chapter 3
6. Ibid, Chapter 2
7. The theme extracted from:
   Mohammad Ayub Khan, Friends Not Masters, London, 1967
   Zulfiqur Ali Bhutto, The Myth of Independence, London 1969
   S.M. Burke, Pakistan's Foreign Policy; An Historical Analysis London, 1973
8. National Assembly of Pakistan Debates, March 15, 1966, p 499 quoted in S.M. Burke, Pakistan's Foreign Policy: A Historical Analysis, London 1973, p 338
9. U.S. Foreign Policy for the 1970s : The Emerging Structure of Peace, A Report to the Congress by President Nixon, February 19, 1972, p 50
10. Ibid,
11. bid,
12. Ibid, Nixon
13. William J Barnds, India, Pakistan and American Realpolitik; Christianity and Crisis, June 12, 1972
14. Nixon, Emerging Structure, op. cit.
15. International Herald Tribune, December 26, 1971
16. Report of the United Nations Secretary General to the Security Council relating to the situation in East Bengal SCOR, Document, S/1041OI Dec 3 1971; S/1041O/Add Dec 4 1971

17. SCOR document No. S/10416I Dec 4, 1971;
SCOR document No. S/PV 1606, Dec. 4 1971, pp 86-91
18. SCOR S/1606 Dec 4 1971 p 172 and Times ofIndia, Dec 6, 1971
19. SCOR Document S/PV 1607 Dec 5 1971 and S/10418/Dec 4, 1971.
20. SCOR Document S/10421 Dec 5, 1971
21. SCOR Document 5/10419/Dec 4, 1971
22. SCOR Document S/PV 1607 Dec 5, 1971, p 126
23. SCOR Document S/PV 1608 Dec 6, 1971
24. General Assembly Resolution 377(V) 1950 and 12 of the Charter United Nations Monthly Chronicle Vol. IX No.1 January 1971, p 89
25. The Daily Telegraph, Dec 8 1971
SCOR S/PV 7608 Dec 6, 1971, p186
26. Secretary General's Report, Dec 22 (S/10466) and Dec 29(S/10467)
27. Year Book of the United Nations 1971 vol 25, p156
28. UN Monthly Chronicle VIX No.1 January 1972
29. The Times of India, December 11, 1971 and the HINDU, Dec 14, 1971.

ISSN-1605-2021

লোক-প্রশাসন সাময়িকী
পঞ্চবিংশতিতম সংখ্যা
ডিসেম্বর ২০০২ / অগ্রহায়ণ ১৪০৯

# বাংলাদেশের পরিবার ও বিবাহ ব্যবস্থা, পরিবর্তন এবং ভবিষ্যৎ : একটি সমাজতাত্ত্বিক পর্যালোচনা

আনিসুর রহমান খান*

***Abstract:*** *Throughout the ages, the family has been a fundamental group of the world. It has been called the corner-stone of society, credited with being a primary force for controlling as well as civilising the human beings, and viewed as the source of morality and descent behaviour. The foundation of family is predominantley rooted in marriage- a socially recognised institution essential for the procreation of children and satisfaction of sexual urges. The patterns and activities of family and marriage show a fascinating variation from society to society, but a constant flux of change. As the important parts of social structure, both family and marriage system, their change and fate as well have drawn a considerable degree of attention to sociologists. In a traditional society like Bangladesh both family and marriage are considered to be the cradles of social life, and enjoy their supremacy above all other existing social institutions/groups. In this study attempts have been made to get insight of the family and marriage structure of Bangladesh, their functions, changes, and about the future in the light of sociological outlook and perspective with view to better understanding the social structure.*

## ১.০ ভূমিকা

মানুষ সামাজিক জীব, সামাজিক জীব হিসেবে একত্রে বসবাসের তাগিদে মানুষ যেসব প্রতিষ্ঠিত আচার-ব্যবস্থা গড়ে তুলেছে তার মধ্যে পরিবার এবং বিবাহ অতীব গুরুত্বপূর্ণ ও প্রাচীন। পরিবারকে কেন্দ্র করেই মানুষের জীবন বিচিত্র মিথস্ক্রিয়ার আবর্তিত হয় যেহেতু পরিবারের মধ্যেই মানুষ জন্ম নিয়ে জীবন শুরু করে এবং মৃত্যু অবধি সেখানেই জীবন অতিবাহিত করে। পরিবারকে বাদ দিয়ে কোন মানব সমাজের অস্তিত্ব কল্পনা করা কঠিন। সেজন্য সমাজ বিজ্ঞানীরা পরিবারকে সর্বাধিক গুরুত্বপূর্ণ সর্বজনীন সামাজিক গোষ্ঠীর মর্যাদা দিয়েছেন। পরিবারের মূল ভিত্তি হল বিবাহ এবং বৈবাহিক সম্পর্কের মাধ্যমেই পরিবারের স্থায়িত্ব নির্ভর করে। বিবাহের মাধ্যমে পরিবার গঠন না করলে মানবজাতি কোন দিনই বর্তমান উন্নত পর্যায়ে আসতে পারত না। বিবাহ হল সমাজ স্বীকৃত একটি পবিত্র বন্ধন, যা পরিবারের ভিত্তিকে সুদৃঢ় করে এবং পারিবারিক বন্ধনকে স্থায়ী ও সুসংহত

---

* সহকারী পরিচালক, বিপিএটিসি, সাভার, ঢাকা

করে। পরিবার গঠনে বিবাহের আবশ্যিকতা সম্পর্কে বলা হয়, 'Marriage is rooted in family rather than family in marriage'. সুস্থ সমাজ জীবনে পরিবার ও বিবাহের উপস্থিতি এবং প্রয়োজনীয়তা এতই ব্যাপক ও বহুমুখী যে, সমাজবিজ্ঞানী ও নৃবিজ্ঞানীরা এসবের ব্যাখ্যা, উৎপত্তি, কার্যকারিতা এবং ভবিষ্যৎ নিয়ে ব্যাপক তথ্যানুসন্ধান করে চলেছেন।

বাংলাদেশের মত একটি ঐতিহ্যবাহী সমাজের কাঠামোতে স্মরণাতীতকাল হতে পরিবার ও বিবাহ গুরুত্বপূর্ণ স্থান দখল করে আছে এবং সমাজ কাঠামোর মূল ভিত্তি তথা চালিকাশক্তি হিসেবে কাজ করছে। যাবতীয় সামাজিক কার্যক্রমে পারিবারিক বন্ধন এবং বৈবাহিক সম্পর্ক তাৎপর্যপূর্ণ ভূমিকা পালন করে, সেজন্য এদেশের সামাজিক সম্পর্ক আজও শক্ত বাঁধনে গ্রথিত। তবে একথা সত্য, সমাজ সদা পরিবর্তনশীল এবং পরিবর্তনের স্বাভাবিক নিয়মে সমাজকাঠামোর অন্যতম মৌল ভিত্তি পরিবার সংগঠন এবং বিবাহ ব্যবস্থায় আসছে পরিবর্তন। সকল সমাজেই, বিশেষ করে শিল্পোন্নত পাশ্চাত্য সমাজ ব্যবস্থায় পরিবার ও বিবাহের সাম্প্রতিক দ্রুত পরিবর্তন প্রক্রিয়ার গতিধারা উপলব্ধি করে সমাজ বিজ্ঞানীরা এদের কার্যকারিতা সম্পর্কে সন্দিহান হয়ে ভবিষ্যদ্বাণী করার প্রয়াস পেয়েছেন। বাংলাদেশের পরিবার সংগঠন ও বিবাহ ব্যবস্থাতেও আসছে নানামুখী পরিবর্তন এবং পরিবর্তনের এই ছোঁয়া বাংলাদেশের সমাজ কাঠামোকে যথেষ্ট পরিমাণ নাড়া দিচ্ছে। বর্তমান আলোচনায় আমরা সমাজতাত্ত্বিক দৃষ্টিতে দেখার চেষ্টা করব বর্তমান বাংলাদেশের পরিবার ও বিবাহ ব্যবস্থার রূপভেদ, পরিবর্তন প্রক্রিয়া এবং সম্ভাব্য ভবিষ্যৎ। তবে মূল আলোচনায় যাবার পূর্বে পরিবার ও বিবাহ প্রত্যয় দুটোকে সমাজবিজ্ঞানী ও সামাজিক নৃবিজ্ঞানীরা কিভাবে ব্যাখ্যা করেছেন এবং সমাজে পরিবার ও বিবাহের উৎপত্তি সম্পর্কে ধারণা থাকা বাঞ্ছনীয়।

## ২.০ বিবাহ ও পরিবারের তাত্ত্বিক ব্যাখ্যা, উৎপত্তি এবং বিকাশ

পরিবার সংগঠন ও বিবাহ ব্যবস্থা অবিচ্ছেদ্য, একটিকে বাদ দিয়ে অন্যটির আলোচনা পূর্ণাঙ্গতা পায় না- যদিও বিবাহ ও পরিবার এক নয় এবং এদের মধ্যে তাৎপর্যপূর্ণ পার্থক্য রয়েছে। শুরুতেই উভয়ের মধ্যে পার্থক্য নির্ণয় করে নেয়া প্রয়োজন। এ প্রসঙ্গে নৃবিজ্ঞানী ম্যালিনোস্কি বলেন, "পরিবার একটি গোষ্ঠী বা সংগঠন, অন্যদিকে বিবাহ হল সন্তান উৎপাদন ও পালনের একটি চুক্তি মাত্র" (উদ্ধৃত, কোনিগ : ১০৬)। তিনি আরও বলেন, "একটি নারী এবং পুরুষের মধ্যে আগামী সংসার বা পারিবারিক জীবনের সুযোগ ঘটিয়ে দিবে বিবাহ। বিবাহ তাদের সুযোগ দিবে সন্তান প্রসবের ও প্রতিপালনের" (উদ্ধৃত, হোসেন : ৭৩)। আর এই সন্তান প্রসব ও প্রতিপালন কার্যক্রম দ্বারাই বিকশিত হয় পারিবারিক পরিমণ্ডল। নৃবিজ্ঞানী ওয়েস্টারমার্ক, যিনি আজীবন পরিবার ও বিবাহ নিয়ে গবেষণা করেছেন; যদিও নিজে ছিলেন অবিবাহিত, তাঁর বিখ্যাত গ্রন্থ "History of Human Marriage" –এ বিবাহ সম্পর্কে বলেন, "বিবাহ হচ্ছে মেয়ে ও পুরুষের মধ্যে একটি কমবেশি স্থায়ী সম্পর্ক, যা কেবল সন্তান জন্মদান পর্যন্তই স্থায়ী হয় না, এর পরেও

এর কাজ থাকে।" (উদ্ধৃত, নকী : ১১৪)। বার্ট্রান্ড রাসেল আরও সহজভাবে বলেন, বিবাহ হচ্ছে শুধুমাত্র a relation between men and women (Russel:85)। এ সম্পর্কে প্রাথমিকভাবে ব্যাখ্যা করা যেতে পারে যৌনসম্পর্কের পরিপ্রেক্ষিতে, আর বিবাহ ব্যবস্থা ব্যতিরেকে যৌন উচ্ছৃঙ্খলতার আশংকাকে এড়ানো যায় না। মূলকথা, বিবাহ সমাজ স্বীকৃত ধর্মীয় ও আইনগত অনুষ্ঠান যা স্ত্রী-পুরুষের মধ্যে একটি প্রাতিষ্ঠানিক বন্ধন সৃষ্টি করে। বিবাহ শুধুমাত্র সন্তান জন্মদান এবং যৌন কামনা চরিতার্থ করার উপায় নয়, বরং বিবাহিত ব্যক্তিবর্গ আর তাদের সন্তান বা সন্তানসমূহের জন্য নির্দিষ্ট কতগুলো অধিকার ও কর্তব্যের সৃষ্টি করে যেগুলো প্রাথমিকভাবে পালিত হয় পরিবার নামক সংগঠন দ্বারা। অর্থাৎ বিবাহের মাধ্যমে পরিবার সমাজে স্বীকৃতি লাভ করে এবং স্থায়ীভাবে প্রতিষ্ঠিত হয়। এজন্যই বিবাহকে পরিবারের প্রস্তুতি বা ভিত্তিমূল হিসেবে বিবেচনা করা হয়। অন্যদিকে পরিবারকেও সমাজ-বিজ্ঞানীরা নানা আঙ্গিকে ও বিচিত্র প্রেক্ষাপটে বিশ্লেষণ করেছেন। সমাজ বিজ্ঞানী মার্ডক বলেন, "পরিবার হল মোটামুটি স্থায়ীভাবে একত্রে বসবাসকারী স্বামী-স্ত্রী বা নর-নারী। তাদের সন্তান থাকতেও পারে, নাও থাকতে পারে" (উদ্ধৃত, মহাপাত্র : ২৫৫)। অন্যদিকে উইন্‌চ তাঁর 'The Modern Family' গ্রন্থে পরিবারের একটি আধুনিক সংজ্ঞা দিয়েছেন, তাঁর মতে, "পরিবার হল দুই বা ততোধিক ব্যক্তির একটি গোষ্ঠী যা গঠিত হয়েছে বৈবাহিক সম্পর্ক, রক্ত সম্পর্ক বা দত্তক গ্রহণের ফলে সৃষ্ট সম্পর্কের ভিত্তিতে, যারা নির্দিষ্ট একটি বাসস্থান গড়ে তুলেছে, যারা পারিবারিক কাজকর্মে পরস্পরের মধ্যে ক্রিয়া-প্রতিক্রিয়া করে, এবং এক অভিন্ন সংস্কৃতি সৃষ্টি ও সংরক্ষণ করে" (প্রাগুক্ত : ২৫৫)। পরিবার সম্পর্কিত এসব সংজ্ঞায় এটি স্পষ্ট যে, পরিবার প্রাথমিকভাবে একটি জৈব একক- যার মধ্য দিয়ে স্বামী-স্ত্রীর যৌন সম্পর্ক আনুষ্ঠানিক স্বীকৃতি পায়। প্রজনন প্রক্রিয়ার ধারাবাহিক বিকাশ ধারায় পরিবারের সদস্যদের জন্ম হয়; আর এইভাবে সৃষ্ট সদস্যদের মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ক থাকে এবং তাদের দায়িত্ব ও কর্তব্য সুনির্দিষ্ট হয়। আর এজন্য পরিবার সমাজের ক্ষুদ্রতম সামাজিক এককও, যার সদস্যরা কমবেশি সবাই একত্রে বাস করে এবং অর্থনৈতিক কাজ-কর্মে যোগ দেয়। পরিবারে কখনও কখনও অন্তর্ভুক্ত হতে পারে পার্শ্ববর্তী বিভিন্ন সম্পর্ক, অর্থাৎ যেখানে সন্তানাদিসহ অন্যান্য জ্ঞাতিরাও বসবাস করে বা করতে পারে। কিন্তু বিবাহ প্রক্রিয়ার মাধ্যমে পারিবারিক পরিমণ্ডলে রক্তসম্পর্কের এই বিকাশই পরিবারকে সমাজের অন্যান্য গোষ্ঠীর তুলনায় স্বতন্ত্র মর্যাদায় আসীন করেছে। তাই সমাজবিজ্ঞানীরা মনে করেন, "The family is the only social institution other than religion which is formally developed in all societies" (cited in Goode : 4). একথা বলা আবশ্যক, পরিবার ও বিয়ের এমন কোন সংজ্ঞা দাঁড় করানো সম্ভব নয়, যা হবে বিশ্বজনীন (universal), অর্থাৎ যা সকল স্থান এবং সকল সময়ের জন্য সমানভাবে প্রযোজ্য। আধুনিক সমাজবিজ্ঞানী ও সামাজিক নৃবিজ্ঞানীদের মতে এ দুটো প্রত্যয়ের বিশ্বজনীন সংজ্ঞা দাঁড় করানোর প্রচেষ্টা (অতীতে যা করা হয়েছে) ব্যর্থ হতে বাধ্য, কেননা এতে বিদ্যমান সামাজিক ও সাংস্কৃতিক ভিন্নতা অনুধাবন দুরূহ হয়ে পড়ে এবং ক্ষেত্র বিশেষে পরিবার ও বিবাহের নানা দিক সম্পর্কে জ্ঞান আহরণের রাস্তা কার্যতঃ বন্ধ করে দেয়। এজন্যই আধুনিক তাত্ত্বিকরা গুরুত্ব দিচ্ছেন নির্দিষ্টতার উপর- যার মূল লক্ষ্য হচ্ছে নির্দিষ্ট কোন সমাজে, নির্দিষ্ট কোন জনগোষ্ঠীর মধ্যে বা নির্দিষ্ট কোন সময়ে কি ধরনের

পরিবার বা বিয়ে ব্যবস্থা প্রচলিত ছিল বা আছে এবং এদের বৈশিষ্ট্য কিরূপ (আহমেদ চৌধুরী : ৭৪)। সে আলোকেই আমরা বাংলাদেশের মত নির্দিষ্ট একটি সমাজের পরিবার ও বিবাহের নানা প্রেক্ষাপট আলোচনা করব- পরিবার ও বিবাহের উৎপত্তি ও বিকাশের ক্ষেত্রে বিভিন্ন নির্দিষ্ট সমাজ, জনগোষ্ঠী ও সময়ের প্রেক্ষাপট বিবেচনায় রেখে।

মানব সমাজে পরিবার ও বিবাহ প্রথার কিভাবে উৎপত্তি হল সে সম্পর্কে নৃবিজ্ঞানী বা সমাজ বিজ্ঞানীদের মধ্যে যথেষ্ট মতভেদ রয়েছে। পরিবার ও বিবাহের উৎপত্তি সম্পর্কে দু'ধরনের মতবাদ রয়েছে। প্রথম অভিমত অনুসারে আদিম মানুষের সমাজ ব্যবস্থায় কোন রকম বিবাহ ব্যবস্থার অস্তিত্ব ছিল না, এবং সেজন্য পরিবার প্রথাও তখন গড়ে উঠেনি। জীবজগতের অন্যান্য প্রাণীর মত আদিম মানুষ অবাধ যৌন সম্পর্কে সামিল হত। মানব সমাজে অবাধ যৌন মিলনের পর্যায় থেকে ধাপে ধাপে বিভিন্ন স্তর অতিক্রম করে পরিবার প্রথার সৃষ্টি হয়েছে। এই মতবাদে পরিবার ও বিবাহের উৎপত্তি বিবর্তন ধারার মাধ্যমে বুঝানো হয়; তাই একে সামাজিক-সাংস্কৃতিক বিবর্তন বলা হয়। ব্যাকোফন, লুইস মর্গাণ, ফেজার, ব্রিফল্ট প্রমূখ বিখ্যাত সমাজ নৃবিজ্ঞানীরা এই মতবাদের প্রবর্তক। ব্যাকোফন তাঁর 'The Mother Right' গ্রন্থে অবাধ যৌনাচারের তত্ত্বে বলেন আদিম সমাজে যৌন জীবনের উপর কোন সামাজিক নিয়ন্ত্রণ ছিল না, মায়ের পরিচয়েই সন্তান পরিচিত হত। পরবর্তীকালে মাতার আর্থ-সামাজিক স্বার্থ সংরক্ষণের প্রয়োজনীয়তা থেকেই মাতৃতান্ত্রিক বা মাতৃঅধিকার ভিত্তিক পরিবারের বিকাশ হয়। কিন্তু এই অবস্থা আস্তে আস্তে পরিবর্তিত হয়ে পুরুষের অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে সমাজে পিতৃসূত্রীয় বা পিতৃঅধিকার ভিত্তিক পরিবারের উৎপত্তি হয় (প্রাগুক্ত : ৯৬)। নৃবিজ্ঞানের অন্যতম জনক হেনরী লুইস মর্গাণ রেডইন্ডিয়ান ট্রাইব ইরকুয়াদের সাথে দীর্ঘদিন বসবাস করে তাদের kinship terminology বিশ্লেষণ করে সিদ্ধান্তে উপনীত হন - মানব সমাজে পরিবার অবাধ যৌন জীবন পর্যায় থেকেই ক্রমে ক্রমে বিভিন্ন রূপ বিবাহ প্রথার (১. স্বগোত্র ভাই-বোন বিয়ে, ২. দলগত বিয়ে, ৩. জোড় বিয়ে, ৪. বহুস্ত্রী বিয়ে, ৫. একবিয়ে) উপর ভিত্তি করেই আধুনিক এক-বিবাহ ভিত্তিক পরিবারে স্থিতি লাভ করেছে। তিনি তাঁর বিখ্যাত গ্রন্থ 'Ancient Society'তে বিবাহের ভিত্তিতে পরিবার বিকাশের বিভিন্ন পর্যায় সম্বন্ধে বিস্তারিত আলোচনা করেছেন। তবে মর্গাণের উল্লেখযোগ্য অভিমত হল অধিকতর আদিম মাতৃতান্ত্রিক পরিবার থেকেই আজকের উন্নত পিতৃতান্ত্রিক পরিবারের জন্ম, এবং বিবাহ প্রথা দ্বারাই পরিবারের স্বরূপ নির্ধারণ করতে হয় (মর্গাণ : ৩৬৬)। এক্ষেত্রে উল্লেখ্য, সমাজতন্ত্রী লেখকরাও পরিবারের বিবর্তন ব্যাখ্যায় মর্গাণের তত্ত্বকে সম্পূর্ণভাবে গ্রহণ করেছেন। ফ্রেডরিক এঙ্গেলস্ তাঁর 'The Origin of the Family, Private Property and the State' গ্রন্থে মর্গাণের তত্ত্বকে সমর্থন করেন। তাঁর মতেও আদিম মানুষ পূর্ণাঙ্গভাবে মানবিক হবার পূর্বে অবাধ যৌনাচারে অভ্যস্ত ছিল। কালক্রমে নানা ধারাবাহিকতায় পরিবারের উদ্ভব হয়, এবং এটি একটি ঐতিহাসিক প্রতিষ্ঠান হিসেবে স্বীকৃত, কারণ এর অতীত ও বর্তমান আছে এবং সদা পরিবর্তনশীল (আহমেদ ও চৌধুরী : ৯৬)। অন্যদিকে ব্রিফল্ট তার 'The Mother' গ্রন্থে বিভিন্ন তথ্যের সমাবেশে দেখাতে চেষ্টা করেছেন কিভাবে অবাধ যৌনাচারের স্তর পেরিয়ে মাতৃতান্ত্রিক পরিবারের বিকাশ হয়েছে। তিনি

আরও বলেন আদিম মেয়েরা অবাধ যৌন জীবনের এক পর্যায়ে বুঝতে পেরেছিল পুরুষদের সাথে এক সাথে থাকলে অর্থনৈতিক দিক দিয়ে সুবিধা হবে, তখন তারা বিবাহের মাধ্যমে পুরুষদের সঙ্গে স্থায়ীভাবে আবদ্ধ হল। অর্থাৎ মাতার অর্থনৈতিক, সামাজিক এবং সেই সঙ্গে শিশুর নিরাপত্তার জরুরী প্রয়োজনে পরিবারের উদ্ভব। তবে তিনি বিভিন্ন দেশের এবং বিভিন্ন উপজাতির উদাহরণ দিয়ে বলেন, মেয়েরাই পরিবারের সৃষ্টি করেছে এবং সমস্ত শিল্পকলার স্রষ্টা হচ্ছে তারা (নকী : ১২৫)।

অন্যদিকে দ্বিতীয় ধারার সমাজ ও নৃবিজ্ঞানীরা পরিবার এবং বিবাহের প্রাথমিক রূপ সম্পর্কিত উপর্যুক্ত বক্তব্যকে স্বীকার বা মেনে নিতে চান না, বরং সম্পূর্ণ ভিন্নমত পোষণ করেন। এ প্রসঙ্গে নৃবিজ্ঞানী ওয়েষ্টারমার্কের অভিমত যথেষ্ট তাৎপর্যপূর্ণ। তাঁর মতে মানুষ কোনদিনই অবাধ যৌন জীবনযাপন করত না, বরং গোড়া থেকেই এক বিবাহ প্রথায় অভ্যস্ত ছিল। অবাধ যৌন আচরণ জীব ধর্ম বিরোধী, কেননা আশ্চর্যজনকভাবে পশু-পাখীও খাদ্য ও রক্ষণাবেক্ষণের জন্য পারিবারিক পরিমণ্ডলে বসবাস করে বলে তিনি মনে করেন। ওয়েষ্টারমার্ক জীববিজ্ঞান ও নৃবিজ্ঞানের বিভিন্ন গবেষণালব্ধ জ্ঞানকে মূল্য দিয়ে তাঁর তত্ত্বকে প্রতিষ্ঠিত করার চেষ্টা করেন। তিনি তাঁর যুক্তিতে বলেন পুরুষের মধ্যে মালিকানাসূচক কর্তৃত্ব এবং সম্পত্তি সম্পর্কে অধিকার-বোধের ধারণা থেকে পারিবারিক ব্যবস্থায় পতির কর্তৃত্ব সব সময়ই ছিল। তাঁর মতে পুরুষের ঈর্ষা, অধিকার-বলের আধিপত্যবাদ প্রতিষ্ঠার জন্য পরিবারের সৃষ্টি এবং এভাবেই বিকশিত হয় এক-বিবাহ ভিত্তিক পিতৃতান্ত্রিক পরিবার (কোনিগ : ১১৩)। সমাজবিজ্ঞানী হেনরী সামনার মেইন, পিতৃতান্ত্রিক বা পিতৃসূত্রীয় পরিবার হল সর্বজনীন- এ মতবাদের অন্যতম প্রধান প্রবক্তা। মেইন তাঁর 'Ancient Law' গ্রন্থে প্রাচীন গ্রীস ও রোম হতে প্রাপ্ত সাক্ষ্যপ্রমাণাদির ভিত্তিতে যুক্তি দাঁড় করান যে, আদিম যুগে মানব সমাজ বলতে বুঝাতো পিতৃসূত্রীয় পিতৃতান্ত্রিক সমাজ ব্যবস্থা। গ্রীস ও রোমের সমাজে পিতার একচ্ছত্র ক্ষমতা ও অধিকার বলের উদাহরণ দ্বারাই তাঁর মধ্যে এ ধারণার সৃষ্টি হয়েছে বলে মনে করা যেতে পারে। তাঁর মতবাদ অন্যান্য বিবর্তনবাদী তাত্ত্বিকদের অভিমত-বিরুদ্ধ যারা মাতৃতান্ত্রিক পরিবারকে আদিম পরিবার হিসেবে মনে করেন (আহমেদ ও চৌধুরী : ৪০৩)। তেমনি আধুনিক সমাজবিজ্ঞানী মার্ডকও বিবর্তনবাদীদের মত পরিবারের প্রাথমিক রূপ হিসেবে অবাধ যৌনাচার স্তর পেরিয়ে আস্তে আস্তে বেড়ে উঠা মাতৃতান্ত্রিক পরিবারের অস্তিত্বকে স্বীকার করেননি। তিনি তাঁর 'Social Structure' গ্রন্থে পরিবারের প্রাথমিক রূপ হিসাবে পিতৃতন্ত্রের কথা বলেন। যাহোক, পরিবার ও বিবাহের উৎপত্তি সম্পর্কে সমষ্টিগতভাবে দু'ধরনের মতবাদ দেখা যায়। প্রথমটির মূল বক্তব্য হল সমাজ সংগঠনের শুরুতে পরিবার ও বিবাহ বলতে কিছু ছিল না, মানুষ অবাধ যৌন জীবন স্তর থেকে আস্তে আস্তে বিবাহের মাধ্যমে পরিবার প্রথায় সংঘবদ্ধ হয়। এক্ষেত্রে মাতৃতান্ত্রিক পরিবারই পরিবারের অন্যতম প্রাথমিক রূপ বলে তাঁরা মতামত প্রকাশ করেন। বিপরীতক্রমে, দ্বিতীয় মতবাদ অনুসারে মানুষ শুরু থেকেই পিতৃতান্ত্রিক বা পিতৃসূত্রীয় পারিবারিক জীবনে সংঘবদ্ধ ছিল, যা অবাধ যৌনাচার মতবাদের সম্পূর্ণ বিরোধী। এ মতবাদের প্রবক্তাদের মতে অবাধ যৌনাচার কখনই মানব সমাজে দৃশ্যমান নয়। তবে পরিবারের ক্ষেত্রে মাতৃতন্ত্র বা পিতৃতন্ত্র, মাতৃসূত্রীয় বা পিতৃসূত্রীয় যেটাই আগে

আসুক না কেন, পিতৃসূত্রীয় বা মাতৃসূত্রীয় রীতির আওতায় আদিম বিবাহের রূপ নির্ণয় এক জটিল কাজ বলেই নৃবিজ্ঞানী বা সমাজবিজ্ঞানীরা মনে করেন। সমাজ-সংস্কৃতি ভেদে কোথাও বহুবিবাহ (বহু-স্ত্রী বিবাহ ও বহু-স্বামী বিবাহ), কোথাও একবিবাহ এবং কোথাও বা গোষ্ঠী বিবাহের (একাধিক পুরুষের সঙ্গে একাধিক মহিলার বিবাহ) অস্তিত্ব প্রাথমিক রূপ হিসেবে দৃশ্যমান হয়। তবে উল্লেখ্য বহুস্বামী গ্রহণ এবং গোষ্ঠী-বিবাহ মানব সমাজে খুবই বিরল। সমাজবিজ্ঞানী হবহাউজ, হুইলার এবং জিন্সবার্গ তাঁদের পরিচালিত এক অনুসন্ধানে ৪৩৪টি আদিম জনগোষ্ঠীর মধ্যে ৬৬টি এক বিবাহ, ৩১টি বহুস্বামী গ্রহণ এবং অন্যান্য বহুস্ত্রী বিবাহ প্রথার অনুসারী ছিল বলে ধারণা করেছেন। এ হিসেব মতে বলা যায় যে, অধিকাংশ আদিম সমাজেই বহু বিবাহ প্রথা ছিল। কিন্তু বেশিরভাগ সমাজবিজ্ঞানীদের অভিমত অনুসারে এক বিবাহ প্রথাই বিবাহের আদিরূপ। তাঁদের যুক্তি হল আদিম সমাজে স্ত্রীলোকের সংখ্যা পর্যাপ্ত ছিল না, গুটিকয়েক অসাধারণ বা সক্ষম ব্যক্তিই শুধু একাধিক বিয়ে করতে পারত (কোনিগ : ১১৫)।

এখানে লক্ষণীয় পরিবার ও বিবাহের উৎপত্তি, বিকাশ নিয়ে সমাজবিজ্ঞানী ও নৃবিজ্ঞানীদের মধ্যে যথেষ্ট মতভেদ রয়েছে। তবে একথা অনস্বীকার্য যে, ইতিহাস ও সমাজের গতিপ্রকৃতি নির্ধারণে মানুষের জৈবিক প্রেরণা স্মরণাতীত কাল হতে এক বিশেষ ভূমিকা পালন করেছে, সেই সঙ্গে যুক্ত হয়েছে মানবিক ও সামাজিক প্রেরণাসমূহ। এজন্য আধুনিক সমাজবিজ্ঞানীরা মনে করেন যদিও যৌন সম্পর্কের ফলে জীবজগৎ বংশ বৃদ্ধি করে চলছে, তবে সুপ্রাচীন কাল হতে জৈবিক চাহিদা মেটানো এবং বৈধভাবে বংশবৃদ্ধির মাধ্যম হিসেবে বিবাহই একমাত্র আদর্শ পদ্ধতি যা শুধুমাত্র মানব সমাজেই দৃষ্ট। অন্যদিকে মানুষের মানবিক ও সামাজিক চাহিদা পূরণের নিমিত্তে বিবাহ ব্যবস্থার উপরেই ভিত্তি করে গড়ে উঠেছিল আদর্শ মানব পরিবার কাঠামো, যার একটি সর্বজনীন অস্তিত্ব রয়েছে। এজন্য বিখ্যাত সমাজবিজ্ঞানী MacIver বলেন, "The family has no origin in the sense that there ever existed a stage of human life from which the family has absent...... " (cited in MacIver: 245). আবার প্রখ্যাত দার্শনিক বার্ট্রান্ড রাসেল সমাজে পরিবারের গুরুত্ব অনুধাবন করে বলছেন, "In characterising a society, whether ancient or modern, there are two elements, rather closely connected, which are of prime importance : one is the economic system, the other, the family system" (cited in Russell: 1). কিন্তু সেই সঙ্গে এটাও স্বীকার করতে হবে যে, পরিবার ও বিবাহ ব্যবস্থার কোনটাই নির্দিষ্ট গতিপথে বিবর্তিত হয়নি, বরং বিভিন্ন সমাজে বিভিন্ন ধারায় ও প্রকৃতিতে বিকশিত হয়েছে। মানুষ বিবাহ করে এবং সেইসঙ্গে পরিবার গঠন করে সাধারণত বিশেষ কয়েকটি কারণে যেগুলোর সবকটাই মোটামুটি সকল সমাজে একইভাবে দৃশ্যমান। সমাজবিজ্ঞানীরা কারণগুলো চিহ্নিত করেছেন এরূপ; ক) যৌনানুভূতি, খ) সন্তান লাভের বাসনা, গ) নিজ নাম ও বংশ বৃদ্ধি, ঘ) অর্থনৈতিক নিরাপত্তা, ঙ) বার্ধক্যের অসহায় অবস্থায় সহযোগিতা ও সহমর্মিতা লাভের বাসনা, চ) নিজের দুঃখ-বেদনা ও হাসি-আনন্দের সঙ্গী পাওয়া ইত্যাদি (রহমান : ৫০২)

## ৩.০ বাংলাদেশের পরিবার ও বিবাহ ব্যবস্থা

বাংলাদেশের পরিবার ও বিবাহ ব্যবস্থা আলোচনা করতে গেলে প্রথমেই প্রয়োজন এদেশের পরিবার ও বিবাহ গঠন কাঠামোর উপর দৃষ্টিপাত করা। প্রসঙ্গত আমরা জানি যে কোন সমাজেই ধর্ম, অঞ্চল, শ্রেণী মর্যাদাভেদ এবং অর্থনৈতিক কারণে পরিবার ও বিবাহ কাঠামো বিভিন্ন রূপ ধারণ করে এবং সে আলোকেই বাংলাদেশের পরিবার ও বিবাহ কাঠামোকে বিশ্লেষণ করতে হবে। বাংলাদেশে প্রধানত দুই ধরনের পরিবার লক্ষ্য করা যায়, যৌথ বা একান্নবর্তী পরিবার এবং একক বা অণু পরিবার। বাংলাদেশে পল্লী অঞ্চলে সংখ্যাগত দিক দিয়ে বেশিরভাগ পরিবার যৌথ বা একান্নবর্তী শ্রেণীর। পিতা-মাতা, তাদের উপযুক্ত বা অনুপযুক্ত সন্তান-সন্ততি এবং সন্তানদিগের স্ত্রীগণ এবং তাদের সন্তান-সন্ততি মিলে যৌথ পরিবার কাঠামো গড়ে উঠে। ড. ইরাবতী কার্ভে তাঁর, 'Kinship Organization in India' গ্রন্থে যৌথ পরিবারের সংজ্ঞা দিতে গিয়ে বলেন, "A joint family is a group of people, who generaly live under one roof, who eat food cooked at one hearth, who hold property in common and who participate in common worship and are related to each other at some particular type of kindred" (cited in Das: 281). এদেশের অর্থনীতি হল কৃষিনির্ভর, সুতরাং কৃষিভিত্তিক এ সমাজে সামাজিক মর্যাদা, প্রতিপত্তি এবং অর্থনৈতিক সমৃদ্ধি ভূমি অধিকার দ্বারা নিয়ন্ত্রিত। এজন্য পরিবারের বাইরে গিয়ে কেউই তাদের ভবিষ্যৎকে বিপদগ্রস্ত করতে চায় না, যেহেতু যৌথ পরিবারের সদস্যরা যৌথভাবে পারিবারিক প্রতিপত্তি ও সম্পত্তির অংশীদার। অন্যদিকে কৃষিকাজের জন্য জনশক্তি হল প্রধান উপাদান। যৌথ পরিবারের সদস্যরা কৃষিতে গুরুত্বপূর্ণ production force হিসেবে কাজ করে, সেজন্য যে কোন কৃষিভিত্তিক সমাজের মত বাংলাদেশের সমাজেও যৌথ পরিবারই সংগঠনের প্রধান রূপ।

যৌথ পরিবার ভিন্ন যে পারিবারিক কাঠামো বাংলাদেশের সমাজে দৃষ্ট তা হচ্ছে একক পরিবার। একক পরিবার বলতে বুঝায় যে পরিবারে স্বামী-স্ত্রী তাদের অবিবাহিত সন্তান-সন্ততি নিয়ে বসবাস করে। বাংলাদেশের একক পরিবারের প্রকৃতি typical পাশ্চাত্য ধাঁচের একক পরিবারের মত নয় যেখানে 'স্বামী-স্ত্রী-অবিবাহিত সন্তান' এই কয়েকজনের মধ্যেই সীমাবদ্ধ থাকে পরিবারের সদস্য সংখ্যা। বাংলাদেশে পিতার বা পরিবারের কর্তার মৃত্যুর পর ভাইয়েরা পৃথক হয়ে গেলেও ছোট বা অবিবাহিত ভাই বা বোন সাধারণ নিয়মে তাদের কারও সাথে স্থায়ীভাবে বসবাস করে, তেমনি বৃদ্ধ বাবা-মাও তাদের কারো না কারো সাথে বসবাস করে। অন্যদিকে সক্ষম সন্তান-সন্ততি পিতামাতার পরিবার হতে পৃথক হয়ে বসবাস করলেও আর্থিক, সামাজিক, সাংস্কৃতিক নানা ব্যাপারে পিতা-মাতার পরিবারের সাথে সংযুক্তি রক্ষা করে চলতে হয় বা চলে। সুতরাং যৌথ পরিবার ব্যবস্থার বাইরে এটা এক ধরনের যুক্ত পরিবার চরিত্র, যাকে সমাজবিজ্ঞানের ভাষায় বর্ধিত বা extended পরিবার বলা যেতে পারে। তবে বাংলাদেশে একেবারে নির্ভেজাল একক পরিবার যে নেই তা নয়, সাধারণত গ্রামাঞ্চল অপেক্ষা শহরাঞ্চলেই এরূপ পরিবার বেশি দৃশ্যমান এবং এরূপ পরিবারের সংখ্যা দিন দিন বেড়ে যাচ্ছে (খান : ১০০)।

কয়েকটি উপজাতীয় পরিবার কাঠামো বাদ দিলে বংশ-মর্যাদা ও সম্পত্তির উত্তরাধিকারের ভিত্তিতে বাংলাদেশের পরিবার প্রধানতঃ পিতৃসূত্রীয়। এ ক্ষেত্রে সন্তান-সন্ততি পিতার ধারায় সম্পত্তি, বংশনাম বা মর্যাদা উত্তরাধিকারসূত্রে অর্জন করে। আমরা দেখি অধিকাংশ বাঙ্গালী পরিবারে সন্তানের উপর বাবার প্রভাবই সবচেয়ে বেশি। বাবার পরই মা-চাচাদের প্রভাব, সংসার পরিচালনা থেকে শুরু করে সন্তানের সামাজিকীকরণ সংক্রান্ত কাজ এবং সেই সঙ্গে তাদের বিবাহ করানোর মাধ্যমে পারিবারিক জীবনে প্রবেশ করানোর দায়িত্ব পিতার উপরই বর্তায়। পাত্র-পাত্রী নির্বাচনে কার ছেলে বা কার মেয়ে প্রশ্ন দুটোর মানে হচ্ছে পাত্র-পাত্রীর পিতার বা পিতৃকুলের পরিচয় কি? অর্থাৎ পিতার বংশ মর্যাদা, শিক্ষাগত যোগ্যতা, সামাজিক অবস্থান বা আর্থিক পরিচয় কি ইত্যাদি। পিতৃসূত্রীয় রীতিতে পিতার বংশনামই সন্তান-সন্ততি ধারণ করে থাকে। মেয়েদের ক্ষেত্রে বিয়ের পরেও এ ধারা বজায় থাকে, শুধুমাত্র শিক্ষিত কিছু মেয়ে বিয়ের পর নিজের নামের শেষে স্বামীর নাম যোগ করলেও মাতৃকুলের কারও নাম যোগ করে না। তবে সম্পত্তির উত্তরাধিকারের ক্ষেত্রে উল্লেখযোগ্য ব্যতিক্রম হলো মুসলমান মেয়েদের মত হিন্দু মেয়েরা তাদের পিতার পরিবারের সম্পত্তির উত্তরাধিকারী নয়, যদিও পিতৃসূত্রীয় রীতির ধারাবাহিকতায় পিতার বংশ, নাম ও মর্যাদা তারা ধারণ করে থাকে। বাংলাদেশের পরিবারগুলোর গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য হল এগুলো কমবেশি দ্বিসূত্রীয়ও। প্রত্যেকটি পরিবার পিতৃকুলের পাশাপাশি মাতৃকুলের সাথেও সম্পর্কযুক্ত। অর্থাৎ পরিবারে সন্তানদের উপরে মাতৃসূত্রীয় জ্ঞাতি যেমন, নানা-নানী ও মামা-খালাদের প্রভাব যে নেই তা নয়, বরং বেশীরভাগ ক্ষেত্রে সম্পর্কটা অনেক বেশি আন্তরিক ও মধুর। বিবাহিত কন্যা সন্তানের জন্ম, ভাই-বোনের বিয়ে, ঈদ, পূজা-পার্বণসহ বিভিন্ন উৎসব অনুষ্ঠানে বাপের বাড়িতে গমন করে এবং বাপের বাড়ির প্রতি তাদের এক ধরনের দাবী থাকে যা কখনও শেষ হয় না। সে কারণেই বাবা বা ভাইয়েরা তাদের সামর্থ্য অনুযায়ী পরিবারের বিবাহিত মেয়েদের প্রতি বিভিন্ন দায়িত্ব ও কর্তব্য পালন করে এবং এ কাজকে বিশেষ গুরুত্ব দেয়। প্রসঙ্গতঃ উল্লেখ্য, প্রখ্যাত সমাজবিজ্ঞানী এইচ,কে, আরেফিন তাঁর গবেষণায় দেখেছেন কোন পরিবারে পিতৃকুলের চেয়ে মাতৃকুল যদি শিক্ষা, অর্থ ও বংশ মর্যাদায় অধিকতর সুপ্রতিষ্ঠিত ও প্রভাবশালী হয়, সেক্ষেত্রে সন্তানের উপর মাতৃবংশের প্রভাব বেশি পরিলক্ষিত হয় (রহমান : ৫৩৬)।

বাংলাদেশের পরিবার কাঠামোর অন্যতম বৈশিষ্ট্য হচ্ছে পরিবারগুলো প্রধানতঃ পিতৃপ্রধান। পারিবারিক ক্ষেত্রে সামাজিক ব্যবস্থাপনা বা নেতৃত্ব দেয়ার ক্ষেত্রে পিতা বা স্বামীই পরিবার প্রধানের ভূমিকা পালন করে। অধ্যাপক ম্যাকইভার ও পেজ বলেন, "Under the patriarchate the family is a closely knit, inclusive system in which all authority (in principle) belongs to the parental side" (cited in MacIver & Page : 249).
বলা বাহুল্য বাংলাদেশের পিতৃসূত্রীয় পরিবারের ধারাবাহিকতায় পরিবার কাঠামো মূলতঃ পিতৃপ্রধান। তবে সিদ্ধান্ত গ্রহণে মায়ের বা স্ত্রীর ভূমিকা একেবারেই যে নেই তা নয়, বরং শিক্ষিত শহুরে পরিবারে অনেক ক্ষেত্রে স্বামী-স্ত্রী উভয়েই আলোচনাক্রমে বিভিন্ন সিদ্ধান্ত নিয়ে থাকে। অন্যদিকে বিবাহত্তোর বাসস্থানের ভিত্তিতে বাংলাদেশের পরিবারে পিতৃবাস রীতি অনুসরণ করা হয়। বিবাহের পর নারীর স্বামীর বা স্বামীর পিতার গৃহে এসে বসবাস

শুরু করে। আবার এমন উদাহরণও বিরল নয় যেখানে পুরুষেরা বিয়ের পর শ্বশুরালয়ে বাস করে। সমাজবিজ্ঞানে একে বলা হয় মাতৃবাস পরিবার পদ্ধতি। উদাহরণস্বরূপ রাখাইন ও গারো সমাজের পরিবার কাঠামোর কথা বলা যায়, যারা পরিবার গঠনে মাতৃবাস রীতির অনুসারী এবং সেই সঙ্গে মাতৃসূত্রীয় ও মাতৃপ্রধান। সাধারণতঃ কোন পরিবারে পুরুষ সন্তান না থাকলে পরিবার প্রধান তার কোন কন্যার স্বামীকে নিজ গৃহে বসবাস করার আমন্ত্রণ জানায়, এক্ষেত্রে জামাতা দ্বারা ছেলের অভাব পূরণের চেষ্টা করা হয়। আবার এমন অবস্থাও রয়েছে যেখানে কর্মহীন অবস্থায় বিয়ে করলে বা পিতা-মাতার অমতে বিয়ে করলে বাধ্য হয়ে অনেক সময় স্বামীকে স্ত্রীর পিতার গৃহে বসবাস করতে হয়। যেসব ক্ষেত্রে পুরুষেরা শ্বশুরালয়ে বাস করে তাদেরকে ব্যঙ্গ করে ঘরজামাই বলা হয়। ঘরজামাই স্ত্রীর পরিবারে বা তার নিজের সমাজে কোন মর্যাদা পায় না, তবে স্বগোত্রের সদস্যপদ বা উত্তরাধিকার হারায় না (প্রাগুক্ত : ৫০৯)।

বৈবাহিক রীতিতে বাংলাদেশে এক-বিবাহ ভিত্তিক পরিবারই বেশি, যে রীতিতে একজন পুরুষ একজন নারীকে বিয়ে করে। মর্গাণের মতে সভ্যতার স্তরে এটাই পরিবারের প্রধান রূপ, এবং সে অর্থে আধুনিক পরিবার প্রথা (সেন ঃ ১৯১)। তবে গ্রামীণ বহু ধনী মুসলিম পরিবারে পুরুষের একাধিক স্ত্রী রয়েছে। ধনী মুসলিম পরিবারে বহু স্ত্রী রাখা সামাজিক, অর্থনৈতিক সমৃদ্ধির পরিচয় বহন করে বলে মনে করা হয়, যদিও এ প্রথার প্রচলন আস্তে আস্তে কমে এসেছে। অন্যদিকে গরীব ও নিম্নশ্রেণীর মধ্যে একাধিক বিয়ে করার প্রবণতা অল্পবিস্তর এখনও রয়েছে। এক্ষেত্রে কন্যাদায়গ্রস্ত পিতা হতে যৌতুক ও সম্পত্তির লোভে নিম্নশ্রেণীর পুরুষেরা একাধিক বিয়ে করে। তবে সাধারণত অল্প বয়সে স্ত্রী মারা গেলে বা কোন কারণে বিবাহ বিচ্ছেদ হয়ে গেলে পুরুষকে একাধিক বিয়ে করতে দেখা যায়। অন্যদিকে হিন্দু সম্প্রদায়ের মধ্যে বহু-স্ত্রী বিবাহভিত্তিক পরিবারের অস্তিত্ব নেই বললেই হয়। যদিও শাস্ত্রীয় বিধান মতে শুধুমাত্র পুত্রসন্তান লাভের জন্য দ্বিতীয়বার দার পরিগ্রহের অনুমোদন দেয়া হলেও বাস্তবে এরূপ ঘটনা বিরল (মহাপাত্র : ২৭৬)।

বাংলাদেশের পরিবার সংক্রান্ত আলোচনায় পরিবারের কার্যাবলী সম্পর্কেও দৃষ্টি নিবদ্ধ করা উচিত, যেহেতু পরিবার এদেশের সমাজ কাঠামোর গুরুত্বপূর্ণ অঙ্গই নয় বরং সমাজকাঠামোর চালিকাশক্তিও বটে। পরিবারের মধ্য দিয়েই ব্যক্তির বা সমাজের বিভিন্ন অত্যাবশ্যকীয় কার্যাবলী পালিত হয়। যে কোন সমাজেই পরিবারের মূল কাজ হচ্ছে স্বামী-স্ত্রীর জৈবিক চাহিদা পূরণ এবং সন্তান জন্মদান। মানব সমাজে সন্তান প্রজননের একমাত্র স্বীকৃত সংস্থা হচ্ছে পরিবার। জৈবিক চাহিদা পূরণ এবং সন্তান উৎপাদন ব্যতীত পরিবার কমবেশি আরও কতগুলো কাজ সম্পাদন করে যার মধ্যে অন্যতম শিশুর সামাজিকীকরণ ও সামাজিক নিয়ন্ত্রণ সংক্রান্ত কাজ। সামাজিকীকরণ কথাটির অর্থ হল মানুষকে সমাজের রীতিনীতি এবং প্রচলিত প্রলক্ষণগুলোর সঙ্গে পরিচয় করিয়ে দিয়ে সমাজের সাথে খাপ খাইয়ে চলার মত করে তোলা। বাংলাদেশের পরিবারগুলো শিশুর জন্মের পর হতেই এই কঠিনতম কাজটি পালন করা শুরু করে। শিশুকে যদি সমাজের নিয়মকানুন বা মূল্যবোধ ভালভাবে শেখানো না হয় তাহলে সামাজিক বিশৃংখলা দেখা যায়। একটি পরিবারে শিশু-

কিশোরদের সঠিক সামাজিকীকরণ প্রক্রিয়া পরবর্তী পর্যায়ে সামাজিক নিয়ন্ত্রণ ও অপরাধ দমনে তাৎপর্য ভূমিকা পালন করে। বাংলাদেশে শিশু কিশোরদের সমাজের আকাঙ্ক্ষিত ধারায় উপযুক্ত করে গড়ে তুলতে অন্ততঃ আজও পরিবারের কোন যথাযথ বিকল্প সৃষ্টি হয়নি বলে সমাজবিজ্ঞানীরা মনে করেন।

শিক্ষার মহান দায়িত্ব পালন করে পরিবার। পরিবারেই মানুষের শিক্ষার ভিত্তি রচিত হয়; তা সাধারণ বা ধর্মীয় যাই হোক না কেন। বাংলাদেশে অনানুষ্ঠানিক শিক্ষা থেকে প্রাতিষ্ঠানিক শিক্ষার সকল পর্যায়েই পরিবার নানাভাবে ভূমিকা পালন করে। এই ভূমিকা শিশুর শিক্ষার হাতে খড়ি হতে শুরু করে শিক্ষার জন্য প্রয়োজনীয় ব্যয়ভার নির্বাহ পর্যন্ত প্রসারিত। শিক্ষার ব্যবস্থা করার পাশাপাশি বাংলাদেশের পরিবারগুলো সন্তান-সন্ততিকে রাষ্ট্রের উপযুক্ত নাগরিক হিসেবেও গড়ে তোলার চেষ্টা করে। পরিবারের প্রধান প্রকৃতপক্ষে পরিবার নামক ক্ষুদ্র রাষ্ট্রের নায়ক, যিনি তাঁর সদস্যদের অধিকার ও কর্তব্যবোধের পাশাপাশি শৃঙ্খলাবোধ ও নেতৃত্ববোধ শিক্ষা দেন যা সুনাগরিক হবার এক প্রয়োজনীয় গুণ। মানুষের মধ্যে সমাজ ও রাষ্ট্রের প্রতি দায়িত্ববোধ পরিবার হতেই জন্মে। অন্যদিকে আমরা জানি শিশু প্রাথমিক অবস্থায় খুবই অসহায়, কিন্তু পরিবারই সব ধরনের বিপদ আপদ হতে সন্তানকে রক্ষণাবেক্ষণ এবং নিরাপত্তা বিধান করে মানসিকভাবে আগামী দিনের চ্যালেঞ্জ মোকাবেলায় উপযুক্ত করে তোলে। তাছাড়া মানুষকে বেঁচে থাকতে হলে কাজের পাশাপাশি মানসিক সতেজতার জন্য আমোদ-প্রমোদের প্রয়োজন হয়। পরিবার এ কারণেই ছেলেমেয়েদের জন্য খেলাধূলা ও ভ্রমণের ব্যবস্থা করে, বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক অনুষ্ঠানে নিয়ে যায় বা অংশগ্রহণ করানোর মাধ্যমে শিশুর মনকে প্রফুল্ল রাখার ব্যবস্থা করে। শুধুমাত্র শিশুদের জন্যই নয় বয়স্কদের আমোদ-প্রমোদ ও চিত্তবিনোদনের কাজও পরিবারের মধ্যদিয়ে হয়ে থাকে। তবে বাংলাদেশের পরিবারগুলোর অন্যতম প্রধান কাজ হল অর্থনৈতিক। এদেশের পরিবারই উৎপাদন, আয় ও ভোগের একক। গ্রামীণ বাংলাদেশের কৃষি পরিবারের নারী পুরুষ সবাই মিলে কৃষি কাজের বিভিন্ন দিকে অংশ নেয়। পরিবারের পুরুষ প্রধান ও অন্যান্য বয়স্ক পুরুষ সদস্য ফসল ফলানো, ফসল তোলা এবং ঘরের বাইরে নানা আর্থিক কাজে লিপ্ত থাকে। পরিবারের মেয়েরা রান্নাবান্না, ঘরসজ্জা, বাড়ির বাগান পরিচর্যা, বীজ ও শস্যাদি সংরক্ষণ এবং গবাদি পশুর পরিচর্যায় অংশগ্রহণ করে। তাছাড়া আজকের দিনের নগর পরিবারের স্বামী-স্ত্রীরা ঘরের বাইরে কাজ করে সদস্যদের ভরন-পোষণের জন্য প্রয়োজনীয় অর্থ উপার্জন করে। এক্ষেত্রে উল্লেখ্য, রাষ্ট্র বা কোন প্রতিষ্ঠান পরিবারের অর্থনৈতিক কাজটি সমাধা করে দেয় না। পরিবারের সদস্যদেরকেই তাদের জীবিকা নির্বাহের তাগিদে প্রয়োজনীয় অর্থনৈতিক কাজ করে যেতে হয়।

যাহোক, বাংলাদেশের পরিবার সম্পর্কে বলা যায় এর কাঠামো স্মরণাতীতকাল হতে মজবুত ভিত্তির উপর দাঁড়িয়ে আছে এবং যাবতীয় অত্যাবশ্যকীয় কাজ বেশ সফলতার সংগেই পালন করে যাচ্ছে। পরিবার, তা সে অণু, বর্ধিত বা যৌথ যাই হোক না কেন জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে পরিবারের সদস্যদের মধ্যে আবেগ-ভালোবাসা ও মানসিক বন্ধন অর্থাৎ জ্ঞাতি সম্পর্কের বন্ধন এতই দৃঢ় যে পরিবারগুলো আপন মর্যাদায় ও স্বতন্ত্র

বৈশিষ্ট্যে আজও উদ্ভাসিত। তবে যুগের ধারাবাহিকতায় বাংলাদেশের পরিবার সংগঠনের নানা আঙ্গিকে যে পরিবর্তন হচ্ছে না তা নয়। যদিও এদেশের মানুষ এখনও পারিবারিক মূল্যবোধ ও আদর্শকে যথেষ্ট গুরুত্বের সঙ্গে লালন ও ধারণ করে। এ পরিপ্রেক্ষিতে আমরা বাংলাদেশের পরিবারের পরিবর্তন ধারা নিয়েও আলোচনা করব, তার আগে বাংলাদেশের বিবাহ ব্যবস্থার নানাদিকের উপর দৃষ্টি নিবদ্ধ করা যেতে পারে।

বস্তুতঃ বিবাহ মানব সমাজের একটি গুরুত্বপূর্ণ প্রাচীন প্রথা, যার গুরুত্ব এই জন্য যে, প্রথমতঃ বিবাহই মানব-মানবীর সহজাত দেহজ কামনা-বাসনাকে বিধি ও অনুশাসন দ্বারা নিয়ন্ত্রণের মাধ্যমে স্থায়ী ও পবিত্র রূপ প্রদান করে সমাজ সংগঠনের ভিত্তিকে সুদৃঢ় করে। সমাজ ও ব্যক্তির সামগ্রিক স্বার্থে যৌন সম্পর্ক ও আচরণ নিয়ন্ত্রিত হওয়া আবশ্যক, অন্যথায় সমাজ অজাচারে আক্রান্ত হয়ে নৈতিকতা ও মূল্যবোধ হারিয়ে বিপর্যস্ত হয়ে পড়তে বাধ্য। দ্বিতীয়তঃ মানব সমাজে বিবাহ শুধুমাত্র যৌন আচরণ নিয়ন্ত্রণকারী একটি ব্যবস্থা নয় বরং বৈধভাবে সন্তান প্রজনন বিবাহের সবচেয়ে মহৎ সর্বজনীন উদ্দেশ্য। বিবাহ ব্যবস্থার মাধ্যমেই সমাজ স্বীকৃত রীতি অনুযায়ী পরিবার প্রতিষ্ঠিত হয় এবং পারিবারিক পরিমণ্ডলে সন্তান প্রজননের মাধ্যমে বংশবৃদ্ধি ঘটে। এ প্রসঙ্গে অধ্যাপক রাধাকৃষ্ণ তাঁর 'Religion and Society' গ্রন্থে বলেন, "Marriage is more a social character for the establishment of a legitimate life than a licence for sexual intercourse" (মহাপাত্র : ৩৩১)। যেহেতু প্রত্যেক সভ্য সমাজেই অবিবাহিত নর-নারীর যৌন সম্পর্ক তিরস্কৃত ও অনৈতিক বলে বিবেচিত হয় এবং এরূপ অবৈধ যৌন মিলনের ফলে যে সন্তান জাত হয় তার সামাজিক পরিচিতি, লালন-পালন, পরিচর্যা এবং শিক্ষা-দীক্ষায় নানারূপ অপূর্ণতা ও ত্রুটি থেকে যায় এবং এর কুফল সমাজের সর্বত্র ছড়িয়ে পড়ে (Goode : 20)। অবৈধ সন্তান সমাজের বোঝা স্বরূপ, সেজন্যই ম্যালোনোস্কি তাঁর বৈধ বিবাহজাত সন্তান সম্পর্কিত নীতির উল্লেখে বলেন, "No child should be brought into the world without a man- and one man that assuming the rule of sociological father, that is, guardian and protector, that male link between the child and the rest of the community" (উদ্ধৃত, কর : ২৯৩)। এই নীতিতে Sociological father বলার অর্থ হল নবজাত সন্তানের পিতৃত্ব সমাজে স্বীকৃত হওয়া প্রয়োজন, কেননা পিতৃত্ব অজ্ঞাত থাকলে মাতার অবমাননা হয় এবং সন্তান সমাজে জারজ বলে ধিকৃত হয়। এ ধরনের সমস্যার প্রতিবিধানে বিবাহই হল একমাত্র স্বীকৃত ব্যবস্থা। তৃতীয়তঃ সামাজিক সংহতি রক্ষা এবং সামাজিক সম্পর্কের প্রসারণে বিবাহের তাৎপর্যপূর্ণ অবদান রয়েছে। বিবাহের মাধ্যমে বর-কনে উভয় পরিবার এবং তাদের দূর ও নিকট সম্পর্কের জ্ঞাতি-কুটুম্বদের মধ্যে আত্মীয়তার বন্ধন গড়ে উঠে, যা পর্যায়ক্রমে সামাজিক সম্পর্কের জালকে বিস্তৃত করে এবং একের প্রতি অন্যের সংহতির বুননকে দৃঢ় করে। চতুর্থতঃ বিবাহ নর-নারীর মিলন ঘটিয়ে দেয় সত্য, কিন্তু এই মিলনকে কেবলমাত্র যৌন সম্পর্কের পরিপ্রেক্ষিতে বিচার করতে গেলে ভুল হবে। মানব সমাজে বিবাহের বন্ধন এক অতি পবিত্র বন্ধন, যার মাধ্যমে পাওয়া যায় পারস্পরিক সাহচর্য ও সহানুভূতি, প্রেম-প্রীতি, ভালবাসা এবং সন্তানের প্রতি স্নেহ-মায়া-মমতাসহ এক নিবিড় আত্মিক ও আধ্যাত্মিক অনুভূতি (মহাপাত্র : ৩৩২)। নর-নারী

একে অপরের পরিপূরক, কেননা বিচ্ছিন্নভাবে পুরুষ ও নারী উভয়েই অসম্পূর্ণ। বিবাহের মাধ্যমে যে বুনন সৃষ্টি হয় তা একের অপূর্ণাঙ্গতাকে অপরে যথোপযুক্তভাবে পূর্ণ করতে পারে। প্রসঙ্গতঃ উল্লেখ্য মুসলিম আইনে বিবাহকে সামাজিক চুক্তি বলা হলেও এটা শুধুমাত্র সামাজিক চুক্তিই নয়, আত্মিক চুক্তিও বটে। অনন্তকাল স্থায়ী ও মিলন। পুরুষের পাশে সুখে-দুঃখে নারীও থাকবে এটাই প্রকৃতির নিয়ম (মোস্তফা : ৩৯৮) পঞ্চমতঃ সন্তানের যথোপযুক্ত প্রতিপালন ও পরিচর্যার প্রয়োজন অনস্বীকার্য। এই নৈতিক দায়িত্বসমূহের মধ্যে থাকে সেবা শুশ্রূষা, বাসস্থান, পরিধেয় বস্ত্র, আহার্য সামগ্রীর ব্যবস্থাসহ সামাজিকীকরণের দীর্ঘায়িত কার্যধারা। তবে এসব দায়িত্ব কে পালন করবে তা সুনির্দিষ্টভাবে নির্ধারিত হওয়া প্রয়োজন। সমাজে এই দায়িত্ব প্রাথমিকভাবে বিবাহ বন্ধনে আবদ্ধ পিতামাতার উপরই বর্তায়, যেহেতু সমাজের বৈধ শিশুর সঠিক পরিচর্যা ও সামাজিকীকরণের মাধ্যমে তার Social placement এ তেমন কোন সমস্যার সৃষ্টি হয় না। ষষ্ঠতঃ বিবাহের ধর্মীয় তাৎপর্য অনেক। বিশেষ করে এদেশের হিন্দু-মুসলমান উভয় সম্প্রদায়ের নিকট বিবাহ একটি গুরুত্বপূর্ণ ধর্মীয় প্রতিষ্ঠান। হিন্দুদের বিবাহ একটি অবিচ্ছেদ্য বন্ধন যা জন্ম-জন্মান্তর ধরে অব্যাহত থাকে। হিন্দু শাস্ত্রকারগণ বিবাহকে সংস্কার বলেছেন, যার উদ্দেশ্য দেহকে বৈধ উপায়ে পরিমার্জিত ও পরিশোধিত করা। হিন্দু শাস্ত্রে বিবাহের উপর গুরুত্ব আরোপের মূল কারণগুলোর মধ্যে হল; জৈব চাহিদা সমাজানুমোদিত পন্থায় চরিতার্থ করা প্রয়োজন, বংশ বৃদ্ধির জন্য বিবাহ আবশ্যক এবং বিবাহ ছাড়া লোক-যাত্রা পালন করা সম্ভব নয় (কর : ৩০৯)। অন্যদিকে ইসলাম ধর্মে প্রত্যেক সক্ষম প্রাপ্ত বয়স্কদের জন্য বিবাহকে আবশ্যিক বলে ঘোষণা করা হয়েছে। হযরত মুহম্মদ (সাঃ) বলেন, "যে ব্যক্তি বিবাহ করে, সে তার অর্ধেক ধর্ম পালন করে" (মোস্তফা : ৩৯৭)। ইসলামে বিবাহের মূল উদ্দেশ্য হল ব্যভিচার বা অনাচার হতে সমাজকে রক্ষা করা, যেহেতু ধর্মে বিবাহ বহির্ভূত যৌন সম্পর্ক বা ব্যভিচারের জন্য কঠিন শাস্তির বিধান রাখা হয়েছে। বিবাহের ধর্মীয় তাৎপর্য সম্পর্কে মহাত্মা গান্ধীর অভিমতও যথেষ্ট গুরুত্বপূর্ণ, তাঁর মতে, "Marriage is a fence that protects religion. If the fence were to be destroyed, religion would go to pices" (উদ্ধৃত, মহাপাত্র : ৩৬৩)। বিবাহের এরূপ সামাজিক ও ব্যক্তিগত তাৎপর্য আছে বলেই প্রত্যেক সমাজেই নানাবিধ আচার-অনুষ্ঠানাদি পালনের মধ্য দিয়ে বিবাহকার্য সম্পাদিত হয়। এর ব্যাখ্যায় সমাজবিজ্ঞানী এন্ডারসন ও পার্কারের অভিমত হল, বিবাহোৎসবের মাধ্যমে বিবাহের সামাজিক ও ব্যক্তিগত মূল্য সূচিত হয়। বিবাহ জিনিসটি যে কেবল ব্যক্তিগত ব্যাপার নয় বরং এই উপর যে সমাজের নিয়ন্ত্রণ রয়েছে তা সুস্পষ্টভাবে প্রতিষ্ঠা করার উদ্দেশ্যে আত্মীয়-কুটুম্ব ও বন্ধু-বান্ধবদের আমন্ত্রণ করে তাদের উপস্থিতিতে বিবাহকার্য সম্পাদিত হয়। তাছাড়া, বিবাহোৎসবে নব-দম্পতিকে পরস্পরের নিকট নানারকম অঙ্গীকার করতে হয় এবং এই অঙ্গীকারের গুরুত্ব যাতে তারা বুঝতে পারে সেজন্য বিবাহানুষ্ঠান সাড়ম্বর অথচ গুরুগম্ভীর পরিবেশের সৃষ্টি করা হয় (এন্ডারসন ও পার্কার : ১৫০)।

পরিবারের মত দেশ-কাল-সমাজভেদে বিবাহ ব্যবস্থারও বিভিন্নতা পরিলক্ষিত হয়। সমাজবিজ্ঞানীরা বিভিন্ন মূলনীতির ভিত্তিতে বিবাহ ব্যবস্থাকে শ্রেণীকরণ করেছেন। তবে

বাংলাদেশের প্রেক্ষাপটে বিবাহ ব্যবস্থাকে নিম্নরূপভাবে শ্রেণীবিন্যস্ত করা যায়; (১) একগামিতা বা এক-পতিপত্নী বিবাহ : একগামী বিবাহ ব্যবস্থা হল এককালে কেবল একজনের সঙ্গেই দাম্পত্যজীবন অতিবাহিত করা। বিভিন্ন সভ্য সমাজের মত বাংলাদেশের বিবাহের প্রচলিত রীতি হল একগামিতা। বাংলাদেশের সমাজকাঠামোতে সন্তান প্রজনন ও প্রতিপালন, বয়স্কদের সেবাযত্ন, সম্পত্তির উত্তরাধিকার নির্ধারণ ও হস্তান্তর এবং রক্ষণাবেক্ষণের জটিলতা এড়ানোর বৈশিষ্ট্যই এরূপ বিবাহকে জনপ্রিয় করেছে। এক্ষেত্রে আরও উল্লেখ্য, যদি স্বামী বা স্ত্রীর কারও একজনের মৃত্যু বা উভয়ের মধ্যে বিবাহ বিচ্ছেদ ঘটে তবে স্ত্রী বা স্বামী পুনরায় বিয়ে করতে পারে যাকে সমাজ-নৃতাত্ত্বিকরা ক্রমান্বিক এক-পতি-পত্নী বিবাহ বলেছেন (আহমেদ ও চৌধুরী : ৮৭)। তবে এরূপ অবস্থায় বাংলাদেশের পুরুষরা যত সহজে বিয়ে করতে পারে মহিলারা তা পারে না। সমাজে যে সমস্ত মহিলারা দ্বিতীয় বিয়ে করে তাদের খুব একটা ভাল দৃষ্টিতে দেখা হয় না, সাধারণতঃ খুব অল্প বয়সে বিধবা বা তালাকপ্রাপ্তা হলে অর্থনৈতিক ও সামাজিক নিরাপত্তার জন্য মহিলারা বাধ্য হয়ে পুনরায় বিয়ে করে। একটু বেশি বয়সের বিধবা বা তালাকপ্রাপ্তা মহিলাদের সাধারণতঃ দ্বিতীয় বিয়ে করতে দেখা যায় না যতটা না দেখা যায় বয়স্ক পুরুষের ক্ষেত্রে; (২) বহুপত্নীত্ব: একজন পুরুষ একই সঙ্গে একাধিক নারীর সঙ্গে বিবাহসূত্রে আবদ্ধ হলে তাকে বলা হয় বহুপত্নীত্ব। ইসলাম ধর্মাবলম্বীদের চারজন পত্নীর সঙ্গে দাম্পত্যজীবন যাপনের অনুমতি দেয়া হয়েছে, যদিও আল-কোরআনে সকল স্ত্রীর সঙ্গে সমতা রক্ষার শর্ত যুক্ত করে এক-স্ত্রী গ্রহণকে উৎসাহিত করা হয়েছে। কোরআনে নির্দেশ রয়েছে : "শুধু একজন স্ত্রী গ্রহণ কর, কেননা যত চেষ্টাই করো না, তোমার সকল স্ত্রীকে সমানভাবে দেখতে পারবে না" (উদ্ধৃত, মুরশিদ : ১৯৮)। আর্থিক, সামাজিক ও যৌন জীবনের প্রেক্ষিতে সব স্ত্রীকে সমান দৃষ্টিতে দেখা কষ্টসাধ্য এবং প্রথম স্ত্রীর বিনা অনুমতিতে দ্বিতীয় স্ত্রী গ্রহণ করা যায় না বলেও শরীয়তের নির্দেশ রয়েছে। তাছাড়া বর্তমানে সরকার কর্তৃক আইন করে প্রথম স্ত্রীর এ অধিকার নিশ্চিত করা হয়েছে। অন্যদিকে বৈদিক যুগ থেকেই হিন্দুদের মধ্যে বিশেষ করে কুলীন ব্রাহ্মণদের মধ্যে বহুপত্নীক বিবাহ ব্যবস্থার ব্যাপক প্রচলন ছিল। সে সময় এক একজন কুলীন ব্রাহ্মণের শতাধিক স্ত্রী থাকত। সামাজিক প্রতিষ্ঠালাভের জন্য বা অপেক্ষাকৃত উন্নততর সামাজিক স্তরে উন্নত হওয়ার কামনায় এরূপ উচ্চবর্ণের পাত্রের সঙ্গে বিবাহের ব্যবস্থা করা হত। বর্তমানে এ ধরনের প্রথা অপ্রচলিত হয়ে অবলুপ্ত হয়ে পড়েছে। হিন্দুদের মধ্যে বিশেষ ক্ষেত্রে বংশরক্ষার তাগিদে পুত্রসন্তান লাভের আশায় পুরুষরা পুনরায় বিবাহ করতে পারে, যেহেতু শাস্ত্রে বলা হয়েছে, "পুত্রার্থে ক্রিয়তে ভার্যা" (মহাপাত্র : ৩২৫)। কিন্তু মুসলিম সম্প্রদায়ের তুলনায় হিন্দু সম্প্রদায়ের মধ্যে বংশরক্ষা বা পুত্রসন্তান লাভের বাসনায় একের অধিক মহিলার সঙ্গে বিবাহের প্রচলন ধর্তব্যের মধ্যে নয়। অন্যদিকে, পাত্র-পাত্রী নির্বাচনের ভিত্তিতে বাংলাদেশের বিবাহকে অন্তর্গোত্র ও বহির্গোত্র এ দু'ভাগে ভাগ করা যায়। অন্তর্গোত্র বিবাহের ক্ষেত্রে কোন পাত্র-পাত্রীকে অবশ্যই নিজগোত্রের মধ্যে বিয়ে করতে হয়। আর যখন ভিন্ন গোষ্ঠীর নর-নারী পরষ্পর বিবাহবন্ধনে আবদ্ধ হয় তখন তাকে বহির্গোত্র বিবাহ বলে। অন্তর্গোত্র বিবাহ হিন্দু সমাজেই বেশি প্রচলিত। হিন্দুজাতি বর্ণপ্রথার কাউকে আবশ্যিকভাবে নিজের জাতিবর্ণ বা

উপজাতিবর্ণ থেকে বিবাহের পাত্র-পাত্রী নির্বাচন করতে হয়। অর্থাৎ একজন ব্রাহ্মণ বা কায়স্থকে সেই ব্রাহ্মণ বা কায়স্থ জাতি-বর্ণের ভিতরেই বিয়ে করতে হয়। তবে এ সমাজের সনাতন নিয়মানুযায়ী পিতার বংশে সাত ও মাতার বংশে পাঁচ সিঁড়ি উপরে ও নিচে অবস্থানকারী স্ত্রী-পুরুষের মধ্যে বিবাহ নিষিদ্ধ (কর : ৩০০)। ইসলাম ধর্মের বিধান অনুযায়ী বিবাহের পরিধি সমগ্র মুসলিম সমাজেই বিস্তৃত, কিন্তু সামাজিকভাবে নিম্নতর কিছু কিছু পেশাজীবী যেমন; জোলা, তাঁতীদের মধ্যে অন্তর্গোত্র বিবাহ হিন্দুদের মতই বিধিবদ্ধ। তবে ইসলামে নির্দিষ্ট ১৪ জন ঘনিষ্ঠ মহিলা আত্মীয়ের সঙ্গে বিবাহ নিষেধ (রহমান : ১৩১)। গোত্রভিত্তিক বিবাহের আলোচনার সাথে কাজিন বিবাহের প্রকরণও এ প্রসঙ্গে আলোচনায় আসা উচিত। সমাজ-নৃবিজ্ঞানীরা কাজিন বিবাহকে দু'ভাগে ভাগ করেছেন যথা; প্যারালাল কাজিন বিবাহ এবং ক্রস কাজিন বিবাহ। প্যারালাল কাজিন বিবাহ বলতে চাচাত ভাইবোন বা খালাত ভাইবোনকে বুঝায়। এক্ষেত্রে একই লিঙ্গের ভাই বা বোনের সন্তানরা পরস্পর প্যারালাল কাজিন। অর্থাৎ দুই ভাইয়ের সন্তানরা পরস্পর প্যারালাল কাজিন তেমনি দুই বোনের সন্তানরা পরস্পর প্যারালাল কাজিন। এ ভিত্তিতে খালাত ভাই বোন এব চাচাত ভাইবোনের মধ্যে বিবাহকে বলে প্যারালাল কাজিন বিবাহ। প্যারালাল কাজিনকে আবার দু'ভাগে ভাগ করা যায় যথা; পিতৃসূত্রীয় প্যারালাল কাজিন বিবাহ বা চাচাত ভাইবোনের মধ্যকার বিবাহ, এবং মাতৃসূত্রীয় প্যারালাল কাজিন বিবাহ বা খালাত ভাইবোনের মধ্যকার বিবাহ। বাংলাদেশের মুসলিম সমাজে কাজিন বিবাহের সামাজিক, ধর্মীয় ও আইনগত সমর্থন রয়েছে। পিতৃসূত্রীয় প্যারালাল কাজিন বিবাহকে অন্তর্গোত্র বিবাহের এক রূপ বলে মনে করা যেতে পারে, যেখানে বংশগত কৌলিন্য বজায় রাখা বা গোত্রের মধ্যে সম্পত্তির বণ্টন সীমিত রাখতে বিবাহের ব্যবস্থা করা হয়। অন্যদিকে পিতার বোনের সন্তান-সন্ততি এবং মাতার ভাইয়ের সন্তান-সন্ততি হলো ক্রসকাজিন। অর্থাৎ বিপরীত লিঙ্গের ভাই-বোনের (মামাত বা ফুফাত) মধ্যকার বিবাহই হল ক্রস-কাজিন। মুসলিম সমাজে এরূপ বিবাহও ব্যাপকভাবে প্রচলিত, যদিও হিন্দু সম্প্রদায়ের মধ্যে প্যারালাল কাজিন ও ক্রস-কাজিন উভয় প্রকার বিবাহই শাস্ত্রমতে নিষিদ্ধ (প্রাগুক্ত : ৫৩৩)।

বাংলাদেশের বিবাহ প্রক্রিয়ার বিভিন্ন ধাপগুলো ও পর্যায়ে আমরা আলোচনা করব। সাধারণতঃ এদেশে প্রথাগতভাবে পিতা-মাতা, আত্মীয়-স্বজন বা বর-কনের পরিচিতজন বিয়ের সম্বন্ধ স্থির করে থাকেন এবং পাত্র-পাত্রীর ব্যক্তিগত ইচ্ছা-অনিচ্ছা, অভিপ্রায় এবং প্রেমভালবাসাকে তেমন গুরুত্ব দেয়া হয় না। উভয় পরিবারের মধ্যে বিভিন্ন বিষয়ে পুঙ্খানুপুঙ্খ আলোচনার মাধ্যমে বিয়ের ব্যবস্থা করা হয়, একে আয়োজিত সামাজিক বিবাহ বলা হয়। বেশিরভাগ ক্ষেত্রে একজন ঘটক বা Matchmaker উভয় পরিবারের মধ্যে মধ্যস্থতাকারী হিসেবে কাজ করে। বাংলাদেশের সমাজের বিবাহের পাত্র-পাত্রী নির্বাচন থেকে শুরু করে বিবাহ প্রক্রিয়া সম্পন্ন হওয়া পর্যন্ত এধরনের মধ্যস্থতাকারী বা ঘটক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। পাত্র-পাত্রী নির্বাচনে বয়সও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। আইন অনুসারে ছেলেদের ক্ষেত্রে সর্বনিম্ন বয়স ২১ এবং মেয়েদের ক্ষেত্রে তা ১৮। প্রাচীনকাল থেকে প্রচলিত বাল্যবিবাহ নিরোধ করতেই এরূপ আইন করা হয়েছে, কিন্তু

বাংলাদেশের গ্রামীণ সমাজে এখনও বাল্য-বিবাহ প্রথা অজানা নয়। আর্থিক দুরবস্থার কারণে কন্যা-দায়গ্রস্ত মেয়ের বাবারা অল্প বয়সে মেয়ে বিয়ে দিয়ে দায়মুক্ত হতে চান। বাংলাদেশে চিরকুমার বা চিরকুমারীর সংখ্যা অতিশয় নগণ্য, যা প্রমাণ করে বয়স্ক পুরুষ ও মহিলাদের সবাই বিবাহ বন্ধনে আবদ্ধ হয়।

সম্ভাব্য পাত্র-পাত্রী নির্বাচন করা হলে বিয়ের প্রস্তাব উপস্থাপন একটি গুরুত্বপূর্ণ কার্য। সাধারণতঃ এটাই প্রচলিত প্রথা যে ছেলে পক্ষ আনুষ্ঠানিকভাবে বিয়ের প্রস্তাব উপস্থাপন করবে। বর ও কনের গুণ বা যোগ্যতার বিভিন্ন পরিমাপক যেমন; বরের ক্ষেত্রে বয়স, পারিবারিক পরিচিতি, আর্থিক ভিত্তি, শিক্ষাগত যোগ্যতা এবং কনের ক্ষেত্রে সৌন্দর্য, স্বাস্থ্য, বয়স এবং ক্ষেত্র বিশেষে আয় উপার্জন ক্ষমতা, সাংসারিক কাজে দক্ষতা ইত্যাকার পরিমাপগুলো উভয় পক্ষের মনঃপূত হলে বিয়ের আয়োজন শুরু হয় এবং বিয়েটি কনের বাড়ীতে বা কনের পিতা কর্তৃক নির্ধারিত স্থানে অনুষ্ঠিত হয়। কনের বাড়িতে বিবাহ সম্পন্ন হয় বলে কনে পরিবারকে নিজের লোকজন এবং বরযাত্রী দলের জন্য ভোজের ব্যবস্থা করতে হয়। আবার বরপক্ষকেও বিবাহত্তোর অনুষ্ঠানের আয়োজন করতে হয় যেখানে উভয় পক্ষের আত্মীয়-স্বজনরা নিমন্ত্রিত হয়।

মুসলিম বিবাহের ক্ষেত্রে একজন মওলানা উপস্থিত আত্মীয়-স্বজন বা সাক্ষীদের সামনে পাত্র-পাত্রীর মতামত নিয়ে বিবাহ পড়ান এবং কাজী তা রেজিষ্ট্রি করেন, একে কাবিননামা বলা হয়। বেশিরভাগ ক্ষেত্রে কাজীই মওলানার দায়িত্ব পালন করেন। উল্লেখ্য, মুসলমানদের কাছে বিবাহ একটি চুক্তি বিধায় তা রেজিষ্ট্রি বা কাবিনভুক্ত করে রাখতে হয়। অন্যদিকে হিন্দু সম্প্রদায়ের বিবাহের আচার অনুষ্ঠানাদি একজন পুরোহিত দ্বারা সম্পন্ন করা হয়। হিন্দু বিবাহ একটি ধর্মীয় আচার তাই মুসলিম বিবাহের মত এর কোন লিখিত রূপের প্রয়োজন নেই। হিন্দু বিবাহ উৎসবে ৬টি অঙ্গ আছে যেগুলো ৪ দিনে অনুষ্ঠিত হয়; ১. গায়ে হলুদ : বিবাহ আরম্ভের প্রাক্কালে বর ও কনের শরীরে হলুদ মাখানো হয়। এক পক্ষ অন্য পক্ষের বাড়ীতে গিয়ে হলুদ দিয়ে আসে, ২. বিবাহ বা সম্প্রদান : প্রথম দিন শুভক্ষণ দেখে সাধারণতঃ মধ্যরাতের পর সম্পন্ন হয়, ৩. বাসি বিবাহ : দ্বিতীয় দিনে সকালে হয়, ৪. উত্তর বিবাহ : দ্বিতীয় দিনে হয়, ৫. পাক স্পর্শ বা স্বামী কর্তৃক স্ত্রীর রান্না করা খাবার গ্রহণ, যেটি বিবাহের তৃতীয় দিনে করা হয়, ৬. পুনর্বিবাহ : তৃতীয় দিনে অথবা কনের যদি বিয়ের পূর্বে প্রথম ঋতুস্রাব না হয় তাহলে তার প্রথম ঋতুস্রাবের পর অনুষ্ঠিত হয়। এখানে উল্লেখ্য, মুসলিম বিয়েতেও হিন্দু বিয়ের মত গায়ে হলুদের মত আরও কিছু একইরূপ আচার পালন করা হয়, এটা এক ধরনের সাংস্কৃতিক সম্প্রীতির বহির্প্রকাশ (ইসলাম : ১০৮)।

মুসলিম বিবাহে শরীয়তের বিধান মতে কনেকে মোহর বা নির্ধারিত পরিমাণ অর্থ অবশ্যই পূরণ করতে হয় যা কাবিননামায় লিখিত থাকে। মোহর নির্ধারণের সময় উভয় পক্ষ এক ধরনের দর কষাকষিতে ব্যস্ত থাকে। কনেপক্ষ মোহরের অংক বাড়াতে চায়, বিপরীতক্রমে বরপক্ষ এই অংক কমাতে চায়। তবে এক্ষেত্রে বরপক্ষই নির্ধারণী ভূমিকা পালন করে। মোহরকে দু'ভাগে বিভক্ত করা হয়-নগদ ও বাকী। নগদ হিসেবে ঘোষিত অংক বরপক্ষ

কর্তৃক কনেকে প্রদত্ত বিভিন্ন উপহার ও স্বর্ণালংকারের মূল্য বাবদ পরিশোধকৃত বলে ধরা হয়, বাকী অংশ শর্তমতে কনে দাবী করলে পরিশোধ করতে হয়, তবে সাধারণতঃ তা আর পরিশোধ করা হয় না যেহেতু কনে তার অংশ কখনও দাবী করে না। শুধুমাত্র স্বামী-স্ত্রীর মধ্যে বিবাহ বিচ্ছেদ হয়ে গেলে স্বামী বাধ্য হয় বাকী অংশ পরিশোধ করতে। ইসলামী শরীয়তে স্ত্রীর এই দাবী বা অধিকার পরিশোধের সুনির্দিষ্ট তাগিদ রয়েছে। মুসলিম ও হিন্দু উভয় বিয়েতে ঐতিহ্যগতভাবে বরকে বা বরের পরিবারকে কনের পিতাকে পণ দিতে হত, যাকে সমাজবিজ্ঞানের ভাষায় কনে ক্রয় করা বলা যেতে পারে। পণের ক্ষেত্রে বিয়ের সময় পুরো টাকা পরিশোধ করতে হত। তবে বিয়ের এরূপ ধারা বর্তমানে আর নেই। বাংলাদেশের বিবাহের পরিবর্তন প্রক্রিয়া আলোচনার সময় আমরা এরূপ দান বা পণের বর্তমান রূপ সম্পর্কে আলোচনা করব।

বাংলাদেশে বিয়ের পর একজন স্ত্রী স্বামীর বংশ ও স্বামীর পরিবারের একজন গুরুত্বপূর্ণ সদস্য হয়ে যায় এবং স্ত্রীকে স্বামীর প্রতি কর্তব্য পালনসহ আরও নানারকম দায়িত্ব পালন করতে হয়। তবে ঐতিহ্যগতভাবে এদেশের পরিবার কাঠামোতে শ্বশুর শাশুড়ীর খেদমত করাই বধূর প্রধানতম কাজ বলে মনে করা হয়। তাছাড়া দেবর ননদের প্রতিও স্বীয় দায়িত্ব পালন করতে হয়। ঘরের বধূ সঠিকভাবে দায়িত্ব পালনে ব্যর্থ হলে বা অনাগ্রহী হলে শাশুড়ী-ননদের সঙ্গে মানসিক দূরত্বের সৃষ্টি হয় যা ক্ষেত্রবিশেষে তা পারিবারিক কোলাহলেও রূপ নেয়। এরূপ অবস্থা থেকে সংসারে বিভক্তিসহ নানা অশান্তি নেমে আসে। বাংলাদেশের সমাজে বউ-শাশুড়ী বা ভাবী-ননদের দ্বন্দ্ব যুগ যুগ ধরে চলে আসছে। সেজন্য পিতা-মাতা কনে খোঁজার সময় এমন কনে বেছে নিতে চান বা তাদের প্রত্যাশা থাকে এমন যে, কনে তাদের পরিবারের সংস্কৃতির সঙ্গে নিজেকে খাপ খাইয়ে নিতে পারবে এবং অর্পিত দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পালন করবে। পুরুষশাসিত এ সমাজে বিশ্বাস করা হয় আয়োজিত সামাজিক বিয়ের মাধ্যমেই এরূপ উদ্দেশ্য পূরণ হতে পারে এবং এ কারণেই আয়োজিত বিবাহই সর্বাধিক জনপ্রিয় এবং বাংলাদেশের সংস্কৃতির সাথে গভীর সম্পর্কযুক্ত (খান : ১০৯)।

### ৩.১ বিবাহ বিচ্ছেদ এবং বিচ্ছিন্নতা

বিবাহের আলোচনার সাথে অনিবার্যভাবে সম্পর্কযুক্ত বিবাহ-বিচ্ছেদ সংক্রান্ত আলোচনা। যে কোন সমাজেই বিবাহ-বিচ্ছেদ সমস্যা হিসেবে বিবেচিত। বাংলাদেশে বিবাহ-বিচ্ছেদ বা বিচ্ছিন্নতা এদেশের গুরুতর সমস্যাগুলোর মধ্যে অন্যতম। শহুরে উচ্চবিত্ত বা মধ্যবিত্তের মধ্যে ব্যক্তিগত ও সাংস্কৃতিক পার্থক্য, চিন্তা ও মূল্যবোধের পার্থক্য, জৈবিক অনুপযোজন এবং কর্মজীবী স্ত্রীর সঙ্গে সাংসারিক বিষয়ে মতদ্বৈধ বিবাহ-বিচ্ছেদের প্রধান প্রধান কারণ হিসেবে বিবেচিত হয়। গ্রামাঞ্চলে প্রধানতঃ সন্তান জন্মদানে অক্ষমতা, স্বামী কর্তৃক পুনর্বিবাহ, স্ত্রীর পরিবার কর্তৃক যৌতুক পরিশোধ না করতে পারা, দারিদ্র্য বিবাহ-বিচ্ছেদের উল্লেখযোগ্য কারণ হিসেবে বিবেচিত। গ্রামাঞ্চলে নিম্নবিত্ত দরিদ্র মানুষের মধ্যে বিবাহ বিচ্ছেদের হার অত্যন্ত বেশি। গ্রামের দরিদ্র মহিলারা বিবাহ-বিচ্ছেদ হলে গুরুতর

সমস্যায় পরে। তাদেরকে বাধ্য হয়ে পিত্রালয়ে ফিরে আসতে হয় এবং এতে পিতৃকুলের উপর বাড়তি চাপ পড়ে। তাদের কেউ কেউ হয়ত পুনরায় বিয়ে করতে পারে, কিন্তু বেশিরভাগ ক্ষেত্রেই জীবিকা অন্বেষণে ঝি-চাকরানীসহ নানা কাজের সন্ধানে নামতে হয়। এমনও হয় যখন কোন আশ্রয় মিলে না তখন মহিলারা অনেক সময় বাধ্য হয়ে বিপদগামীও হয়। হিন্দু সম্প্রদায়ের মধ্যে বিচ্ছেদ এক জটিল ধর্মীয় ও আইনগত প্রক্রিয়া। তাই হিন্দু দম্পতিরা একে অন্যের বিরাগভাজন হলেও যতদূর সম্ভব সংসারধর্ম চালিয়ে যায়, কেননা তাদের কাছে বিয়ে এক ধর্মীয় অচ্ছেদ্য বন্ধন। অন্যদিকে যে কোন প্রাপ্ত বয়স্ক সুস্থ মনের মুসলিম পুরুষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে তার স্ত্রীর সংগে সম্পর্কচ্ছেদ করতে পারে, যাকে তালাক বলে। এটা মৌখিক বা লিখিত উভয়ভাবেই হতে পারে। বিপরীতক্রমে বিবাহ রেজিষ্ট্রি বা কাবিননামায় যদি কনেকে তালাক প্রদানের অধিকার দেয়া হয় তাহলে সে নিজে স্বামীর কাছ থেকে বিচ্ছেদ নিতে পারে। সাধারণতঃ কাবিননামায় কনের এ অধিকার দেয়ার বিষয়টি চেপে রাখা হয়। কাবিননামায় এ অধিকার দেয়া না হলে স্ত্রীকে আদালতে আশ্রয় নিতে হয়। তবে ইসলামী আইনে বিচ্ছেদপ্রাপ্ত স্বামী-স্ত্রী পুনরায় মিলিত হতে পারে, এক্ষেত্রে স্ত্রীকে অন্যত্র বিয়ে দিতে হয়। সেখান থেকে তাকে তিনমাস তিনদিন পর তালাক নিয়ে পূর্বের স্বামীকে বিয়ে করার অধিকার অর্জন করতে হয়, যাকে হিল্লাহ বিবাহ বলে। বস্তুতঃ এর দ্বারা বিবাহ-বিচ্ছেদকে একপ্রকার নিরুৎসাহিত করা হয় বলে মনে করা যেতে পারে (ইসলাম ঃ ১০৯)। যদিও ১৯৬১ সালের মুসলিম পারিবারিক আইন অনুসারে তালাকপ্রাপ্ত দম্পতি তিনবার পর্যন্ত পরস্পরকে স্বামী-স্ত্রী হিসেবে গ্রহণ করতে পারে, হিল্লা বিয়ের কোন প্রয়োজন নেই। কিন্তু বাংলাদেশের সামাজিক বাস্তবতায় এমন বিয়ের প্রচলন এখনও প্রাতিষ্ঠানিকিকরণ হয়নি।

## ৪.০ বাংলাদেশের পরিবার ও বিবাহের সাম্প্রতিক পরিবর্তন ধারা

সকল সমাজেই পরিবার ও বিবাহ কোন স্থিতিশীল ব্যবস্থা নয়। অন্যান্য সামাজিক বাস্তবতার মত পরিবারের কাঠামো, কার্যাবলী এবং বিবাহ ব্যবস্থাতে যুগপৎ পরিবর্তন আসছে। তবে শিল্পোন্নত পশ্চিমা সমাজে বিবাহ ও পরিবারের অন্তরঙ্গ ও বহিরঙ্গের যত দ্রুত পরিবর্তন ঘটে বাংলাদেশের মত ঐতিহ্যবাহী কৃষিজীবী সমাজে এ পরিবর্তন ধীরলয়ের, কিন্তু এক অনিবার্য প্রক্রিয়া যা এদেশের রূপান্তরশীল অর্থনৈতিক, রাজনৈতিক ও সামাজিক কাঠামোর সাথে তাল মিলিয়ে পুনর্বিন্যাসের ধারায় এগিয়ে যাচ্ছে। এ প্রসঙ্গে প্রথমেই ঐতিহ্যবাহী যৌথ পরিবার কাঠামো সম্পর্কে দৃষ্টি নিবদ্ধ করা প্রয়োজন। আমরা জানি, স্বাধীনতার পর শিল্পায়ন ও নগরায়নের পরিমাণ বৃদ্ধি পাবার সঙ্গে সঙ্গে কৃষিভিত্তিক অর্থনৈতিক অবস্থার ব্যাপক পরিবর্তন ঘটতে শুরু করেছে এবং সেই সঙ্গে শিল্পায়ন ও নগরায়নের ফলে সৃষ্ট কর্মসংস্থানের যে সুযোগ সৃষ্টি হচ্ছে তাতে অধিকতর উপার্জন সন্ধানী পল্লীজনগণের এক বিরাট অংশ প্রতিনিয়ত গ্রাম ছেড়ে শহর কিংবা নগরে পাড়ি জমাচ্ছে। অন্যদিকে পল্লী পরিবারের শহুরে শিক্ষিত সদস্যরা লেখাপড়া শেষে স্থায়ীভাবে শহরেই আবাস গড়ে তুলছে। এ উভয় ক্ষেত্রেই পল্লীর যৌথ পরিবারের সদস্যরা নগরের জটিল সামাজিক বাস্তবতায় স্বামী-স্ত্রী এবং অবিবাহিত সন্তান নিয়ে গড়ে তুলে একক পরিবার

কাঠামো এবং সেই সাথে ক্রমে ক্রমে শিথিল হয়ে যাচ্ছে যৌথ পরিবার ব্যবস্থা ও তার বন্ধন। শিল্প ও নগর সমাজে যৌথ পরিবার ভেঙ্গে এরূপ একক পরিবার গড়ে উঠার পিছনে কারণ অনুসন্ধানে সমাজবিজ্ঞানী টি,বি বটমোর এর নিম্নোক্ত উক্তিটি যথেষ্ট প্রণিধানযোগ্য। তিনি বলেন, "The independent nuclear family is characteristic of modern industrial societies. Its predominance seems to be due to the growth of individualism reflected in property, law and social ideals of individual happiness and self-fulfilment, and to geographical and social mobility" (উদ্ধৃত, মহাপাত্র ঃ ২৯১)। এরূপ নাগরিক পরিবারের বৈশিষ্ট্য পল্লী অঞ্চলেও কমবেশি লক্ষণীয়। পল্লী অঞ্চলে আজকাল নববিবাহিতরা সীমিত আয়, স্থানাভাব ইত্যাদি নানা কারণে পিতৃগৃহ বাদ দিয়ে নয়াবাস পারিবারিক পদ্ধতি অবলম্বনে একক পরিবার গড়ে তুলছে। নগর বা পল্লী উভয় এলাকাতেই উল্লিখিত কারণে স্বামী-স্ত্রী পরিকল্পিত জনসংখ্যাভিত্তিক পরিবার গড়ে তুলতে আগ্রহী। পূর্বে ধর্মীয় কারণ, কৃষিকাজে labour force বৃদ্ধি, ছেলে সন্তানের প্রত্যাশা, সন্তানের উপর বৃদ্ধবয়সের নির্ভরশীলতা ইত্যাদি নানা অজুহাতে পরিকল্পিত পরিবার গড়ে উঠতে পারেনি, তাই বাংলাদেশে জনসংখ্যা বিস্ফোরণ পর্যায়ে গিয়েছে। বর্তমানে ব্যাপক সরকারি বেসরকারি উদ্যোগ ও প্রচারণায় পরিকল্পিত পরিবার পারিবারিক আদর্শ হিসেবে স্বীকৃতি পাচ্ছে। এ প্রসঙ্গে অধ্যাপক জিসবার্টের অভিমত বিশেষভাবে উল্লেখ্য, তিনি মন্তব্য করেন, "------------ the introduction and propagation of artificial birth control is undoubtedly a significant change in modern family which reflects most faithfully the change of outlook of modern mind" (উদ্ধৃত, প্রাগুক্ত ঃ ২৯১)। গণতান্ত্রিক আদর্শ সম্প্রসারিত হবার সঙ্গে সঙ্গে সাম্যের আদর্শও সমাজের সর্বত্র কিছু না কিছু প্রভাব বিস্তার করেছে, পরিবারও এ প্রভাব থেকে মুক্ত নয়। আজকাল পরিবারগুলোর কর্তৃত্ব, বিশেষ করে শহুরে শিক্ষিত পরিবারে, এককভাবে স্বামীর উপর নয়। সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় স্ত্রীরাও ভূমিকা পালন করে। শহুরে মেয়েদের শিক্ষাদীক্ষা এবং অর্থনৈতিক স্বাবলম্বিতা অর্জন পরিবারের ক্ষমতা কাঠামোর এ পরিবর্তনে সহায়তা করছে। অন্যদিকে পল্লী অঞ্চলে এনজিও এবং বিভিন্ন সরকারি কার্যক্রম নারী ক্ষমতায়নে গুরুত্বপূর্ণ পরিবর্তন এনেছে যার প্রভাব পরিবারগুলোতেও পড়ছে।

আজকাল পরিবারের বিধিবদ্ধ কাজকর্মেও ব্যাপক পরিবর্তন আসছে। আধুনিক পরিবারের কোন উৎপাদন কাজ নেই বললেই চলে। পরিবারের লোকেরা খাওয়া-পড়া ছাড়া অন্য কোন অর্থনৈতিক কাজ যৌথভাবে করে না। সেজন্য আধুনিক পরিবারগুলো production unit না থেকে মূলতঃ consumption unit-এ পরিণত হয়েছে। পল্লী অঞ্চলে কৃষিভিত্তিক ও বিভিন্ন বৃত্তিমূলক কাজের বাইরে নানা বিচিত্রমুখী কাজে লিপ্ত। তাছাড়া অবসর ও চিত্তবিনোদন, সন্তানের শিক্ষাদান, নিরাপত্তা বা রক্ষণাবেক্ষণের মত ঐতিহ্যবাহী পারিবারিক কাজগুলো করে দেয়ার মত বিভিন্ন সরকারি এবং বেসরকারি প্রতিষ্ঠানের সৃষ্টি হয়েছে। তাই গৃহের বাইরে বিভিন্ন গুরুত্বপূর্ণ বা কম গুরুত্বপূর্ণ চিরাচরিত কাজ সম্পাদনে বিভিন্ন সংস্থার উপর পরিবার, বিশেষ করে শহুরে পরিবারগুলো ক্রমশ নির্ভরশীল হয়ে পড়েছে। আর এরূপ নির্ভরশীলতার ফলে পিতা-মাতার সঙ্গে শিশুদের একটা মানসিক

দূরত্ব সৃষ্টি হচ্ছে যা ব্যক্তিত্বের সুস্থ বিকাশের অন্তরায়, এবং বিষয়টি গোটা সমাজের জন্যই হুমকিস্বরূপ। অন্যদিকে modernization এবং westernization এর প্রভাবে পরিবারের সদস্যদের জীবনধারা পদ্ধতি মূল্যবোধে ব্যাপক পরিবর্তন আসছে, এবং এ প্রভাব বেশভূষা, চলন-বলন, খানা-পিনার ধরন থেকে শুরু করে জীবনযাত্রার সকল ক্ষেত্রেই পরিলক্ষিত। তবে শহরাঞ্চলে এ পরিবর্তন যত দ্রুত গ্রামাঞ্চলে হয়ত সে গতিতে নয়, কিন্তু এরূপ পরিবর্তনে যে সমস্যা সৃষ্টি হচ্ছে তা হচ্ছে generation gap- পারিবারিক প্রত্যেকটি বিষয়ে পুত্র-কন্যাদের অভিরুচি এবং জীবনধারা পদ্ধতির সঙ্গে পিতা-মাতা এবং বয়োজ্যেষ্ঠদের মধ্যে ব্যাপক পার্থক্য থেকে যাচ্ছে, ফলে প্রথাগতভাবে পূর্বে সন্তান-সন্ততিদের উপর পারিবারিক শাসন, মূল্যবোধ ও আদর্শের যে ভূমিকা ছিল তা এখন খুবই কম। Children are to be seen not to be heard- এ মতবাদ এখন সেকেলে হয়ে যাচ্ছে।

বাংলাদেশের পরিবারের বিবর্তন প্রক্রিয়ায় আরেকটি দিক বিশেষ করে উল্লেখ করার মত তা হচ্ছে শহুরে এবং গ্রামীণ পরিবারের মধ্যে cultural এবং structural gap দ্রুত বেড়ে যাওয়ায় নগরের পরিবারের সদস্যরা অনেকেই এখন আর গ্রামীণ জ্ঞাতিগোষ্ঠীদের সঙ্গে যোগাযোগ রাখছে না বা পারছে না। ফলে ঐতিহ্যবাহী আত্মীয়তার সম্পর্ক ধীরে ধীরে ক্ষয়ে যাচ্ছে। পারিবারিক নানা বিষয়ে সিদ্ধান্ত গ্রহণে বয়স্ক জ্ঞাতিগোষ্ঠীদের ভূমিকা এখন প্রায়শই গুরুত্বহীন। অন্যদিকে আমরা জানি পরিবারের ভিত্তি রচিত বিবাহের মাধ্যমে। পরিবারের সাথে সাথে বিবাহ ব্যবস্থার নানা আঙ্গিকেও যুগপৎ পরিবর্তন আসছে এবং একটির পরিবর্তন অন্যটিকে প্রভাবিত করছে। বিবাহের আলোচনায় প্রথমেই উল্লেখ্য পাত্র-পাত্রী নির্বাচন প্রসঙ্গ। পাত্র-পাত্রী নির্বাচনে বয়স একটি গুরুত্বপূর্ণ বিষয়। অর্থনৈতিক ও সামাজিক কারণ এবং সরকার কর্তৃক আইন পাশের কারণে বিবাহের বয়স এখন বৃদ্ধি পেয়েছে, বাল্যবিবাহ একেবারেই কমে এসছে। এখনকার শিক্ষিত ছেলেমেয়েরা অর্থনৈতিকভাবে প্রতিষ্ঠিত না হয়ে বিয়ে করছে না। তেমনি মেয়েরাও লেখাপাড়া শেষ না করে বিয়ে করতে চাচ্ছে না। সরকার প্রদত্ত মেয়েদের জন্য উপবৃত্তি কার্যক্রম, বিভিন্ন বেসরকারি সামাজিক সংস্থাগুলোর বাল্যবিবাহ বিরোধী প্রচারণা এবং শিক্ষার প্রসারে অবদান এক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

পাত্র-পাত্রী নির্বাচনের ক্ষেত্রে কার ছেলে, কার মেয়ে বা বংশ মর্যাদা কি এসব পরিমাপকের গুরুত্ব আস্তে আস্তে কমে গিয়ে বরং পাত্র-পাত্রীর শিক্ষা, অর্থনৈতিক প্রতিপত্তি বা যোগ্যতা কি এসব উল্লেখযোগ্য নির্ণায়ক হিসেবে কাজ করছে। পারিবারিক মূল্যবোধের পরিবর্তনের সঙ্গে সঙ্গে পাত্র-পাত্রী নির্বাচনে পরিবারের বয়োজ্যেষ্ঠদের একচেটিয়া কর্তৃত্ব এখন কম। শহুরে শিক্ষিত পরিবারে পাত্র-পাত্রীর মতামতকে যথেষ্ট গুরুত্ব দেয়া হয়, এবং সেজন্যই হয়ত বিয়ের ক্ষেত্রে romantic marriage এর সংখ্যা দিন দিন বেড়ে যাচ্ছে। তবে আশার কথা, সকল ক্ষেত্রেই শিক্ষিত, অশিক্ষিত, উচ্চ, মধ্য ও নিম্নবিত্তের মধ্যে বহুবিবাহের প্রবণতা আস্তে আস্তে কমে এসেছে। প্রথম স্ত্রী রেখে এবং তার অনুমতি ব্যতীত দ্বিতীয় স্ত্রী

গ্রহণের আইনগত ও সামাজিক বাধা এবং ব্যাপক সামাজিক প্রচারণা এ ক্ষেত্রে তাৎপর্যপূর্ণ ভূমিকা রাখছে।

তবে দুঃখজনক সত্য হল পরিবর্তিত সামাজিক পরিস্থিতিতে যে কুপ্রথাটি বাংলাদেশের বিয়ের সাথে অঙ্গাঅঙ্গিভাবে জড়িয়ে গেছে তা হচ্ছে যৌতুক। যৌতুক বাংলাদেশের বিয়েতে প্রধানতম সমস্যা, যা সমাজে একটি সাধারণ রীতি হিসেবে বিবেচিত। যৌতুক ঐতিহ্যবাহী কনে ক্রয়, পণপ্রথা বা মোহরানার উল্টো অবস্থা যেখানে বিয়েতে বরকে মোটা অংকের যৌতুক দিতে হয়। কন্যা-দায়গ্রস্ত দরিদ্র, নিম্নবিত্ত এবং মধ্যবিত্তের মধ্যে এই যৌতুক ব্যাপকভাবে প্রচলিত। বিয়ের পূর্বে সাধারণতঃ বরপক্ষ থেকে যৌতুকের চাহিদাপত্র কন্যার পিতার কাছে পাঠানো হয়। এ ধরনের দাবী পূরণ কন্যার পিতাকে ঋণগ্রস্ত করে ফেলে। মেয়ে দেখতে সুন্দর হলে এ দাবীর পরিমাণ কিছুটা কমে, বিপরীতক্রমে ছেলের যোগ্যতা বেশি হলে দাবীর পরিমাণও বাড়ে। আবার এমন অবস্থাও হয় যেখানে কন্যার বাবা যৌতুকের দাবী মেটাতে পারে না বলে অনেক মেয়েকে আইবুড়ো থাকতে হয়। তেমনি আশানুরূপ যৌতুক পায় না বলে এবং বিনা যৌতুকে বিয়ে করতে অপারগ যুবকদেরও সঠিক সময়ে বিয়ে হচ্ছে না (সেন : ১৮৭)। হিন্দু বিয়েতে যৌতুক একটি সাধারণ ঘটনা, হিন্দু মেয়েরা পিতার সম্পত্তির উত্তরাধিকারী নয় বলে কন্যার বাবাকে বিয়ের সময় আবশ্যক সব কিছুই দিয়ে দিতে হয় যা তাদের জন্য এক অসম্ভব বোঝাস্বরূপ; বোঝা হলেও এ থেকে কোন পরিত্রাণ নেই। উল্লেখ্য, সমাজের উচ্চবিত্ত ধনীরা সন্তুষ্ট হয়ে যৌতুক দিয়ে থাকে, যোগ্য পাত্রকে বেশি যৌতুক দিতে পেরে তারা গর্বিত হয় যেহেতু তারা মনে করে এটা তাদের জন্য সামাজিক প্রতিপত্তি ও সম্মান নির্দেশক। পাত্র ক্রয়ের এ নব্য প্রথাকে সমাজবিজ্ঞানীরা প্রচলিত market system এর বৈশিষ্ট্যের সঙ্গে তুলনা করেছেন (Goode : ৩২)। যৌতুক বিরোধী আইন থাকা সত্ত্বেও এ প্রথা অবলুপ্ত হয়নি বরং যৌতুকের কারণে স্ত্রীর উপর নানা প্রকার অন্যায় অত্যাচারের বীভৎস চিত্র প্রতিনিয়ত নজরে আসে। তত্ত্বগতভাবে বরকে যৌতুক দেয়ার মাধ্যমে মেয়েদের মর্যাদা ও অধিকার রক্ষিত হবার কথা, কিন্তু বাস্তব অবস্থা ভিন্ন। বিয়ের পর স্বামীর ঘরে যে উপযোগ সৃষ্টি হয় তার কোন সামাজিক মূল্য স্বীকৃত হয় না বরং বিয়ের মাধ্যমে যে বাড়তি বোঝা (!) ছেলেটি নিচ্ছে, তার প্রতিদান মাঝে মাঝেই দিতে হয়। সেজন্য বিয়ের সময়ই যৌতুক দেবার পালা একেবারেই শেষ হয় না, ক্ষেত্র বিশেষে দফায় দফায় ছেলেপক্ষ নানা ধরনের উপহার সামগ্রী, অর্থ, সম্পত্তি দাবী করে এবং স্ত্রী তা এনে দিতে না পারলে জুলুম, অত্যাচারের মাত্রা বাড়তে থাকে, যার সর্বশেষ পরিণতি হচ্ছে বিবাহ বিচ্ছেদ বা স্বামী স্ত্রীর পৃথক অবস্থান (মুরশিদ : ৪৪)। বিশেষ করে নিম্নবিত্ত দরিদ্র পরিবারের বিয়েগুলো যৌতুকের দাবীর মুখে তাসের ঘরের মত ভেঙ্গে পড়ে।

বিবাহের পরিবর্তনের আলোচনার সঙ্গে সঙ্গে বিবাহ বিচ্ছেদের সাম্প্রতিক প্রবণতাসমূহও আলোচনায় আসতে পারে। প্রথমতঃ হিন্দু বিয়েতে শাস্ত্রমতে স্বামী-স্ত্রীর বন্ধন অচ্ছেদ্য হলেও আজকাল আইনের আশ্রয়ে স্বামী-স্ত্রী আলাদা হতে পারে এবং প্রয়োজনে হচ্ছেও। দ্বিতীয়তঃ স্বামী-স্ত্রী উভয়ই উপার্জনশীল শিক্ষিত সমাজের মধ্যে বিবাহ বিচ্ছেদের পরিমাণ

আশংকাজনকভাবে বেড়ে যাচ্ছে। মূলতঃ ব্যক্তিত্বের সংঘাত বা superiority পড়সড়ষবী এর প্রধানতম কারণ। তৃতীয়তঃ পূর্বে দেখা যেত স্বামীই স্ত্রীকে তালাক দিচ্ছে, আজকাল এ পরিস্থিতির পরিবর্তন হয়েছে। বর্তমানে স্ত্রী কর্তৃক আইনী আশ্রয়ে স্বামীকে তালাক দেয়ার ঘটনাও যথেষ্ট ঘটছে। চতুর্থতঃ উচ্চবিত্ত অনেক পরিবারে দেখা যায় স্বামী-স্ত্রীর মধ্যে আইনগত বিচ্ছেদ না হলেও তারা বিচ্ছেদের মধ্যে বসবাস করছে। স্বামী-স্ত্রী নিজস্ব স্বতন্ত্র সামাজিক পরিমণ্ডল গড়ে তুলে সংসার-ধর্ম থেকে দূরে সরে যায়। এক ঘরে বসবাস করেও তারা যেন অচেনা, অজানা।

এতক্ষণ সংক্ষিপ্ত পরিসরে আমরা বাংলাদেশ প্রেক্ষাপটে পরিবার ও বিবাহের সাম্প্রতিক পরিবর্তন ধারা নিয়ে আলোচনা করার চেষ্টা করেছি। এসব পরিবর্তন ধারা দেখে স্বভাবতঃই প্রশ্ন জাগতে পারে, তাহলে পরিবার ও বিবাহের ভবিষ্যৎ কি, পরিবার ও বিবাহ যুগপরম্পরতায় টিকে থাকবে কিনা, ইত্যকার নানা প্রশ্ন। এ সন্দেহ অমূলক নয়, সেজন্য আলোচনার এ পর্যায়ে আমরা দেখতে চেষ্টা করব পরিবার ও বিবাহের ভবিষ্যৎ সম্পর্কে সমাজবিজ্ঞানীদের অভিমত।

## ৫.০ পরিবার ও বিবাহের ভবিষ্যৎ

পরিবার ও বিবাহ থাকবে কি থাকবে না, এ প্রসঙ্গে সমাজবিজ্ঞানীরা নানা অভিমত ব্যক্ত করেছেন। ক্রিয়াবাদী সমাজবিজ্ঞানীদের অভিমত অনুসারে সমাজ হল কতগুলো অনুষ্ঠান, প্রতিষ্ঠানের সমষ্টি যেগুলোর উপর ভিত্তি করে পুরো সমাজকাঠামো গড়ে উঠে। যেসব অনুষ্ঠান, প্রতিষ্ঠান সময়ের স্বাভাবিক গতিধারায় কাজ করতে অক্ষম সেগুলোর পরিপূরক হিসেবে জন্ম নেয় নতুন অনুষ্ঠান, প্রতিষ্ঠান, এবং পুরানোগুলো স্বাভাবিক নিয়মেই বিদায় হয়ে যায়। শিল্পায়ন ও নগরায়নের অভাবনীয় উন্নতির ফলে আধুনিক সমাজে পরিবারের অস্তিত্ব ও ভবিষ্যৎ সম্পর্কে এ ধরনের সমাজবিজ্ঞানীরা মোটেই সন্দেহমুক্ত নন। তাঁদের মতে পরিবারের অনেক প্রাচীন দায়-দায়িত্ব শিক্ষালয়, রাষ্ট্র ও সমাজের উপর অর্পিত হয়েছে। ফলশ্রুতিতে পরিবারের প্রয়োজনীয়তা আস্তে আস্তে কমে এসেছে (সেন : ১৯৬)। অর্থাৎ পরিবারের পরিপূরক বিভিন্ন অনুষ্ঠান, প্রতিষ্ঠান তাদের কার্যাবলী দ্বারা পরিবারকে প্রায় গুরুত্বহীন করে তুলেছে। এ ধরনের সমাজতত্ত্ববিদদের অভিমত অনুযায়ী সন্তান প্রজনন এবং নবজাতককে প্রথম দু-এক বছর লালন-পালন করার মধ্যেই পরিবারের ভূমিকা সীমাবদ্ধ হয়ে পড়ছে। ভবিষ্যতে অন্য কোন ভূমিকায় একে হয়ত আর দেখা যাবে না (মহাপাত্র : ২৯৮)। অন্যদিকে sexual liberty, living together, test tube ব্যবস্থায় বৈজ্ঞানিকভাবে সন্তান উৎপাদন পদ্ধতি, সন্তান প্রজননে অনাগ্রহ পাশ্চাত্য সমাজে পরিবারকে গুরুত্বহীন করার পাশাপাশি বিবাহের সংখ্যাও কমিয়ে দিয়েছে। বিবাহের মাধ্যমে সন্তান লাভে সর্বোচ্চ সামাজিক ও ব্যক্তিগত লক্ষ্য থাকলেও ঐসব সমাজে এসব আর আগের মত এতটা অপরিহার্য নয় বলে ক্রিয়াবাদী সমাজবিজ্ঞানীরা মনে করেন। তাছাড়া শিল্পোন্নত সমাজে বিবাহ-বিচ্ছেদের হার অত্যধিক বৃদ্ধিও পরিবার এবং বিবাহের

অস্তিত্বকে হুমকীর মুখে ফেলে দিয়েছে। ক্রিয়াবাদী চিন্তাবিদদের অভিমত অনুসারে এই প্রক্রিয়াই হয়ত একসময় মানব সমাজে পরিবার ও বিবাহ ব্যবস্থার অবসান ঘটবে।

অন্যদিকে মার্কসবাদী সমাজবিজ্ঞানীদের মতে পুঁজিবাদী সমাজে পরিবার হচ্ছে মানবতার বা বিশেষ করে মেয়েদের জন্য শোষণমূলক প্রতিষ্ঠান। এঙ্গেলস তাঁর "The ogigin of the Family, Private Property and the State' গ্রন্থে বলেন সমাজে পুরুষের আর্থিক ক্ষমতার উপর মেয়েরা নির্ভরশীল, আর্থিক ক্ষমতা সমান না হওয়া পর্যন্ত মেয়েদের অধিকার প্রতিষ্ঠা হওয়া অসম্ভব। তাঁর মতে শুধুমাত্র সমাজতন্ত্র এবং সাম্যবাদই মেয়েদের স্বাধীনতা এনে দেবে এবং সমান অধিকার প্রতিষ্ঠায় সহায়তা করবে। তিনি আশা করেন মেয়েদের অধিকার প্রতিষ্ঠিত হলে তারা বিবাহের মাধ্যমে পণ্য হিসেবে বিক্রি হবে না এবং আস্তে আস্তে প্রচলিত বিবাহ ও পরিবার ব্যবস্থার বিলুপ্তি ঘটবে (নকী : ১৪৭)। মার্কসবাদী সমাজবিজ্ঞানীরা এমন একটি সময়ের আশা করেন যখন পুরুষ ক্ষমতা বা টাকার বলে মেয়েদের কিনতে পারবে না এবং মেয়েরা পুরুষদের কাছে আত্মসমর্পণ করবে না। তাঁদের মতে সাম্যবাদই হল সে আদর্শগত ব্যবস্থা (রহমান : ১২৩)।

তৃতীয় ধারার রক্ষণশীল সমাজতাত্ত্বিকরা মূলতঃ ধর্মীয় ও নৈতিক দৃষ্টিভঙ্গির আলোকে পরিবার ও বিবাহের ভবিষ্যৎ বিশ্লেষণ করেন। তাঁরা মনে করেন পরিবার ও বিবাহ না থাকলে সমাজে অনাচার, ব্যভিচার বা অবাধ যৌনাচার দেখা দিবে এবং সামাজিক সংহতি ও শৃঙ্খলা ভেঙ্গে পড়বে, যা হবে সমাজের জন্য খুবই ক্ষতিকর। সে আলোকে ফ্রেজার, লে, বেন এর মত বিখ্যাত সমাজ ও নৃতাত্ত্বিকরা পরিবার ও বিবাহের বিলুপ্ত হবে না বলেই মনে করেন; এগুলো অতীতে ছিল, বর্তমানে আছে এবং ভবিষ্যতেও থাকবে। এরূপ আশাবাদী সমাজতাত্ত্বিকদের মতে পরিবার ও বিবাহ ব্যবস্থার সাংগঠনিক ক্ষেত্রে যে অস্থিরতা বিরাজ করছে তা ক্ষণস্থায়ী, অচিরেই এ অস্থিরতার অবসান হবে এবং পরিবার ও বিবাহের স্থায়ীত্ব সুদৃঢ় হবে। মূলকথা sexual liberty, living together, বিবাহ বিচ্ছেদ, বৈজ্ঞানিক পদ্ধতিতে সন্তান প্রজনন, বা সন্তান প্রজননে অনাগ্রহ এসব কোন আদর্শ নয়। সমাজের স্থিতিশীলতার জন্য বিবাহ ও পরিবারের প্রয়োজনীয়তা অনস্বীকার্য এবং ভবিষ্যতে আরও বাড়বে। এ আলোকেই এন্ডারসন ও পার্কারের মত রক্ষণশীল সমাজবিজ্ঞানীরা আগামীতে পরিবার ও বিবাহ ব্যবস্থায় স্বর্ণযুগ আসছে বলে অভিমত পোষণ করেন; "Entrance into marriage primarily on an affectional basis, the reduction of economic pressures, and the voluntary bearing and rearing of children would appear in the long run to provide the soundest foundation of an enduring family" (Anderson & Parker : 176-177) সমাজের জন্য এর থেকে আদর্শ ব্যবস্থা আর কিছুই হতে পারে না। যাহোক, সময়ের সাথে সাথে পরিবার ও বিবাহের মৌলিক বৈশিষ্ট্যগুলোতে কিছু কিছু পরিবর্তন যে আসছে না তা নয়। কিন্তু এর অস্তিত্ব হুমকীর মুখে-এ অভিমত ঠিক নয়। আর বাংলাদেশের মত সমাজে পরিবার ও বিবাহের বিকল্প যথার্থ ব্যবস্থা ও পরিস্থিতির উদ্ভব এখনও হয়নি। আমাদের সমাজে পরিবার ও বিবাহ ব্যবস্থার বাইরে গিয়ে নির্বিঘ্ন সুস্থ জীবন যাপন সম্ভব নয়, এবং সমাজের কাছে তা

গ্রহণযোগ্যও নয় যেহেতু ব্যক্তি মানুষের জন্য তা কোন আদর্শ বা কল্যাণকর কিছু নয় এবং হতে পারে না।

## ৬.০ উপসংহার

এতক্ষণ আমরা বাংলাদেশে পরিবার ও বিবাহের নানা বৈশিষ্ট্য, পরিবর্তন প্রক্রিয়া এবং সম্ভাব্য ভবিষ্যৎ সম্পর্কে আলোচনা করার চেষ্টা করেছি। পরিবার ও বিবাহ মূলতঃ সমাজবিজ্ঞান এবং সামাজিক নৃবিজ্ঞানের দুটো গুরুত্বপূর্ণ প্রত্যয়। সমাজবিজ্ঞানীরা মনে করেন সমাজে সুন্দর ও সুস্থ পরিবেশ সৃষ্টির পরিকল্পনায় যে সব সামাজিক প্রথা, প্রতিষ্ঠান গড়ে উঠেছে সেগুলোর মাঝে পরিবার এবং বিবাহ সবচেয়ে আদিম ও মূল্যবান; যেগুলোর উপর ভিত্তি করে সামাজিক জীবনের গোড়া পত্তন হয়েছে। পরিবার ও বিবাহের রূপ ও বৈশিষ্ট্য সকল সমাজেই এক এবং নির্দিষ্ট নয়; সমাজ-সংস্কৃতি ভেদে ভিন্নতা ও বৈচিত্র্যতা পরিলক্ষিত হয়, তেমনি এসবের কার্যাবলীতেও যুগপৎ পার্থক্য রয়েছে। তবে গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে, পরিবার ও বিবাহের অস্তিত্ব নেই এমন সমাজের কথা সমাজবিজ্ঞানীদের জানা নেই। পরিবার ও বিবাহ ব্যবস্থায় যে পরিবর্তন তা স্বাভাবিক সামাজিক বাস্তবতা, যা অন্যান্য সামাজিক প্রপঞ্চতেও অনিবার্যভাবে ঘটে থাকে। এসব পরিবর্তন দ্বারা এটা বুঝায় না যে পরিবার ও বিবাহের প্রয়োজনীয়তা ফুরিয়েছে এবং এগুলো ধ্বংস হয়ে যাবে। সমাজবিজ্ঞানীদের অভিমতে মানব ইতিহাসে হাজার হাজার বছর ধরে পরিবার ও বিবাহ ব্যবস্থা চলে এসেছে, তাই এগুলোর যাত্রা অবিচলভাবেই চলবে। স্নেহ-মমতা, দুঃখ-দুর্দশা, জরাজীর্ণতা ও মৃত্যুতে মানুষ পরিবারের কাছেই আশ্রয় খুঁজে, কারণ যুগ যুগ ধরে একমাত্র পরিবারই পেরেছে সমস্ত মানবিক প্রয়োজন মানবিকভাবেই মেটাতে। তাই এটা অনস্বীকার্য, বাংলাদেশের সামাজিক প্রেক্ষাপটে আমরা এখনও এমন অবস্থায় নেই বা আসতে পারিনি যেখানে পরিবার ও বিবাহের কাছে কোনরূপ আশ্রয়ের প্রয়োজন নেই, বরং ক্ষেত্রবিশেষে প্রয়োজন দিন দিন বাড়ছে। আর সে জন্যই হয়ত এদেশের সামাজিক বন্ধন আজও সুস্থ অবয়বের উপর দাঁড়িয়ে আছে এবং সামাজিক মূল্যবোধ ও আদর্শ অটুট আছে।

## তথ্য নির্দেশিকা

আহমেদ রেহনুমা ও চৌধুরী, মানস ঃ *নৃবিজ্ঞানের প্রথম পাঠ ঃ সমাজ ও সংস্কৃতি (২০০৩)* একুশে পাবলিকেশন্স লিমিটেড, ঢাকা।

ইসলাম, সিরাজুল ও অন্যান্য (সম্পাদিত) ঃ *বাংলাপিডিয়া (২০০৩)* বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি, ঢাকা, ভলিউম-৬ ও ৭।

কর, পরিমল ভূষণ ঃ *সমাজতত্ত্ব (১৯৯২)* পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ, কলিকাতা

করিম, নাজমুল ঃ *সমাজ বিজ্ঞান সমীক্ষা (১৯৮৪)* নওরোজ কিতাবিস্তান, ঢাকা

কোনিগ, স্যামুয়েল (অনুদিত) ঃ *সমাজ বিজ্ঞান (২০০২)* জে,কে প্রেস এন্ড পাবলিকেশন্স, ঢাকা।

খান, ফজলুর রশিদ ঃ *বাংলাদেশ সমাজতত্ত্ব (১৯৭৪)* শিরীণ পাবলিকেশন্স, ঢাকা

নকী, সৈয়দ আলী ও ইসলাম, মোঃ নজরুল ঃ *সমাজবিজ্ঞান পরিক্রমা (১৯৯৩)* সর্বজনীন গ্রন্থালয়, ঢাকা।

মর্গান, লুইস হেনরি (অনুদিত) ঃ *আদিম সমাজ (১৯৮৫)* বাংলা একাডেমী, ঢাকা

মহাপাত্র, অনাদিকুমার ঃ *বিষয় সমাজতত্ত্ব (২০০০)* ইন্ডিয়ান বুক কনসার্ন, কলিকাতা

মুরশিদ, নূরজাহান (সম্পাদিত) ঃ *এদেশ একাল ঃ নারী (২০০১)* প্রতিভাস, ঢাকা

মোস্তফা, গোলাম ঃ *বিশ্বনবী (২০০০)* আহমদ পাবলিশিং হাউজ, ঢাকা

রহমান, মুহাম্মদ হাবিবুর ঃ সমাজবিজ্ঞান পরিচিতি (১৯৯৮) হাসান বুক হাউজ, ঢাকা

সেন, রংগলাল ঃ *সমাজ কাঠামো, পুঁজিবাদ ও সমাজতন্ত্র (২০০২)* নিউ এজ পাবলিকেশন্স, ঢাকা

হোসেন, মোকাররম ঃ *সমাজ ও সমাজতত্ত্ব (১৯৭৫)* বাংলা একাডেমী, ঢাকা

Anderson & Parker : *Society- Its Organization and Operation (1966)* Affiliated East-West Press Pvt. Ltd. New Delhi.

Bottomore, T.B : *Sociology (1962)* Unwin University Books, London.

Das, G.: *Principles of Sociology (1999)* King Books, Delhi.

Goode, Williams: *The Family (1975)* Prentice Hall of India Private Limited, New Delhi.

Kadetotad, N.K : *Family & Marriage (1979)* B.R Publishing Corporation, Delhi,

MacIver, R.M. & Page, C.H : *Society (1959)* Macmillan & Co, Ltd. : London

Russell, Bertrand : *Marriage and Morals (1985)* Unwin Paperbacks, London West Press Ltd.. New Delhi.

ISSN-1605-2021

লোক-প্রশাসন সাময়িকী
পঞ্চবিংশতিতম সংখ্যা
ডিসেম্বর ২০০২ / অগ্রহায়ণ ১৪০৯

# বাংলাদেশে শিশুশ্রম : একটি বাস্তবতা

মুহঃ মিজানুর রহমান*

**Abstract** : *Balanced growth and development of children, the most potential section of population of any country for building a prosperous nation, is very essential to be the country's promising citizens in the future. This notion is not only applicable for the developing countries but also for developed countries of the world. The children need to be brought up with an adequate love and care by the parents and family members, resources of family and the state, rights and privileges to be ensured by the society, appropriate plans and programmes to be undertaken by the state etc. for their appropriate development. But a huge number of children in the third world countries like Bangladesh are engaged either willingly or forcefully in such fields of labour which are risky and harmful for their balanced growth and development. Their family resources and efforts cannot meet their basic needs. The Government and both the local and international NGOs working in the country have undertaken several initiatives to eliminate childlabour. The prevailing socio-economic, cultural, political and even the natural situations are not favourable to fulfil the children's needs and demands. The reality compels them to sell their labour in childhood with a nominal wage rate. The present paper attempted to picturize the hard realities of childlabour prevailing in the country, which have to be offset by any means for building Bangladesh as a prosperous nation.*

## ভূমিকা

শ্রম একটি ইতিবাচক ধারণা হলেও শিশুশ্রম সেই গুরুত্ব বহন করে না। অপরিণত বয়সে এই শ্রম শিশুর শারীরিক, মানসিক এবং বুদ্ধিবৃত্তিক বৃদ্ধি ও বিকাশকে বাধাগ্রস্ত করে থাকে। শিশুর ভবিষ্যৎ সম্ভাবনাকে বিনাশ করে দেয় এবং শিশুর সুপ্ত প্রতিভার বিকাশে

* সহকারী অধ্যাপক, সমাজকর্ম বিভাগ, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।

অন্তরায় হয়ে দাঁড়ায়। সর্বোপরি এই শ্রম শিশুকে ভবিষ্যৎ যোগ্য ও দক্ষ নাগরিক হিসেবে গড়ে উঠার পথে প্রতিবন্ধকতা সৃষ্টি করে থাকে। এ কারণে বিশ্বব্যাপী শিশুশ্রম একটি প্রচণ্ড উদ্বেগের বিষয় হয়ে দাঁড়িয়েছে। বর্তমান বিশ্বে উন্নত, স্বল্পোন্নত, ছোট-বড় প্রায় প্রতিটি দেশে শিশুশ্রম সামাজিক ও রাষ্ট্রীয় সমস্যার রূপ নিয়েছে এবং রাষ্ট্রীয় জীবন থেকে শুরু করে সামাজিক জীবন এমন কি ব্যক্তিগত জীবনেও এ সমস্যার ব্যাপক কুপ্রভাব লক্ষণীয়। বাংলাদেশও এ সমস্যা থেকে মুক্ত নয়। এদেশের নাজুক আর্থ-সামাজিক অবস্থায় প্রায় সর্বক্ষেত্রে শিশুশ্রমের ব্যাপক উপস্থিতি ও বিস্তৃতি সম্ভাবনাময় ভবিষ্যৎ জাতি গঠনে মারাত্মক সমস্যা হিসেবে সর্বমহলকে ভাবিয়ে তুলেছে[১]। প্রকৃতপক্ষে তৃতীয় বিশ্বের উন্নয়নশীল দেশ হিসেবে বিচিত্র রকমের শোষণ, বঞ্চনা, দারিদ্র্য এবং অন্যান্য প্রতিকূল আর্থ-সামাজিক, রাজনৈতিক ও ভৌগোলিক অবস্থার কারণে এদেশে শিশুশ্রম আজ একটি নির্মম বাস্তবতা হিসেবে দেখা দিয়েছে। কেননা যে বয়সে শিশুদের শিক্ষা প্রতিষ্ঠানে বিদ্যাশিক্ষা অর্জনে নিয়োজিত থাকার কথা; সুস্থ সাংস্কৃতিক চর্চা ও বিনোদনের মাধ্যমে সম্ভাবনাময় নাগরিক হিসেবে বেড়ে উঠার কথা, সেই বয়সে এদেশে তারা মৌলিক চাহিদা পরিপূরণে কর্মব্যস্ত থাকে। একটু তলিয়ে দেখলে একথা উপলব্ধি করা সহজ যে, শিশুবয়সে জীবনের এ করুণ পরিণতি তাদের অর্জিত নয় বরং এদেশের অধিকাংশ নিম্ন-মধ্যবিত্ত পরিবারের শিশুরা এ অবস্থা পৈত্রিকভাবে পেয়ে থাকে। পরিবারের অর্থনৈতিক অস্বচ্ছলতা ও দারিদ্র্যক্লিষ্টতা, পিতৃমাতৃহীনতা, দুঃস্থতা, অসহায়ত্ব ইত্যাদি কারণে জীবন ধারণের প্রয়োজনে শিশুরা এই বাস্তবতাকে মেনে নেয় এবং তাদের জীবনের একমাত্র সম্বল শ্রমকে নামমাত্র মূল্যে বিক্রি করে থাকে। জাতিসংঘ শিশু অধিকার সংক্রান্ত সনদে প্রত্যেক রাষ্ট্রকে তার শিশুদের মৌলিক চাহিদাপূরণ ও আইনানুগ অধিকার সংরক্ষণে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার কথা বলা হলেও এদেশের অর্থনৈতিক দুরবস্থা, উন্নয়নের শ্লথগতি, রাজনৈতিক ও প্রশাসনিক উদাসীনতা, অস্বচ্ছতা ইত্যাদি কারণে সরকার শিশুদের স্বার্থ সংরক্ষণে কাজ করতে ব্যর্থ হয়। পক্ষান্তরে দারিদ্র্য, উপার্জনকারী ব্যক্তির মৃত্যু, পঙ্গুত্ব বা অক্ষমতা, সম্পদের স্বল্পতাসহ নানাবিধ কারণে শিশুর কাজকে পরিবারের জন্য আবশ্যিক হিসেবে বিবেচনা করা হয়ে থাকে। পারিবারিক চাহিদা পূরণে শিশু তার অর্জিত আয়ের পুরোটাই পরিবারের হাতে তুলে দেয়। কায়িক শ্রমের মাধ্যমে শিশুর অর্জিত এ আয় পরিবারের দুরবস্থা দূরীকরণ, অর্থনৈতিক স্বচ্ছলতা ফিরিয়ে আনতে এবং দুঃখ দুর্দশা লাগবে কিছুটা হলেও অবদান রাখে। সুতরাং শিশুশ্রম শিশুর উন্নয়ন ও বিকাশের অন্তরায় হলেও এদেশের আর্থ-সামাজিক অবস্থার রূঢ় বাস্তবতা শিশুদেরকে এরূপ অবাঞ্ছিত শ্রমে নিয়োজিত করে থাকে- এ কথা নির্দ্বিধায় বলা যায়।

## শিশুশ্রম কি ?

বিশ্বায়নের এই যুগে পৃথিবীর প্রায় সকল দেশে শিশুরা কম বেশি শ্রমে নিয়োজিত রয়েছে। তবে সকল প্রকার শ্রম শিশুর জন্যে ক্ষতিকর নয়। বিশ্বে সমাজ ও জাতিভেদে এমন কিছু শ্রম আছে যা শিশুর শিক্ষা, চিত্তবিনোদন ও বিশ্রামে ব্যাঘাত না ঘটিয়ে তার সামগ্রিক বিকাশে সহায়ক হয়ে থাকে।[২] কিন্তু যে শ্রম শিশুর কর্মসংস্থান ও আয়ের সাথে জড়িত এবং

শিশুর সার্বিক উন্নতি ও বিকাশে অন্তরায় সৃষ্টি করে তা সন্দেহাতীতভাবে শিশুর জন্যে ক্ষতিকর- শিশুদের প্রদত্ত এরূপ শ্রমকে শিশুশ্রম হিসেবে আখ্যায়িত করা হয়। অর্থাৎ যে শ্রম শিশুর শারীরিক ও মানসিক বিকাশে অন্তরায় তা-ই শিশুশ্রম। শিশুশ্রমের বিভিন্ন নেতিবাচক দিক তুলে ধরে যুক্তরাষ্ট্রের জাতীয় শিশুশ্রম কমিটি কর্তৃক এ সম্পর্কে সর্বজনগ্রাহ্য সংজ্ঞা প্রদানের চেষ্টা করা হয়েছে। এই কমিটির মতে, যে কাজ শিশুর পরিপূর্ণ শারীরিক উন্নয়ন ও প্রয়োজনীয় বিনোদন ব্যবস্থায় বাধার সৃষ্টি করে তাকে শিশুশ্রম বলা যায়।[৩] তবে কোন কোন ক্ষেত্রে এই শ্রম পরিবারের ক্ষুদ্র পরিসরে সীমাবদ্ধ থাকে যা শিশুদের সুষ্ঠু দৈহিক, মানসিক, আধ্যাত্মিক, নৈতিক ও সামাজিক বিকাশে সহায়ক ভূমিকা পালন করে থাকে। আবার অনেক ক্ষেত্রে তা শিশুদের পরিবারের উন্নতি ও সমৃদ্ধির পথকেও প্রসারিত করে থাকে।[৪] অর্থাৎ সবক্ষেত্রে শিশুর কাজকে ক্ষতিকর বলে মনে করা হয় না। পরিশ্রমের মাত্রার উপর ভিত্তি করেই শিশুশ্রমকে ক্ষতিকর বলে চিহ্নিত করা হয়। যে সমাজে দারিদ্র্য, অসমতা, সম্পদের স্বল্পতাসহ বিভিন্ন প্রকার প্রতিকূল আর্থ-সামাজিক অবস্থা বিরাজমান, সেখানে শিশুশ্রমের মাত্রা বৃদ্ধি পেতে পারে। এরূপ শ্রমে শিশুদের অর্থনৈতিক আয়ের বিষয়টি মুখ্য হয়ে থাকে এবং অনেক ক্ষেত্রে তা শিশুর জন্যে বিপজ্জনক ও শোষণমূলক হতে পারে। প্রায় এক দশক আগে ইউনিসেফ এই শোষণমূলক শিশুশ্রমের ক্ষেত্রে কিছু বিষয় নির্দিষ্ট করে দিয়েছে। এগুলো হচ্ছে- ক) অল্প বয়সে পূর্ণকালীন কাজ, খ) খুব দীর্ঘ সময় কাজ, গ) এমন কাজ যা অহেতুক দৈহিক, মানসিক ও সামাজিক চাপ সৃষ্টি করে থাকে, ঘ) রাস্তাঘাটে কাজ বা জীবনযাপন, ঙ) অপর্যাপ্ত পারিশ্রমিক, চ) খুব বেশি দায়িত্ব, ছ) যে কাজ শিক্ষা লাভের সুযোগকে ব্যাহত করে, জ) যে কাজ শিশুর মর্যাদা ও আত্মসম্মানকে হেয় করে, ঝ) যে কাজ শিশুর পরিপূর্ণ দৈহিক, সামাজিক ও মানসিক বিকাশের পরিপন্থি ইত্যাদি। অন্যভাবে বলা যেতে পারে, শিশুশ্রম হলো এক প্রকার অর্থনৈতিক অনুশীলন যা সমাজের উন্নতির বদলে সামাজিক ক্ষতির সঙ্গে সহাবস্থান করে। অর্থনৈতিক অনুশীলন হিসেবে এ ধরনের শ্রম শিশুর কর্মসংস্থানের সাথে জড়িত যার দ্বারা শিশু অর্থ উপার্জন করে এবং পারিবারিক আয়ের সাথে তার অংশীদারিত্ব নিশ্চিত করে থাকে।[৫] অধিকাংশ ক্ষেত্রে শিশু এ অর্থ কায়িক শ্রমের মাধ্যমে অর্জন করে এবং উপার্জিত অর্থের প্রায় পুরোটাই তার পরিবারের দারিদ্র্য, অস্বচ্ছলতাসহ প্রতিকূল আর্থ-সামাজিক অবস্থা দূরীকরণে বৈষয়িক সাহায্য হিসেবে প্রদান করে থাকে। উল্লেখ্য যে, এমন অনেক শিশুশ্রম আছে যার সাথে অর্থোপার্জন সম্পৃক্ত নয়। এজাতীয় শ্রম শিশুদের সাধারণত জীবিকা নির্বাহের পাথেয় হিসেবে কাজ করে থাকে। আবার এমন অনেক শিশুশ্রম আছে যার সাথে অর্থোপার্জন কিংবা জীবিকার সংস্থান কোনটাই জড়িত থাকে না। এক্ষেত্রে পারিবারিক প্রয়োজনই শিশুর এ ধরনের শ্রম প্রদানে মুখ্য নির্ধারক হিসেবে কাজ করে থাকে। অতএব শিশুশ্রমের সাথে অর্থোপার্জন বা অন্নসংস্থান বা পারিবারিক প্রয়োজন যা-ই জড়িত থাকুক না কেন যে শ্রম শিশুর শারীরিক, মানসিক ও বুদ্ধিবৃত্তিক বিকাশে অন্তরায় সৃষ্টি করে তাকে শিশুশ্রম হিসেবে আখ্যায়িত করা যায়।

বর্তমান বিশ্বে শিশুশ্রম একটি বহুল আলোচিত, স্পর্শকাতর ও আবেগপূর্ণ বিষয় যা কোন সমাজের জন্যে কাম্য নয়।[৬] কেননা সাম্প্রতিককালে শিশুশ্রম নিয়ে কল্যাণকামীদের

উদ্বেগের প্রধান কারণ হলো শিশুদের বয়স। যে বয়সে শিশুদের বিদ্যাচর্চা, খেলাধূলা ইত্যাদি নিয়ে ব্যস্ত থাকার কথা, সেই বয়সে শ্রমজীবী শিশুরা বিভিন্ন কর্মক্ষেত্রে কায়িকশ্রম প্রদানের মাধ্যমে জীবিকা অর্জনে ব্যস্ত থাকে। অপরিণত বয়সে এরূপ শ্রম সমাজের সবচেয়ে বড় সম্ভাবনাময় অংশ শিশুদেরকে পশ্চাৎপদতার শৃংখলে আবদ্ধ রাখে। তারা আগামী দিনের জন্য প্রতিশ্রুতিশীল প্রজন্ম হিসেবে গড়ে উঠতে পারে না। এক কথায়, অল্প বয়সে শ্রমজীবী শিশুরা শরীরের সাথে প্রায় অনুপযোগী শ্রমে নিয়োজিত থাকার ফলে তারা ভবিষ্যৎ সমাজের অপাংক্তেয় শ্রেণী হিসেবে বেড়ে ওঠে। তবে শিশুশ্রমিকদের বয়স সীমা ও কাজের ধরন সমাজ ও রাষ্ট্রভেদে ভিন্ন হতে পারে।[৭] অনেক দেশে হালকা ও বিপজ্জনক কাজের মধ্যে পার্থক্য নিরূপণ করা হয়েছে। এসব দেশে হালকা কাজের জন্য বয়স সীমা ১২ বছর এবং বিপজ্জনক কাজের জন্য ১৬ থেকে ১৮ বছর ধরা হয়েছে।[৮] বিভিন্ন দেশে কাজের ধরন অনুযায়ী বয়সের ভিন্নতা থাকলেও প্রায় সকল দেশেই শিশুশ্রম একটি নেতিবাচক ধারণায় পরিণত হয়েছে এবং সকল প্রকার শ্রম শিশুর শারীরিক, মানসিক ও বুদ্ধিবৃত্তিক বৃদ্ধি ও বিকাশ প্রক্রিয়াকে বাধাগ্রস্ত করে থাকে-এ বিষয়ে প্রায় সকলেই একমত।

## বাংলাদেশে শিশুশ্রমের বাস্তব অবস্থা ও পরিসংখ্যান

বাংলাদেশে অধিকাংশ পরিবার অধিক জনসংখ্যা, দারিদ্র্য, ভূমিহীনতা, নিরক্ষরতা, বেকারত্ব, উপার্জনকারী ব্যক্তির মৃত্যু, পঙ্গুত্ব বা অক্ষমতা ইত্যাদি সমস্যায় জর্জরিত। তদুপরি এদেশে প্রায় প্রতি বছর কোন না কোন প্রাকৃতিক দুর্যোগের কারণে অসংখ্য পরিবার সহায়-সম্বল হারিয়ে নিঃস্ব হয়ে যায়। এসব পরিবারের বিশেষ করে দরিদ্র, দুঃস্থ, এতিম, অসহায় পরিবারের শিশুরা জীবিকার প্রয়োজনে অনন্যোপায় হয়ে কর্মসংস্থানের অন্বেষণ করে থাকে। এ অবস্থায় এদেশের অধিকাংশ স্বচ্ছল পরিবার পেটে-ভাতে কখনো বা নামমাত্র পারিশ্রমিকে বিনিময়ে এসব শিশুকে বিভিন্ন কর্মক্ষেত্রে নিয়োজিত রাখে। আবার শ্রমবাজারে শিশুশ্রমের মূল্য সাধারণত কম হওয়ায় অধিকাংশ শিল্প-কারখানা বিশেষ কওে গার্মেন্টস শিল্পের মালিকেরা যৎসামান্য মজুরীর বিনিময়ে এসব শিশুকে উৎপাদনক্ষেত্রে নিয়োগ করে থাকে। এতে মালিকদের মজুরী বাবদ অর্থ কম ব্যয় হয়। আবার অপ্রাপ্ত বয়সে শিশুদের অঙ্গপ্রত্যঙ্গ সাধারণত নরম ও কোমল থাকে। এসময় শিশুরা কাজের প্রতি কম বেশি মনোযোগী থাকে। ফলে মালিকরা নিজেদের সুবিধার্থেও তাদেরকে কাজে নিয়োজিত করতে উৎসাহবোধ করে থাকে। এ জাতীয় নানাবিধ কারণে এদেশের বিভিন্ন ক্ষেত্রে শিশুশ্রমিকের উপস্থিতি ব্যাপক হারে বাড়ছে। এদেশের শিশুরা শিল্প-কারখানা থেকে শুরু করে নির্মাণকাজের মত ঝুঁকিপূর্ণ ক্ষেত্রে নিয়োজিত রয়েছে। বর্তমানে এরা পতিতাবৃত্তিতেও জড়িয়ে পড়ছে, যা বিশ্বব্যাপী বাণিজ্যিক যৌনশোষণ নামে পরিচিতি লাভ করেছে। এসব পতিতালয়ে আবার জন্ম দিচ্ছে পিতৃ-পরিচয়হীন শিশু যারা ভবিষ্যৎ জীবনে দুঃস্থ, অসহায়, ছিন্নমূল কিংবা পথশিশু নামে পরিচিতি পেয়ে থাকে। জীবন ধারণের বাস্তবতায় এসব শিশুদের শ্রমে নিযুক্ত হওয়া ছাড়া আর কোন বিকল্প থাকে না।

বর্তমানে বাংলাদেশে শিশুর সংখ্যা (০-১৮ বছর) প্রায় ৫ কোটি ৬০ লাখ।[৯] এসকল শিশুর মধ্যে দরিদ্র, দুঃস্থ, এতিম, অসহায় ও পথশিশুর সংখ্যা প্রায় ১ কোটি ৪২ লাখ।[১০] এ শিশুদের প্রায় ৬৩ লাখ বিভিন্ন প্রকার শ্রমে নিয়োজিত রয়েছে যা মোট শ্রমশক্তির ১১.৭ শতাংশ।[১১] এসব শিশুর অধিকাংশই গ্রামীণ কর্মক্ষেত্রসমূহে নিয়োজিত রয়েছে (সারণি-১)।

সারণি - ১ : বাংলাদেশে গ্রাম ও শহর ভেদে মোট শিশুশ্রমিক (শিশু শ্রম জরিপ ১৯৯৯-২০০০)

| পর্যায় | মোট (হাজারে) | ছেলে | মেয়ে |
|---|---|---|---|
| জাতীয় | ৬৩০২ | ৩৭৬০ | ২৫৪২ |
| গ্রাম | ৫১৬১ | ৩১১১ | ২০৫০ |
| শহর | ১১৪১ | ০৬৪৮ | ৪৯৩ |

সূত্র: Statistical pocket Book 2000, p 160

গ্রাম ও শহর নির্বিশেষে শিশুশ্রমিকেরা গৃহভৃত্য, কারিগরি, প্রশাসনিক, শিল্প উৎপাদন, পরিবহন, ক্রয়-বিক্রয়, কৃষি, বনজ, মৎস্য, অফিসসহ নানাবিধ কাজে নিয়োজিত থাকলেও কৃষি, বনজ, মৎস্য, উৎপাদন, পরিবহন এবং সেবামূলক কাজে তুলনামূলকভাবে বেশি নিয়োজিত রয়েছে। আবার এই হার প্রাতিষ্ঠানিক খাতের তুলনায় অপ্রাতিষ্ঠানিক খাতে বেশি (সারণি-২, ৩ ও ৪)।

সারণি - ২ : বৃত্তি অনুযায়ী ১০-১৪ বছরের শিশুশ্রমিকের শতকরা হার, ১৯৯৯-২০০০

| বৃত্তির ধরন | মোট (%) | ছেলে (%) | মেয়ে (%) |
|---|---|---|---|
| পেশাগত ও কারিগরি | ০.৬ | ০.৫ | ০.৬ |
| উৎপাদন ও পরিবহন | ১৫.৪ | ১৫.৩ | ১৫.৮ |
| করণিক | ০.৫ | ০.৭ | ০.১ |
| বিক্রয়কর্মী | ৯.৯ | ১৫.৬ | ১.৪ |
| সেবাকর্মী | ৯.৬ | ৫.৮ | ১৫.১ |
| কৃষি, বনজ, মৎস | ৬৪.০ | ৬২.১ | ৬৭.০ |
| প্রশাসনিক ও ব্যবস্থাপনা | ০.০ | ০.০ | ০.০ |

সূত্র: Statistical pocket Book 2000, p 161

সারণি - ৩ : বাংলাদেশে শিল্প ভিত্তিক ১০-১৪ বছরের শিশুশ্রমিক, (১৯৯৯-২০০০)

| শিল্পের ধরন | মোট (%) | ছেলে (%) | মেয়ে (%) |
|---|---|---|---|
| কৃষি | ৬৪.২ | ৬২.২ | ৬৭.২ |
| ম্যানুফ্যাকচারিং | ৮.২ | ৯.২ | ৯.৮ |
| পরিবহন ও যোগাযোগ | ২.৬ | ৪.২ | ০.২ |
| অন্যান্য সেবা | ১৪.৪ | ২১.৫ | ৩.৯ |
| গৃহভৃত্যসহ অন্যান্য কাজ | ১০.৬ | ৪.৯ | ১৯.০ |

সূত্রঃ Statistical pocket Book 2000, p 161

সারণি - ৪ : বাংলাদেশে শিল্প ভিত্তিক ১০-১৪ বছরের শিশুশ্রমিক, ১৯৯৯-২০০০)

| খাত | মোট (%) | ছেলে (%) | মেয়ে (%) |
|---|---|---|---|
| প্রাতিষ্ঠানিক | ৯.৯ | ১২.০ | ৬.৯ |
| অপ্রাতিষ্ঠানিক | ৯০.১ | ৪৪.০ | ৯৩.১ |

সূত্রঃ Statistical pocket Book 2000, p 161

এদেশে শিশুশ্রমিকের হার শহরের তুলনায় পল্লী অঞ্চলে অধিক। বর্তমানে শহরাঞ্চলেও এ সংখ্যা ক্রমশ বাড়ছে। শিশুশ্রমের ক্ষেত্রে মেয়েদের উপস্থিতি আগে কম পরিলক্ষিত হলেও বর্তমান এই হার উদ্বেগজনকভাবে বাড়ছে। কৃষি, কারিগরী এবং অপ্রাতিষ্ঠানিক খাতসহ বিভিন্ন ক্ষেত্রে শিশুশ্রমিক হিসেবে ছেলেদের তুলনায় মেয়েদের উপস্থিতি অনেক বেশি। আবার এ সকল শিশুশ্রমিকের অধিকাংশই গার্মেন্টস শিল্পে নিয়োজিত রয়েছে। বর্তমানে এ শিল্পে নিয়োজিত শিশুশ্রমিকের সংখ্যা প্রায় ১৫ লক্ষ। তন্মধ্যে অধিকাংশই মহিলা (প্রায় ৭০%)।[১২]

## বাংলাদেশে শিশুশ্রমিকদের শ্রম প্রদানের ক্ষেত্রসমূহ

বাংলাদেশের আর্থ-সামাজিক, রাজনৈতিক ও ভৌগোলিক প্রেক্ষাপটে শিশুরা নানাবিধ শ্রমক্ষেত্রে নিয়োজিত রয়েছে। এসব ক্ষেত্রের মধ্যে কৃষি, শিল্প, নির্মাণ, গৃহকর্ম, উৎপাদন, ব্যবসা-বাণিজ্য ইত্যাদি উল্লেখযোগ্য। শ্রমশক্তি জরিপ ১৯৯৯-২০০০ এর হিসাব অনুযায়ী, এদেশে বিভিন্ন পেশায় প্রায় ৫.৮১ কোটি শ্রম শক্তি নিয়োজিত রয়েছে যার মধ্যে ৩.৬১ কোটি পুরুষ এবং ২.১৯ কোটি মহিলা। মোট শ্রমশক্তির মধ্যে আবার ৬৩ লাখ শিশুশ্রমিক। তন্মধ্যে ছেলে ৩৭.৬ লাখ এবং মেয়ে ২৫.৪২ লাখ। আবার এ সংখ্যা শহর পর্যায়ে ১১.৪১ লাখ এবং গ্রাম পর্যায়ে ৫১.৬১ লাখ।[১৩] এসব শিশুর অধিকাংশই গ্রাম ও

শহরের কৃষি, বনজ, মৎস্য, খনিজ, ম্যানুফাকচারিং, নির্মাণ, হোটেল ও রেষ্টুরেন্ট, পরিবহন ও যোগাযোগ ইত্যাদি শ্রমক্ষেত্রে নিয়োজিত রয়েছে। (সারণি-৫)

সারণি - ৫ : বাংলাদেশে খাতওয়ারী শিশুশ্রমিকের শতকরা হার

| খাত | ১৯৯৫-৯৬ (%) | ১৯৯৯-২০০০ (%) |
|---|---|---|
| কৃষি, বনজ, মৎস | ৬৩.২ | ৬২.৩ |
| খনিজ ও লবণ | - | ০.৭ |
| ম্যানুফ্যাকচারিং | ৭.৫ | ৭.৪ |
| বিদ্যুৎ গ্যাস পানি | ০.২ | ০.২ |
| নির্মাণ | ১.৮ | ২.১ |
| বাণিজ্যিক হোটেল, রেষ্টুরেন্ট | ১.২ | ১২.০ |
| পরিবহন সংরক্ষণ ও যোগাযোগ | ৪.২ | ৪.৬ |
| অর্থব্যবস্থা ও সেবাসমূহ | ০.৪ | ০.৭ |
| পণ্য ও ব্যক্তিগত সেবাসমূহ | ৯.৩ | ১০.০ |
| অন্যান্য | ২.২ | ০ |

সূত্র: বিবিএস লেবার ফোর্স সার্ভে ১৯৯৯-২০০০

উল্লিখিত ক্ষেত্রগুলো ছাড়াও এদেশে দৃশ্যমান ও অদৃশ্যমান বহুক্ষেত্রে অসংখ্য শিশু শ্রমে নিয়োজিত রয়েছে। বিগত ১৯৯৭ সালে আই এল ও (ওখণ্ড) কর্তৃক এদেশের মেট্রোপলিটন শহরের ১৬,৩৩৭ জন শিশুশ্রমিক, পুরাতন জেলা শহরের ৬,৫৬১ জন, নতুন জেলা শহরের ৬,৫০৯ জন, থানা হেড কোয়ার্টারের ১,৩৪৪ জন, গ্রামীণ এলাকার ৫,২৮৮ জন, উপজাতি এলাকার ২৪৮ জন এবং মেট্রোপলিটন এলাকার (রাতে কাজ) ৪৬৩ জন সর্বমোট ৩৮,২১৫ জন শিশুশ্রমিকের উপর পরিচালিত এক জরিপ গবেষণা থেকে দেখা যায়, এদেশে শ্রমে নিয়োজিত শিশুরা অর্থনৈতিক শ্রেণীকরণের ভিত্তিতে মেট্রোপলিটন এলাকায় ৩০০ ধরনের শ্রমক্ষেত্র, পুরাতন জেলা শহরে ৭ ধরনের, নতুন জেলা শহরে ৭ ধরনের, থানা হেডকোয়ার্টারে ৮ ধরনের, উপজাতীয় এলাকায় ২২ ধরনের এবং গ্রামীণ এলাকায় ৯৫ ধরনের শ্রমক্ষেত্রে নিয়োজিত থাকলেও শহর-গ্রাম-জাতি-ধর্ম নির্বিশেষে শিশুরা ১৮ ধরনের শ্রমক্ষেত্রে নিয়োজিত রয়েছে। তন্মধ্যে বিভিন্ন জিনিসপত্র বিক্রেতা বা বিক্রেতার সহকারী হিসেবে প্রায় ৪৪%, ফ্যাক্টরী শ্রমিক হিসেবে ১৫% এবং কৃষি ও কৃষি সংশ্লিষ্ট ক্ষেত্রে ১৩%, টোকাই ৬.৯১%, গৃহকর্মে ২.৮৯%, কুলি সংশ্লিষ্ট কাজে ৬%, পরিবহনে ২.২২%, মেরামত সংক্রান্ত কাজে ২.২৭%, নির্মাণ সংশ্লিষ্ট কাজে ৫.৭২%, মাছধরা ও প্রক্রিয়াজাতকরণে ০.৬৫%, ভিক্ষুক বা ভিক্ষুকের সহকারী হিসেবে ০.৪৪%,

পতিতা হিসেবে ০.৩২%, অফিস পিয়ন বা দারোয়ান সংশ্লিষ্ট কাজে ০.২৬%, ক্লিনার ও সুইপার হিসেবে ০.২৮% শিশু নিয়োজিত রয়েছে (সারণি-৬)।[১৪]

সারণি - ৬ : অর্থনৈতিকভাবে শিশুদের শ্রম প্রদানের ক্ষেত্রসমূহ (শতকরা হার)

| অর্থনৈতিক কর্মকাণ্ডের ধরন | পুরুষ (%) | মহিলা (%) | মোট (%) |
|---|---|---|---|
| বিক্রেতা, ভেন্ডার বা বিক্রেতার সহকারী (দোকান, হোটেল ইত্যাদি) | ২৭.৫৪ | ১.৩৬ | ২২.৯২ |
| বিক্রেতা বা বিক্রেতার সহকারী (অস্থায়ী ক্ষেত্রে) | ২৪.৪১ | ৩.৯১ | ২০.৭৯ |
| ফ্যাক্টরী কর্মী (টেকনিক্যাল) গার্মেন্টস, ওয়েলডিং, লেদ ইত্যাদি | ১০.৩২ | ০.৮০ | ৮.৬৪ |
| ফ্যাক্টরী কর্মী (নন-টেকনিক্যাল) কার্পেন্টার, বেকারী ইত্যাদি | ৬.৮৩ | ১০.৪২ | ৭.৪৬ |
| নিজের বা অন্যের কাজ (কৃষি সংশ্লিষ্ট) | ২.৮৬ | ২৯.৯৯ | ৭.৬৫ |
| টোকাই বা ভ্যানগাড়ী চালক | ৬.০১ | ১১.১০ | ৬.৯১ |
| ইট বা পাথর ভাংগা ও অন্যান্য নির্মাণ সংশ্লিষ্ট কাজ | ৩.৪৫ | ১৬.৩০ | ৫.৭২ |
| কৃষিকাজ ও পশুপালন | ৫.০৯ | ৩.২৯ | ৪.৭৭ |
| কুলি (মিস্তি) | ৩.৮৬ | ০.৪৩ | ৩.২৫ |
| গৃহকর্ম | ০.৭৬ | ১২.৮৩ | ২.৮৯ |
| মার্কেট বা অন্যান্য স্থানে বিভিন্ন দ্রব্যসামগ্রী বহন | ২.৩৮ | ৩.৩৭ | ২.৫৬ |
| হস্তশিল্পজাত বা নন-টেকনিক্যাল দ্রব্যসামগ্রী তৈরী বা মেরামত | ২.৪২ | ১.৫৭ | ২.২৭ |
| পরিবহন কর্মী (নৌকা, রিক্সা, বাস, ট্রাক, টেম্পু ইত্যাদি) | ২.৬৮ | ০.০৮ | ২.২২ |
| মাছ ধরা বা প্রক্রিয়াজাতকরণ | ০.৫৮ | ০.৯৭ | ০.৬৫ |
| ভিক্ষুক বা ভিক্ষুকের সহকারী | ০.৩১ | ১.০৮ | ০.৪৪ |
| শিশুপতিতাবৃত্তি | ০.০০ | ১.৮২ | ০.৩২ |
| ক্লিনার বা সুইপার | ০.২০ | ০.৬৫ | ০.২৮ |
| অফিস পিয়ন, নিরাপত্তাকর্মী, গৃহশিক্ষক, অভিনেতা ইত্যাদি | ০.৩০ | ০.০৩ | ০.২৬ |
| **সর্বমোট** | **৮২.০৩৪** | **১৭.৬৬** | **১০০** |

সূত্র: Dr. Whahidur Rahman, "Child Labour Situation in Bangladesh: A Rapid Assessment," ILO, Dhaka, 1997, p.23

১৯৯৭ সালে সিলেট মেট্রোপলিটন (বর্তমানে সিটি কর্পোরেশন) এলাকার উপর পরিচালিত এক গবেষণাকর্মে সিলেট শহরের দরিদ্র, দুঃস্থ, অসহায়, ছিন্নমূল ও পথশিশুদের বিভিন্ন প্রকার অর্থনৈতিক কর্মকাণ্ডে নিয়োজিত থাকার কথা উল্লেখ করা হয়েছে। এ সব কর্মকাণ্ডের মধ্যে ফেরিওয়ালা, শাক-শব্জি বিক্রি, ভিক্ষাবৃত্তি বা ভিক্ষুকের সহকারী, রিক্সা চালনা, হোটেলের কাজ, জুতা পালিশ ইত্যাদি উল্লেখযোগ্য।[১৫] এছাড়া দেশের অন্যান্য শহরেও শিশুরা নানাধরনের কাজে নিয়োজিত রয়েছে। এদেশের শিশুশ্রমিকদের শ্রম প্রদানের ক্ষেত্রগুলো শহর, গ্রাম বা কোন বিশেষ জাতিভেদে ভিন্নতা থাকলেও এ ক্ষেত্রগুলোকে অর্থনৈতিকভাবে মোটামুটি এক এবং অভিন্ন বলা যেতে পারে। এ দৃষ্টিকোণ থেকে

এদেশের শহর-পল্লী উভয় স্থানে শিশুরা যে-সব কর্মক্ষেত্রে শ্রম প্রদান করে থাকে, তাদের মধ্যে উল্লেখযোগ্য ক্ষেত্রগুলো হচ্ছে-

**১। হোটেল ও রেষ্টুরেন্ট**

এদেশের শহর ও পল্লী উভয় স্থানে অনেক শিশু হোটেল ও রেষ্টুরেন্টে বয়ের কাজ করে থাকে। এদের বেশির ভাগই জীবিকার অনুসন্ধানে অন্যান্য এলাকা থেকে স্থানান্তরিত হয়ে আসে। সারাদিন এসকল শিশুকে বিরামহীন পরিশ্রম করতে হয়। এখানে কাজ করে তারা সামান্য বেতন পায় এবং দু'বেলা খেতে পারে মাত্র। এ ধরনের শিশুশ্রমিকের হার গ্রামের তুলনায় শরাঞ্চলে বেশি পরিলক্ষিত হয়।

**২। দোকানে বিক্রেতা কিংবা বিক্রেতার সহকারী**

এদেশে শিশু শ্রমিকদের শ্রম প্রদানের অন্যতম ক্ষেত্র হচ্ছে বিভিন্ন প্রকার দোকানে বিক্রেতা বা বিক্রেতার সহকারী হিসেবে কাজ করা। গ্রাম ও শহরের প্রায় সকল স্থানেই শিশুদের এ জাতীয় শ্রম প্রদান দৃষ্টিগোচর হয়। এসব দোকানে শিশুদের প্রধান কাজ হচ্ছে পরিবহনে মালামাল উঠা-নামায় সাহায্য করা, মালপত্র ওজন করে দেয়া, দোকান ঝাড়ু দেয়া, কর্মচারীদের জন্য বাসা থেকে খাবার আনা ইত্যাদি। এ ধরনের কাজ শিশুরা মূলতঃ জীবিকার বিনিময়ে করলেও কোন কোন ক্ষেত্রে এদের সামান্য বেতনও দেয়া হয়।

**৩। ফেরীওয়ালা**

এদেশের প্রায় সর্বত্র অনেক শিশুকে পেপার, সিগারেট, পান, চা, আইসক্রীম, ফুল ইত্যাদি দ্রব্যসামগ্রী ফেরী করতে দেখা যায়। এভাবে তারা সারাদিন পরিশ্রমের মাধ্যমে সামান্য আয় করে থাকে।

**৪। গার্মেন্টস ও কারখানা**

এদেশের উল্লেখযোগ্য সংখ্যক শিশু গার্মেন্টস, নির্মাণ, ওয়ার্কশপ, মটর মেকানিক্সসহ বিভিন্ন প্রকার শিল্পে নিয়োজিত রয়েছে। এসব কাজ শিশুর জীবনের জন্যে ঝুঁকিপূর্ণ হলেও একটু বেশি উপার্জনের আশায় তারা এ ধরনের শ্রমক্ষেত্রকে বেছে নিয়ে থাকে। এজাতীয় কাজের দ্বারা শিশুর আয় বৃদ্ধি পেলেও কর্মপরিবেশ শিশুর সার্বিক বিকাশে প্রতিবন্ধকতা সৃষ্টি করে থাকে।

**৫। কৃষিক্ষেত্রে**

কৃষিই হচ্ছে এদেশের শিশুশ্রমিকদের শ্রম প্রদানের সবচেয়ে বড় ক্ষেত্র। চারা রোপণ ও জমি চাষ থেকে শুরু করে এরা কৃষিকাজের প্রতিটি স্তরে শ্রম প্রদান করে থাকে। এজাতীয় কাজে শিশুদের পারিশ্রমিকের পরিমাণ তুলনামূলকভাবে অনেক কম। এদেশে এমন অনেক শিশু রয়েছে যারা পারিবারিক প্রয়োজনে কৃষিকাজে নিযুক্ত হয়। এদের সংখ্যাও কম নয়।

**৬। মাছ ধরা ও প্রক্রিয়াজাতকরণ**

নদীমাতৃক বাংলাদেশে উল্লেখযোগ্য সংখ্যক মানুষ মৎস্য চাষ, মাছধরা, প্রক্রিয়াজাতকরণ, বিক্রি ইত্যাদি কাজের মাধ্যমে জীবিকা নির্বাহ করে থাকে। এ ধরনের বৃত্তি সর্বদা ঝুঁকিপূর্ণ ও কষ্টসাধ্য হয়ে থাকে। তাছাড়া একাধিক লোকবলের প্রয়োজন হওয়ায় এজাতীয় কাজে শিশুরা পরিবারের অন্যান্য সদস্যদেরকে সাহায্য করে থাকে। কোন কোন ক্ষেত্রে তারা নিজেরাই এ ধরনের বৃত্তির মাধ্যমে অর্থোপার্জন করে থাকে। এদেশের দক্ষিণ-পূর্ব ও দক্ষিণ-পশ্চিমাংশের অধিকাংশ চিংড়ি ঘেরগুলোতে শিশুদের এজাতীয় শ্রম প্রদান বেশি দৃষ্টিগোচর হয়। এ ধরনের কাজ শিশুর জীবনের জন্যে খুবই ঝুঁকিপূর্ণ হয়ে থাকে। তবুও তারা সামান্য আয়ের আশায় এ অমানুষিক শ্রম প্রদান করে থাকে।

**৭। গৃহভৃত্য হিসেবে কাজ**

এদেশের অধিকাংশ মধ্যবিত্ত ও উচ্চ-মধ্যবিত্ত পরিবারগুলোতে গৃহভৃত্য হিসেবে শিশুদের নিয়োগ করা হয়। এ কাজে ছেলেদের তুলনায় মেয়েদের এবং অপেক্ষাকৃত ছোট শিশুদের নিয়োগে প্রাধান্য দেয়া হয়। কারণ এদেরকে নিয়ন্ত্রণ করা অপেক্ষাকৃত সহজতর হয়। এখানে শিশুরা ঘর মোছা, মাছ তরকারী কাটা, ছোট-খাটো বাজার করা, থালাবাসন পরিষ্কার করাসহ নানা প্রকার কাজের সাথে জড়িত থাকে। কোন কোন ক্ষেত্রে এরা কাজের বিনিময়ে যৎসামান্য মজুরী পায়। তবে অধিকাংশ ক্ষেত্রে এরা পেটে-ভাতে কাজ করে থাকে। গ্রামের দরিদ্র পরিবারের এবং শহর এলাকার বস্তিবাসী শিশুরা এ ধরনের কাজে বেশি নিয়োজিত রয়েছে।

**৮। কুলির কাজ**

এদেশের অধিকাংশ দুঃস্থ, অসহায়, ছিন্নমূল ও পথশিশুদের শেষ আশ্রয়স্থল হচ্ছে ট্রেন ও বাস ষ্টেশন। এসব ষ্টেশনে এজাতীয় শিশুরা সাধারণত কুলি হিসেবে কাজ করে থাকে। এছাড়া বিভিন্ন মার্কেট, অফিস-আদালতেও এরা কুলি হিসেবে কাজ করে থাকে। এসব কাজে তাদের আয় তুলনামূলকভাবে একটু বেশি।

**৯। নির্মাণ সংশ্লিষ্ট কাজ**

বর্তমানে এদেশে উল্লেখযোগ্য সংখ্যক শিশু ইট ও পাথর ভাঙ্গার মত ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত রয়েছে। গ্রামের তুলনায় শহরের নির্মাণ শিল্পগুলোতে এজাতীয় শিশুশ্রমিকদের উপস্থিতি অধিক। এসব কাজ অপেক্ষাকৃত কষ্টসাধ্য হওয়ায় শিশুদের দৈহিক ও মানসিক বিকাশ বাধাগ্রস্ত হয়ে পড়ে এবং অনেক ক্ষেত্রে এরা নানা প্রকার দুর্ঘটনারও শিকার হয়।

**১০। খেয়া পারাপার**

এদেশের নদীবহুল এলাকায় বিশেষ করে যেখানে যোগাযোগ ব্যবস্থা অনুন্নত এবং যেখানে পর্যাপ্ত সংখ্যক ব্রীজ, কার্লভার্ট ইত্যাদি নেই, সেখানে অনেক শিশু নৌকা দিয়ে খেয়া পারাপারের কাজ করে থাকে। এই কাজ তাদের শরীরের জন্য অনেক সময় অসহনীয় হয়ে ওঠে। তবুও পারিবারিক অস্বচ্ছলতা এবং জীবিকার অন্বেষায় তারা এ ধরনের ঝুঁকিপূর্ণ ক্ষেত্রে কাজ করে থাকে।

**১১। রিকশা চালানো**

বর্তমানে এদেশের শহরগুলোতে অসংখ্য শিশু রিক্সাচালনায় নিয়োজিত রয়েছে। এসব শিশুদের অধিকাংশই নিম্নবিত্ত পরিবার বিশেষ করে চরম দরিদ্র, দুঃস্থ, অসহায় পরিবার থেকে আসে। এদেশের গ্রামীণ ও শহর সমষ্টিতে এমন অনেক শিশু শ্রমিক রয়েছে যারা বেকারত্বের কারণে কিংবা একটু বেশি উপার্জনের আশায় এজাতীয় শ্রমে নিয়োজিত হয়। এছাড়া এদেশের প্রায় প্রতিবছর বন্যা, ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, নদীভাঙ্গন, খরা ইত্যাদি প্রাকৃতিক দুর্যোগের কারণে অনেক পরিবার জীবিকার অন্বেষায় শহরমুখী হয়ে থাকে। এখানে কর্মসংস্থান সংকট থাকলেও রিক্সা চালনার কাজ পাওয়া অপেক্ষাকৃত সহজ হয়। ফলে শহর জীবনের কঠিন বাস্তবতায় এসব পরিবারের অন্যান্য সদস্যদের সাথে শিশুরাও রিক্সাচালনাকে বৃত্তি হিসাবে গ্রহণ করে থাকে। এ কাজে দৈনন্দিন আয় তুলনামূলকভাবে একটু বেশি হলেও কর্মশক্তির ব্যয় অনেক বেশি হয়। অপরিণত বয়সে এই কঠোর পরিশ্রম শিশুর স্বাভাবিক বৃদ্ধি ও বিকাশকে ব্যাহত করে থাকে।

**১২। বাস, ট্রাক ও টেম্পু হেলপার**

এদেশের অধিকাংশ বাস, ট্রাক ও টেম্পুতে হেলপার বা চালকের সহকারী হিসেবে শিশুদের উপস্থিতি লক্ষণীয়। এখানে তারা যাত্রীদের থেকে ভাড়া সংগ্রহ, গাড়ীতে মালামাল উঠানামা ইত্যাদি কাজে নিয়োজিত থাকে। সাধারণত কম পরিশ্রমে একটু বেশি আয় হওয়ার কারণে এ জাতীয় ক্ষেত্র তাদের কাছে সর্বদা আকর্ষণীয় হয়ে থাকে।

**১৩। মুচি ও জুতা পালিশের কাজ**

এদেশের প্রায় প্রতিটি শহরে রাস্তার পার্শ্বে কিংবা অফিস-আদালতের সামনে শিশুদের এ ধরনের কাজে নিয়োজিত থাকতে দেখা যায়। তারা কখনো কখনো রাস্তায় ঘুরে এ কাজ করে থাকে। পারিবারিক পেশা হিসেবেও অনেক শিশু এ ধরনের কাজে নিয়োজিত থাকে।

**১৪। ভিক্ষুক ও ভিক্ষুকের সহকারী**

বর্তমানে দরিদ্র, দুঃস্থ, এতিম, অসহায়, পথশিশুদের কাছে জীবিকা অর্জনের আকর্ষণীয় বৃত্তি হচ্ছে ভিক্ষা করা বা ভিক্ষুকের সহকারী হিসেবে কাজ করা। এদেশের অধিকাংশ হাটে-বাজারে, রাস্তায়, অফিস-আদালতের সামনে কিংবা মাজারে অসংখ্য শিশুকে ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত থাকতে দেখা যায়। এদের সংখ্যা গ্রামের তুলনায় শহরাঞ্চলে বেশি। এরা কখনো ছলনা করে কিংবা হাতে পায়ে ধরে সাহায্য কামনা করে থাকে। আবার কখনো এরা বয়স্ক ভিক্ষুকের সহকারী হিসেবে কাজ করে থাকে। অপেক্ষাকৃত কম পরিশ্রমে অধিক রোজগার হওয়ায় বর্তমানে এ বৃত্তিতে শিশুদের উপস্থিতি বেড়ে চলেছে। এ ধরনের কাজ শিশুদের স্থায়ীভাবে পরনির্ভরশীল ও নৈতিকভাবে দুর্বল করে দেয়। তবুও জীবন ধারণের প্রয়োজনে শিশুরা এই ধরনের অসম্মানজনক কাজে নিয়োজিত থাকে।

**১৫। শিশু পতিতাবৃত্তি**

বর্তমান বিশ্বে মানবজাতির জন্য অন্যতম মারাত্মক হুমকি হচ্ছে শিশুপতিতাবৃত্তি। প্রায় সমগ্রবিশ্বে সমাজ নির্বিশেষে অগণিত শিশু এ বৃত্তিতে নিয়োজিত রয়েছে। বিশেষ করে

তৃতীয় বিশ্বের উন্নয়নশীল দেশগুলোতে এদের সংখ্যা অনেক বেশি। বাংলাদেশেও এদের সংখ্যা কম নয়। এদেশে এদের সঠিক অবস্থান ও পরিসংখ্যান নির্ণয় করা না গেলেও শহরের বিশেষ বিশেষ এলাকায় কিংবা হোটেলে এদের উপস্থিতি লক্ষ্য করা যায়। এরা বিশেষ করে পরিস্থিতির শিকার হয়ে কখনো বা বৃত্তি হিসেবে এ ধরনের সমাজ ধিকৃত কাজে নিয়োজিত হয়ে থাকে। এখানে তারা সামান্য আয় নিশ্চিত করতে পারলেও স্বাভাবিক সামাজিক জীবন থেকে বঞ্চিত থাকে। তদুপরি এরা পতিতাবৃত্তির ভয়াবহতা সম্পর্কে খুব বেশি সচেতন না থাকায় এইড্সের মতো মারাত্মক রোগে আক্রান্ত হয়ে অকালে মৃত্যুর কোলে ঢলে পড়ে।

উপর্যুক্ত ক্ষেত্রগুলো ছাড়াও এদেশের অনেক শিশু প্লাষ্টিক কারখানায়, ধানভাঙ্গার মিলে কিংবা টোকাই হিসেবে কাজ করে জীবিকা নির্বাহ করে থাকে। সর্বক্ষেত্রেই এরা অমানুষিক পরিশ্রম করে বেঁচে থাকার জন্য। শ্রম ব্যতীত তাদের জীবেন মৌলিক চাহিদা পরিপূরণের কোন বিকল্প অবলম্বন থাকে না। জীবিকার অন্বেষায় এরা কখনো কখনো সন্ত্রাসী, চাঁদাবাজ কিংবা অপরাধ জগতের সদস্য হিসেবে পরিচিতি লাভ করে থাকে। অপরিণত বয়সে এরূপ অস্বাভাবিক জীবন কোন শিশুর কাম্য না হলেও পরিবার ও দেশের প্রতিকূল আর্থ-সামাজিক অবস্থা তাদেরকে এ নিষ্ঠুর জীবনে আবদ্ধ রাখে।

**বাংলাদেশের আর্থ-সামাজিক অবস্থা**

বাংলাদেশ তৃতীয় বিশ্বের একটি উন্নয়নশীল দেশ। বিগত বছরগুলোতে এদেশের সামাজিক, অর্থনৈতিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক অবস্থা কিছুটা উন্নত হলেও সার্বিকভাবে প্রতিকূল বলা যায়। এসব প্রতিকূল অবস্থা কিভাবে শিশুশ্রম সৃষ্টিতে সহায়তা করছে তা আলোচনা করার আগে এদেশের আর্থ-সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক, প্রাকৃতিক অবস্থার বিভিন্ন দিক আলোচনা করা প্রয়োজন।

বাংলাদেশের বর্তমান ভূ-খণ্ডটি আয়তনের দিক দিয়ে পৃথিবীর তিন হাজার ভাগের একভাগ হলেও জনসংখ্যার বিচারে নবম বৃহত্তম দেশ। এদেশের মোট জনসংখ্যা ২০০১ সালের আদমশুমারী অনুযায়ী প্রায় ১২.৩১ মিলিয়ন।[১৬] এদেশের সমগ্র জনগোষ্ঠীর একটা বিরাট অংশ দারিদ্রের কারণে মৌলিক চাহিদা পূরণ করতে পারে না। জাতীয়ভাবে শতকরা ৪৪.৩০ জন তাদের প্রয়োজনীয় ক্যালরী গ্রহণ করতে পারে না। এদেশের দারিদ্র্য ক্রমহ্রাসমান হলেও প্রায় সকল পর্যায়ে দারিদ্র্যের উপস্থিতি ও এর বিস্তৃতি অনেক বেশি। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) পরিচালিত খানা, আয় ও ব্যয় নির্ধারণ জরিপ ২০০০ অনুযায়ী, ক্যালরী গ্রহণ পরিমাপে পল্লী জনগোষ্ঠীর প্রায় ৪২.৫ শতাংশ দারিদ্র্য সীমার নিচে এবং ১৮.৭ শতাংশ চরম দারিদ্র্য সীমার নিচে বসবাস করছে (সারণি-৭)।[১৭]

সারণি - ৭ : ক্যালরী গ্রহণ ভিত্তিক দারিদ্র্য ও চরম দারিদ্র্য

| দারিদ্র্যের ধরন | পর্যায় | ১৯৯১-৯২ | ১৯৯৫-৯৬ | ২০০০ |
|---|---|---|---|---|
| দারিদ্র্য | জাতীয় | ৪৭.৫ | ৪৭.৫ | ৪৪.৩ |
| | শহর | ৪৬.৭ | ৪৯.৫ | ৫২.৫ |
| | পল্লী | ৪৭.৭ | ৪৭.৭ | ৪২.৫ |
| চরম দারিদ্র্য | জাতীয় | ২৮ | ২৫.১ | ২০.০ |
| | শহর | ২৬.৩ | ২৭.৩ | ২৫.০ |
| | পল্লী | ২৮.৩ | ২৪.৬ | ১৮.৭ |

সূত্রঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) খানা, আয় ও ব্যয় নির্ধারণ সংক্রান্ত প্রাথমিক প্রতিবেদন, ২০০০

ক্যালরী গ্রহণ প্রক্রিয়া ছাড়াও মৌলিক চাহিদার খরচ প্রক্রিয়া ব্যবহার করে বাংলাদেশের দারিদ্র্য পরিমাপ করার প্রচেষ্টা চালনো হয়েছে। খানা, আয় ও ব্যয় নির্ধারণ জরিপ ২০০০ অনুযায়ী, এদেশে (জাতীয় পর্যায়ে) ৩৩.৭ শতাংশ জনগোষ্ঠী চরম দারিদ্র্য এবং ৪৯.৮ শতাংশ দারিদ্র অবস্থায় জীবনযাপন করছে। বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) এর প্রতিবেদন অনুযায়ী পল্লী অঞ্চলে শতকরা ৫০ ভাগের বেশি লোক দরিদ্র (৫১.৭%)। এর মধ্যে চরম দরিদ্র প্রায় ২২.৫ ভাগ (সারণি-৮)।[১৮]

সারণি - ৮ : বাংলাদেশে পল্লী অঞ্চলে দারিদ্র্য পরিবর্তন (%) ১৯৮৭-৯৪

| সূচক | ১৯৮৭ | ১৯৮৯-৯০ | ১৯৯৪ |
|---|---|---|---|
| চরম দারিদ্র্য | ২৫.৮ | ৩০.৭ | ২২.৫ |
| দারিদ্র্য | ৩১.৭ | ২৮.৬ | ২৯.২ |
| দারিদ্র্য ও চরম দারিদ্র্য | ৫৭.৫ | ৫৯.৩ | ৫১.৭ |
| দারিদ্র্য ব্যবধান (%) | ২৭.৭ | ২৪.৮ | ১৯.২ |

সূত্রঃ Dynamic of rural poverty in Bangladesh, April 1996, BIDS, Dhaka, p 61

প্রতিবেদন অনুযায়ী বাংলাদেশে পল্লী ও শহরাঞ্চলের ক্যালরী পরিমাপে দারিদ্র্য আগের তুলনায় হ্রাস পেলেও অধিকাংশ জনগণ তাদের জীবন ধারণের মৌলিক চাহিদাগুলো পূরণ করতে পারে না। তাছাড়া বাংলাদেশে পল্লী অঞ্চলে অসম ভূমি মালিকানা, শহর ও পল্লী অঞ্চলে আয়ের অসম বণ্টন, কর্মসংস্থানের অভাব এবং সার্বিক অর্থনৈতিক প্রবৃদ্ধির নিম্নহার এদেশের দারিদ্র্য পরিস্থিতিকে প্রতিনিয়ত প্রভাবিত করছে। ফলে পল্লী জনগণ দারিদ্র্যের প্রকোপ থেকে রক্ষা পাওয়ার জন্যে শহরমুখী হচ্ছে। বসবাসের প্রয়োজনে বস্তি গড়ে তুলছে এবং বাঁচার তাগিদে পরিবারের অন্যান্য সদস্যদের সাথে শিশুরাও শ্রমে নিয়োজিত হচ্ছে।

অসম ভূমি বন্টন ও মালিকানা এদেশের প্রচলিত ভূমিস্বত্ব (Land Tanure System) ব্যবস্থার একটি গুরুত্বপূর্ণ সমস্যা। প্রচলিত ভূমি সংস্কার আইনের (Law of land Reform) কঠোর প্রয়োগ না থাকায় এদেশের স্বল্প সংখ্যক স্বচ্ছল জনগোষ্ঠী অধিকাংশ ভূমির মালিকানা দখল করে রয়েছে। আবার দ্রুত জনসংখ্যা বৃদ্ধির ফলে মাথাপিছু জমির পরিমাণ হ্রাসের সাথে সাথে ভূমিহীনদের সংখ্যা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। ১৯৬০ সালের কৃষি শুমারী, ১৯৬৮ সালের কৃষি মাষ্টার সার্ভে, ১৯৭৪ সালে বিআইডিএস জরিপ, ১৯৭৬ সালে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পাইলট জরিপ এবং ১৯৭৭ সালে ইউএসএইড এর রিপোর্ট অনুযায়ী, বাংলাদেশের শতকরা ৬০ ভাগ লোক নিজস্ব জমিতে চাষাবাদ করে থাকে। ১৯৭৭ সালে এই হার শতকরা ৫৫.৬৪ ভাগে নেমে আসে। তাছাড়া ৪৪ শতাংশের বেশি মানুষ নিজের ও ভাড়া করা জমিতে চাষাবাদ করে থাকে। এদের মধ্যে অনেকেই আবার কার্যত ভূমিহীন। প্রকৃতপক্ষে বাংলাদেশের সময়ের ব্যবধানে ভূমিহীনদের সংখ্যা ক্রমশ বাড়ছে এবং কৃষকদের জমির পরিমাণ হ্রাস পাচ্ছে।[১৯] জমির শ্রেণী বিন্যাস হিসেবে পল্লী অঞ্চলে ০.০৫ একর পর্যন্ত জমি ছিলো ১৮.৭৭ শতাংশ পরিবারের এবং ০.৫০ একর পর্যন্ত জমি ছিলো ৫৫.২৩ শতাংশ পরিবারের। এর মধ্যে সর্বাধিক সংখ্যক পরিবারের জমি ছিলো ০.০৫ হতে ০.৫০ একর পর্যন্ত। বস্তুতঃ মুষ্টিমেয় লোকের হাতে এদেশের অধিকাংশ সম্পদ ও সম্পত্তি কুক্ষিগত থাকায় ধনী-দরিদ্রের ব্যবধান ধীরে ধীরে বাড়ছে (সারণি-৯)।

সারণি - ৯ : বাংলাদেশে পরিবার ভিত্তিক জমির মালিকানা (%)

| আয়তন অনুসারে ভূমিমালিকানা (একর) | জাতীয় | পল্লী | শহর |
|---|---|---|---|
| ভূমিহীন | ৯.৯৭ | ৬.৪৩ | ২৮.০২ |
| ০.০১-০.০৪ | ১৪.৫ | ১২.৩৪ | ২২.৭৮ |
| ০.০৫-০.৪৯ | ৩৫.১৯ | ৩৬.৪৬ | ২৮.৭১ |
| ০.৫-১.৪৯ | ১৯.০৩ | ২০.৮০ | ১০.০৪ |
| ১.৫০-২.৪৯ | ৮.৮৯ | ৯.৮৪ | ৪.০৪ |
| ২.৫০-৭.৪৯ | ১০.৮৮ | ১৯.৯৭ | ৫.৩৬ |
| ৭.৫০-অধিক | ১.৯৮ | ২.১৬ | ১.০৮ |

সূত্রঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, বিবিএস, খানা, ব্যয় নির্ধারণ জরিপ ১৯৯৫-৯৬

২০০০-২০০১ অর্থ বছরে বাংলাদেশে চলতি বাজার মূল্যে জিডিপি ছিলো ২৩৩২৫৫ কোটি টাকা। জন প্রতি জিডিপি প্রবৃদ্ধির হার ছিলো ৫.৯৪%। বাংলাদেশে জিডিপি ও জিএনপি ১৯৯৭ সাল থেকে ক্রমান্বয়ে কিছুটা বৃদ্ধি পেয়েছে। কিন্তু টাকার অবমূল্যায়নের কারণে ২০০১-০২ অর্থ বছরে তা কিছুটা হ্রাস পেয়েছে।[২০] উল্লেখ্য যে এদেশে জন প্রতি

জিডিপি প্রবৃদ্ধির হার বাড়লেও এর সুফল মুষ্টিমেয় স্বচ্ছল জনগোষ্ঠী ভোগ করছে। অথচ এদেশের বৃহৎ দরিদ্র জনগোষ্ঠী এর সুফল থেকে বঞ্চিত হচ্ছে (সারণি-১০)।

সারণি - ১০: বিগত কয়েক বছরের জন প্রতি জিডিপি, জিএন আই (চলতি বাজার মূল্যে)

| অর্থনৈতিক সূচক | ১৯৯৭-৯৮ | ১৯৯৮-৯৯ | ১৯৯৯-২০০০ | ২০০০-০১ | ২০০১-০২ |
|---|---|---|---|---|---|
| জিডিপি (কোটি) | ২০০১৭৭ | ২১৯৬১৭ | ২৩৭৯০৮৬ | ২৫৩২৫৫ | ২৭১১২৪ |
| জিএনআই (কোটি) | ২০৬৬৭৪ | ২২৭২৫০ | ২৪৫৭৯৯ | ২৬২৭৯০ | ২৮১২৯৩ |
| জনসংখ্যা (কোটি) | ১২.৬৫ | ১২.৮১ | ১২.৯৮ | ১২.৯০ | ১৩.১২ |
| জনপ্রতি জিডিপি (টাকা) | ১৫১২৪ | ১৭১৫০ | ১৮২৭০ | ১৯৫৯৫ | ২০৬৭৩ |
| জনপ্রতি জিএনআই (টাকা) | ১৬৩৩৮ | ১৭৭৪০ | ১৮৯৪৪ | ২০৩৩২ | ২১৪৪৮ |
| জনপ্রতি জিডিপি (মার্কিন ডলার) | ৩৪৮ | ৩৫৭ | ৩৬৩ | ৩৬৩ | ৩৬২ |
| জনপ্রতি জিএনআই (মার্কিন ডলার) | ৩৬৯ | ৩৬৯ | ৩৭৭ | ৩৮৭ | ৩৭৫ |

সূত্রঃ বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০০২, অর্থবিভাগ, অর্থমন্ত্রণালয়, ঢাকা

এদেশের জনগণের গড় মাথাপিছু আয় তাদের জীবন ধারণের জন্যে যথেষ্ট নয়। অন্যান্য দেশের তুলনায় তা নিতান্তই অপ্রতুল। প্রকৃতপক্ষে এদেশের মুষ্টিমেয় জনগোষ্ঠীর সমুদয় অর্থনৈতিক কর্মকাণ্ডের ফলে মোট জাতীয় আয় বৃদ্ধি পাচ্ছে। জাতীয় আয়ের এরূপ ক্রমবৃদ্ধির ফলে ধনিকশ্রেণী বা স্বচ্ছল জনগোষ্ঠীর গড় মাথাপিছু আয় উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেলেও অধিকাংশ দরিদ্র জনগোষ্ঠীর মাথাপিছু আয়ের তেমন কোন পরিবর্তন হচ্ছে না। ফলস্বরূপ দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থা কিছুটা উন্নত হলেও তারা দারিদ্র্যের দুষ্টচক্র (Vicious Circle of Poverty) থেকে বের হতে পারছে না (সারণি-১১)।

সারণি - ১১: বিভিন্ন দেশের মাথাপিছু গড় আয় (মার্কিন ডলার)

| দেশ | মাথাপিছু জিএনপি ৯৯ |
|---|---|
| বাংলাদেশ | ৩৭০ |
| ভারত | ৪৫০ |
| পাকিস্তান | ৪৭০ |
| শ্রীলংকা | ৮২০ |
| যুক্তরাষ্ট্র | ৩০৬০০০ |
| নরওয়ে | ৩২৮৮০ |

সূত্রঃ The State of World Children 2001, UNICEF, p 40

শিক্ষা হচ্ছে মানুষের মৌলিক অধিকার। উন্নত জীবনযাপনের প্রয়োজনে মানুষের মূল বিনিয়োগ। এই বিনিয়োগের মাধ্যমে মানুষ ভবিষ্যৎ জীবনে সচেতনতা ও স্বনির্ভরতা অর্জন করে থাকে। কিন্তু এদেশের শিক্ষার হার ও মান অন্যান্য উন্নত দেশের তুলনায় অনেক নিচে অবস্থান করছে। একারণে বর্তমানে শিক্ষার হার ও মান উন্নয়নের পাশাপাশি মানব সম্পদ উন্নয়নে শিক্ষার প্রতি অধিক গুরুত্ব দেয়া হচ্ছে। এ লক্ষ্য অর্জনে পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনায় (১৯৯৭-২০০২) শিক্ষা ও ধর্ম খাতে সর্বাধিক ১২৮৬৮১.৫ মিলিয়ন টাকা বরাদ্ধ দেয় হয়।[২১] শিক্ষার হার বৃদ্ধির জন্যে এদেশে বর্তমান প্রচলিত শিক্ষা ব্যবস্থাকে দুই ভাগে ভাগ করা হয়েছে। যথা : প্রাথমিক ও প্রাথমিকোত্তর। সরকার প্রাথমিক শিক্ষার উপর অধিক গুরুত্ব প্রদান করার ফলে বর্তমানে প্রাথমিক বিদ্যালয়ে শিশুদের প্রবেশগম্যতা বৃদ্ধি পেয়েছে। তবে দারিদ্র ও যথাযথ পূণর্বাসনের অভাবে শিশুদের বিদ্যালয় গমনাগমন নিয়মিত করা সম্ভব হচ্ছে না। অধিকাংশ শিশু প্রাথমিকোত্তর পর্যায়ে প্রবেশের আগেই ঝরে পড়ছে। আবার শিক্ষার্থী অপেক্ষা শিক্ষকের সংখ্যা অপ্রতুল হওয়ায় শ্রেণীকক্ষে উপযুক্ত পাঠদান সম্ভব হচ্ছে না। ফলে শিক্ষার হার বৃদ্ধি পেলেও শিক্ষার গুণগত মানের তেমন কোন উন্নতি হচ্ছে না (সারণি-১২)।

সারণি - ১২: বাংলাদেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীর সংখ্যা

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিঃ সংখ্যা | শিক্ষার্থীর সংখ্যা | নারীর সংখ্যা | পুরুষের সংখ্যা | শিক্ষকের সংখ্যা |
|---|---|---|---|---|---|
| বিশ্ববিদ্যালয় (সরঃ) | ১৩ | ৭০,১৪৫ | ১৬,৬৬০ | ৫৩,৪৮৫ | ৪,৩৯৩ (৯টির মধ্যে) |
| বিশ্ববিদ্যালয় (বেসরঃ) | ১৮ | ৯,৩৯১ | ২,০২৩ | ৭,৩৬৮ | ১,১২৫ |
| কলেজ (সরঃ) | ২৭২ | ৪,৭৮,৬৫০ | ১,৭৭,২৫৭ | ৩,০১,৩৯৩ | ১১,০১৮ |
| কলেজ (বেসরঃ) | ২,০১৬ | ১১,৪৩,৭৬২ | ৪,২৩,৩৭২ | ৭,২০,৩৯০ | ৪৬,২৭৮ |
| মাধ্যঃ বিদ্যাঃ (সরঃ) | ১৪,০৬৯ | ৬৬,৮০,০০০ | ৩০,৩৬,০০০ | ৩৬,৪৪,০০০ | ১,৬৯,৯৮৯ |
| মাদ্রাসা (সরঃ ও বেসরঃ) | ৭,০৯৬ | ২৯,৩৪,০০০ | ------------ | ------------ | ------------ |
| প্রাইমারী (সরঃ ও বেসরঃ) | ৬৫,৬১০ | ১,৯৬,১২,০০০ | ৯৩,৬৭,০০০ | ১,০২,৪৫,০০০ | ২,৭৮,৯৯২ |

সূত্র: Statistical Year Book Bangladesh 2000, Bureau of Statistics, Planning Division, Ministry of Planning

শিক্ষার সাথে কর্মসংস্থানের বিষয়টি অঙ্গাঙ্গি জড়িত। কেননা বর্তমান বিশ্বে এমন কতগুলো পেশা যেমন: শিক্ষকতা, চিকিৎসা, ওকালতি, প্রকৌশল ইত্যাদি রয়েছে, যেগুলো অনুশীলন করার জন্যে শিক্ষালদ্ধ জ্ঞান থাকা একান্ত প্রয়োজন। এমনিতেই এদেশে অপর্যাপ্ত কর্মসংস্থান সুযোগ-সুবিধার কারণে বেকারত্ব সংকট অনেক প্রকট। তদুপরি বৃত্তিমূলক শিক্ষা, কর্মমুখী শিক্ষা, কারিগরী শিক্ষা ইত্যাদি ক্ষেত্রে পিছিয়ে থাকার কারণে বেকার সমস্যা বিশেষ করে শিক্ষিত বেকার সমস্যা মোকাবেলা করা সম্ভব হচ্ছে না। আবার গ্রাম ও শহর-উভয় পর্যায়ে বিভিন্ন কর্মক্ষেত্রে আংশিক বেকারত্ব, মৌসুমী বেকারত্ব, ছদ্মবেকারত্ব ইত্যাদি বিরাজমান থাকায় এ সমস্যার তীব্রতা দিন দিন বৃদ্ধি পাচ্ছে (সারণি-১৩)। এ সমস্যার নেতিবাচক প্রভাবে সবচেয়ে ক্ষতিগ্রস্ত হচ্ছে এদেশের নিম্নবিত্ত ও নিম্নমধ্যবিত্ত পরিবারগুলো। গ্রাম পর্যায়ে এ জাতীয় পরিবারগুলোর প্রধান পেশা হচ্ছে কৃষি আর শহর পর্যায়ে ছোট-খাটো চাকুরী, দিনমজুর কিংবা রিক্সাচালনা। এধরনের কর্মসংস্থানের মাধ্যমে

দৈনিক আয়ের পরিমাণ খুব কম হওয়ায় এ আয় দিয়ে এ পরিবারগুলো জীবনধারণের মৌলিক চাহিদাগুলো ঠিকমত পূরণ করতে পারে না। একারণে এজাতীয় পরিবারগুলো অধিক উপার্জনের প্রত্যাশায় শিশুদেরকে শিক্ষার পরিবর্তে কর্মসংস্থানে নিয়োজিত রাখে। ফলে শিশুশ্রমের বিস্তৃতিও ক্রমশ বৃদ্ধি পাচ্ছে।

সারণি - ১৩: বিগত কয়েক বছরে বিভিন্ন পর্যায়ে বেকার শ্রমশক্তি (পুরুষ, মহিলা ও শিশু)

| জরিপ | লিঙ্গ | সিভিলিয়ান লেবার ফোর্স (মিলি) | | | | নন-সিভিলিয়ান লেবার ফোর্স (মিলিঃ) | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মোট | বেকার | গ্রাম | শহর | মোট | গৃহস্থালী | কর্মহীন | শিশু (০-৯) |
| ১৯৯০-৯১ | পুরুষ | ৩১.১ | ০.৬ | ০.৫ | ০.১ | ২৬.০ | ০.১ | ৭.৮ | ১৮.০ |
| | মহিলা | ২০.১ | ০.৪ | ০.৩ | ০.১ | ৩১.১ | ৯.৫ | ৪.৯ | ১৭.৫ |
| ১৯৯৫-৯৬ | পুরুষ | ৩৪.৭ | ০.৯ | ০.৬ | ০.৩ | ২৭.৫ | ০.১ | ৯.৫ | ১৭.৯ |
| | মহিলা | ২১.৩ | ০.৫ | ০.৪ | ০.১ | ৩৮.৪ | ১১.৯ | ৮.৯ | ১৭.৬ |
| ১৯৯৯-২০০০ | পুরুষ | ৩৭.৫ | ১.৪ | ০.৯ | ০.৫ | ২৯.০ | ০.২ | ৯.৯ | ১৮.৯ |
| | মহিলা | ২২.৮ | ০.৮ | ০.৭ | ০.১ | ৩৮.২ | ১২.৮ | ৮.৫ | ১৬.৯ |

সূত্রঃ Statistical Year Book Bangladesh 2000, P.54 এবং লেবার ফোর্স সার্ভে ১৯৯০-৯১, ১৯৯৫-৯৬, ১৯৯৫-৯৬, ১৯৯৯-২০০০

বাংলাদেশে মোট জনসংখ্যার অর্ধেক নারী হলেও দেশের অর্থনৈতিক কর্মকাণ্ডে নারী সমাজের অবদান সঠিকভাবে বিবেচনা করা হয় না। তবে আশার কথা এই যে, নারী ও পুরুষের মধ্যে অসমতা দূর করার লক্ষ্যে সরকারি পর্যায়ে বিভিন্ন ধরনের কর্মসূচি যেমন : সরকারি চাকুরীর ক্ষেত্রে মহিলাকোটা ব্যবস্থার প্রচলন, প্রাইমারী শিক্ষকতায় নারীদের অগ্রাধিকার প্রদান, ছাত্রী উপবৃত্তি, উচ্চ মাধ্যমিক পর্যন্ত নারী শিক্ষা অবৈতনিক করা ইত্যাদি কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করা হচ্ছে। পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় (১৯৯৭-০২) নারী উন্নয়নের ক্ষেত্রে বিশেষ গুরুত্ব দেয়া হয়েছে। অর্থনৈতিক উন্নয়ন কর্মকাণ্ডে মহিলাদের অংশগ্রহণ নিশ্চিত করার জন্যে শিশু ও মহিলা বিষয়ক মন্ত্রণালয় পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনা অনুযায়ী বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন করছে। এ কর্মসূচির মূল উদ্দেশ্যগুলো হচ্ছে দারিদ্র্য বিমোচন, কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, প্রাতিষ্ঠানিক সুবিধা প্রদান ও সচেতনতা সৃষ্টি করা ইত্যাদি। কিন্তু বাংলাদেশের আর্থ-সামাজিক অবস্থায় নারী উন্নয়ন গুরুত্বপূর্ণ বিষয় হলেও এদেশের নাজুক অর্থনৈতিক অবস্থা, দারিদ্র্য, বেকারত্ব, কঠোর ধর্মীয় অনুশাসন, কর্মসূচির স্বল্পতা, অর্থের স্বল্পতা, প্রশাসনিক অদক্ষতা ও দুর্নীতি, রাজনৈতিক অস্থিরতা, সুনির্দিষ্ট পরিকল্পনা ও কর্মসূচির অভাব ইত্যাদি কারণে নারী ও শিশু উন্নয়ন দ্রুততর করা সম্ভব হচ্ছে না।

শিশুরা হচ্ছে দেশ ও সমাজের ভবিষ্যৎ কর্ণধার। আজকের শিশু আগামী দিনের জাতিকে বলিষ্ঠ নেতৃত্বের মাধ্যমে উন্নয়ন ও সমৃদ্ধির দিকে এগিয়ে নেবে- এটাই প্রত্যাশা করা হয়। কিন্তু এদেশের শিশুসমাজের বর্তমান অবস্থা আগামী প্রজন্মের জন্যে মোটেই সুখকর নয়। এদেশে শিশু সম্পর্কিত সার্বিক তথ্য পর্যালোচনা করলে সে পূর্বাভাসই পরিস্ফুটিত হয়।

১৯৯১ সালের আদমশুমারীর রিপোর্ট অনুযায়ী, এদেশে মোট জনসংখ্যার ৪৫.১৫ শতাংশ হচ্ছে ১৫ বছরের নিচে অর্থাৎ শিশু। এদেশে প্রতি বছর প্রতিরোধযোগ্য রোগে ৫ বছরের কম বয়সী প্রায় ৮ লক্ষ ৭০ হাজার শিশু মারা যায়। এর মধ্যে শতকরা ৩০ ভাগ মারা যায় ডায়রিয়া বা ডায়রিয়া-জনিত রোগে। প্রায় শতকরা ৭০ জন শিশু পুষ্টিহীনতার শিকার। ভিটামিন এ-এর অভাবে প্রতিদিন ১০০ জন শিশু মারা যায়। আয়োডিনের অভাবে শতকরা ৩৮ জন শিশু বিভিন্ন রোগের আক্রমনের শিকার হয়। এদেশে ৬-১০ বছরের শতকরা ১৭ ভাগ শিশু আদৌ প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি হয় না এবং যারা ভর্তি হয় তাদের মধ্যে শতকরা ৪০ জন প্রাথমিক শিক্ষা শেষ করার আগেই স্কুল ছেড়ে যেতে বাধ্য হয়। এছাড়া শিশু সম্পর্কিত আরো অনেক পরিসংখ্যান রয়েছে যা আমাদের জন্যে সত্যই ভীতিকর। এ অবস্থার পরিপ্রেক্ষিতে এদেশের শিশুসমাজের উন্নয়নের জন্যে ১৯৯৪ সালের জাতীয় শিশুনীতি, ১৯৯০-১৯৯৫ সাল মেয়াদে জাতীয় কর্মপরিকল্পনা এবং নারীশিশু দশক ১৯৯১-২০০০-এর কর্মপরিকল্পনা অনুযায়ী পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনায় (১৯৯৭-২০০২) বিশেষ কর্মসূচি গ্রহণ করা হয় এবং এসব কর্মসূচি বাস্তবায়নের জন্যে নারী উন্নয়ন কর্মসূচির সাথে সম্পৃক্ত করে সর্বমোট ২৭৬০ মিলিয়ন টাকা বরাদ্দ করা হয়।[২২] বিশ্বের প্রত্যেকটি দেশে যেখানে নারী ও শিশু উন্নয়নকে অগ্রাধিকার দেয়া হয়, সেখানে আমাদের দেশে এক্ষেত্রে অপেক্ষাকৃত কম গুরুত্ব দেয়া হয়। তদুপরি কর্মসূচির স্বল্পতা, অপর্যাপ্ত অর্থ বরাদ্দ, প্রশাসনিক অদক্ষতা, দুর্নীতি ও অপচয়, অন্যান্য কর্মসূচির সাথে শিশু উন্নয়ন কর্মসূচির সম্পৃক্ততা, সুনির্দিষ্ট নীতি ও পরিকল্পনার অভাব ইত্যাদি কারণে শিশু উন্নয়নকে দ্রুত এগিয়ে নেয়া সম্ভব হচ্ছে না।

স্বাস্থ্যসেবা মানুষের একটি মৌলিক অধিকার। কিন্তু এদেশের স্বাস্থ্যসেবার অবস্থা ও মান বেশ নাজুক। ১৯৯৬ সাল পর্যন্ত এদেশের শতকরা ৪০ ভাগ লোকের স্বাস্থ্য সেবায় প্রবেশগম্যতা ছিলো না।[২৩] আবার স্বাস্থ্যখাতে জনসংখ্যা প্রতি হাসপাতাল, ডাক্তার, নার্স শয্যা সংখ্যার স্বল্পতার কারণে উন্নত স্বাস্থ্যসেবা নিশ্চিত করা সম্ভব হচ্ছে না। বর্তমানে এদেশের শিশু মৃত্যুহার (প্রতি হাজারে ৭৭ জন) হ্রাস এবং গড় আয়ুষ্কাল (বর্তমানে প্রায় ৬০ বছর) বৃদ্ধি পেলেও অন্যান্য উন্নত দেশের তুলনায় তা সন্তোষজনক নয়।[২৪] আবার স্বাস্থ্যসেবার আয়তন কিছুটা সম্প্রসারিত হলেও হাসপাতালের শয্যা এবং ডাক্তার প্রতি জনসংখ্যা এখনো অনেক বেশি। অর্থাৎ বলা যেতে পারে, এদেশে স্বাস্থ্যসেবার মান এখনো সন্তোষজনক অবস্থায় পৌঁছতে পারেনি। ফলে সবার জন্যে উন্নত স্বাস্থ্যসেবা নিশ্চিত করা সম্ভব হচ্ছে না (সারণি-১৪)।

সারণি - ১৪ : বাংলাদেশে আর্থ-সামাজিক প্রেক্ষাপটে স্বাস্থ্য ও সামাজিক সেবা

| সূচক | সংখ্যা |
|---|---|
| সরকারি হাসপাতাল শয্যাপ্রতি জনসংখ্যা (২০০১) | ৪০৩৬ জন |
| রেজিষ্টার্ড ডাক্তার প্রতি জনসংখ্যা (২০০০) | ৩৯৭৭ জন |
| প্রথম বিবাহে মহিলাদেও গড় বয়স (২০০০) | ২০.৬০ বছর |
| সুপেয় পানি গ্রহণকারী | ৪০.৩০ জন |
| বয়ষ্ক শিক্ষার হার (১৫+) ২০০১ (%) | ৬৫% |

সূত্রঃ বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০০২, অর্থবিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা

একটি দেশের প্রশাসনিক, সমাজকল্যাণ ও উন্নয়ন কার্যক্রম পরিচালনার জন্যে পর্যাপ্ত অর্থ বরাদ্দ একান্ত প্রয়োজন। বিশ্বের প্রায় প্রতিটি দেশে রাজস্ব খাত থেকে পর্যাপ্ত আর্থিক বরাদ্দের মাধ্যমে সার্বিক উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করা হয়। বাংলাদেশ সরকার অন্যান্য সেবা খাতের পাশাপাশি জনকল্যাণমূলক কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নে প্রয়োজনীয় অর্থ রাজস্ব খাত থেকে ব্যয় করে থাকে। যদিও এ জাতীয় খাতে অর্থ বরাদ্দ ক্রমান্বয়ে কিছুটা বৃদ্ধি পাচ্ছে তবুও তা দেশের জনকল্যাণে প্রয়োজন ও চাহিদার তুলনায় খুবই অপর্যাপ্ত (সারণি-১৫)। ফলে সরকারকে নির্ভর করতে হয় বেসরকারি সংস্থা ও বৈদেশিক সাহায্যের উপর যা অনেকাংশে দেশের জন্যে নেতিবাচক প্রভাব বয়ে আনছে। প্রকৃতপক্ষে বেসরকারি সংস্থাসমূহের জনকল্যাণ কার্যাবলীর উদ্দেশ্য প্রায়শই মুনাফা-নির্ভর হলেও এসব সংস্থার কার্যক্রম কিছুটা হলেও জনকল্যাণে অবদান রাখতে সক্ষম হচ্ছে।

সারণি - ১৫ : বাংলাদেশে সামাজিক খাতে রাজস্ব বরাদ্দ (কোটি টাকায়)

| বিষয় | ১৯৯১-৯২ | ১৯৯৪-৯৫ | ১৯৯৯-২০০০ | ২০০১-২০০১ |
|---|---|---|---|---|
| শিক্ষা ও ধর্ম | ১৩৯৩ | ২০২৩ | ৩২৭৯ | ৩৬৬০ |
| স্বাস্থ্য ও জনসংখ্যা | ৪৩১ | ৬৮৫ | ৯৭২ | ১২৫২ |
| যুব, ক্রীড়া ও সংস্কৃতি | ২৩ | ৩৮ | ৭৩ | ৬২ |
| শ্রম ও জনশক্তি | ১৫ | ২১ | ৩১ | ৩৫ |
| সমাজসেবা ও মহিলা কল্যাণ | ৫১ | ৭৩ | ১৭৭ | ২২২ |

সূত্রঃ বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০০২, অর্থবিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা, পৃষ্ঠা-২৭

আয়তন ও সম্পদের তুলনায় বাংলাদেশের বর্তমান জনসংখ্যা ও এর বৃদ্ধির হার কাম্যস্তরের অনেক উপরে অবস্থান করছে। দেশের ক্রমবর্ধমান জনসংখ্যা সমস্যার কারণে সরকারকে উন্নয়নমূলক কর্মসূচি পরিচালনায় রীতিমত হিমশিম খেতে হয়। এদেশে প্রতিবছর যে পরিমাণ মোট জাতীয় আয় উপার্জিত হয় তা দেশের ব্যয় অপেক্ষা অনেক কম থাকায় অধিকাংশ সময় সরকারকে ঋণের বোঝা মাথায় নিয়ে কাজ করতে হয়। ফলে দেশের আর্থ-সামাজিক উন্নয়নের স্বাভাবিক গতি বারবার হোঁচট খাচ্ছে (সারণি-১৬)।

সারণি - ১৬ : সরকারি আয়/ব্যয় ২০০১ (জিডিপির শতকরা হার)

| সূচক | শতকরা হার (%) |
|---|---|
| মোট ব্যয় | ১৪.২ |
| মোট আয় | ৯.৮ |
| সার্বিক ঘাটতি (বৈদেশিক অনুদান ব্যতীত) | ৪.৪ |

সূত্রঃ বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০০২, অর্থবিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা

ভৌগোলিক অবস্থানগত দিক থেকে বাংলাদেশের অবস্থা প্রাকৃতিক দুর্যোগ কবলিত। প্রায় প্রতি বছর বন্যা, ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, অতিবৃষ্টি, অনাবৃষ্টির মতো কোন না কোন প্রাকৃতিক দুর্যোগের কারণে এদেশে জান-মালের ব্যাপক ক্ষতি হচ্ছে। বিশেষ করে বন্যা ও ঘূর্ণিঝড়ের কারণে এদেশের লক্ষ লক্ষ পরিবার সহায় সম্বলহীন হয়ে পড়ছে। এর ফলে অনেক একক পরিবার উপার্জনক্ষম ব্যক্তিদের হারিয়ে নেতৃত্বহীন, দুর্বল ও নিঃস্ব হয়ে যাচ্ছে। আবার বৈষয়িক, অবৈষয়িক সম্পদের ব্যাপক ক্ষতির কারণে দেশের চলমান অর্থনীতিতে একটা গভীর সংকটের সৃষ্টি হচ্ছে। ফলশ্রুতিতে একদিকে দেশের রাজস্ব ঘাটতি ক্রমশ বেড়ে চলেছে। অপর দিকে জনগণ বাঁচার প্রয়োজনে শ্রমমুখী হচ্ছে। প্রাকৃতিক দুর্যোগের কবলে পড়ে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছে এদেশে শিশুরা। পরিবারের উপার্জনক্ষম ব্যক্তির মৃত্যু বা পঙ্গুত্ব এবং সহায়-সম্পদের ব্যাপক ক্ষতির কারণে শিশুদের স্বাভাবিক শিক্ষা জীবন ব্যাহত হচ্ছে। অনেক শিশু স্বচ্ছল জীবনের প্রত্যাশায় শিক্ষা প্রতিষ্ঠানে বিদ্যার্জনের পরিবর্তে বিভিন্ন প্রকার শ্রমে নিয়োজিত হচ্ছে। উপরন্তু অনেক শিশু প্রাকৃতিক দুর্যোগের নির্মম শিকার হয়ে তাদের পিতামাতা, পরিবার পরিজনকে হারিয়ে নিজেদেরকে দুঃস্থ, এতিম, অসহায় কিংবা পথশিশু হিসেবে নাম লিপিবদ্ধ করছে।

বাংলাদেশ দক্ষিণ এশিয়ার একটি নবীনতম রাষ্ট্র। একদলীয় আধিপত্য থেকে একদলীয় শাসন, সামরিক শাসন থেকে বর্তমানে দেশে গণতান্ত্রিক ক্রান্তিকাল বিরাজ করছে। স্বাধীনতার পর থেকে এদেশের রাজনীতিতে বিভিন্ন প্রকার অস্থিরতা বিরাজ করছে। স্বাধীনতার পর বত্রিশ বছর অতিক্রান্ত হলেও এখনো পর্যন্ত এদেশে সুস্থ রাজনৈতিক সংস্কৃতি গড়ে উঠেনি। প্রায় প্রতিবছর কোন না কোন কারণে রাজনৈতিক বিশৃঙ্খলা সৃষ্টি হয়। বিগত বছরগুলোতে এদেশের আর্থ-সামাজিক অবস্থা কিছুটা উন্নত হলেও রাজনৈতিক

অস্থিরতার কারণে সার্বিকভাবে খুন, রাহাজানি, দুর্নীতি, ছিনতাই ইত্যাদি সামাজিক অপরাধ ক্রমান্বয়ে বাড়ছে। আবার রাজনৈতিক সহিংসতার ফলে অনেক পরিবার তাদের উপার্জনক্ষম ব্যক্তিদের হারিয়ে সহায়-সম্বলহীনও হয়ে পড়ছে। এতে করে অনেক শিশু তাদের পিতা-মাতাকে হারিয়ে এতিম ও অসহায় হয়ে যাচ্ছে। এদেশের জাতীয় পরিকল্পনায় শিশুদের যথাযথ বিকাশের অধিকারের কথা ব্যক্ত করা হলেও নানাবিধ কারণে তা বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না। বিশেষ করে রাজনৈতিক দ্বন্দ্বের কারণে এক সরকারের গৃহীত পরিকল্পনা অন্য সরকার বিলুপ্ত করে দিচ্ছে। ফলে দেশের আর্থ-সামাজিক উন্নয়ন কিছুটা নিশ্চিত করা গেলেও তা আরো দ্রুততর করা সম্ভব হচ্ছে না।

রাজনৈতিক অস্থিরতার পাশাপাশি এদেশে সুস্থ সাংস্কৃতিক অনুশীলনের যথেষ্ট অভাব রয়েছে। এদেশের বিভিন্ন স্তরে স্বল্প পরিসরে সাংস্কৃতিক কর্মকাণ্ড অনুশীলন করা হলেও প্রতিশ্রুতিশীল ভবিষ্যত জাতি গঠনে শিশুদের জন্যে ব্যাপক আকারে সাংস্কৃতিক বিকাশের অধিকার সুনিশ্চিত করা সম্ভব হচ্ছে না। এদেশের প্রত্যেকটি থানা পর্যায়ে একটি করে শিশু পার্ক তৈরির পরিকল্পনা গৃহীত হলেও দীর্ঘদিন যাবৎ তা অবাস্তবায়িত অবস্থায় রয়েছে। তাছাড়া যে সকল শিশুপার্ক ও চিত্তবিনোদন কেন্দ্র স্থাপন করা হয়েছে সেখানে সকল শিশুর প্রবেশাধিকার সুনিশ্চিত নয়। কেবলমাত্র স্বচ্ছল পরিবারের শিশুরা ঐ সকল পার্ক ও চিত্তবিনোদন কেন্দ্রে প্রবেশের সামর্থ্য রাখে। এদেশে প্রতি বছর বিশ্বশিশু দিবসে দরিদ্র, দুঃস্থ, অসহায়, সুবিধাবঞ্চিত, ছিন্নমূল ও পথশিশুদের নিয়ে সামান্য আলোচনা করা হয়। বাস্তবিক অর্থে তা কেবল একটি র‍্যালি আয়োজন এবং একটি গেঞ্জি বিতরণের মধ্যে সীমাবদ্ধ থাকে। আবার এ সকল কর্মসূচিতে গুটিকয়েক শিশুর অংশগ্রহণ থাকে। ফলে সকল শিশুর কল্যাণ নিশ্চিত হয় না।

## বাংলাদেশে শিশুদের কল্যাণে সরকারি, বেসরকারি ও আন্তর্জাতিক উদ্যোগ

বাংলাদেশের প্রতিকূল আর্থ-সামাজিক, রাজনৈতিক, সাংস্কৃতিক ও ভৌগোলিক অবস্থা এদেশের দরিদ্র, দুঃস্থ, অসহায়, সুবিধাবঞ্চিত, ছিন্নমূল, ও পথশিশুদের জীবনকে ক্রমান্বয়ে জটিল থেকে জটিলতর করে তুলছে। এদেশের সকল শিশুর যথাযথ কল্যাণ ও উন্নয়নের কথা বিবেচনা করে সরকারি, বেসরকারি ও আন্তর্জাতিক উদ্যোগে বিভিন্ন সংস্থা নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এ জাতীয় শিশুদের সার্বিক কল্যাণ নিশ্চিত করে উন্নয়নের মূল স্রোতধারায় ফিরিয়ে আনার জন্যে বহুমুখী কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করছে। নিম্নে এ সকল কর্মসূচিকে তিনটি পর্যায়ে বিভক্ত করে আলোচনা করা হলো।

### সরকারি উদ্যোগ

বাংলাদেশে দুঃস্থ, অসহায় ও সুবিধা বঞ্চিত শিশুদের জন্যে সরকারিভাবে শিক্ষা ও পুনর্বাসনমূলক নানা কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এ সকল কর্মসূচিকে সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে ১৯৯২ সালে ৮টি মন্ত্রণালয়কে নিয়ে একটি আন্তঃমন্ত্রণালয় কমিটি গঠন করা হয়। এ কমিটিতে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায়, শিক্ষা, তথ্য, সমাজকল্যাণ, মহিলা ও শিশু বিষয়ক, যোগাযোগ ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয়কে

অন্তর্ভুক্ত করা হয়।[২৫] এ সকল মন্ত্রণালয়ের মধ্যে বর্তমানে স্বাস্থ্য ও শিক্ষা মন্ত্রণালয় এ ব্যাপারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছে। স্বাস্থ্য মন্ত্রণালয়ের অধীনে সকল শিশুকে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও টিকা প্রদান করার ব্যবস্থা গৃহীত হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে শিক্ষা থেকে ঝড়ে পড়া অসহায় শিশুদের জন্যে অপ্রাতিষ্ঠানিক শিক্ষা কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। এছাড়া দরিদ্র, কর্মজীবী, দুঃস্থ, অসহায় শিশুদের কর্মমুখী শিক্ষা প্রদানের জন্যে তাদের কর্মসংস্থানমূলক ক্রিয়াকলাপে সংগঠিত করা হচ্ছে।[২৬] পাশাপাশি জীবনমুখী শিক্ষার মাধ্যমে শিশুদেরকে আত্মনির্ভরশীল নাগরিক হিসেবে গড়ে তোলার প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে। এদেশের দুঃস্থ ও অসহায় শিশুদের শিক্ষা ও পুনর্বাসনে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদপ্তর কর্তৃক কতিপয় প্রাতিষ্ঠানিক সেবাকার্যক্রম গ্রহণ করা হয়েছে। পাশাপাশি সমাজসেবা অধিদপ্তর বহির্ভূত কিছু শিশুকল্যাণ কার্যক্রমও চালু হয়েছে। এ দৃষ্টিকোণ থেকে সরকারি শিশুকল্যাণ কার্যক্রমগুলোকে দুটি উপায়ে বিশ্লেষণ করা যায় যথা- সমাজসেবা অধিদপ্তর কর্তৃক পরিচালিত কার্যক্রম এবং সমাজসেবা অধিদপ্তর বহির্ভূত কার্যক্রম। এসব কার্যক্রমের মধ্যে সমাজসেবা অধিদপ্তরের কার্যক্রমগুলো এদেশের শিশুকল্যাণে গুরুত্বপূর্ণ হলেও এ জাতীয় কার্যক্রমগুলো প্রয়োজনের তুলনায় যথেষ্ট নয়। সমাজসেবা অধিদপ্তরের আওতায় পরিচালিত প্রধান প্রধান শিশুকল্যাণ কার্যক্রমগুলো হচ্ছে-

### ১) সরকারি শিশু পরিবার

১৯৪৩ সালে ৪টি এতিমখানা স্থাপনের মধ্য দিয়ে সর্বপ্রথম এতিম শিশুদের রক্ষণাবেক্ষণের উদ্যোগ গ্রহণ করা হয়। প্রাক-স্বাধীনতা ও স্বাধীনতা উত্তরকালে এদেশে সরকারি পর্যায়ে এতিমখানার সংখ্যা ছিলো ৭৮টি। স্বাধীনতা উত্তরকালে এসব এতিমখানাকে সরকারি শিশুসদন হিসেবে নামকরণ করা হয় এবং শিশুদেরকে পারিবারিক পরিবেশে লালন-পালনের উদ্দেশ্যে বিদেশী সংস্থা (এস ও এস) শিশুপল্লী'র আঙ্গিকে সরকারি শিশুসদনগুলোকে পুনর্গঠন করে শিশুপরিবার-এ রূপান্তর করা হয়। বর্তমানে সারা দেশে জেলা ও থান সদরে (২০শে জুলাই ১৯৯৯ তারিখ পর্যন্ত হিসাব অনুযায়ী) ৭৩টি সরকারি শিশু-পরিবার চালু হয়েছে। এসকল প্রতিষ্ঠানে প্রায় ৯৪০০ জন এতিম শিশুকে লালন-পালনের পাশাপাশি শিক্ষা ও পুনর্বাসনের ব্যবস্থা রয়েছে। এসকল প্রতিষ্ঠানে দুঃস্থ ও অসহায় শিশুদের দৈহিক ও মানসিক বিকাশে এবং তাদের সুনাগরিক হিসেবে গড়ে তোলার উদ্দেশ্যে আবাসিক সেবা প্রদান করা হয়। এ প্রতিষ্ঠানের শিক্ষা ও পুনর্বাসনমূলক কার্যক্রমগুলো হচ্ছে- আবাসন ও ভরণপোষণ, সাধারণ শিক্ষা (তৃতীয় শ্রেণী পর্যন্ত), ধর্মীয় শিক্ষা, বিনোদন ও চিকিৎসা সেবা, কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণ (দর্জি বিজ্ঞান, ফুড প্রসেসিং, ওয়েলডিং, কার্পেন্টারী, বৈদ্যুতিক কাজ ইত্যাদি) ও পুনর্বাসন ইত্যাদি। এ প্রতিষ্ঠানের মাধ্যমে এ পর্যন্ত ২৯৪০২ জন এতিম পুনর্বাসন করা হয়েছে।[২৭]

### ২) ছোটমণি নিবাস (বেবী হোম)

শিশু পরিবার ব্যতীত পরিত্যক্ত, অবহেলিত ও অসহায় শিশুদের রক্ষণাবেক্ষণ ও পরিচর্যার জন্যে আরেকটি উল্লেখযোগ্য কার্যক্রম হচ্ছে ছোটমণি নিবাস। বর্তমানে এদেশে ৩টি

ছোটমণি নিবাস রয়েছে যার আসন সংখ্যা ২২৫টি। এ প্রতিষ্ঠানগুলোর বর্তমান নিবাসীর সংখ্যা ১০৭ জন।[২৮] এখানে হাসপাতাল, পুলিশ ও অন্যান্য স্থান থেকে পিতৃমাতৃহীন বা পরিচয়বিহীন শিশুদের গ্রহণ করা হয় এবং ভর্তির মাধ্যমে ৫ বছর বয়স পর্যন্ত মাতৃস্নেহে লালন-পালন করা সহ চিকিৎসা, রক্ষণাবেক্ষণ, খেলাধূলা ও শিক্ষা প্রদান করা হয়।

### ৩) শিক্ষা ও পুনর্বাসন কেন্দ্র

দুঃস্থ ও ভবঘুরে শিশু-কিশোর যাদের বয়স ৫-১৮ বছর তাদের লালনপালন, রক্ষণাবেক্ষণ, শিক্ষা, প্রশিক্ষণ ও পুনর্বাসনের জন্যে ১৯৮১ সালে গাজীপুর জেলায় এ কেন্দ্রটি স্থাপন করা হয়। এর বর্তমান আসন সংখ্যা হচ্ছে ৪০০টি। এখানে শিশুদের সাধারণ ও ধর্মীয় শিক্ষার পাশাপাশি বিভিন্ন ট্রেড-এ যেমন-চামড়ার কাজ, দর্জি বিজ্ঞান, মোটরগাড়ী চালানো ও মেরামত, টিনের জিনিসপত্র তৈরি ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সমাজে পুনর্বাসন করা হয়। এ যাবৎ ৮৮৬ জন শিশুকে এ কর্মসূচির আওতায় পুনর্বাসন করা হয়েছে।[২৯] এছাড়া শিশুদের দৈহিক ও মানসিক উৎকর্ষতা সাধনে মানসিক গুণাবলী ও সুপ্ত প্রতিভার বিকাশে বহুমুখী কার্যক্রম পরিচালনায় এ কেন্দ্রটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে।

### ৪) ভবঘুরে প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র

এদেশের সুষম আর্থ-সামাজিক উন্নয়নের কথা বিবেচনা করে অসহায়, ভবঘুরে শিশু ও বয়স্ক ব্যক্তিদের ভরণপোষণ, রক্ষণাবেক্ষণ, সাধারণ শিক্ষা এবং বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে তাদেরকে কর্মক্ষম ও উৎপাদনশীল নাগরিক হিসেবে সমাজে পুনর্বাসিত করার লক্ষ্যে ১৯৪৯ সালে কুমিল্লা জেলার চাঁদপুরে সর্বপ্রথম ভবঘুরে কেন্দ্র স্থাপন করা হয়। বর্তমানে এদেশে এ জাতীয় ভবঘুরে কেন্দ্রের সংখ্যা ৩টি। এসব কেন্দ্রের মাধ্যমে বহুমুখী কার্যক্রম পরিচালনা করা হলেও দেশের আর্থ-সামাজিক এদের মোট অনুমোদিত আসন সংখ্যা খুবই সীমিত।

### ৫) বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র

এতিমখানার বয়স্ক কিশোরদের বিভিন্ন বিষয়ে কারিগরী ও বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে বর্তমানে সারাদেশে ৫টি বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র রয়েছে। এতিমদের আত্মনির্ভরশীল করে সমাজে পুনর্বাসন করার উদ্দেশ্যে এসব প্রশিক্ষণ দেয়া হয়। এছাড়া সমাজসেবা অধিদপ্তরের আওতায় ১৯92-৯৩ সালের উন্নয়ন পরিকল্পনায় শিশুকল্যাণে গৃহীত পদক্ষেপগুলো হচ্ছে- এতিম শিশুদের শিক্ষা ও রক্ষণাবেক্ষণের জন্যে কমিউনিটি ভিত্তিক প্রকল্প গ্রহণ, এতিম শিশুদের জন্যে শিশু পরিবার (বগুড়া) স্থাপন, রাস্তায় বসবাসকারী দুর্দশাগ্রস্ত শিশুদের জন্যে কল্যাণ ও পুনর্বাসন প্রকল্প গ্রহণ, এতিম ও দুঃস্থ শিশুদের জন্যে বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র (জিয়ানগর, রাংগুনিয়া) স্থাপন করা ইত্যাদি।[৩০]

এদেশের শিশুদের উন্নয়ন ও বিকাশে রাষ্ট্রীয় উদ্যোগ এখনো ব্যাপক বিস্তৃতি লাভ করেনি। এক্ষেত্রে আমাদের অবস্থান পৃথিবীর উন্নত দেশের তুলনায় একেবারেই সীমিত। এদেশের প্রচলিত শিশুকল্যাণ কার্যক্রমগুলো কোন সুনির্দিষ্ট নীতিমালার ভিত্তিতে পরিচালিত হয় না

বরং বিচ্ছিন্ন কিছু কর্মসূচির মাধ্যমে এসব কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। এখানে দরিদ্র, এতিম, দুঃস্থ, অসহায় ও সুবিধাবঞ্চিত শিশুদের কর্মমুখী ও আত্মনির্ভরশীল নাগরিক হিসাবে গড়ে তোলার জন্যে সরকারিভাবে কিছু সুনির্দিষ্ট কার্যক্রম গ্রহণ করা হলেও এদেশে যে পরিমাণ দুঃস্থ ও অসহায় শিশু রয়েছে তার তুলনায় এসকল কার্যক্রম একেবারেই সীমিত এবং এগুলো শহরকেন্দ্রিক। যেখানে মোট জনসংখ্যার ৮০ ভাগ পল্লী এলাকায় বসবাস করে, যেখানে শিশুরা অর্থনৈতিক, সামাজিক, মনস্তাত্ত্বিক ও স্বাস্থ্যগত দিক থেকে মারাত্মকভাবে সমস্যাগ্রস্ত, সেখানে শিশুকল্যাণ কার্যক্রমকে গ্রাম পর্যায়ে সম্প্রসারিত করা সম্ভব হচ্ছে না। শিশুকল্যাণে যে সকল কার্যক্রম গ্রহণ করা হয়েছে তা আবার আর্থিক সংকটে যথাযথভাবে বাস্তবায়ন করাও যাচ্ছে না। অর্থাৎ সমাজকল্যাণ খাতে সরকারের স্বল্প বরাদ্দ, বরাদ্দকৃত অর্থপ্রাপ্তিতে বিলম্ব, প্রশাসনিক জটিলতা, দুর্নীতি ইত্যাদি কারণে দুঃস্থ শিশুদের গৃহীত কার্যক্রমের যথাযথ বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না।

### বেসরকারি উদ্‌যোগ

বাংলাদেশের প্রতিকূল আর্থ-সামাজিক, রাজনৈতিক ও ভৌগোলিক অবস্থার কারণে দরিদ্র, দুঃস্থ, অসহায়, ছিন্নমূল সুবিধাবঞ্চিত ও পথশিশুদের ব্যাপকহারে শিশুশ্রমে নিয়োজিত হওয়াটা কোন সভ্য সমাজের ভবিষ্যৎ প্রজন্মের জন্য সুখকর নয়।এ সত্যটি উপলব্ধি করে এদেশের শিশুসমাজের কল্যাণে সরকারি পর্যায়ে অল্প-বিস্তর কার্যক্রম গ্রহণের পাশাপাশি বর্তমানে বেসরকারি সংস্থাগুলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণে উৎসাহ প্রদান করা হচ্ছে। সরকারের এ আহবানে সাড়া দিয়ে এদেশে ৬টি বিভাগে ৪১৮টিরও অধিক বেসরকারি সংস্থা গ্রাম ও শহর এলাকায় অপেক্ষাকৃত দুর্দশাগ্রস্ত শিশুদের জন্যে নানামুখী শিক্ষা, স্বাস্থ্য পুনর্বাসনমূলক কার্যক্রম গ্রহণ করেছে। এ সংস্থাগুলোর এ জাতীয় কার্যক্রমের প্রধান লক্ষ্য হচ্ছে এদেশের আর্থ-সামাজিকভাবে দুর্দশাগ্রস্ত শিশুদেরকে শিক্ষা ও বৃত্তিমূলক প্রশিক্ষণের মাধ্যমে আর্থ-সামাজিক জীবন সম্পর্কে সচেতনতা আনয়নপূর্বক তাদেরকে ভবিষ্যৎ জীবনে যোগ্য, দক্ষ ও আত্মনির্ভরশীল করে গড়ে তোলা এবং শ্রম প্রদানে নিরুৎসাহিত করা। এ লক্ষ্যে বেসরকারি সংস্থাগুলোর সারাদেশে ১,২১,১৫৩টিরও বেশি শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে প্রায় ৪ লক্ষ শিশুকে বিভিন্ন পর্যায়ে অনানুষ্ঠানিক শিক্ষা প্রদানের কাজে নিয়োজিত রয়েছে।[৩১] এ সকল প্রতিষ্ঠানে অংশগ্রহণকারী শিশুদের মধ্যে ছেলেদের তুলনায় মেয়েদের শিক্ষা গ্রহণের হার কিছুটা বেশি। গ্রাম এলাকায় তুলনামূলক কম সংখ্যক শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে শিশুদের শিক্ষা দেয়া হচ্ছে। আবার গ্রাম পর্যায়ে তুলনামূলকভাবে কম সংখ্যক শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে এ জাতীয় কার্যক্রম পরিচালনা করা হলেও ছাত্র-ছাত্রীর সংখ্যা শহরের তুলনায় বেশি (সারণি-১৭)।

সারণি - ১৭ : বাংলাদেশের বেসরকারি সংস্থাসমূহের অনানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম (গ্রাম ও শহর পর্যায়ে)

| পর্যায় | স্থান | এনজিও সংখ্যা | শিক্ষা কেন্দ্র | Enrollment | | মোট |
|---|---|---|---|---|---|---|
| | | | | ছেলে | মেয়ে | |
| জাতীয় পর্যায় | মোট | ৪১৮ | ১২১১৩৫ | ১৬৩৫৩২২ | ১৯৯৮৭২৮ | ৩৬৩৪০৫০ |
| | গ্রাম | ৯৮ | ১১৪৩৭০ | ১৫৪৩৯৯৫ | ১৮৮৭১০৫ | ৩৪৩১১০০ |
| | শহর | ৩২০ | ৬৭৬৫ | ৯১৩২৭ | ১১১৬২৩ | ২০২৯৫০ |
| ঢাকা | গ্রাম ও শহর | ২৩৮ | ৪১০৬১ | ৫৩৩৮৩৭ | ৬৭৩৯১৩ | ১২৩০৭৫০ |
| চট্টগ্রাম | গ্রাম ও শহর | ৪১ | ২৪৬০০ | ৩৩২১০০ | ৪০৫৯০০ | ৭৩৮০০০ |
| রাজশাহী | গ্রাম ও শহর | ৫৯ | ২৮৮৪০ | ৩৮৯৩৩৯ | ৪৭৫৮৬৯ | ৮৬৫২০০ |
| খুলনা | গ্রাম ও শহর | ৬০ | ১৫৩০০ | ২০৬৫৫০ | ২৫২৪৫০ | ৪৫৯০০০ |
| বরিশাল | গ্রাম ও শহর | ১৩ | ৪৪২৫ | ৫৯৭৩৮ | ৭৩০১২ | ১৩২৭৫০ |
| সিলেট | গ্রাম ও শহর | ৭ | ৬৯৪৫ | ৯৩৭৫৮ | ১১৪৫৯২ | ২০৮৩৫০ |

Source : The year 2000, Assessment Report, Primary Mass Education Centre, Dhaka, p 57

উপর্যুক্ত সংস্থাগুলো ছাড়াও এদেশে শিশুদের কল্যাণে গ্রাম ও শহর উভয় পর্যায়ে অনেক বেসরকারি ও স্বেচ্ছাসেবী সংস্থা নিয়োজিত রয়েছে। এসব সংস্থার মধ্যে প্রধান কয়েকটি সংস্থা ও তাদের পদক্ষেপগুলো হচ্ছে-

## ১) বাংলাদেশ শিশুকল্যাণ পরিষদ

বাংলাদেশ শিশুকল্যাণ পরিষদ শিশুদের সামগ্রিক কল্যাণ সাধনের জন্যে গঠিত একটি সমন্বয়ধর্মী বেসরকারি সংস্থা। ১৯৫৭ সালে বেগম শামসুন নাহার মাহমুদের উদ্যোগে পূর্ব-পাকিস্তন শিশুকল্যাণ পরিষদ নামে সংস্থাটি প্রতিষ্ঠিত হয়। স্বাধীনতা উত্তরকালে এ সংস্থা বাংলাদেশ শিশুকল্যাণ পরিষদ নাম ধারণ করে। এ সংস্থার উদ্দেশ্যগুলো হচ্ছে এদেশের শিশুকল্যাণে নিয়োজিত বিভিন্ন সংস্থার কার্যাবলীর মধ্যে সমন্বয় সাধন, শিশুদের সামগ্রিক উন্নয়ন, শিশু অধিকার সম্পর্কে জনগণকে সচেতন করে তোলা, শিশুদের বিভিন্ন সমস্যা উদঘাটন করা এবং তা মোকাবেলায় দিক-নির্দেশনা প্রদান করা, শিশুকল্যাণ নীতি প্রণয়নে সরকারকে পরামর্শ দান করা ইত্যাদি। এ লক্ষ্যার্জনে সংস্থাটির উল্লেখযোগ্য কার্যক্রমগুলো হচ্ছে-পঙ্গু শিশুদের জন্যে চিকিৎসা ও পুনর্বাসন কার্যক্রম গ্রহণ করা, শিশুকলা ভবন ও শিশু পাঠাগার স্থাপন করা, শিশুদের কল্যাণে গবেষণা কার্যক্রম পরিচালনা করা, শিশুদের জন্যে জাতীয় ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা এবং শিক্ষামূলক বই-পুস্তক প্রকাশ করা, চিত্তবিনোদনমূলক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা, সমাজসেবামূলক কার্যক্রম গ্রহণ করা ইত্যাদি।

**২) Under Privileged Children's Educational Programme (UCEP)-Bangladesh**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজকল্যাণ ও গবেষণা ইনষ্টিটিউটের প্রফেসর ডঃ আহমদুল্যাহ মিয়ার 'Study on Child Labour in Dhaka City' নামক গবেষণা কার্যক্রমের উপর ভিত্তি করে ১৯৭২ সালে পাইলট প্রজেক্ট হিসেবে ইউসেপ-এর যাত্রা শুরু হয়। এ প্রতিষ্ঠানটি বাংলাদেশ তথা উন্নয়নশীল বিশ্বে শিশুশ্রম দূরীকরণে কার্যকর মডেল হিসেবে ইতোমধ্যে স্বীকৃতি লাভ করেছে। এদেশের শহর এলাকায় শ্রমজীবী শিশু-কিশোর যাদের বয়স ১০-১৪ বছর এবং যারা বিভিন্ন বস্তিতে কিংবা নিয়োগকর্তার বাড়িতে বা কর্মস্থলে বসবাস করে তাদেরকে কেন্দ্র করেই এর কার্যক্রম গৃহীত হয়। এ সংস্থার প্রধান উদ্দেশ্যগুলো হচ্ছে- শহর এলাকায় কর্মজীবী, বস্তিবাসী ও সুবিধাবঞ্চিত শিশুদেরকে অনানুষ্ঠানিক শিক্ষা ও কারিগরি শিক্ষা প্রদান করা, কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা, যথাযথ কর্মসংস্থানের মাধ্যমে মানব সম্পদে পরিণত করা। সুবিধাবঞ্চিত শিশুদের কল্যাণে এ সংস্থার (ইউসেপ) পরিচালিত বর্তমান কার্যক্রমগুলো হচ্ছে- কম সুবিধাপ্রাপ্ত শিশুদের মৌলিক শিক্ষা প্রদান করা। এলক্ষ্যে বর্তমানে ঢাকা, খুলনা, রাজশাহী, বরিশাল ও চট্টগ্রাম বিভাগে ৩০টি স্কুলের মাধ্যমে ৪ বছর মেয়াদে প্রায় ২০ হাজার ছাত্র-ছাত্রীকে বিভিন্ন বিষয়ে শিক্ষা প্রদান, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা কার্যক্রমের আওতায় ঢাকা, চট্টগ্রাম ও খুলনাতে ৩টি কারিগরি বিদ্যালয়ের মাধ্যমে প্রায় ১৫০০ জন ছাত্র-ছাত্রীকে কার্পেন্টারী, টেক্সটাইল, অটোমোবাইল, ওয়েলডিং, ইলেকট্রনিক্স, রেফ্রিজারেশন ও এয়ার কন্ডিশন, গার্মেন্টস ফিনিসিং ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান, প্যারা-ট্রেড প্রশিক্ষণের আওতায় ঢাকা ও চট্টগ্রামে ৩টি প্রশিক্ষণ প্রদান এবং পুনর্বাসন ও কর্মসংস্থান কার্যক্রমের আওতায় বিভিন্ন নিয়োগদাতা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ স্থাপনের মাধ্যমে প্রশিক্ষণপ্রাপ্ত শিশুদের (১৯৯৮-৯৯ সালে এ প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণপ্রাপ্ত ৯৩.৭০% জনকে) পুনর্বাসন করা হয়।[৩২] এছাড়া ইউসেপ সুবিধাবঞ্চিত অসহায় শিশুদের কার্যকর মানব সম্পদে রূপান্তর করে সামাজিক উন্নয়ন নিশ্চিত করতে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে। এটি শিশু উন্নয়নে একটি কার্যকর প্রতিষ্ঠান।

**৩) বাংলাদেশ শিশু অধিকার ফোরাম**

বিশ্বজুড়ে শিশুদের অবনতিশীল অবস্থার প্রেক্ষাপটে তাদের সার্বিক উন্নয়ন এবং স্বার্থ সুরক্ষার জন্যে সরকারি কর্মকাণ্ডের পাশাপাশি বেসরকারি সংগঠনগুলোর একটি বিশেষ ফোরাম হিসেবে ১৯৯০ সালে বাংলাদেশে শিশু অধিকার ফোরাম-এর আত্মপ্রকাশ ঘটে। শুরুতেই এই ফোরামের সদস্য সংখ্যা ১৮টি হলেও বর্তমানে এ সংখ্যা বৃদ্ধি পেয়ে ১১৯টিতে উন্নীত হয়েছে।[৩৩] তৃণমূল পর্যায়ে জাতীয় শিশু অধিকার সনদ বাস্তবায়নের লক্ষ্যে এ ফোরাম শিশুদের জন্যে ৫ বছর মেয়াদী ন্যাশনাল প্লান অব এ্যাকশন ফর চিলড্রেন প্রণয়ন, জাতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় শিশু অধিকার অন্তর্ভুক্তকরণ, জাতীয় শিশুনীতি প্রণয়ন প্রভৃতি কার্যক্রমে বলিষ্ঠ ভূমিকা রাখতে সক্ষম হয়েছে। এ ফোরামের চলতি কার্যক্রমগুলো হচ্ছে-নেটওয়ার্কিং এন্ড এডভোকেসী ফর চাইল্ড রাইট্স ইন

বাংলাদেশ নামক কার্যক্রমের আওতায় শিশুদের নিয়ে সরকারি উদ্যোগের সাথে যৌথভাবে ইনফরমাল গ্রুপ গঠন, প্রায়োগিক গবেষণা ও প্রশিক্ষক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা; চাইল্ড লেবার ইনফরমেশন এ্যান্ড রিসোর্স সেন্টার প্রকল্পের আওতায় শিশুশ্রম সংক্রান্ত সম্ভাব্য সকল তথ্য ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান; আই এল ও বা আই পি ই সি-এর সহযোগিতায় শিশুশ্রম রোধে দেশব্যাপী ব্যাপক গণসচেতনতা সৃষ্টি করা, এবং অন্যান্য কার্যক্রম যেমন- প্রতি বছর শিশু-অধিকার সপ্তাহ উদযাপন, শিশু-অধিকার বিষয়ক বাণী প্রচার করা ইত্যাদি।

**৪) অপরাজেয় বাংলাদেশ (Aparajeyo Bangladesh)**

অপরাজেয় বাংলাদেশ একটি শিশু অধিকার সংগঠন হিসাবে ১৯৬৬ সালে প্রতিষ্ঠিত হয়। এর মূল লক্ষ্য হচ্ছে ঢাকা শহরের বস্তিবাসী শিশুদের অভাব, নিরাপত্তাহীনতা এবং অস্বাস্থ্যকর নোংরা পরিবেশ থেকে রক্ষা করা। এ লক্ষ্যার্জনে এ সংগঠনের মূল কর্মসূচি হচ্ছে- বস্তিবাসী ও কর্মরত শিশু, মাতা এবং পিতাদের সমন্বয়ে ৩টি দল গঠন করা: পথশিশু (৮-১৬ বছর) দের জন্যে ১৪টি ওপেন এয়ার স্ট্রীট স্কুল, ২টি ড্রপ ইন সেন্টার, ১টি ক্লাব ফর বয়েজ এ্যান্ড গার্লস এবং ১টি গার্লস হোস্টেল পরিচালনা; বস্তিবাসী শিশু (৬মাস-৩ বছরের পরিচয় বিহীন শিশু, ৪-১১ বছরের স্কুল বহির্ভূত দুঃস্থ শিশু, ১২-১৬ বছরের বঞ্চিত ও শোষিত শিশু)-দের জন্যে বস্তিভিত্তিক দিবাযত্ন কেন্দ্র ও শিক্ষাকেন্দ্র স্থাপন, ৮-১৪ বছরের কর্মজীবী শিশুদের জন্যে বিভিন্ন কর্মসূচি গ্রহণ, স্বাস্থ্য পরিচর্যা কর্মসূচী গ্রহণ করা ইত্যাদি।[৩৪]

**৫) কৈশোর বাংলাদেশ**

কৈশোর বাংলাদেশ অন্যতম একটি আঞ্চলিক বেসরকারি সংস্থা। এ সংস্থা ২০০১ সালে যুক্তরাজ্য ভিত্তিক আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা নিউহাম বেঙ্গলী ট্রাষ্টের আর্থিক সহায়তায় সিলেট শহরের শ্রমজীবী, দুঃস্থ ও পথশিশুদের জন্যে জীবন ভিত্তিক শিক্ষা, স্বাস্থ্যসেবা, বিনোদন, জরুরী আশ্রয় ও কর্মমুখী প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে জীবনমান উন্নয়নে কাজ শুরু করে। বর্তমানে এ প্রতিষ্ঠানের ৭টি মৌলিক শিক্ষাকেন্দ্র রয়েছে। এ প্রতিষ্ঠানের মূল কর্মসূচিগুলো হচ্ছে- শ্রমজীবী, দুঃস্থ ও পথশিশুদের জন্যে মৌলিক শিক্ষা কর্মসূচি গ্রহণ, স্বাস্থ্যসেবা প্রদান, জরুরী আশ্রয়ের ব্যবস্থাকরণ, বিনোদনমূলক কর্মসূচি গ্রহণ, পুনর্বাসনমূলক প্রশিক্ষণ প্রদান, শিশু প্রতিপালন, আয় বর্ধনমূলক কার্যক্রম গ্রহণ, পরামর্শ প্রদান, স্বার্থ সংরক্ষণ ও প্রচার করা ইত্যাদি। বর্তমানে এ প্রতিষ্ঠানের কার্যক্রমকে বিভিন্ন জেলায় সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।[৩৫]

**৬) ব্র্যাক (BRAC)**

১৯৭২ সালে একটি বেসরকারি সংস্থা হিসেবে ব্র্যাক আত্মপ্রকাশ করে। এ প্রতিষ্ঠান আর্থ-সামাজিক দিক থেকে পিছিয়ে পড়া গ্রামীণ দুঃস্থ, অসহায় এবং সুবিধাবঞ্চিত শিশুদের উপ-আনুষ্ঠানিক শিক্ষা কার্যক্রমের আওতায় মৌলিক শিক্ষা প্রদানে কাজ করে থাকে। যে সমস্ত দুঃস্থ ও অসহায় শিশু আনুষ্ঠানিক শিক্ষা লাভ করতে পারে না, তাদেরকে মৌলিক শিক্ষা

প্রদানের জন্যে আশির দশকে সর্বপ্রথম এ কার্যক্রম চালু করা হয়। বর্তমানে এ কার্যক্রমের আওতায় তিন ধরনের লক্ষ্যদল (৮-১০ বছর বয়সী বালক-বালিকা, ১১-১৪ বছর বয়সী শিশু এবং ১১-১৬ বছর বয়সী মেয়েশিশু)-কে উপানুষ্ঠানিক শিক্ষা প্রদান করা হয়। এ শিক্ষা কার্যক্রমের মাধ্যমে ব্র্যাক গ্রামীণ শিশুদের জীবনমান উন্নয়নে বিশেষ ভূমিকা পালন করে থাকে। পাশাপাশি এ সকল শিশুদের পারিবারিকভাবে পুনর্বাসন করার জন্যে পরিবারভিত্তিক ঋণদান কর্মসূচি গ্রহণ করা হয়েছে। বর্তমানে প্রায় তিনশত বেসরকারি উন্নয়ন সংস্থা ব্র্যাকের সাথে এ কার্যক্রম বাস্তবায়ন করছে।[৩৬]

### ৭) Appropriate Resources for Improving Street Children's Environment (ARISE)

বর্তমানে দেশের বিভিন্ন বিভাগে ৯টি বেসরকারি সংগঠন সুবিধা বঞ্চিত, দুঃস্থ ও পথশিশুদের আর্থ-সামাজিক উন্নয়নে এ প্রকল্পের আওতায় কাজ করে থাকে। এ প্রকল্পের অর্থায়ন করে জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (UNDP) এবং তত্ত্বাবধান করে বাংলাদেশ সমাজকল্যাণ মন্ত্রণালয়। এ প্রকল্পের আওতায় শিশুদেরকে অনানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা প্রদান করা হয়। এখানে শিশুদের পুনর্বাসনের জন্যে বিভিন্ন ধরনের প্রশিক্ষণ প্রদান করা হয়। যে সকল শিশু রাস্তায় কাজ করে, যাদের পিতামাতা নেই, তারাই এ কার্যক্রমের লক্ষ্যদল হিসেবে বিবেচিত হয়।

### ৮) বেসরকারি এতিমখানা

এদেশের ধর্মীয় ও সাংস্কৃতিক মূল্যবোধের ভিত্তিতে অনাথ ও দুঃস্থ শিশুদের রক্ষণাবেক্ষণের জন্যে দানশীল ব্যক্তিবর্গ ও স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের যৌথ প্রচেষ্টায় অনেক এতিমখানা প্রতিষ্ঠিত হয়েছে। সমগ্র দেশের বিভাগীয় শহর, জেলা শহর, থানা সদর ও পল্লী গ্রামে ১৮০০ এর অধিক নিবন্ধীকৃত এতিমখানা রয়েছে। তম্মধ্যে ১৯৯৮-৯৯ সাল পর্যন্ত সরকারি অনুদানপ্রাপ্ত এতিমখানার সংখ্যা ১২৬৫টি যার আসন সংখ্যা ২০,৩১২টি। এ প্রতিষ্ঠানগুলোতে অসহায় ও দুঃস্থ শিশুদের সংখ্যা প্রায় ৭০-৮০ হাজার। এসব প্রতিষ্ঠানে দুঃস্থ ও অসহায় শিশুদের বিনামূল্যে খাদ্য, বস্ত্র, আশ্রয়সহ যাবতীয় সুযোগ সুবিধা প্রদান করা হয়।[৩৭] এছাড়া এর আওতায় শিশুদের প্রাতিষ্ঠানিক শিক্ষা প্রদানের উদযোগও গ্রহণ করা হয়েছে।

### ৯) ঢাকা আহছানিয়া মিশন

এটি একটি জাতীয় বেসরকারি উন্নয়ন সংস্থা। ১৯৫৮ সালে খান বাহাদুর আহছানউল্লাহ কর্তৃক এ সংস্থা প্রতিষ্ঠিত হয়। এদেশের শিশু-কিশোরদের কল্যাণে এ মিশনের উল্লেখযোগ্য কর্মসূচি হচ্ছে শিক্ষা কর্মসূচি। এ কর্মসূচির আওতায় তিন ধরনের বয়সী শিশুদের শিক্ষা প্রদান করা হয়। যথা - ৫ বছর বয়সী শিশুদের জন্যে প্রাক-প্রাথমিক শিক্ষা কর্মসূচি, ৬-৭ বছর বয়সী স্কুলবহির্ভূত শিশুদের জন্যে প্রারম্ভিক প্রাথমিক শিক্ষা কর্মসূচি ও ৮-১০ বছর বয়সী শিশুদের জন্যে দ্বিতীয় সুযোগ হিসেবে শিক্ষা কর্মসূচি এবং ১১-১৪ বছর বয়সী কিশোরদের জন্যে চাহিদা ও কাজ উপযোগী ১৫ মাস ব্যাপী শিক্ষা কর্মসূচি।[৩৮]

শিশুদের সার্বিক উন্নয়ন ত্বরান্বিত করার জন্যে উল্লেখিত বেসরকারি সংস্থাগুলোর পাশাপাশি আরো অসংখ্য বেসরকারি সংস্থা নিয়োজিত রয়েছে। এদের মধ্যে মুকুল ফৌজ, খেলাঘর, আরামবাগ ক্লাব, নয়াবাজার ড্রপ-ইন-সেন্টার, মোহাম্মদপুর হোস্টেল, চিলড্রেন ভিলেজ, ছিন্নমূল, ফাতেমা, ধর্মরাজিক অরফানেজ, এ্যাসিসট্যান্স ফর স্লাম ডুয়েলার্স, সোসাইটি ফর সোশ্যাল সার্ভিস, বিকাশ ইত্যাদি উল্লেখযোগ্য। এসব সংস্থা এদেশের শিশুদের শিক্ষা, পুনর্বাসন ও আশ্রয়নের জন্যে বহুবিধ কার্যক্রম পরিচালনা করছে। কিন্তু পরিতাপের বিষয় হচ্ছে, এদেশে দরিদ্র, দুঃস্থ, এতিম, অসহায়, ছিন্নমূল ও পথশিশুদের মোট সংখ্যার তুলনায় এ সংস্থাগুলোর কার্যক্রম অত্যন্ত সীমিত। আবার এ কার্যক্রমগুলোর অধিকাংশই শহরকেন্দ্রিক। ফলে ব্যাপক সংখ্যক শহুরে ও গ্রামীণ শিশু জীবনগড়ার সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হয়। অন্যদিকে এজাতীয় সংস্থাগুলোর অধিকাংশই বিদেশী সাহায্য নির্ভর হওয়ায় এবং পর্যাপ্ত আর্থিক বরাদ্দের অভাবে গৃহীত কর্মসূচিগুলো এদেশের শিশুদের কল্যাণে যথাযথ অবদান রাখতে ব্যর্থ হচ্ছে। তা সত্ত্বেও এদেশে শিশুদের কল্যাণে বেসরকারি কার্যক্রমের গুরুত্ব অনস্বীকার্য।

**আন্তর্জাতিক উদ্যোগ**

বাংলাদেশের শিশুসমাজের কল্যাণে সরকারি ও বেসরকারি কার্যক্রমের পাশাপাশি আন্তর্জাতিক সংস্থাগুলোর উদ্যোগও কম গুরুত্বপূর্ণ নয়। এ সকল সংস্থা বাংলাদেশ সরকার ও বিভিন্ন বেসরকারি সংস্থাকে বৈষয়িক ও কারিগরী সাহায্য প্রদান করে থাকে। এদেশের শিশুকল্যাণে উল্লেখযোগ্য আন্তর্জাতিক সংস্থা ও তাদের গৃহীত উদ্যোগগুলো হচ্ছে-

**১) জাতিসংঘ আন্তর্জাতিক জরুরী শিশু তহবিল (ইউনিসেফ)**

এ সংস্থাটি বর্তমান বিশ্বের প্রায় ১২১টি দেশে শিশু অধিকার নিশ্চিতকরণে কাজ করে থাকে। সংস্থাভূক্ত প্রত্যেকটি দেশের সরকারকে শিশুদের কল্যাণে ও উন্নয়নে সক্ষম করে গড়ে তোলার জন্যে সুনির্দিষ্ট কিছু পদক্ষেপ গ্রহণে সহায়তা প্রদান করাই ইউনিসেফের অন্যতম লক্ষ্য। এ সংস্থাটি শিশুকল্যাণে বাংলাদেশ সরকারকে সহায়তা প্রদানের জন্যে কতিপয় পদক্ষেপ গ্রহণ করেছে। এ সংস্থার গৃহীত পদক্ষেপগুলো হচ্ছে- (১) শিশুদের জন্যে গৃহীত পরিকল্পনা সম্প্রসারণে বাংলাদেশ সরকারকে পরামর্শ প্রদান করা, (২) স্বাস্থ্যকর্মী, শিক্ষক, খাদ্য বিশেষজ্ঞ ও শিশু কল্যাণ বিশেষজ্ঞসহ বিভিন্ন ব্যক্তির প্রশিক্ষণের জন্যে আর্থিক সহায়তা প্রদান করা, (৩) শিশুদের জন্যে পাঠ্যপুস্তক, বিশুদ্ধ পানি, ঔষধ ও যন্ত্রপাতি সরবরাহ করা। বর্তমানে এ সংস্থাটি বাংলাদেশ সরকারের সহায়তায় বিভিন্ন প্রকার শিশুকল্যাণমূলক কর্মসূচি বাস্তবায়ন করে থাকে। এ সংস্থার বাংলাদেশ কান্ট্রি সহযোগিতা (১৯৯৬-২০০০)-এর লক্ষ্য ছিলো শিশুদের জন্যে সকল তৎপরতাকে শিশুর অধিকার সংক্রান্ত কনভেনশন এবং ১৯৯০ সালের শিশু বিষয়ক বিশ্ব সম্মেলনের ঘোষণা ও কর্মপরিকল্পনার সাথে সংগতিপূর্ণ করা।[৩৯] এছাড়া শিশুদের যথাযথ বিকাশে ও স্বার্থরক্ষার জন্যে সাম্প্রতিক কালে "শিশুদের জন্যে হ্যাঁ বলুন" প্রকল্প চালু করেছে।

**২) বিশ্ব স্বাস্থ্য সংস্থা**

বিশ্বব্যাপী মানব সমাজের স্বাস্থ্য সুরক্ষা ও উন্নয়নে জাতিসংঘের অঙ্গসংস্থা হিসেবে বিশ্ব স্বাস্থ্য সংস্থা কাজ করে থাকে। জন্মলগ্ন থেকেই এ সংস্থাটি সদস্যভুক্ত প্রত্যেকটি দেশের মতো বাংলাদেশেও এর রিজিওনাল ও কান্ট্রি অফিসের মাধ্যমে এদেশের জনস্বাস্থ্য রক্ষার পাশাপাশি শিশুদের স্বাস্থ্য সুরক্ষার ও তাদের যথাযথ বিকাশের জন্যে কাজ করে থাকে। সংস্থাটি এদেশে স্বাস্থ্যনীতি ও ব্যবস্থাপনার মাধ্যমে জাতীয় স্বাস্থ্যবিষয়ক তথ্য পদ্ধতির উন্নয়ন এবং স্বাস্থ্য বিষয়ক জরুরী অবস্থা মোকাবেলার জন্যে একটি ব্যাপক পরিকল্পনা এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের বিভাগসমূহের আধুনিকীকরণে ব্যাপক সহায়তা প্রদান করে থাকে। সমন্বিত রোগ নিয়ন্ত্রণ কর্মসূচির মাধ্যমে কুষ্ঠ, পোলিও এবং অপ্রতিরোধযোগ্য অন্যান্য শিশুরোগ বিরোধী অভিযানে সমর্থন দিয়ে থাকে। বিশ্বব্যাপী ৬টি অপ্রতিরোধ্য শিশুরোগ বিস্তারের বিরুদ্ধে একটি উন্নততর পর্যবেক্ষণ ব্যবস্থা প্রতিষ্ঠার জন্যেও এ সংস্থা কাজ করে থাকে। এছাড়া জাতীয় টিকা দিবস উদযাপনে অগ্রণী ভূমিকা পালন করা ছাড়াও এদেশের অপেক্ষাকৃত সুবিধাবঞ্চিত শিশুদের যথাযথ স্বাস্থ্যসেবা প্রদানের লক্ষ্যে এ প্রতিষ্ঠান গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে।

**৩) আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO)**

আইএলও ১৯৭৩ সালে বাংলাদেশে তার কর্মতৎপরতা শুরু করে। এদেশে শিশুশ্রম রোধে ও শিশু নির্যাতন বন্ধের ক্ষেত্রে এ সংস্থা বিশেষ সহায়তা প্রদান করে থাকে। এ লক্ষ্যে সামাজিক ন্যায়বিচার নিশ্চিতকরণের বিভিন্ন কারিগরি সহযোগিতা প্রদান করা হয়। এদেশের রপ্তানী প্রক্রিয়াকরণ শিল্প এলাকা (EPZ)-তে কর্মসংস্থানের সুযোগ-সুবিধা সৃষ্টি ও সামাজিক জীবনযাত্রা বিষয়ক কার্যক্রমের মাধ্যমে সংস্থাটি কাজ শুরু করে। পরবর্তীতে ইউনিসেফ এবং বাংলাদেশ পোশাক প্রস্তুত ও রপ্তানীকারক সংস্থা (বিজিএমইএ)-এর সহায়তায় এদেশের পোশাক শিল্পে শিশুশ্রম বিলুপ্ত করার জন্যে কাজ শুরু করে। বর্তমানে সংস্থাটি এদেশে শিশুশ্রম বন্ধে ও শ্রমিক শ্রেণীর স্বার্থ সংরক্ষণে রাষ্ট্র কর্তৃক অনুসমর্থিত আইএলও কনভেনশনগুলো বাস্তবায়নে নানামুখী প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

**৪) জাতিসংঘ শিক্ষা, বিজ্ঞান ও সাংস্কৃতিক সংস্থা (UNESCO)**

জাতিসংঘের আরেকটি উল্লেখযোগ্য অঙ্গসংস্থা হচ্ছে ইউনেস্কো। বিশ্বব্যাপী শিশুদের বুদ্ধিবৃত্তিক বিকাশে এ সংস্থা কাজ করে থাকে। বাংলাদেশে ১৯৯৬ সালে ঢাকায় আঞ্চলিক অফিস স্থাপনের মাধ্যমে এ সংস্থা জোরালোভাবে কাজ শুরু করে। সংস্থাটি শিশুকল্যাণের ক্ষেত্রে বাংলাদেশ সরকারকে যে সব সহায়তা প্রদান করে থাকে, সেগুলো হচ্ছে (১) এদেশের দরিদ্র, দুঃস্থ ও অসহায় শিশুসহ সকল শিশুর জন্যে শিক্ষা নিশ্চিত করা, (২) প্রচলিত শিক্ষা ব্যবস্থাকে সংস্কারের মাধ্যমে যুগোপযোগী শিক্ষা পদ্ধতি উদ্ভাবন করা, (৩) শিক্ষা ক্ষেত্রে প্রবেশ ও অংশীদারিত্ব নিশ্চিত করার জন্যে ছেলে ও মেয়ে উভয়ের সমান সুযোগ প্রদান করা, (৪) শিশুদের জন্যে যথাযথ সাংস্কৃতিক ভিত্তি প্রস্তুত করা ইত্যাদি। এছাড়া সংস্থাটি শিশুদের শিক্ষা ক্ষেত্রে প্রবেশাধিকার নিশ্চিত করা এবং দারিদ্র্য বিমোচনের মাধ্যমে মানব উন্নয়নের জন্যে জাতীয় পর্যায়ে ওয়ার্কশপ, সেমিনার, গোলটেবিল বৈঠক ও

ট্রেনিং কোর্সের আয়োজন করে থাকে। বর্তমানে এটি ইউএনডিপি'র আর্থিক সহযোগিতায় ১৮টি জেলায় ২২টি এনজিও এবং আনুষ্ঠানিক শিক্ষা পরিদপ্তরকে শিশুশিক্ষা বিস্তারে সহায়তা প্রদান করছে।[৪০]

**৫) জাতিসংঘ জনসংখ্যা তহবিল**

এ সংস্থাটি বাংলাদেশে প্রসূতিমৃত্যু, শিশুমৃত্যু ও অবাঞ্ছিত গর্ভধারণ হ্রাস করে স্থিতিশীল উন্নয়ন নিশ্চিত করার জন্যে কাজ করে থাকে। জনসংখ্যার দ্রুত বৃদ্ধি হ্রাস করে শিশুদের যথাযথ কল্যাণ নিশ্চিত করা এই সংস্থার অন্যতম লক্ষ্য। এই লক্ষ্যে ১৯৮০-৮৫ সালে দ্বিতীয় কান্ট্রি প্রোগ্রামের আওতায় সরকারকে প্রসূতি ও শিশুস্বাস্থ্য রক্ষা এবং পরিবার পরিকল্পনা কর্মসূচি সম্প্রসারণে সমর্থন প্রদান করা হয়। এছাড়া এ সংস্থা বাংলাদেশ সরকারকে নারী ও শিশুদের জন্যে প্রণীত বিভিন্ন নীতিমালা বাস্তবায়নে সহায়তা করে থাকে।

**৬) খাদ্য ও কৃষি সংস্থা**

এদেশের অধিকাংশ শিশু অপুষ্টির শিকার। আবার জীবিকার অন্বেষায় এ সকল শিশুর অধিকাংশই বিভিন্ন প্রকার শ্রমে নিযুক্ত হয়ে থাকে। খাদ্য ও কৃষি সংস্থা এদেশের দরিদ্র মহিলা ও অভাবগ্রস্ত লোকদেরকে বিশেষ সমর্থন দানের মাধ্যমে তাদের আর্থ-সামাজিক উন্নয়নে সহায়তা করে থাকে। এতে করে পরোক্ষভাবে শিশুকল্যাণ ত্বরান্বিত হয়। এ সংস্থা ১৯৯২ সালের আন্তর্জাতিক পুষ্টি সম্মেলনের ঘোষণা অনুযায়ী শিশু অপুষ্টি দূরীকরণে বাংলাদেশ সরকারকে সাহায্য করে থাকে।

**৭) জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (UNDP)**

জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি বিশ্বের বৃহত্তম উন্নয়ন সহায়তা মঞ্জুরী সংস্থা। বর্তমানে এটি বিশ্বের ১৫০টি দেশকে সহায়তা প্রদান করে থাকে। ১৯৭৩ সালে বাংলাদেশে এ সংস্থার কার্যক্রম শুরু হয়। ১৯৯৫-৯৮ সাল পর্যন্ত এ কর্মসূচির আওতায় এদেশে দারিদ্র্য বিমোচন ও শিশু উন্নয়নে ৮৭.২ মিলিয়ন ডলারের বেশি মঞ্জুরী দেওয়া হয়।[৪১] এ সংস্থাটি কম্যুনিটি ক্ষমতায়ন কর্মসূচির মাধ্যমে দারিদ্র্য দূরীকরণে জাতীয় অভিযানকে সফল করার জন্যেও সহায়তা প্রদান করে থাকে। এ কর্মসূচির আওতায় এদেশের প্রায় ৬ লাখ লোককে সেবা প্রদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়। এ কর্মসূচি থেকে সরাসরি উপকার প্রাপ্ত ৯০ হাজার লোকের অধিকাংশই ছিলো শিশু ও মহিলা।[৪২] বর্তমানে এ সংস্থা দেশের ছিন্নমূল, দুঃস্থ, অসহায় ও পথশিশুদের স্বাস্থ্য, শিক্ষা ও পুনর্বাসনে 'ARISD'নামক একটি প্রকল্পের আর্থিক ব্যয়ভার বহন করছে। দেশব্যাপী ৯টি বেসরকারি সংগঠন এই প্রকল্প বাস্তবায়নের কাজে নিয়োজিত রয়েছে। মূলতঃ এ সকল সুবিধাবঞ্চিত শিশুকে মানব সম্পদে রূপান্তরিত করার জন্যে ইউএনডিপি এই প্রকল্প গ্রহণ করেছে।[৪৩]

**৮) কেয়ার-বাংলাদেশ**

একটি সমাজকল্যাণ সংস্থা হিসেবে প্রায় সারা বিশ্বে কেয়ারের কার্যক্রম চালু রয়েছে। বিশ্বব্যাপী শিশুকল্যাণে এটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। বর্তমানে এ সংস্থাটি এদেশে শিশুদের সুন্দর ভবিষ্যৎ নিশ্চিত করার জন্যে স্বাস্থ্য ও জনসংখ্যা কর্মসূচি, বেসরকারি সংগঠনভিত্তিক পরিবার পরিকল্পনা সেবা কর্মসূচি ও টেকসই উন্নয়নের জন্যে শিশুস্বাস্থ্য কর্মসূচি ইত্যাদি গ্রহণ করেছে। তন্মধ্যে শিশুস্বাস্থ্য কর্মসূচির আওতায় সম্প্রসারিত টিকাদান, ডায়রিয়া নিয়ন্ত্রণ, পরিবার পরিকল্পনা ও ভিটামিন-এ ক্যাপসুল বিতরণ করা হয়।[৪৪]

**৯) আন্তর্জাতিক শিশুকল্যাণ সংস্থা**

এটি একটি আন্তর্জাতিক স্বেচ্ছাসেবী সংস্থা। বিশ্বের বিভিন্ন দেশে বিশেষ করে মা ও শিশুদের কল্যাণে সেবা কার্যক্রম গ্রহণ ও পরিচালনায় সহায়তা প্রদানের জন্যে এ সংস্থা গঠিত হয়। বাংলাদেশে ১৯৭২ সালে যুদ্ধজনিত পরিস্থিতিতে উদ্বাস্তুদের সহায়তা প্রদান করার পাশাপাশি এদেশের ছিন্নমূল, দুঃস্থ ও এতিম শিশুদের পুনর্বাসনে সংস্থাটি নানাবিধ কর্মসূচী গ্রহণ করে। ১৯৭৩ সালে সমাজকল্যাণ বিভাগের তত্ত্বাবধানে এ সংস্থা ছিন্নমূল, দুঃস্থ ও এতিম শিশুদের রক্ষণাবেক্ষণের জন্যে পারিবারিক সাহায্য ও পুনর্মিলন কর্মসূচি পরিচালনা করে। এ কর্মসূচির অভিজ্ঞতা নিয়ে পরে এ সংস্থা ১৯৭৪ সালে আর্থিক ও সামাজিক ক্ষতিগ্রস্ত শিশু ও তার পরিবারের জন্যে পরিবার ও শিশুকল্যাণ কর্মসূচি গ্রহণ করে। ১৯৭৯ সাল পর্যন্ত ১৯টি থানায়, ১৪১টি ইউনিয়নে মোট ৩০৪টি গ্রামে ৫৯২৬৪টি একক পরিবারকে এ কর্মসূচির আওতাভুক্ত করা হয়।[৪৫] এ সংস্থা বাংলাদেশ সমাজসেবা বিভাগের সাথে চুক্তিবদ্ধ হয়ে মাঠ পর্যায়ে কর্মসূচি বাস্তবায়ন করে থাকে।

**১০) বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি**

আর্তমানবতার সেবায় নিয়োজিত প্রতিষ্ঠান হিসেবে রেডক্রিসেন্ট সোসাইটির পরিচিতি বিশ্বব্যাপী। ১৮৬৩ সালে সুইজারল্যান্ডের জেনেভা শহরে এটি গড়ে উঠে। বাংলাদেশের শিশুকল্যাণে সংস্থাটি উল্লেখযোগ্য ভূমিকা পালন করে থাকে। আন্তর্জাতিক রেডক্রস সমিতির সহায়তায় বাংলাদেশ রেডক্রস সমিতি জরুরী চিকিৎসা কর্মসূচি হিসেবে শিশুদের স্বাস্থ্যসেবা প্রদান করে থাকে। বর্তমানে এ সমিতি ১০০ জন এতিমের লালন-পালন ও পুনর্বাসনের জন্যে ঢাকায় একটি এতিমখানা পরিচালনা করছে। এটি দেশের অন্যান্য অঞ্চলে আরো ৮টি এতিমখানার মাধ্যমে দুঃস্থ ও অসহায় শিশুদের কল্যাণে কাজ করার পরিকল্পনা গ্রহণ করেছে।

**১১) সেভ-দ্যা চিলড্রেন এলায়েন্স**

১৯৭২ সাল থেকে এ প্রতিষ্ঠানটি বাংলাদেশের দরিদ্র মানুষের জীবনমান উন্নয়নে সহযোগিতা করছে। অন্যান্য কর্মসূচির পাশাপাশি এ সংস্থা বাংলাদেশে শিশু অধিকার বাস্তবায়নে কর্মরত সেভ-দ্যা-চিলড্রেন নামক ৫টি সংস্থা (রাড্ডা বারনেন, টেরেডাস হোম-নেদারল্যান্ড, টেরেডাস হোম- সুইজারল্যান্ড ইত্যাদি)-র প্রতিনিধিত্ব করছে। এ সংস্থা

শিশুদের জন্যে স্বাস্থ্য, পুষ্টি ও টিকাদান কর্মসূচি গ্রহণ করেছে। এছাড়া শিশুশিক্ষা সম্প্রসারণে এ সংস্থার অধীনে দেশের বিভিন্ন স্থানে ৯টি প্রি-প্রাইমারী স্কুল চালু রয়েছে।[৪৬]

**১২) ওয়ার্ল্ড ভিশন**

ওয়ার্ল্ড ভিশন একটি অলাভজনক আন্তর্জাতিক ক্রিশ্চিয়ান হিউমেনিটেরিয়ান সংগঠন। বর্তমানে এটি বিশ্বের ১০০টির বেশি দেশে প্রায় ৭৫ মিলিয়ন অসহায় ও সুবিধাবঞ্চিত শিশুদের জন্যে বিভিন্ন সেবা কর্মসূচি গ্রহণ করেছে। বাংলাদেশে এটি প্রতিষ্ঠিত হয় ১৯৭২ সালে। তখন এটি মূলতঃ ত্রাণ ও পুনর্বাসনমূলক কাজে নিয়োজিত ছিল। বর্তমানে প্রায় ২৪টি জেলায় শিশুদের জন্যে বিভিন্ন উন্নয়ন কর্মসূচি চালু করেছে। ২০০১ সাল পর্যন্ত এ সংস্থা ৯৬,৬৮৪ জন শিশুকে সেবামূলক কাজের জন্যে স্পন্সর করেছে।[৪৭]

শিশুকল্যাণ একটি গুরুত্বপূর্ণ প্রপঞ্চ। শিশুদের কল্যাণ নিশ্চিত হলে একটি সুন্দর জাতি গঠন করা সম্ভব। এজন্যে প্রয়োজন শিশুদের সুস্থভাবে বেড়ে ওঠার জন্যে শিক্ষা, স্বাস্থ্যসহ অন্যান্য সুযোগ-সুবিধা নিশ্চিত করা। কিন্তু এদেশের ক্রমবর্ধমান দারিদ্র্য, নিরক্ষরতা, অর্থনৈতিক অনগ্রসরতা, অল্পআয় ইত্যাদি নানাবিধ সমস্যার কারণে শিশুদের মৌলিক অধিকারগুলো যথাযথভাবে বাস্তবায়ন করা সম্ভব হয় না। ফলে, এদেশে মোট শিশুর একটি বিরাট অংশ দুঃস্থ, অসহায় ও সুবিধাবঞ্চিত অবস্থায় জীবন অতিবাহিত করে থাকে। এ সকল দুঃস্থ, অসহায় ও সুবিধাবঞ্চিত শিশুর যথাযথ কল্যাণ নিশ্চিত করার জন্যে সরকারি ও বেসরকারিভাবে বিভিন্ন সেবা কর্মসূচি চালু রয়েছে। এসব কর্মসূচির পাশাপাশি আন্তর্জাতিক সংস্থাগুলোও এদেশে শিশুকল্যাণে বহুমুখী কার্যক্রম পরিচালনা করছে। এ সংস্থাগুলো এ জাতীয় কার্যক্রমের কখনো উদ্যোক্তা আবার কখনো বাস্তবায়নকারী সংস্থা হিসেবে কাজ করে থাকে। তবে এদেশের দুঃস্থ, অসহায় ও সুবিধাবঞ্চিত শিশুদের তুলনায় এ সকল কার্যক্রম ততটা বিস্তৃত নয়। তদুপরি শিশুকল্যাণে যথাযথ নীতি ও পরিকল্পনার অভাবে পুরোপুরি বাস্তবায়ন করা সম্ভব হয় না। আবার অধিকাংশ কর্মসূচি শহরকেন্দ্রীক হওয়ায় গ্রামীণ এলাকায় শিশুদের একটা উল্লেখযোগ্য অংশ এসব কর্মসূচির সুফল ভোগ করতে পারে না। তাই বাংলাদেশের বর্তমান আর্থ-সামাজিক অবস্থার প্রেক্ষাপটে দুঃস্থ, অসহায় ও সুবিধাবঞ্চিত শিশুদের শিক্ষা, পুনর্বাসন ও কল্যাণে সরকারি-বেসরকারি কার্যক্রমের পাশাপাশি আন্তর্জাতিক সংস্থাগুলোর এ জাতীয় কার্যক্রম আরো বিস্তৃত করা প্রয়োজন। এ ছাড়া এ সকল কার্যক্রম বাস্তবায়নে টেকসই নীতি ও পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন করা আবশ্যক।

**উপসংহার**

বাংলাদেশের আর্থ-সামাজিক অবস্থার বাস্তব চিত্র জনগণের কল্যাণে সর্বদাই প্রতিকূল প্রভাব বিস্তার করে থাকে। দারিদ্র্যের কারণে এদেশের অধিকাংশ জনগোষ্ঠী মৌলিক চাহিদা পূরণ করতে পারে না। এদেশের মুষ্টিমেয় জনগণের অর্থনৈতিক কর্মকাণ্ডের ফলে মাথাপিছু আয় বৃদ্ধি পেলেও বাস্তবে আয় বণ্টনে চরম অসমতা বিরাজমান। ফলে অধিকাংশ জনগণ জীবনধারণের জন্যে প্রয়োজনীয় ব্যবস্থা সুনিশ্চিত করতে পারে না। পাশাপাশি

একজন মানুষের বাৎসরিক যাবতীয় চাহিদা মিটানোর জন্যে যে পরিমাণ ভূমি থাকা প্রয়োজন, এদেশের সিংহভাগ জনগণের তা নেই। প্রকৃতপক্ষে ভূমি মালিকানায় চরম অসমতা বিদ্যমান থাকায় স্বল্পসংখ্যক জনগোষ্ঠী এদেশের অধিকাংশ ভূমির মালিকানা দখল করে রয়েছে। ফলে সরকারি হিসাবে মাথাপিছু জমির পরিমাণ স্বল্প মাত্রায় (০.১৮ হেক্টর) নির্দেশিত হলেও এদেশের অধিকাংশ পরিবার বাস্তবে ভূমিহীন। শিক্ষা ও কর্মসংস্থানের ক্ষেত্রে প্রায় একই অবস্থা বিরাজমান। এদেশের বিশাল জনগোষ্ঠীর প্রায় অর্ধেক নিরক্ষর বা অশিক্ষিত। শিক্ষিত জনগোষ্ঠীর প্রায় সবাই সাধারণ শিক্ষায় শিক্ষিত। বৃত্তিমূলক বা কর্মমুখী শিক্ষা গ্রহণ করেছে এমন জনসংখ্যার হার খুবই কম। আবার কর্মসংস্থানের পর্যাপ্ত সুযোগ-সুবিধা না থাকায় কর্মক্ষম শিক্ষিত-অশিক্ষিত উভয় জনগোষ্ঠীর একটা বিশাল অংশ বেকার বা কর্মহীন। তদুপরি বিভিন্ন প্রকার শ্রমক্ষেত্রে ছদ্ম ও মৌসুমী বেকারত্ব বিরাজমান থাকায় সার্বিকভাবে এদেশে বেকারত্ব সংকট অনেক তীব্র। এছাড়া দ্রুত জনসংখ্যা বৃদ্ধি, কৃষির উপর অত্যধিক নির্ভরশীলতা, সর্বক্ষেত্রে ব্যাপক দুর্নীতি ও অপচয়, বাৎসরিক উন্নয়ন কর্মসূচির স্বল্পতা ইত্যাদি কারণে এদেশের আর্থ-সামাজিক উন্নয়নকে দ্রুততর করা সম্ভব হয় না।

শৈশবকাল মানব জীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ। এ সময় শিশুরা শিক্ষা-দীক্ষায় সুস্থ সুন্দর জীবন গড়ে তুলবে, দক্ষ, যোগ্য ও সম্ভাবনাময় নাগরিক হিসেবে জাতীয় উন্নয়নে শরীক হবে- এটাই প্রত্যাশা করা হয়। কিন্তু বাংলাদেশের আর্থ-সামাজিক বাস্তবতায় ব্যাপক সংখ্যক শিশু জীবন গড়ার এ সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। এদেশে মোট জনসংখ্যার প্রায় অর্ধাংশ শিশু এবং এদের মধ্যে দরিদ্র, দুঃস্থ, অসহায়, সুবিধাবঞ্চিত, ছিন্নমূল ও পথশিশুদের সংখ্যা সর্বাধিক হওয়া সত্ত্বেও এসব শিশুর জন্যে সরকারি ও বেসরকারি পর্যায়ে অপর্যাপ্ত কর্মসূচির কারণে সকল শিশুর কল্যাণ নিশ্চিত করা সম্ভব হয় না। এদেশের বিভিন্ন স্থানে চালুকৃত এতিমখানাগুলো মাত্র ৫ শতাংশ শিশুদেরকে দেখাশোনা করতে পারে।[৩০] পাশাপাশি অন্যান্য কিছু কর্মসূচি দ্বারা এতিম, দুঃস্থ, ছিন্নমূল ও সুবিধাবঞ্চিত শিশুদের সামান্য অংশকে সেবা প্রদান করা সম্ভব হয়। অধিকাংশ শিশু কোন প্রকার সরকারি ও বেসরকারি সেবা গ্রহণ করতে পারে না। দারিদ্র্যের তাড়নায় এসকল শিশুর অধিকাংশই মৌলিক চাহিদা পূরণের সুযোগ থেকে বঞ্চিত হয়। সুবিধাবঞ্চিত এসব শিশুদের একটা বিরাট অংশ জীবনধারণের তাগিদে বা স্বচ্ছল জীবনযাপনের প্রত্যাশায় শিশুশ্রমের মতো চরম বাস্তবতাকে স্বীকার করে নিয়ে থাকে। যে বয়সে অন্যান্য সমবয়সী শিশুরা বিদ্যাশিক্ষা, খেলাধূলা ও চিত্তবিনোদনের মতো গঠনমূলক কার্যক্রমে অংশগ্রহণ করে থাকে, সে বয়সে দরিদ্র, অনাথ ও সুবিধাবঞ্চিত শিশুরা দুবেলা দুমুঠো খেয়ে-পড়ে বাঁচার আশায় কর্মসংস্থানের সন্ধানে পথ-ঘাট, মাঠে-প্রান্তরে ছুটে বেড়ায়। কিন্তু এদেশে পর্যাপ্ত কর্মসংস্থান বিশেষ করে শিশুদের জন্যে পর্যাপ্ত সুযোগ-সুবিধার অভাব হেতু এসব শিশু হাতুড়ি, কোদাল, মেশিনের মতো যান্ত্রিক বিশ্বের অমানুষিক শ্রমের সাথে নিজেদের আষ্টে-পৃষ্টে বেঁধে রাখে। এ শ্রম যেন তাদের জীবনে নির্মম বাস্তবতা। এভাবে জীবনে ফুল মুকুলিত হবার আগেই কোমলমতি শিশুদের ভবিষ্যৎ জীবনী শক্তি শিশুশ্রমের নির্মম শোষণে ক্রমশ নিঃশেষ হয়ে যায়।

বাংলাদেশে শিশুশ্রম কৌতুকের কোন বিষয় নয়; বৈধতা প্রদান বা সমর্থন করার মতো এজেন্ডা নয়; এদেশেরই প্রতিকূল আর্থ-সামাজিক, ভৌগোলিক অবস্থার বাস্তব প্রতিচ্ছবি মাত্র। যেখানে এদেশের মোট জনগোষ্ঠীর অর্ধাংশেরও বেশি দারিদ্র্য সীমার নিচে বাস করে, সেখানে দেশের ও পরিবারের প্রতিকূল আর্থ-সামাজিক অবস্থায় টিকে থাকার জন্যে শিশুরা শ্রমের মতো নিষ্ঠুর বাস্তবতাকে বেছে নিয়ে থাকে। এর ফলে সর্বপ্রকার শ্রমক্ষেত্রে শিশুদের উপস্থিতি ক্রমশ বাড়ছে। এদেশের কৃষি, শিল্প, বাণিজ্য, পরিবহন থেকে শুরু করে আর্থ-সামাজিক জীবনের প্রায় সকল স্তরে শিশুশ্রমের ব্যাপক উপস্থিতি প্রত্যক্ষ করে বর্তমান শিশুসমাজের অনিশ্চিত ভবিষ্যতের আশংকায় শংকিত হতে হয়। এ শ্রম তাদের জীবনের সাথে কখনোই মানানসই হয় না। তারপরেও আর্থ-সামাজিক জীবনে একটু স্বচ্ছলতার আশায় তারা এই নির্মম বাস্তবতাকে আলিঙ্গন করে থাকে। শিক্ষা-দীক্ষায়, মেধা-মননে নিজেদেরকে বিকশিত করার সম্ভাবনাটুকু অকাতরে বিসর্জন দিয়ে শরীরের সাথে প্রায় অসহনীয় শ্রমের বিনিময়ে অর্জিত আয়কে তারা হাসিমুখে স্বাগত জানায়। অনেক ক্ষেত্রে শিশুদের এই কাজই হয়ে থাকে তার পরিবারের বাঁচার একমাত্র অবলম্বন। যদিও এ শ্রমে নিয়োজিত হওয়া শিশুর ভবিষ্যৎ জীবনের জন্যে হয়ে উঠে অভিশাপ, তবুও পরিবারের জন্যে তা হচ্ছে জীবনকে বাঁচিয়ে রাখার মতো একটু পাথেয়স্বরূপ। এদের কর্মক্ষেত্রগুলো কখনো স্থায়ী হয় না। কর্মসংস্থানের আশায় এরা কখনো গ্রাম থেকে শহরে আসে। আবার কখনো গ্রামে থেকেই কঠোর পরিশ্রম করে থাকে। বিদ্যাশিক্ষা, চিত্তবিনোদন, খেলাধূলা, সুষ্ঠু সামাজিকীকরণ এসব শিশুর ভাগ্যে জুটে না। ছন্নছাড়া জীবনে এরা কখনো কখনো মাদকাসক্তি, সন্ত্রাস, ছিনতাই, চুরি, ডাকাতি, চাঁদাবাজির মতো সামাজিক ব্যধিতে আক্রান্ত হয়ে পড়ে। এর ফলেও সামাজিক সমস্যা দিনে দিনে বাড়ছে বৈ কমছে না।

এদেশে দরিদ্র, দুঃস্থ, অসহায়, ছিন্নমূল ও পথশিশুদের শিক্ষা ও পুনর্বাসনে সরকারি ও বেসরকারি উদ্যোগ পর্যাপ্ত না হওয়ায় সকল শিশুকে উভয় প্রকার কার্যক্রমের আওতায় এনে শ্রম-বিমুখ করা সম্ভব হচ্ছে না। এদেশে এমন অনেক পরিবার আছে যাদের আয়ের একমাত্র উৎস হচ্ছে শিশু। যদি এসব শিশুকে সরকারি ও বেসরকারি কার্যক্রমের আওতাভুক্ত করা হয়, তাহলে পারিবারিক অঙ্গনে তাদের শ্রম অনুপস্থিতির কারণে আয়ের পথ সংকুচিত হয়ে এ পরিবারগুলো ক্রমশ অস্বচ্ছল হয়ে পড়বে। ফলে দরিদ্র পরিবারগুলো জীবনযাপনের প্রয়োজনীয় চাহিদাগুলো ঠিকমত পূরণ করতে পারছে না। এতে করে এ পরিবারগুলো দরিদ্র অবস্থা থেকে দরিদ্রতর অবস্থার দিকে ধাবিত হচ্ছে। এভাবে পারিবারিক দারিদ্র্য ও অস্বচ্ছলতা শিশুদেরকে আবার শিশুশ্রমের দিকে ঠেলে দিচ্ছে। এমতাবস্থায় দারিদ্র্য বিমোচন ব্যতীত এদেশে শিশুশ্রম কতটা হ্রাস করা সম্ভব হবে তা প্রশ্ন সাপেক্ষ ব্যাপার। আবার শিশুশ্রম বন্ধ করা হলে এদেশের কৃষি, ওয়ার্কশপ গার্মেন্টস-এর মতো রপ্তানীমুখী শিল্প কারখানাগুলোতে শ্রমের সংকট দেখা দিচ্ছে কিংবা সেগুলো অচল হয়ে যাওয়ার উপক্রম হচ্ছে। অন্যদিকে আয়ের পথ সংকুচিত হবার ফলে দুঃস্থ ও অসহায় শিশুদের পরিবার অর্থনৈতিকভাবে বিপন্ন হয়ে পড়ছে যা ক্রমান্বয়ে আরো সমস্যার সৃষ্টি করছে। সুতরাং একথা বলা যেতে পারে যে, বাংলাদেশে দারিদ্র্য, শিশুশ্রম, স্বল্প আয়, স্বল্প

চাহিদাপূরণ, পারিবারিক অস্বচ্ছলতা পরস্পর সম্পর্কযুক্ত প্রত্যয়। এই আন্তঃসম্পর্কিত প্রত্যয়গুলোকে শিশুশ্রম দুষ্টচক্র (Vicious circle of child labour) এর মাধ্যমে বিশ্লেষণ করা যেতে পারে।




উল্লিখিত চক্রটি বিশ্লেষণ করলে দেখা যায়, দারিদ্র্যের কারণে এদেশের অধিকাংশ শিশু শ্রমে নিয়োজিত। অপরিণত বয়সে শিশুদের শ্রমমূল্য সাধারণত কম হওয়ায় আয়ের পরিমাণও কম হয়। এই অল্প আয় দিয়ে শিশুর পক্ষে পরিবারের সকল চাহিদা পূরণ করা সম্ভব হয় না। তবে শিশুর এ সাহায্য পরিবারের জন্যে গুরুত্বপূর্ণ অবদান হিসেবে বিবেচনা করা হয়। শিশুর এ স্বল্প আয়ে পরিবারের চাহিদা পূরণ না হওয়ায় এসব পরিবার থেকে অস্বচ্ছলতা দূরীভূত হয় না, যা আবার দারিদ্র্য ও শিশুশ্রম বিস্তারে সহায়তা করে থাকে। পক্ষান্তরে, শিশুশ্রম বিলোপ সাধন করা হলে এসব শিশুর পরিবারে উপার্জনশীল ব্যক্তির অভাব হেতু মোট আয় কমে যায়। আবার আয়ের পরিমাণ কম হওয়ায় ব্যয়ের পরিমাণও কমে যায়। ফলে স্বল্প ব্যয় দ্বারা পরিবারের সকল চাহিদা পূরণ না হওয়ায় এসব পরিবারের আর্থ-সামাজিক অস্বচ্ছলতা আরো বেড়ে যায়। এতে করে দরিদ্র পরিবারগুলোতে ভারসাম্যহীনতা দেখা দেয়ায় দারিদ্র্য দূরীভূত হয় না। আবার শ্রমবহির্ভূত শিশুরা কাজ না পেয়ে জীবিকার প্রয়োজনে নানা প্রকার অপকর্মে জড়িয়ে পড়ে যা আবার সামাজিক সমস্যা সৃষ্টিতে সহায়তা করে থাকে। তাই দেখা যায়, শিশুশ্রম এদেশে একটি কঠিন বাস্তবতা

হিসেবে দেখা দিয়েছে এবং দারিদ্র্য, স্বল্প আয়, স্বল্প ব্যয়, স্বল্প চাহিদাপূরণ, পারিবারিক অস্বচ্ছলতা প্রত্যয়গুলো শিশুশ্রমের সাথে চক্রাকারে আবর্তিত হচ্ছে। ফলে, এদেশে শিশুশ্রম ক্রমবর্ধমান হারে বৃদ্ধি পাচ্ছে। এদেশেরই প্রতিকূল আর্থ-সামাজিক অবস্থায় একে সহসা নির্মূল করা সম্ভব হচ্ছে না। তবে এ কথা বলার অপেক্ষা রাখে না যে, একটা স্বাধীন ও সার্বভৌম জাতি হিসেবে টিকে থাকতে হলে আমাদের ভবিষ্যত প্রজন্ম- শিশুদেরকে অবশ্যই শিশুশ্রমের বিষাক্ত ছোবল থেকে মুক্ত করা প্রয়োজন। এজন্যে দেশের ব্যাপক দারিদ্র্য দূরীকরণ এবং দরিদ্র, এতিম, দুঃস্থ, অসহায়, সুবিধাবঞ্চিত ও পথশিশুদের জন্যে সরকারি ও বেসরকারি উদ্‌যোগে সুনির্দিষ্ট নীতি ও পরিকল্পনা প্রণয়ন ব্যাপক ও বহুমুখী কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করা আবশ্যক। আর তাহলেই এদেশ থেকে শিশুশ্রমের মতো নির্মম বাস্তবতাকে মুছে দেয়া সম্ভব হবে এবং সকল শিশুর সমন্বয়ে উন্নত, দক্ষ ও যোগ্য ভবিষ্যত জাতি গড়ে উঠবে যা জাতি-ধর্ম নির্বিশেষে সকলের প্রত্যাশা।

## তথ্য নির্দেশিকা


১. Mostafa Hasan & Amina Pervin, Situation of child labour in Sylhet Town, NBCT, Sylhet-1998, p 15

২. বিশ্ব শিশু পরিস্থিতি, ইউনিসেফ, ২০০১, পৃঃ ২৪

৩. বিশ্ব শিশু পরিস্থিতি, ১৯৯৭, ইউনিসেফ, পৃঃ ৪

৪. M. Abu Taber, "Child Labour in Bangladesh" Social Science Review, University of Dhaka, Vol-IX, December 1992, p 121

৫. M.A Halim, Social Work Legislation in Bangladesh, Dhaka. p 49

৬. বিশ্ব শিশু পরিস্থিতি, ১৯৯৭, ইউনিসেফ, পৃঃ ৫

৭. জাতিসংঘ সংবাদ, মাসিক বুলেটিন, ৫ম বর্ষ, ৮ম সংখ্যা, ইউনিক, ঢাকা, ১৯৯৩, পৃঃ ৪

৮. বিশ্ব শিশু পরিস্থিতি, ১৯৯৭, ইউনিসেফ, পৃঃ ৮

৯. পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (১৯৯৭-২০০২) পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা, ১৯৯৭, পৃঃ ১২

১০. Mostafa Hasan & Amina Pervin. Situation of child labour in Sylhet Town, NBCT, Sylhet-1998, p 15

১১. সৈয়দ শওকতুজ্জামান, সমাজকল্যাণ সমীক্ষণ, ৩য় খন্ড, রোহেল পাবলিকেশন্স, ঢাকা, ২০০০, পৃষ্ঠা-৩৩০।

১২. Statistical pocket Book 2000, BBS, Planning Commission, Ministry of Planning, Dhaka, p 16l.

১৩. মোঃ আব্দুল আলীম, সাধারণ জ্ঞান ও আন্তর্জাতিক ও বাংলাদেশ প্রসংগ, প্রফেসরস প্রকাশনী, ঢাকা ১৯৯৯, পৃঃ-২৩৭।

১৪. Statistical Year Book of Bangladesh 2000, 21st Edition, Bureau of Statistics, Planning Division, Minisny of Planning, June 2002, Dhaka, p 53, 68

১৫. Dr. Wahidur Rahman, "Situation of Child labour in Bangladesh: A Rapid Assessment" ILO Incollaboration with UNICEF, Dhaka, 1997, p 13-23

১৬. বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০০২, অর্থবিভাগ, অর্থমন্ত্রণালয়, ঢাকা, পৃষ্ঠা-৬২

১৭. প্রাগুক্ত, পৃষ্ঠা-৯৭

১৮. Dynamic of rural poverty in Bangladesh, April 1996, BIDS, Dhaka, p 61

১৯. মোঃ জহিরুল ইসলাম শিকদার, কৃষি অর্থনীতি, কনফিডেন্স পাবলিশার্স, ঢাকা ১৯৯৫, পৃঃ ৪৭৯

২০. বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০০২, প্রাগুক্ত, পৃষ্ঠা - ১৩

২১. The Fifth Five Year Plan (1997-2002), Planning Commission, Ministry of Planning, June 1997, Dhaka, p iii-12

২২. The Fifth Five Year Plan (1997-2002), Planning Commission, Ministry of Planning, June 1997, Dhaka, p xxiv-7-23

২৩. মাহবুব-উল-হক, দক্ষিণ এশিয়ার মানব উন্নয়ন, ইউপিএল, ঢাকা, পৃষ্ঠা - ৪০

২৪. The Fifth Five Year Plan (1997-2002), Planning Commission, Ministry of Planning, June 1997, Dhaka, p i-20-21

২৫. তেঁরেশ ব্লুশে, বাংলাদেশে শিশু অধিকার ঃ হারানো শৈশব ও তার ইতিকথা, ইউ পি এল, ১৯৯৬, ঢাকা, পৃষ্ঠা-২৬৭

২৬. Basic Education For Hard Working Children Manual. People's Republic of Bangladesh, p 11

২৭. স্মরণিকা ১৯৯৯, সমাজসেবা অধিদপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা, ১৯৯৯, পৃঃ ২২, ৪৭-৫৪
২৮. মাসিক প্রতিবেদন, সমাজসেবা অধিদপ্তর, সিলেট, ২০০১, পৃঃ ৩৯
২৯. সমাজসেবা স্মরণিকা ১৯৯৯, সমাজসেবা অধিদপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা, ১৯৯৯, পৃঃ ৪৭-৫৪
৩০. বাংলাদেশ অর্থনৈতিক জরিপ, ১৯৯২-৯৩, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা
৩১. The year 2000 Assessment Report, primaly and Mass Educaton Centre, Dhaka, 2001, p 57
৩২. Creating Miracles For The Working Children, UCEP, Dhaka, 2001, p 21-33
৩৩. বাৎসরিক প্রতিবেদন ২০০০, বাংলাদেশ শিশু অধিকার ফোরাম, ঢাকা, পৃঃ ১
৩৪. বার্ষিক প্রতিবেদন ২০০০, অপরাজেয় বাংলাদেশ, ঢাকা, ২০০০, পৃঃ ১-৩৬
৩৫. প্রতিবেদন ২০০০, কৈশোর বাংলাদেশ, এন বি সি টি, সিলেট, পৃঃ ২-৬
৩৬. Report 1999, BRAC, Dhaka, 2000, p 1-45
৩৭. সমাজসেবা স্মরণিকা ১৯৯৯, সমাজসেবা অধিদপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা, পৃঃ ৬৮-৭১
৩৮. সমাজসেবা স্মরণিকা ১৯৯৯, সমাজসেবা অধিদপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা, ১৯৯৯
৩৯. বিশ্ব শিশু পরিস্থিতি, ১৯৯৮, ইউনিসেফ, পৃঃ ৪৫
৪০. সৈয়দ শওকতুজ্জামান, সমাজকল্যাণ সমীক্ষণ, ৩য় খণ্ড, রোহেল পাবলিকেশন্স, ঢাকা, পৃষ্ঠা-৬৭২।
৪১. Human Development Report 1997, Oxoford University press, UNDP, p 87
৪২. Ibid, p 87
৪৩. স্মরণিকা ১৯৯৯, সমাজসেবা অধিদপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা, ১৯৯৯, পৃঃ ৪৮
৪৪. স্মরণিকা ১৯৯৯, প্রাগুক্ত, পৃঃ ৪৮-৪৯
৪৫. সৈয়দ শওকতুজ্জামান, প্রাগুক্ত, পৃঃ ৭০৩
৪৬. বার্ষিক প্রতিবেদন ২০০১, সেভ দ্যা চিলড্রেন, ঢাকা।
৪৭. বার্ষিক প্রতিবেদন ২০০১, ওয়ার্ল্ড ভিশন, ঢাকা।

ISSN-1605-2021

লোক-প্রশাসন সাময়িকী
পঞ্চবিংশতিতম সংখ্যা
ডিসেম্বর ২০০২ / অগ্রহায়ণ ১৪০৯

# বিজ্ঞাপনে প্রতারণা ও নৈতিকতা প্রসঙ্গ : পরিপ্রেক্ষিত বাংলাদেশ

**এ.এস.এম. আনোয়ারুল্লাহ ভূঁইয়া***

**Abstract :** *Advertising began in early times when most people could not read or write. After 2nd World War advertising has been marked as a means of marketing competition. Nowadays advertising has hecomc inseparable part of marketing system and it bas been known as a nonpersonal communication of information. As a marketing tool, it serves manifold functions like: identify products, communicate information about the product, stimulate consumers, build brand preferences and increase product's value among the customers. But in the competitive market system advertisement has become peculiar deceiving and unfair instrument. Most of the rational people always assumed that deceptive advertisement is ethically objectionable. The present article explained the nature and objective of advertisement, how advertisement relates to morality and how we should interpret the deception in advertising and clarified as to why deceptive advertising is ethically wrong. The article discussed the unethical practices of manipulation and coercion in advertisement and analyzed the scenario of Bangladesh regarding deceptive advertising. The analysis of this article will provide a competent ground for the consideration and measurement of deception in advertising.*

## ভূমিকা

আমরা লক্ষ্য করি দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর বিশ্বে রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক সমস্যার অভিঘাতে উদ্ভূত হয়েছে নানামুখী সংকট। এ সময়ে সামাজিক জীবনে প্রকটভাবে লক্ষিত হচ্ছে - অসমতা, অন্যায়, সামাজিক বিশৃঙ্খলা, নৈরাজ্য এবং ব্যক্তি দুর্বৃত্তায়নের পাশাপাশি রাষ্ট্রীয় দুর্বৃত্তায়ন। যান্ত্রিক সভ্যতার উন্নয়ন, মানুষের জীবনবোধে বিদ্যমান অমানবিকতা

---

* সহকারী অধ্যাপক, দর্শন বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা

এবং নীতিবোধ তথা বিবেকবোধ বিবর্জিত কর্মকাণ্ড ব্যাপকহারে বিস্তৃতি লাভ করেছে। সামাজিক সঙ্কটের এই দিকগুলো মূলতঃ নৈতিক সঙ্কটের বহির্প্রকাশ। এই নৈতিক সঙ্কটসমূহ সমাধানের লক্ষ্যে বিংশ শতাব্দীর ষাটের দশকে নীতিবিদ্যার আদর্শভিত্তিক আলোচনা ও বিশ্লেষণী ধরনকে আরো ব্যাপক পরিসরে নিয়ে যাবার জন্য এর মানদণ্ডসমূহ আমাদের ব্যবহারিক বা প্রায়োগিক জীবনে কাজে লাগানোর চেষ্টা করা হয়। এ প্রচেষ্টা থেকেই ব্যবহারিক নীতিবিদ্যার (practical ethics) উদ্ভব ঘটে। বার্নাড গাড (১৯৮২:৫০-৫৫, ১৯৮৪), এন্ড্রু আল্টম্যান (১৯৮৩:২৫৫-২৩৮), কে. ডানার ক্লুজার (১৯৮০), ম্যাকইন্টার (১৯৮৪) প্রমুখ দার্শনিক উপলব্ধি করেছিলেন জ্ঞানের দিগন্ত প্রসারের সঙ্গে সঙ্গে নৈতিক সমস্যা বৃদ্ধি পাচ্ছে এবং এসব সমস্যা সমাধান করতে সনাতন নীতিবিদ্যা অনেক ক্ষেত্রেই ব্যর্থ হয়েছে। এজন্য প্রয়োজন হয়ে পড়েছে ব্যবহারিক জীবনে নৈতিকতার অনুশীলন (Hayry:1994:147)। বর্তমান প্রবন্ধে ব্যবহারিক নীতিবিদ্যার দৃষ্টিভঙ্গির আলোকে ব্যবসায় বিজ্ঞাপনে প্রতারণার নৈতিক দিক নিয়ে আলোচনা করা হবে। বিষয়টিকে সহজবোধ্য করার জন্যে প্রথমে ব্যবসায় বিজ্ঞাপনের স্বরূপ ও এর ভূমিকা কি তা ব্যাখ্যা করার প্রয়াস, দ্বিতীয় পর্যায়ে বিজ্ঞাপন কিভাবে নৈতিকতার সঙ্গে সংশ্লিষ্ট তা আলোচনা প্রসঙ্গে বিজ্ঞাপনে প্রতারণার আশ্রয় নৈতিকতাকে কিভাবে ব্যহত করে তা পর্যালোচনা এবং বাংলাদেশের প্রেক্ষাপটে এর একটি চালচিত্র তুলে ধরার চেষ্টা করা হবে।

## এক

### বিজ্ঞাপন কি?

প্রতিযোগিতামূলক বাজারে দ্রব্যের অধিক বিক্রয় নিশ্চিত করার জন্য কোন পণ্য বা সেবার প্রতি জনসাধারণের দৃষ্টিকে আকৃষ্ট করানোর প্রচেষ্টা এবং পণ্যের সেবা ও এর গুণগত দিক সম্পর্কে গ্রাহকদের অবগত করানোর মাধ্যমে প্ররোচিত করাই বিজ্ঞাপন। আমেরিকান মার্কেটিং এসোসিয়েশন বিজ্ঞাপনকে এভাবে সজ্ঞায়িত করেছে : বিজ্ঞাপন হল যে কোন উদ্যোক্তা কর্তৃক পণ্যসামগ্রীর নৈর্ব্যক্তিক উপস্থাপনা, পণ্যের গুণগত মান, সেবার প্রতুলতা ইত্যাদি উল্লেখ করার মাধ্যমে ক্রেতাকে আকৃষ্ট করানো (Report:1948)। ডোনাল্ড ডেভিস বিজ্ঞাপনকে 'পণ্য সনাক্তকরণ এবং প্ররোচিত' করার একটি কৌশল হিসাবে উল্লেখ করেন (Donald:1984:4)। উল্লিখিত সংজ্ঞা থেকে বুঝা যাচ্ছে ব্যবসার ক্ষেত্রে বিজ্ঞাপন এমন একটি পদ্ধতি যার সাহায্যে কোন প্রতিষ্ঠান কর্তৃক প্রস্তুতকৃত দ্রব্য, দ্রব্য সম্পর্কিত ধারণা, সে সব দ্রব্যের লাভজনক দিক ভোক্তাকে সম্পৃক্ত করতে সহায়তা করে এবং দ্রব্য সম্পর্কে তথ্য প্রদানের পাশাপাশি সেই দ্রব্য ক্রয়ে ভোক্তাকে প্ররোচিত করে থাকে। এভাবে বিজ্ঞাপন মূলতঃ সেবার দিকটি নিশ্চিত করে থাকে। তাছাড়া, বিজ্ঞাপন পণ্যের চাহিদা ও বাজার সৃষ্টির মাধ্যমে বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি করে থাকে। বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি করা তথা উৎপাদিত পণ্যের চাহিদাকে স্থিতিশীল করাই বিজ্ঞাপনের লক্ষ্য বা উদ্দেশ্য। বিজ্ঞাপন দ্বারা পণ্য সম্পর্কে ক্রেতা সাধারণের মনে অনুকূল মানসিকতা সৃষ্টি করা হয়, যার ফলে বিক্রয়কর্মী স্বল্প সময়ে স্বল্প চেষ্টায় অধিক সংখ্যক ক্রেতা সৃষ্টি করতে পারেন। এ হিসেবে

বিজ্ঞাপন হলো "To assist salesman"। বিজ্ঞাপনের আরেকটি লক্ষ্য হল উৎপাদন ও বিক্রয়ের মধ্যে সামঞ্জস্য বিধান করা। সর্বোপরি বিজ্ঞাপনের লক্ষ্য বা উদ্দেশ্য প্রসঙ্গে এলড্রিজ যা বলেন সংক্ষেপে তা নিম্নরূপ:

ক. ভোক্তার কাছে পণ্যের যে গুণগত দিকটি গুরুত্বপূর্ণ তা স্পষ্ট করা সাপেক্ষে পণ্যটি ক্রয় করাতে বাধ্য করানো।

খ. তুলনামূলক বাজারে পণ্যটি কেন উৎকৃষ্ট সে সম্পর্কে ভোক্তার বিশ্বাস পরিবর্তনে সহায়তা করানো।

গ. অগণিত বিকল্প পণ্যের সঙ্গে পাল্লা দিয়ে বিজ্ঞাপনের মাধ্যমে যে কোন প্রতিষ্ঠানকে তার নিজের অবস্থানকে সুসংহত ও সুদৃঢ় করতে সহায়তা করানো (Eldrige:1958:241)

বিজ্ঞাপনের প্রধান কাজই হচ্ছে দ্রব্যাদির অত্যধিক বিক্রয়কে নিশ্চিত করে তোলা। দ্রব্যের প্রাপ্তব্যতা সম্পর্কে ক্রেতা সকলকে অবহিত করা। বস্তুত ঐ অববিহতকরণের মাধ্যমে প্রস্তুতকারক পণ্যসামগ্রী বিক্রয় করার জন্য জনগণকে প্রভাবিত করতে চান। সুতরাং বিজ্ঞাপনের মাধ্যমে দুটি লক্ষ্য অর্জিত হয় : ১. পণ্য সম্পর্কিত তথ্যাদি প্রদান, ২. পণ্যসামগ্রী যেন ক্রেতারা ক্রয় করে সেজন্য প্ররোচিত করা। এক্ষেত্রে প্রস্তুতকারকের বাড়তি কিছু বিষয়ের প্রতি গুরুত্ব দিতে হয় : (ক) পণ্যের সঙ্গে জনগণের আশা আকাঙ্ক্ষা বিবেচনায় রাখা এবং (খ) গণমানসিকতা যাচাই করে পণ্যের ব্রান্ড নির্ধারণ করা।

বিজ্ঞাপনের কারণেই ভোক্তা আরো কিছু সাধারণমানের সেবা পেয়ে থাকেন, যেমন, বিনামূল্যে লটারী কূপন, মূল্যহ্রাস, বিশেষ উপহার ইত্যাদি। বিজ্ঞাপন পরোক্ষভাবে কিংবা প্রত্যক্ষভাবে আরো কয়েকটি লক্ষ্য অর্জনে ভূমিকা রেখে থাকে যেমন, (১) বিজ্ঞাপন দ্বারা মানুষকে নতুন নতুন পণ্য সম্পর্কে অবহিত করা হয়, ফলে ক্রেতা সাধারণ বিভিন্ন পণ্যের মধ্যে গুণগত তুলনা করে অপেক্ষাকৃত ভাল পণ্যের উপযোগিতা পেয়ে থাকে, (২) বিজ্ঞাপন দ্বারা পণ্য সম্পর্কে ক্রেতা অবহিত হচ্ছেন ফলে, শিল্পায়ন ত্বরান্বিত হচ্ছে এবং নতুন নতুন কর্মসংস্থানে সৃষ্টি হচ্ছে, (৩) বিজ্ঞাপন দ্বারা বিভিন্ন ধরনের তথ্য প্রদানের মাধ্যমে গোটা সমাজকে বিভিন্নভাবে সচেতন করে তোলা সম্ভব হচ্ছে, যেমন, ধূমপানের ক্ষতিকর দিক, মাদকাসক্তির অশুভ পরিণতি, এইচআইভি ভাইরাস সংক্রমণ, এসিড নিক্ষেপ করে প্রতিশোধ নেওয়া, নারী নির্যাতন, অসামাজিক কার্যক্রম থেকে বিরত থাকা, মাদকাসক্তির খারাপ দিক প্রসঙ্গে সাবধানতা এবং পরিবেশ সম্পর্কিত সচেতনতা বৃদ্ধি ইত্যাদি বিষয়াদি বিজ্ঞাপনের মাধ্যমে প্রচার করে জনগণকে সচেতন করে তোলা সম্ভব হচ্ছে। এগুলো হল বিজ্ঞাপনের সামাজিক লক্ষ্য, আর অর্থনৈতিক লক্ষ্য হল পণ্য প্রস্তুতকারীর মুনাফা লাভের পাশাপাশি ভোক্তাকে সহজ ও অনায়াসে পণ্যের সেবা পৌঁছে দিতে সহায়তা করা। সংক্ষেপে -এর লক্ষ্য ও উদ্দেশ্যকে নিম্নের চিত্রে দেখানো যেতে পারে :




চিত্র : ১

## আলোচনার যৌক্তিকতা

অনেক সময় লক্ষ্য করা যায় ট্রেডার্স পণ্য সম্পর্কে ভোক্তাকে তথ্য প্রদান করার জন্য বিজ্ঞাপনে অতিরিক্ত ব্যয় করে থাকেন। আর বিজ্ঞাপনের এই অতিরিক্ত ব্যয় পণ্যের মূল্য নির্ধারণের মাধ্যমে গড়পরতা হয়। এতে করে ক্রেতা সাধারণের জীবনযাত্রার মান আয়-সঙ্গতির তুলনায় প্রতিকূল হয়ে দাঁড়ায়। তাছাড়া, বিজ্ঞাপনকে কিভাবে আকর্ষণীয় করা যায় সে লক্ষ্যে বিজ্ঞাপনে অনেক সময় এমন সব উদ্ভট, হাস্যকর প্রচলিত মূল্যবোধ তথা সাংস্কৃতিক ঐতিহ্যবিরোধী বিষয় উপস্থাপন করা হয় যা অনেক ক্ষেত্রে সামাজিক অবক্ষয়ের কারণ হয়ে দাঁড়িয়েছে। বিজ্ঞাপন অনেক সময় পণ্য সম্পর্কে অতিরিক্ত গুণাগুনের কথা বলা হয়, যা দ্বারা ভোক্তা প্রতারিত হয়ে থাকেন। শুধু তাই নয় বিজ্ঞাপন দ্বারা বাজারে পণ্যের একচেটিয়াত্বের সৃষ্টি করা হয়। অর্থাৎ বৃহৎ প্রতিষ্ঠানগুলো বিজ্ঞাপনের ভেল্কিবাজীর মাধ্যমে ভোক্তার মধ্যে পণ্য সম্পর্কে দৃঢ়তার সৃষ্টি করে, এটিকেই পরবর্তী সময়ে অস্ত্র হিসাবে ব্যবহার করে পণ্যের দাম ইচ্ছামত বৃদ্ধি করা হয়ে থাকে। সর্বোপরি বিজ্ঞাপন প্রায় সময়ই পণ্য সম্পর্কে যে সব তথ্য প্রদান করে তা মিথ্যাকে সত্য বলে প্রচার করে এবং পণ্য সম্পর্কে জনসাধারণকে বিভ্রান্ত করে থাকে। এমনকি ভোক্তার মধ্যে অতিরিক্ত চাহিদা সৃষ্টি করে সামর্থ্যের বাইরে ক্রয় করতে উদ্বুদ্ধ করে থাকে যা ভোক্তাকে অসৎ পন্থায় অধিকতর উপার্জন করতে বাধ্য করে। বিজ্ঞাপন দ্বারা পণ্যের এ রকম অতি ভোগকরণ সামাজিক বিশৃঙ্খলা সৃষ্টির জন্যও দায়ী বলা যেতে পারে। এজন্য বিজ্ঞাপনের সংশ্লিষ্ট সমস্যাসমূহ নৈতিক দৃষ্টিকোণ থেকে পর্যালোচনা করার প্রয়োজন রয়েছে।

## বিজ্ঞাপন ও নৈতিকতা

প্রতিযোগিতামূলক মুক্ত-বাজার ব্যবস্থায় উৎপাদনকারী তখনই ফলপ্রসূ হতে পারে যখন তিনি উৎপাদিত পণ্যসামগ্রী অধিকসংখ্যক মানুষের কাছে পৌঁছে দিতে পারেন। আর এজন্য তিনি বিজ্ঞাপনের আশ্রয় নিয়ে থাকেন। কিন্তু বিজ্ঞাপন দ্বারা যদি প্রস্তুতকারক ভোক্তাকে প্রতারিত করেন তবেই নৈতিকতার প্রশ্নটি চলে আসে। কোন একটি বিজ্ঞাপন নানাভাবে অনৈতিক হতে পারে, তন্মধ্যে দুটি উল্লেখযোগ্য কারণ হল : ১. বিজ্ঞাপন দ্বারা যদি ভোক্তাকে প্রতারিত (মিথ্যা তথ্য পরিবেশন করে, পণ্যের তুলনামূলক ও গুণগত মান প্রশ্ন সাপেক্ষ হলে) করা হয় এবং ২. বিজ্ঞাপনের অপব্যবহার যদি ভোক্তার মধ্যে প্ররোচনার সৃষ্টি করে। এ দুটি কারণে বিজ্ঞাপন নিয়ে নৈতিক সমস্যার উদ্ভব হতে পারে। তবে একথাই স্পষ্ট যে, বিজ্ঞাপনের ক্ষেত্রে অনৈতিকতার প্রশ্নটি প্রতারণার সঙ্গে ওতোপ্রোতভাবে জড়িত। এজন্য বিজ্ঞাপনে নৈতিকতার বিষয়টি স্পষ্ট করার জন্য প্রতারণার ধারণাটি ব্যাখ্যা করা প্রয়োজন।

## বিজ্ঞাপনে প্রতারণা

প্রাত্যহিক জীবনে আমরা 'প্রতারণা' শব্দটি ব্যবহার করে থাকি। অনেক সময় 'মিথ্যাচারিতা'কেও 'প্রতারণা'র সঙ্গে অভিন্ন করে দেখা হয়ে থাকে। কিন্তু তত্ত্বগতভাবে 'মিথ্যাচারিতা' 'প্রতারণা'র মধ্যে বিস্তর পাথর্ক্য রয়েছে। একজন মিথ্যাবাদী মৌখিকভাবে, লিখিতভাবে অথবা ভাষা প্রয়োগের অন্য যে কোন ধরনে মিথ্যা বাক্যের সঙ্গে জড়িত থাকতে পারে কিন্তু তাই বলে তিনি প্রতারক না-ও হতে পারেন। আবার প্রতারণাও মিথ্যাচারিতার সঙ্গে সংশ্লিষ্ট না-ও থাকতে পারে। যেমন, জুয়া খেলায় জুয়াড়ী অন্য কোন ব্যক্তিকে চাল দেবার জন্য প্ররোচিত করতে পারে এই বলে যে, 'তোমার হাত চালের জন্য খুবই ভাল হবে- সুতরাং তুমি জুয়ায় জয়ী হবে' - এ বাক্যটি ঐ ব্যক্তিকে প্রতারণা করার জন্য তার চিন্তাকে প্রভাবিত করলেও এটি সত্য বা মিথ্যা বাক্যের কোনটিই নয়। তাই বলে সকল সময় প্রতারণার সঙ্গে মিথ্যাচারিতা সংশ্লিষ্ট নয়। কিন্তু মনস্তাত্ত্বিকভাবে 'মিথ্যাচারিতা'র সঙ্গে প্রতারণা সংশ্লিষ্ট। কারণ মিথ্যাচারিতার সঙ্গে প্রায় সময়ই প্রতারণার ভাবটি ওতপ্রোতভাবে জড়িত। নিম্নের চিত্রটি এ প্রসঙ্গে বিবেচনা করা যেতে পারে:




চিত্র : ২

সূত্র : Carson, et al. p.388

এখানে- বৃত্ত-১ : প্রতারণার সকল দৃষ্টান্ত বহন করে; বৃত্ত-২ : মিথ্যার সকল দৃষ্টান্ত বহন করে; এবং ছেদ-৩ : অসফল মিথ্যাচার।

কারসন মনে করেন, প্রতারণার সঙ্গে মিথ্যাচারিতার কোন পার্থক্য নেই। বরং মিথ্যাচারিতাই প্রতারণার রসদ যোগায়। উপর্যুক্ত দৃষ্টান্তে 'মিথ্যাচার' এবং 'প্রতারণা'-কে অভিন্ন হিসাবে ধরা হচ্ছে। কোন একটি কাজ অবশ্যই একজনকে বিভ্রান্ত করছে বলা যাবে, যদি এটি প্রতারণা সংঘটিত হওয়ার মত কোন কারণ হয়। যদি কোন ধাপ্পাবাজি কাউকে প্রতারিত করতে ব্যর্থ হয় তাহলে সেটিকে প্রতারণা হিসাবে গণ্য করা যায়।

## প্রতারণা কি?

প্রতারণা শব্দটি দ্বারা অবৈধ, বাস্তবের খেলাপ, অসত্য, অপরকে ঠকানো এবং বাস্তবের সঙ্গে অসঙ্গতিপূর্ণ কোন কিছুকে বুঝিয়ে থাকে। অন্যভাবে বলা যায় শব্দটি পারিভাষিক দিক থেকে অনৈতিকতাকে বুঝিয়ে থাকে। তবে সংজ্ঞায়নের বিশ্লেষণধর্মীতার সাহায্যে একে বুঝানো খুবই কঠিন। এ প্রসঙ্গে কয়েকটি দৃষ্টান্ত উল্লেখ করা যেতে পারে -

(১) কোন একজন বিক্রেতা বিজ্ঞাপনে বললেন, '৩০% ছাড় দেওয়া হচ্ছে' ক্রেতাগণ এই বিজ্ঞাপন দ্বারা উদ্বুদ্ধ হয়ে পণ্য কেনার জন্য উন্মুখ হয়ে ভীড় করেন। বাস্তবিক অর্থে লক্ষ্য করা গেছে ঐ পণ্যসমূহে কয়েকটি বিবেচ্য বিষয় রয়েছে: ক. অনেক পুরানো যা বিক্রি হচ্ছে না, কিংবা পণ্যটির গুণগতমান চলমান বাজারে একই ধরনের পণ্যের তুলনায় খুবই নিম্নমানের খ. কিংবা পণ্যটির প্রস্তুতকৃত মূল্যের দ্বিগুণ মূল্য ধরে বাজারজাত মূল্যের সমমান রাখা হয় এবং তা থেকে ৩০% বা ৪৫% ছাড়ের কথা বলা হয়। আর এভাবে মূল্যমানের দিক থেকে বিজ্ঞাপনটি ক্রেতাকে প্রতারিত করে থাকে।

(২) অনেক সময় বিজ্ঞাপনে অদ্ভুত, বিস্ময়কর এবং অসঙ্গতিপূর্ণ উপাদানের সহায়তা নেওয়া হয়। যেমন, বিজ্ঞাপন সম্প্রচার হচ্ছে "বিজ্ঞাপনে নাচ-গান, এতে ভুলবেন না" অথচ এর সঙ্গে সামঞ্জস্যহীন সিগারেটের বিজ্ঞাপন দেওয়া হচ্ছে। আবার সিগারেটের বিজ্ঞাপন সম্প্রচারে বিধিবদ্ধ সতর্কীকরণ হিসাবে 'ধূমপান স্বাস্থ্যের জন্য ক্ষতিকর' লাগিয়ে দেওয়া হয় যা পণ্যের কার্যকারিতার সঙ্গে অসঙ্গতিপূর্ণ। আবার অনেক সিগারেটের ব্রান্ডে বিজ্ঞাপনের এই ভাষাটিকেও কৌশলে এড়িয়ে যাওয়া হচ্ছে। কোন একটি সিগারেটের বিজ্ঞাপনের ভাষা প্রয়োগের কথা ধরা যাক, যাতে বলা হচ্ছে "আদর মমতা ভালবাসার ছোঁয়া/তুমি সেই নয়নের ছবি"- তারপর অশ্লীলভাবে একজন নারী-মডেল ধূমপায়ী পুরুষ-মডেলকে জড়িয়ে ধরছে। ক্রেতাকে আকৃষ্ট করানোর জন্য বিজ্ঞাপনের এরকম অসঙ্গতিপূর্ণ ব্যবহার নৈতিক প্রশ্নকে সামনে নিয়ে আসে।

উপর্যুক্ত (১) এবং (২) উভয় বিজ্ঞাপন প্রতারণামূলক, কিন্তু বিবেচনার আঙ্গিকে দ্বিতীয়টিকে প্রতারণামূলক বলা যায় না, যদিও এখানে ক্রেতাকে বিভ্রান্ত করার প্রবণতা রয়েছে। সুতরাং বিজ্ঞাপনে প্রতারণার বিষয়টি সনাক্ত করা খুবই জটিল। তবে উপর্যুক্ত

উদাহরণ থেকে বলা যায় বিজ্ঞাপনের ক্ষেত্রে প্রতারণা হল কোন তথ্য গোপন করে ক্রেতাকে ঠকানো কিংবা কোন ভেল্কিবাজীর (দ্বিতীয় দৃষ্টান্তের ক্ষেত্রে তা প্রযোজ্য) মাধ্যমে ক্রেতাকে প্ররোচিত করা যাতে করে সে ঐ পণ্যের গুণগত মান যাচাই না করে তা কিনতে প্রলুব্ধ হয়। এরকমভাবে যদি কোন পণ্য ক্রেতাকে মিথ্যা তথ্য,বা ভেল্কিবাজীর মাধ্যমে প্ররোচিত করে তাহলেই এ বিজ্ঞাপনকে প্রতারণামূলক বলা যায়।

প্রতারণার মূল অর্থ হিসাবে ধরা হয় অন্য ব্যক্তির মধ্যে 'মিথ্যা বিশ্বাস' তৈরি করা। বাংলাদেশে 'বিভিন্ন ব্রান্ডের টুথ পেস্টের' বিজ্ঞাপনের ভাষা এ প্রসঙ্গে উল্লেখ করা যেতে পারে। এখানে পণ্যসামগ্রী সম্পর্কে যেসব ধারণা প্রচার করা হয় তা অধিকাংশ ক্ষেত্রেই মিথ্যা-বিশ্বাস তৈরি করে থাকে এবং ঐ পণ্য সম্পর্কে ভোক্তার মধ্যে মিথ্যা-বিশ্বাস সৃষ্টি করার দায়ে ঐ পণ্যের বিজ্ঞাপনটি 'প্রতারণামূলক বিজ্ঞাপন' হিসাবে আখ্যায়িত করা যায়। যদিও অনেক বিজ্ঞাপন মিথ্যা বিশ্বাস সৃষ্টির দায়ে অভিযুক্ত হলেও তা প্রতারিত বিজ্ঞাপন নাও হতে পারে। এ প্রসঙ্গে কয়েকটি টুথপেস্টের বিজ্ঞাপনের কথা ধরা যাক:

| ব্রান্ডের নাম | বিজ্ঞাপনের ভাষা | প্রকৃত অবস্থা | মন্তব্য |
|---|---|---|---|
| ক্লোজ-আপ (নিউ) | Taste like with an intensely fresh. […] Its new anti-bacterial mouthwash formula not only cleans your teeth but entire mouth from deep within.<br>Kills germs, makes teeth strong & shiny. | সকল ক্ষেত্রে প্রযোজ্য নয় | মিথ্যা বিশ্বাস তৈরি করছে না, পণ্য প্রচারের জন্য প্রযোজ্য। |
| পেপসোডেন্ট (সুপারিয়র) | জার্মিচেক প্লাস জীবাণু প্রতিরোধ করে ঘণ্টার পর ঘণ্টা, তাইতো সবসময় আমার মুখে হাসি | সকল ক্ষেত্রে প্রযোজ্য নয়। | তথ্য প্রদানে হের-ফের হলেও মিথ্যা বিশ্বাসের জন্য দায়ী নয়। |

বিজ্ঞাপনের ভাষা যা-ই হোক তা যদি কোন প্রকার মিথ্যা-বিশ্বাস সৃষ্টি, অথবা ক্রেতাকে বিভ্রান্তিপূর্ণ তথ্য দিয়ে প্ররোচিত করার দায়ে দায়ী হয়, তাহলেই কেবল বলা যাবে বিজ্ঞাপনটি নৈতিকতাকে ব্যহত করছে। এখানে প্রতারণার বিষয়টি 'মিথ্যা-বিশ্বাস' এবং 'বিভ্রান্তিপূর্ণ তথ্য দ্বারা প্ররোচনা' করার সঙ্গে সংশ্লিষ্ট।

## প্রতারণা কি নৈতিক?

প্রশ্ন হল, প্রতারণা কি নৈতিক? এই বিষয়টি আমরা দু'ভাবে ব্যাখ্যা করতে পারি। প্রথমতঃ অনেক বিজ্ঞাপন রয়েছে যেগুলোর অধিকাংশই প্রতারণায় ভরপুর, যা দ্বারা ক্রেতাকে ঠকানো হয়, ক্রেতার ব্যক্তি মূলমানকে হেয় করা হয়, নিঃসন্দেহে সে সব বিজ্ঞাপন অনৈতিক। প্রশ্ন হল প্রতারণা দ্বারা কি অন্যের মূল্যমানকে হেয় করা হয়? এ প্রসঙ্গে আমরা কান্টের নীতিদর্শনের সহায়তা নিতে পারি। কান্ট বলেন, প্রত্যেকটি মানুষেরই নিজস্ব মূল্য

রয়েছে। এ বিষয়টি আরো স্পষ্ট হয় যখন কান্ট বলেন, 'morality of human dignity' এবং 'morality of empirical ends (Henrich: 1992:72-73)' -এ দুটি বিষয়ের মধ্যে পার্থক্য দাঁড় করান। কান্ট 'morality of human dignity' নীতিটির প্রতি অত্যধিক গুরুত্ব দেবার কারণেই মানুষকে দেখেছেন স্ব-শাসিত (autonomous) হিসাবে, আবার কখনো স্বগুণে-লক্ষ্য (ends itself) হিসাবে (Kant:1964:100-102)। অতএব একথা নৈতিকভাবে স্বীকৃত যে, মানুষের মূল্যমানকে হেয় করা যায় না। আর এই নৈতিক দৃষ্টিভঙ্গি থেকে বলা যায় যে, বিজ্ঞাপনে প্রতারণা দ্বারা যদি মানুষের মূল্যমানকে হেয় করা হয় তবে তা অনৈতিকতায় পর্যবসিত হবে।

দ্বিতীয়তঃ অনেক সময় প্রতারণামূলক বিজ্ঞাপনকে অক্ষতিকর (harmless) বলে অভিহিত করা হয়। এ প্রসঙ্গে তাত্ত্বিকদের অভিমত হল : কোন দ্রব্যকে বাজারজাতকরণের জন্য ক্রেতার আগ্রহ, মনোভাব এবং রুচিজ্ঞানকে প্রাধান্য দিতে হবে। যে কারণে পণ্যের গুণগতমানকে উৎকৃষ্ট করে তোলা, পণ্যের ভাল দিকগুলোর উপর জোর দেবার প্রয়োজন রয়েছে। এজন্য পণ্যটি প্রসঙ্গে অতিরঞ্জিত মূল্যায়নের প্রয়োজন হয়। এসব কারণে পণ্য প্রসঙ্গে বিজ্ঞাপনে যে, 'buffering', 'hyperbole' করা হয় তাকে প্রতারণার শ্রেণীভুক্ত করা যুক্তিযুক্ত নয়। অর্থাৎ পণ্যের অতিরঞ্জিতি গুণাগুণ সংশ্লিষ্ট বিজ্ঞাপন প্রতারণা নয়। তার অর্থ হল এ ধরনের বিজ্ঞাপন নৈতিক দিক থেকে গ্রহণ করা যায়। এরকম বিবেচনায় ডেভিড গার্ডনার 'বিজ্ঞাপনে প্রতারণা'র সংজ্ঞায় বলেন, If an advertisement (or advertising campaign) leaves the consumer with (an) impression(s) and/or belief(s) different from what would normally expected if the consumer had reasonable knowledge, and that impression(s) and/or belief(s) is factually untrue or potentially misleading, then deception is said to exist." (Packard, 1958: 20-21)

গার্ডনারের এই সংজ্ঞা থেকে বুঝা যাচ্ছে যে, কোন বিজ্ঞাপন যদি ভোক্তাদের মধ্যে ঐ পণ্য সম্পর্কে এমন কিছু বিশ্বাস বা অনুভূতি সৃষ্টি করে যা আপাতত বাস্তব মনে হয়, কিন্তু যৌক্তিক জ্ঞান-বুদ্ধির সাহায্যে একে বিবেচনা করলে অসত্য এবং বাস্তবিক অর্থে বিভ্রান্তি কর হয় তাহলে সেই বিজ্ঞাপনকে প্রতারণামূলক বিজ্ঞাপন বলা হয়। অন্যভাবে বলা যায়, কোন উৎপাদনকারী বা বিক্রেতা যদি ঐ সামগ্রী সম্পর্কে ক্রেতা বা ভোক্তার মনে যৌক্তিক জ্ঞান তৈরি করে কিন্তু বাস্তবিক অর্থে ঐ পণ্যটি প্রশ্নসাপেক্ষ হয় তাহলেই তা প্রতারণামূলক হবে। গার্ডনারের সংজ্ঞায় দার্শনিক অনুরূপতাবাদের প্রভাব রয়েছে বলা যায়। দার্শনিকভাবে অনুরূপতাবাদ হল: কোন একটি অবধারণ তখনই সত্য হবে যখন তা বাস্তব অবস্থার সঙ্গে অনুরূপ হয়। তাছাড়া নীতিটির আরো যে সব বৈশিষ্ট্য রয়েছে তা হল : ১. অবধারণটিকে ঘটনার সঙ্গে সম্মত হতে হবে, ২. বাস্তব অবস্থার সঙ্গে মিল থাকতে হবে, ৩. বাস্তব অবস্থার অনুরূপ হতে হবে (Patrick, 1969:45)। উল্লিখিত নীতির সাহায্যে আমরা বিজ্ঞাপনের সত্যতা যাচাই করে তার নৈতিক মূল্য বিচার করতে পারি। যেমন গুড়া সাবানের কোন একটি ব্রান্ডের বিজ্ঞাপনে বলা হল "দামে সস্তা, গুণে অতুলনীয়, টেকসই মজবুত"। অথচ সেই ব্রান্ডের পণ্যটি ক্রয় করার পর লক্ষ্য করা গেল পণ্যটি পরিমাণ ও গুণগত দিক বিবেচনায় অর্থমূল্য অত্যধিক, গুণগতভাবে অনেকটা ব্যবহারের অনুপযোগী

এবং স্বল্প সময়ে নষ্ট হয়ে যায়। সুতরাং পণ্যটির বিজ্ঞাপনের ভাষার সঙ্গে বাস্তব অবস্থার অনুরূপ হচ্ছে না, আর এরকম অনুরূপ না হওয়ার বিষয়টিই দার্শনিকভাবে প্রতারণার বিষয়টিকে প্রতীয়মান করে। অন্যভাবে বলা যায়, কোন পণ্য বাস্তবিক অর্থে যা নয় তার চেয়ে বেশি কিছু প্রচার করা হচ্ছে এবং পণ্যের বাস্তব অবস্থার সঙ্গে এর বিজ্ঞাপনের ভাষা নিঃসন্দেহে অসামঞ্জস্যপূর্ণ যা প্রতারণারই নামান্তর। বাস্তব অবস্থার অনুরূপ না হলে একটি বিজ্ঞাপনকে প্রতারণামূলক হবার দায়ে অনৈতিক বলা হয়।

আবার পাশাপাশি পণ্য সম্পর্কে প্রদত্ত বিভ্রান্তিকর তথ্য যদি কোন মিথ্যা আশ্বাস যৌক্তিক জ্ঞান বুদ্ধির ভিত্তি তৈরিতে সাহায্য করে তাহলে নিঃসন্দেহে ঐ বিজ্ঞাপন প্রতারণামূলক হবে। অন্যভাবে বলা যায়, কোন উৎপাদনকারী বা বিক্রেতা যদি পণ্যসামগ্রি সম্পর্কে ক্রেতা বা ভোক্তার মনে যৌক্তিক জ্ঞান তৈরি করে, কিন্তু বাস্তবিক অর্থে ঐ পণ্যটি প্রশ্নসাপেক্ষ হয় তাহলেই তা প্রতারণামূলক হবে। অবশ্য প্রতারণামূলক বিজ্ঞাপনের ধরন নিয়ে দার্শনিকদের মধ্যে মতপার্থক্য রয়েছে। ডেভিড গার্ডনারের এরকম ব্যাখ্যার দার্শনিক সীমাবদ্ধতা আমাদের দৃষ্টি এড়ায় না। যেমন, গার্ডনারের ব্যাখ্যায় আইনগত দিকটিকে গুরুত্ব দেওয়া হয়নি। তাছাড়া কোন বিশ্বাস আপাতত বাস্তব জ্ঞানের উপাদান হলেও তা যদি আর্থ-সামাজিক বাস্তবতায় অসঙ্গতিপূর্ণ বিবেচিত হয় তাহলে তা চূড়ান্ত বিচারে যৌক্তিক হতে পারে না। থমাস. এল. কারসনও গার্ডনারের বিজ্ঞাপনে প্রতারণা সম্পর্কিত ব্যাখ্যায় সীমাবদ্ধতার প্রসঙ্গটি উত্থাপন করেন, সেগুলো হল :

১. 'প্রতারণামূলক বিজ্ঞাপন' শব্দটিকে যদি আমাদের প্রাত্যহিক জীবনের সঙ্গে মিলিয়ে দেখা হয়, অথবা এর আভিধানিক অর্থের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ করে বিচার করা হয় তাহলে দেখা যাবে গার্ডনারের সংজ্ঞাটি অস্পষ্ট।

২. আইনগত দিক থেকে যদি 'প্রতারণার' সংজ্ঞাটি বিশ্লেষণ করা হয় তাহলে অধিকাংশ ক্ষেত্রেই এই সংজ্ঞাটি আইনগতভাবে নিষিদ্ধ করার কথা বলবে। কিন্তু প্রচলিত বিভিন্ন পণ্যের বিজ্ঞাপন যা দার্শনিকভাবে প্রতারণামূলক বলে ধরা হয় তা আইনগতভাবে গ্রহণযোগ্য নয় (Carson : 1985:384-386)।

প্রতারণামূলক বিজ্ঞাপনের সংজ্ঞায় বিদ্যমান এই সীমাবদ্ধতার কারণে কারসন এ বিষয়টিকে ভিন্নভাবে ভাবতে পরামর্শ দেন। কারণ গার্ডনারের সংজ্ঞা যদি প্রামাণ্য হিসাবে ধরা হয় তাহলে এর বিপরীতে একটি দৃষ্টান্ত দাঁড় করানো যেতে পারে। ধরা যাক, একজন ভোক্তা কোন একটি পণ্যসামগ্রি সম্পর্কে সম্পূর্ণ অজ্ঞ। উদাহরণস্বরূপ, বার্মা থেকে আগত একদল উদ্বাস্তু যারা কোন একটি অটো-মোবাইল কিনতে চাচ্ছেন, কিন্তু তারা গাড়িটির সংরক্ষণ, চালানো প্রক্রিয়া, ফুয়েল ব্যবহার এবং অন্যান্য আনুষঙ্গিক বিষয়াদি সম্পর্কে তারা অবহিত নাও থাকতে পারেন। এক্ষেত্রে বার্মা থেকে আগত ব্যক্তিদের যৌক্তিক পছন্দ নির্বাচনের জন্য বিজ্ঞাপন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। কিন্তু এ বিজ্ঞাপনের মাধ্যমে যদি ভোক্তাকে বিভ্রান্ত করা হয় এবং যৌক্তিক পছন্দ নির্বাচনে ভূমিকা রাখতে প্ররোচিত করা হয় তাহলে গার্ডনারের মতে তা 'প্রতারণামূলক বিজ্ঞাপন' হবে। কিন্তু কারসন ও কক্স

একটু ভিন্নমত প্রকাশ করে বলেন, বিজ্ঞাপনের ভাষা এবং তথ্য যদি পণ্য সাপেক্ষে অপেক্ষাকৃত কম যৌক্তিক হয় তাহলে প্রতারণার প্রশ্নটি আসতে পারে। এজন্য তিনি গার্ডনারের সংজ্ঞা একটু পরিবর্তন করে বলেন, "An advertisement, can be said to have deceived a consumer if and only if as a result of the ad [advertisement] he has a less reasonable knowledge of the product then he would have had otherwise". (Carson, et al. 1968:385)

আবার গার্ডনারের প্রতারণামূলক সংজ্ঞার বিশ্বাস তৈরি করার বিষয়টি প্রসঙ্গে কারসন ও কক্স বিকল্প সংজ্ঞা দেন যার গুরুত্বপূর্ণ দিক হল কোন বিজ্ঞাপন যদি উল্লেখযোগ্য সংখ্যক ভোক্তাকে পণ্যদ্রব্য সম্পর্কে মিথ্যা বিশ্বাস তৈরি করতে প্রলুব্ধ করে তাহলেই কেবল বিজ্ঞাপন প্রতারণামূলক হবে। কারসনের এই সংজ্ঞার একটি আইনগত দিক রয়েছে। গার্ডনার যেখানে প্রতারণামূলক বিজ্ঞাপনের ভিত্তি হিসাবে 'যৌক্তিক জ্ঞান' ও 'বিভ্রান্তিমূলক বিজ্ঞাপন' ইত্যাদি শব্দের কথা বলছেন, সেক্ষেত্রে কারসন 'মিথ্যা বিশ্বাস তৈরিতে সহায়ক' অভিধাটি ব্যবহার করতে আগ্রহী যা আবার 'প্রতারণা' শব্দের আইনগত ভিত্তি দেখাতেও সমর্থ।

## প্রতারণামূলক বিজ্ঞাপন ভ্রান্ত

'প্রতারণামূলক বিজ্ঞাপন' ভ্রান্ত বা বিভ্রান্তিকর কারণ এ ধরনের বিজ্ঞাপন দ্বারা ভোক্তা ক্ষতিগ্রস্ত হয়ে থাকে এবং প্রতারণামূলক তথ্য দ্বারা প্রভাবিত হয়ে ভোক্তা পণ্য সম্পর্কে মিথ্যা বিশ্বাস তৈরি করে থাকে, এই বিশ্বাস ভোক্তাকে ঐ পণ্যটি কিনতে প্রলুব্ধ করে। আর এই সিদ্ধান্ত প্রকৃত অর্থে ভোক্তাকে প্রত্যাশিত পছন্দ থেকে বঞ্চিত করে থাকে। উদাহরণস্বরূপ ধরা যাক: একজন ভোক্তার 'পেপসি-কোকাকোলা' ব্রান্ডের প্রতি আসক্তি রয়েছে, কিন্তু মিডিয়াতে 'পেপসি আহা'র বাহুল্য বিজ্ঞাপন– যেখানে বলা হচ্ছে "গায়ে শক্তি হবে, খেলায় জয়ী হবে" ইত্যাদি যা ভোক্তাকে আকৃষ্ট করল। কিন্তু বাস্তবিক অর্থে দেখা গেল 'পেপসি আহা' ব্রান্ডের পানীয়ের গুণগত মান প্রশ্নসাপেক্ষ। বরং বিজ্ঞাপনের প্ররোচক ভাষা, আকৃষ্ট করানোর মতো বক্তব্য ভোক্তার মানসিক পছন্দের মধ্যে যে পরিবর্তন সাধন করে তা নির্বাচন করার স্বাধীনতাকে ক্ষতিগ্রস্ত করে থাকে। এ দিক বিবেচনায় বিজ্ঞাপনটি ভোক্তার জন্য ক্ষতিকর হয়েছে বলা যায়। প্রতারণামূলক বিজ্ঞাপন শুধু ভোক্তার জন্যই ক্ষতিকর তা বলা যাবে না, বরং বাজারে একই পণ্যের অন্যান্য প্রতিযোগীদের জন্যও এটি ক্ষতিকর। প্রতারণামূলক বিজ্ঞাপনের কারণে বাজারে প্রচলিত এবং গুণগতমান সম্পন্ন দ্রব্য থেকে ভোক্তার পছন্দ ও দৃষ্টি গুণগতমানহীন [কিন্তু চাকচিক্যসম্পন্ন] দ্রব্যের দিকে প্রভাবিত করবে। এভাবে দেখা যায় উৎকৃষ্ট দ্রব্য অপেক্ষা নিম্নমানের পণ্য বাজারে বেশি গ্রহণযোগ্য হচ্ছে। ফলে গুণগতভাবে মানসম্মত পণ্যের প্রস্তুতকারক বাজার প্রতিযোগিতায় পিছিয়ে পড়ছে। সুতরাং এ আলোচনা থেকে আমরা একটি সিদ্ধান্তে আসতে পারি যে, বিজ্ঞাপনে প্রতারণা শুধু ভ্রান্তই নয় এটি অনৈতিকও।

## বিজ্ঞাপনে প্রতারণা ও নৈতিকতা

বিজ্ঞাপন স্বনিহিতভাবে (intrinsic) অনৈতিক কিছু নয়, একজন প্রস্তুতকারক যখন দ্রব্য তৈরি করেন তখন সেটা বিক্রি করার উদ্দেশ্যেই করেন। পণ্য সংক্রান্ত তথ্য ব্যাপক জনগোষ্ঠীর কাছে পৌঁছে দেবার জন্য বিজ্ঞাপনের প্রয়োজন। অর্থাৎ বিক্রয় প্রক্রিয়ারই একটি অংশ হল বিজ্ঞাপন। এখন কোন বিক্রয় প্রক্রিয়াতে যখন ক্রেতা এবং বিক্রেতার মধ্যে কোন প্রকার চুক্তি করা হয় তাহলে সেই চুক্তিটি সুষ্ঠু, বৈধ এবং নৈতিক তখনই বলা হবে যখন ক্রেতা এবং বিক্রেতা উভয়েই পণ্য সম্পর্কে যথাযথ তথ্য আদান-প্রদান করেন। এছাড়া চুক্তিটিকে হতে হবে তাদের নিজস্ব ইচ্ছা ও চাপ প্রয়োগ ব্যতীত। সুতরাং একটি বিজ্ঞাপনকে নৈতিক দৃষ্টিকোণ থেকে তখনই যুক্তিযুক্ত বলা যাবে যখন ক্রেতা ও বিক্রেতা উভয়ের প্রত্যাশিত লক্ষ্যকে সামনে রেখে বিজ্ঞাপন সম্প্রচার করা হয়। কিন্তু বিজ্ঞাপনে যখন এসব প্রত্যাশিত শর্তসমূহ পূরণে ব্যর্থ হয় তখনই প্রতারণার প্রশ্নটি চলে আসে। যেসব দিক থেকে বিজ্ঞাপন প্রতারণামূলক হয় উপর্যুক্ত পর্যালোচনার ভিত্তিতে তাকে আমরা আরো কয়েকটি দিক থেকে বিবেচনা করতে পারি :

ক. যে বিজ্ঞাপন অসত্য তথ্য প্রদান করে, ভোক্তা বা ক্রেতাকে প্রবঞ্চিত করে এবং মিথ্যা বিশ্বাস সৃষ্টি করে।

খ. বিজ্ঞাপনের ভাষা যদি ভোক্তার মধ্যে কোন প্রকার চাপ সৃষ্টি করে কিংবা ভোক্তার স্বাধীন ইচ্ছাকে তুচ্ছ করে দেখে থাকে।

গ. বিজ্ঞাপন যদি বিভ্রান্তকর হয় এবং ভোক্তার যৌক্তিক পছন্দ পরিবর্তন করতে সাহায্য করে।

ঘ. বিজ্ঞাপনে যদি কোন ধরনের স্বৈরনীতি অবলম্বন করা হয় এবং ভোক্তা ভোগকৃত দ্রব্যটি থেকে যদি তুলনামূলকভাবে উপযোগিতা পেতে ব্যর্থ হন।

ঙ. অন্য কোন পণ্যের বিজ্ঞাপনের ভাষাকে সমালোচনা করে, কিংবা অন্য কোন পণ্যের সঙ্গে তুলনামূলক বিচার করে প্রস্তুতকৃত পণ্যকে সমাদৃত করার জন্য যদি কোন বিজ্ঞাপন সম্প্রচার করা হয়।

চ. ভোক্তার যৌক্তিক পছন্দকে যদি ক্ষতিগ্রস্ত করা হয়।




চিত্র:৩

## বিজ্ঞাপন দর্শন ও জুলস্ হেনরি

বিজ্ঞাপনের নানা দিক পর্যালোচনা প্রসঙ্গে জুলস্ হেনরির (১৯৭৯:৪৭০-৭২) ব্যাখ্যাটি উল্লেখ করা যেতে পারে। বাণিজ্যিক আদান-প্রদানের ক্ষেত্রে 'pecuniary Philosophy' নামক এক ধরনের দর্শন আছে, এখানে সত্য হিসেবে প্রকৃত সত্য (real truth) কে গ্রহণ না করে **ছায়া সত্য** (psuedo truth) কে গ্রহণ করা হয়। এধরনের সত্য এমন যে মিথ্যা হওয়া সত্ত্বেও সত্য হিসাবে মেনে নিতে হয়, অথচ বিশ্বাস প্রতিষ্ঠা করা যায় না। কিংবা এমন যে এদের পিছনে কোন প্রমাণ দাখিল করা যায় না। জুলস্ হেনরি বিজ্ঞাপনের সঙ্গে সংশ্লিষ্ট ভাষ্যকে এজন্য **ছায়া সত্য** বলে উল্লেখ করেন। স্বরূপগতভাবে বিজ্ঞাপনের ভাষা হল 'pecuniary language', এদের বৈশিষ্ট্য হল: ১. অতিরঞ্জন (exaggeration), ২. ধাপ্পাবাজী (buffery) এবং ৩. অতিশয়োক্তি (hyperbole)। সাধারণত পিতামাতা তার সন্তানের প্রশংসা বর্ণনা করার জন্য, সন্তানের চাকুরীর স্ট্যাটাস বর্ণনা করার জন্য, স্বামী তার স্ত্রীর গুণাগুণ বর্ণনা করার জন্য এবং প্রতিবেশীর প্রতি সদয়ভাব বর্ণনা করার জন্য এধরনের বৈশিষ্ট্যমণ্ডিত 'pecuniary language' ব্যবহার করে থাকেন। সুতরাং 'pecuniary language' দ্বারা প্রতারণা করার প্রশ্ন অবান্তর। প্রয়োজনীয়তা এবং একান্ত আত্মগত সন্তুষ্টির (subjective satisfaction) প্রতিফলন স্বরূপই এরকম ভাষারীতির প্রচলন ঘটে এবং তা প্রথাগতভাবে নীতিসিদ্ধ।

জুলস্ হেনরির সিদ্ধান্ত মোতাবেক বিজ্ঞাপনের ধারাগত কারণেই প্রতারণার প্রসঙ্গটি অবান্তর, এ বিষয়টিকে যদি আমরা মেনেই নেই, তাহলে নীতিদর্শনের 'হয়-উচিত' সংক্রান্ত সমস্যাটি কোথায় দাঁড়ায়? এ প্রসঙ্গে জন সার্ল-এর সহায়তা নিতে পারি। তিনি দেখান যে, ভাষাগত এবং পরিবেশগত কারণেই একটি ওয়াদা প্রতিজ্ঞায় রূপান্তরিত হয়। অর্থাৎ কোন উচ্চারণ যদি কতগুলো শর্তের অধীন হয় তৃতীয় কোন নিরপেক্ষ ব্যক্তির উপস্থিতিতে হয়, বক্তা ও শ্রোতার ভাষা সম্পর্কে পরিষ্কার জ্ঞান থাকে, সেটা স্বজ্ঞানে স্বাধীনভাবে হয়, সম্মোহন বা আসক্তির বশে বশীভূত না হয়ে হয়, তাহলে ঐ উচ্চারণটি প্রতিজ্ঞায় পরিণত হয় (Searle, 1964)। উপর্যুক্ত বক্তব্যের আলোকে বিজ্ঞাপনকে বিচার বিশ্লেষণ করা যাক। কোন একটি পণ্যের বিজ্ঞাপনে যে সব তথ্যের সমৃদ্ধির কথা উপস্থাপন করা, ঐ পণ্যে সে সব তথ্য বাস্তবিক অর্থেই থাকা উচিত। কেননা পণ্যের বিজ্ঞাপনে প্রদানকৃত তথ্যের উপর নির্ভর করেই ক্রেতা বিক্রেতার সঙ্গে প্রতিজ্ঞায় আবদ্ধ হয়ে যান। সেই প্রতিজ্ঞায় কোন প্ররোচনা, ড্রাগ সেবন, খামখেয়ালীপনা, নাটকীয়তা কিংবা অপরের দ্বারা তাড়িত হয়ে উদ্বুদ্ধ হবার অবকাশ নেই। সুতরাং বিজ্ঞাপনের ভাষ্য ধাপ্পাবাজী, অতিরঞ্জিত হবে এরকম মতামত স্থাপন করে 'pecuniary' দার্শনিকগণ যেভাবে প্রতারণাকে যুক্তিসিদ্ধ করতে চান উপরোক্ত বিবেচনায় তা যুক্তিযুক্ত নয়। অর্থাৎ যে কোন দৃষ্টিকোণ থেকেই হোক না কেন বিজ্ঞাপনে প্রতারণার বিষয়টি অবশ্যই অনৈতিক।

বোয়াই এবং রোনাল্ড.এফ. ডুসকা প্রতারণামূলক বিজ্ঞাপনের ধারণাকে ব্যাখ্যা করতে গিয়ে যা বলেন, এখানে তাও প্রণিধানযোগ্য, তাঁদের ভাষায় -

> "Decepting [ive] advertising as a practice involving the use of false statements or inaccurate depiction of a product that are relevant to the consumer's decision to purchase and that are underlies intentionally to mislead rational consumers."(Bowie & Duska:1986:56)

সংজ্ঞার তাৎপর্যগত কিছু কারণে মনে হচ্ছে বোয়াই ক্ষতিবিহীন বিজ্ঞাপন বা 'buffering advertisement' থেকে প্রতারণামূলক বিজ্ঞাপন বা 'deceptive advertising'কে পৃথক করেছেন। এ প্রসঙ্গে বোয়াই দুটি নীতির অনুসরণ করেছেন -

১. প্রথম নীতিতে তিনি মনে করেছেন "Depiction relevant to the decision to purchase"
২. দ্বিতীয় নীতিতে তিনি মনে করেছেন "... deciption undertaken to mislead rational consumers". (Bowie & Duska:1986:58)

বোয়াই এবং ডুসকা'র ভাষ্য অনুযায়ী প্রথম নীতিটি তিনটি উপাদানকে কেন্দ্র করে প্রতিষ্ঠিত - ক. দাম (Cost) খ. পরিমাণ (Amount) এবং গ. গুণ (Quality) । প্রথম উপাদানটির সঙ্গে বহুবিধ সমস্যা বিদ্যমান থাকে, পণ্যের বিজ্ঞাপন বাবদ ব্যয়, প্রস্তুতকারক অনুমোদিত ব্যয় অপেক্ষা অতিরিক্ত ব্যয়মূল্য পণ্যের গায়ে সংযুক্ত করা হয়। দ্বিতীয় উপাদানটি হল পরিমাণ সম্পর্কিত। অনেক সময় দেখা যায় প্যাকেজ বাঁধাই কৌশলের মাধ্যমে পণ্যটির পরিমাণগত দিকটি লুকিয়ে রাখা হয়। প্যাকেজের আয়তন দেখে ক্রেতা হয়তো উৎসাহী হবে সেজন্য কম পরিমাণের দ্রব্যকে অপেক্ষাকৃত বড় মোড়কে রাখা হয়; দ্রব্যের পরিমাণ তদপেক্ষা কম থাকে। তৃতীয় উপাদানটি গুণগত, যেমন স্বর্ণ, ডায়মন্ড কিংবা কাপড়জাত পণ্যের মধ্যস্থিত উপাদানের ভেজাল দিয়ে ভোক্তাকে ঠকানো হয়। যেমন স্বর্ণের বিজ্ঞাপনে একেবারে খাঁটি স্বর্ণের কথা বলা হল, অথচ হিসেব অনুযায়ী দেখা গেল তাতে খাদই বেশি। সুতরাং পণ্যের 'purchase' দিক থেকে যদি ক্রেতাকে ঠকানো হয় তাহলেও সেটা অনৈতিক। সুতরাং বোয়াই এবং ডুসকা'র অভিমত অনুসারে 'deceptive advertising' নৈতিকভাবে সমর্থনযোগ্য নয় কেননা এ ধারার বিজ্ঞাপন উপর্যুক্ত দুটি নীতিকেই অনুসরণ করে থাকে। কিন্তু তাৎপর্যগতভাবে 'buffering advertisment' ততোটা ক্ষতিকর নয়।

## ম্যানিপুলেশন, চাপ প্রয়োগ ও প্রতারণা

বিজ্ঞাপনের ক্ষেত্রে *ম্যানিপুলেশন* (manipulation) এবং *চাপ প্রয়োগ* (coercion) ইত্যাদির প্রভাব অনেকটা প্রতারিত করার মতোই। যেমন, পণ্যের মিথ্যা তথ্য দ্বারা অন্যকে প্ররোচিত করা হয়, তেমনি ম্যানিপুলেশন এবং চাপ প্রয়োগ দ্বারাও অনেক সময় অন্যকে প্ররোচিত করা হয়। বিজ্ঞাপনের প্ররোচনা যদি স্টিভেনসনের [স্টিভেনসন বিংশ শতাব্দীর একজন নীতিদার্শনিক যিনি ১৯৪৫ সালে *Ethics and Language* গ্রন্থ লিখে নীতিবিদ্যা আলোচনায় নতুন দিগন্ত উন্মোচন করেন] প্ররোচক সংজ্ঞা (persuasive definition) দ্বারা সিদ্ধ করা যায় এবং *'ম্যানিপুলেশন'* ও *'চাপ প্রয়োগ'* উভয়ের লক্ষ্য যদি হয় ক্রেতাকে

প্ররোচিত করা, তাহলে এদের মধ্যে অনৈতিকতার কোন কিছু নেই। বিষয়টি স্পষ্ট করার জন্য বিশ্লেষণের প্রয়োজন রয়েছে। *'চাপ প্রয়োগ'* এর কথা ধরা যাক, এই নীতিটি হল সরাসরি ক্ষমতা প্রয়োগ, দমন করা এবং ভয়ভীতির সঙ্গে জড়িত। শারীরিক এবং মানসিক উভয়ভাবে ভয় দেখানো যায়। সুতরাং বিজ্ঞাপনে যদি *'চাপ প্রয়োগ নীতি'* (coercion principle) কে অনুসরণ করা হয় তাহলে সেই বিজ্ঞাপন নৈতিক হতে পারে না। কারণ এতে শুধু মানব-মূল্যমানকেই হেয় করা হবে না বরং নৈরাজ্য সৃষ্টির বিষয়টিকে উৎসাহিত করা হবে। সুতরাং এক্ষেত্রে স্টিভেনসনের প্ররোচক সংজ্ঞার সাহায্য নিয়ে *'ম্যানিপুলেশন'* ও *'চাপ প্রয়োগ'* এর বিষয়টিকে বিবেচনা করার বিষয়টিকে প্রত্যাখ্যান করাই উত্তম। অস্তিত্ববাদী নৈতিকতার সহায়তা নিয়ে বিষয়টিকে ব্যাখ্যা করা যাক। অস্তিত্ববাদী নৈতিকতায় মানুষকে স্বাধীন মুক্ত হিসেবে বিবেচনা করা হয়। সুতরাং অস্তিত্বের যথার্থ মূল্য যেহেতু এই স্বাধীন সম্ভাবনার শর্তের মধ্যে নিহিত সেহেতু কোনভাবেই এ স্বাধীনতা খর্ব করা যাবে না। আর এদিক থেকে বিজ্ঞাপনে *চাপ প্রয়োগ* (coercion) করার বিষয়টিকে নৈতিক বলা যাবে না একারণেই যে এটি ব্যক্তির স্বাধীনতার সম্ভাবনাকে নস্যাৎ করে দেয়। আবার বিজ্ঞাপনে *'ম্যানিপুলেশন'* তত্ত্বটিও অনেকটা *'চাপ প্রয়োগ'* এর মতোই। নৈতিকতার সঙ্গে চাপ প্রয়োগ বা দমননীতি যেমন অসঙ্গতিপূর্ণ তেমনি *'ম্যানিপুলেশন'*ও নৈতিকার সঙ্গে অসঙ্গতিপূর্ণ। *'ম্যানিপুলেশন'* এ রয়েছে স্থূলতা, ফন্দিবাজি, অনৈতিকতা, কপটতা এবং দুরভিসন্ধি - যাকে আইনগত বা নৈতিক কোন বিচারেই সিদ্ধ বলা যায় না। সুতরাং বিজ্ঞাপনের মাধ্যমে *ম্যানিপুলেশন* (manipulation) এবং *চাপ প্রয়োগ* (coercion) নৈতিকভাবে গ্রহণযোগ্য হতে পারে না।

## বাংলাদেশ পরিপ্রেক্ষিত

আমরা জানি যে, নৈতিকতা হল সামাজিক জীবনযাপন ব্যবস্থাপকে সামঞ্জস্যপূর্ণ করার উদ্দেশ্যে মন্দ থেকে ভালকে পৃথক করার একটি দার্শনিক প্রয়াস। কিন্তু যে সমাজে মানবিক মূল্যবোধ ও অবক্ষয়িত মূল্যবোধের মধ্যে পার্থক্য গুলিয়ে ফেলা হয় সেখানে নৈতিকতার প্রসঙ্গ অবান্তর। আমাদের দেশে অন্যান্য ক্ষেত্রের মতো বিজ্ঞাপনের ক্ষেত্রে একই হাল অবস্থা, যা পর্যালোচনার দাবী রাখে। কোন একটি বিজ্ঞাপন নৈতিকভাবে সিদ্ধ কিনা এ বিষয়টি বিবেচনার প্রশ্ন আসে প্রদত্ত বিজ্ঞাপনটিতে যেসব তথ্য প্রদান করা হয়েছে সেসব তথ্য পণ্যটিতে যথাযথভাবে আছে কিনা। বিজ্ঞাপনের প্রদেয় তথ্য যদি পণ্যের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ না হয়, ভ্রান্ত হয় কিংবা প্রতারণামূলক হয় তাহলে নিঃসন্দেহে বিজ্ঞাপনটি নৈতিকভাবে দূষণীয় হবে। এ মানদণ্ডে বাংলাদেশে বিভিন্ন পণ্যের বিজ্ঞাপন বিচার করতে গেলে মূলতঃ অনৈতিকতার চালচিত্রই ফুটে উঠে।

বাংলাদেশে বিভিন্ন পণ্যের প্রচারিত বিজ্ঞাপন নৈতিকতার দিক থেকে কতোটা সিদ্ধ? বিজ্ঞাপনের নৈতিক দিকটি বাংলাদেশ পরিপ্রেক্ষিতে খুবই হতাশাজনক। মিডিয়াগুলো কোন প্রকার নীতি-নৈতিকতার প্রতি শ্রদ্ধা প্রদর্শন না করেই অহরহ বিজ্ঞাপন প্রচার করে যাচ্ছে। অধিকাংশ জাতীয় পত্রিকায় প্রায়শই লক্ষ্য করা যায় প্রথম পৃষ্ঠায় অন্যান্য গুরুত্বপূর্ণ

খবর অপেক্ষা পণ্যের বিজ্ঞাপনে রমণী মডেলের ছবি ৩৮ ইঞ্চি কলাম বা তার বেশি স্থান পাচ্ছে। আবার মডেলের নগ্ন হলুদ পায়ের নিচে ২ ইঞ্চি কলামে নৌকাডুবিতে পাঁচ জনের মৃত্যু সংবাদ স্থান পাচ্ছে, কিংবা কোন বস্তিতে আগুন লেগে শিশুর অগ্নিদগ্ধ হওয়ার সংবাদ যা অত্যন্ত তুচ্ছ একটি সংবাদ হিসাবে পরিবেশন করা হচ্ছে। যে দেশের প্রচার মাধ্যমগুলোর কাছে জীবনের মূল্য অপেক্ষা পণ্যের বিজ্ঞাপনের গুরুত্ব অত্যধিক সে দেশে বিজ্ঞাপনে নৈতিকতার গুরুত্ব কতটুকু তা প্রশ্ন সাপেক্ষ।

বাংলাদেশে বিজ্ঞাপনের অধিকাংশই নৈতিকভাবে স্খলিত, যেমন কোন একটি ঔষধের গায়ে পরিমাণ লেখা আছে ৫০০ মস, একজন রোগীর রোগ-জীবাণু প্রতিষেধকের জন্য ৫০০ মস প্রয়োজন, সে হিসেবে দশটি ট্যাবলেট প্রয়োজন। কিন্তু বাংলাদেশের অধিকাংশ ফার্মাসিউটিক্যালস্ কোম্পানীগুলো তাদের উৎপাদিত পণ্যের লেভেলে বিজ্ঞাপিত পরিমাণের চেয়ে অপেক্ষাকৃত কম উপাদান সরবরাহ করে থাকে। যেমন, বেশকিছু দিন পূর্বে বাজারজাতকৃত প্যারাসিটামলে এধরনের তারতম্যের তথ্য পত্রিকার মাধ্যমে জানা যায়। এতে করে রোগী ক্ষতিগ্রস্ত হচ্ছে, ক্ষতিগ্রস্ত হচ্ছে দেশের গণস্বাস্থ্য ব্যবস্থাপনা (দৈনিক ইত্তেফাক: ১০ ডিসেম্বর: ১৯৯২)। তাছাড়া অনেক ফার্মাসিউটিক্যালস্ তাদের ঔষধ সম্পর্কে অযৌক্তিক, অনিয়ন্ত্রিত এবং বিজ্ঞাপন দ্বারা অকেজো, বিপজ্জনক ও নিম্নমানের ঔষধ নিরীহ জনগণকে ভোগ করতে প্ররোচিত করছে। সুতরাং ড্রাগ সম্পর্কিত এসব বিজ্ঞাপন 'objectional advertisement' হিসেবে গণ্য করে নৈতিকভাবে পরিত্যাগ করাই শ্রেয়।

বাংলাদেশের প্রসাধন সামগ্রীর বিজ্ঞাপনগুলো অধিকাংশ সময়ে নৈতিক দৃষ্টিকোণ থেকে পরিবেশিত তথ্যের অনুরূপ হয় না। কিন্তু বিজ্ঞাপন দ্বারা প্রভাবিত হয়ে ভোক্তা সেই পণ্যটি ক্রয় করে পণ্যের গুণগত দিক দ্বারা প্রতারিত হচ্ছেন। যেমন, বাংলাদেশে প্রস্তুতকৃত অধিকাংশ টুথপেস্টের কথা ধরা যাক। এসব টুথপেস্টের বিজ্ঞাপনে বলা হচ্ছে ফ্লোরাইড, ক্যালসিয়াম এবং 'macrogranules' সমৃদ্ধ অথচ বাস্তবিক অর্থে একেবারে নিম্নমানের উপাদান সম্বলিত কেমিক্যালবিহীন টুথপেস্ট দিয়ে এগুলো তৈরি করা হচ্ছে। নিম্নের তালিকায় তা দেখানো যেতে পারে।

তালিকা - ১

| পণ্যের টাইপ | বিজ্ঞাপনে দেয়া তথ্য | প্রকৃত অবস্থা |
|---|---|---|
| ব্যাথা নাশক | ৫০০mg | পরিমাণের চেয়ে স্থুল |
| টুথপেস্ট | ফ্লোরাইড, ক্যালসিয়াম এবং ' macrogranules' সমৃদ্ধ | নিম্নমান সম্পন্ন |

বিজ্ঞাপনের ক্ষেত্রে পণ্যের লেবেল ও প্যাকেট একটি গুরুত্বপূর্ণ বাহক। আমরা বিভিন্ন পণ্যের লেবেলের সাহায্যে ঐ পণ্যটি সম্পর্কে জ্ঞাত হয়ে থাকি। যেমন, পণ্যটির পরিমাণগত দিক, অন্তর্নিহিত উপাদান, আকৃতি কি ধরনের পরিবেশে রাখতে হবে, কিভাবে ব্যবহার করতে হবে ইত্যাদি। কিন্তু বাংলাদেশের পরিপ্রেক্ষিতে যদি পণ্যের লেবেলের নৈতিক বিশ্লেষণ করি তাহলে তিনভাবে এর অনৈতিকতা ধরা পড়ে :

**প্রথমতঃ** বাংলাদেশের অধিকাংশ পণ্যই লেবেলে আটা তথ্যের সঙ্গে অসঙ্গতিপূর্ণ হয়ে থাকে। যেমন, আয়োডিনযুক্ত লবণের লেবেলে এটে বিভিন্ন নামে লবণ বাজারজাত করা হচ্ছে। অথচ এসব লবণের স্ট্যান্ডার্ড টেস্টে অধিকাংশই আয়োডিন পাওয়া যায়নি। (পত্রিকান্তরে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে) যে কয়েকটিতে পাওয়া যায় তা আবার পরিমিত নয়। নিঃসন্দেহে পণ্যের লেবেলে আটা বিজ্ঞাপন ক্রেতা সাধারণের যৌক্তিক পছন্দের সঙ্গে প্রতারণার সামিল যা আবার নৈতিকভাবে অগ্রহণযোগ্য।

**দ্বিতীয়তঃ** অনেক মোড়ক বা লেবেল দ্বারা ক্রেতাকে বিভ্রান্ত করা হয় যেখানে নৈতিকতার প্রশ্নটি চলে আসে। আমাদের প্রচলিত বাজারে লক্ষ্য করলে দেখতে পাই ভাল গুণাগুণ সম্পন্ন পণ্যের সদৃশ নাম ও প্যাকেটের লেবেল লাগিয়ে নিম্নমানের পণ্য বাজারজাতকরণ করা হচ্ছে। অপেক্ষাকৃত অজ্ঞ, অশিক্ষিত ক্রেতাগণ এরূপ নামকরণ দ্বারা প্রতারিত হচ্ছেন। যেমন লিভার ব্রাদার্সের 'লাইফবয়' সাবানের অনুরূপ প্যাকেট 'লাইফ জয়' সাবান বাজারে পাওয়া যাচ্ছে, যা গুণগতভাবে নিম্নমানের কিন্তু নাম ও লেবেলের কারণে ভোক্তা অনেক সময় বিভ্রান্ত হয়ে উক্ত পণ্যের প্রতি আগ্রহ দেখান। এখানে প্রস্তুতকারক দু'ভাবে ক্রেতাকে বঞ্চিত করছেন - ১. কারণ 'লাইফ বয়' এর সঙ্গে ক্রেতার যে মানসিক তৃপ্তি জড়িত 'লাইফ জয়' দ্বারা ক্রেতা সেরকম তৃপ্তি নাও পেতে পারেন এবং ২. ক্রেতাকে প্রতারিত করা হচ্ছে, কারণ একজন ক্রেতার যৌক্তিক পছন্দকে বিভ্রান্ত করে ক্রেতার মানসিক তৃপ্তিকে অন্য পণ্যের দিকে ধাবিত করা হচ্ছে।

**তৃতীয়তঃ** পণ্যের মোড়ক দ্বারা অহরহ প্রতারিত করা হচ্ছে। কোন একটি পণ্যের পরিমাণগত দিকের তুলনায় অধিক বড় প্যাকেট করে ক্রেতাকে প্রতারিত করা হচ্ছে। আবার কখনো-বা নামকরণে বিভ্রান্তি সৃষ্টি করে ক্রেতাকে প্রতারিত করার ফাঁদ তৈরি করা হচ্ছে। নিম্নের তালিকাটি লক্ষ করা যাক :

তালিকা - ২

| নকল পণ্যের প্রকার | প্রকৃত পণ্যের নাম | প্রকৃত পণ্যের উৎপাদনকারীর নাম | নকল পণ্যের নাম | নকল পণ্যের উৎপাদনকারীর নাম |
|---|---|---|---|---|
| সম্পূর্ণ নকল | ১. মোরগ মার্কা নারকেল তেল | স্যামস কেমিক্যাল ইন্ডাষ্ট্রিজ, ঢাকা | মোরগ মার্কা নারকেল তেল | স্যামস কেমিক্যাল ইন্ডাষ্ট্রিজের নামে তৈরী |
| | ২. গন্ধরাজ কেশ তৈল | লালবাগ কেমিক্যাল ওয়ার্কস্, ঢাকা | গন্ধরাজ কেশ তেল | লালবাগ কেমিক্যাল ওয়ার্কসের নামে তৈরি |
| | ৩. নিভিয়া ক্রীম | টি.জি, স্মীর্থ এন্ড কোং, ইংল্যান্ড | নিভিয়া ক্রীম | ডেইজী কেমিক্যাল কোং, ঢাকা |
| প্রায় নকল | ১. তিব্বত স্নো | কোহিনুর কেমিক্যাল কোং, ঢাকা | তিব্বত স্নো | রোজিনা কেমিক্যাল কোং, ঢাকা |
| | ২. ম্যানোলা ভ্যানিসিং ক্রীম | পারফিউম কেমিক্যাল ইন্ডাস্ট্রি লি., চট্টগ্রাম | মনোলোভা ভ্যানিসিং ক্রীম | পারুল কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লি., ঢাকা |
| আংশিক নকল | ১. নিরালা ওয়াসিং সোপ | লালবাগ কেমিক্যাল ওয়ার্কস, ঢাকা | নিরালা ওয়াসিং সোপ | রহমান সোপ ফ্যাক্টরী, ঢাকা |
| | ২. লাইফবয় সোপ | লিভার ব্রাদার্স, চট্টগ্রাম | লাইট বয় সোপ | ইকবাল সোপ ফ্যাক্টরী, ঢাকা |

Source:Department of Marketing, Dhaka University "Marketing observations" 1982, p 21

অনেক সময় পণ্য বাজারজাতকরণের জন্য পণ্য সম্পর্কে মিথ্যা আবার কখনো-বা আংশিক মিথ্যা তথ্য প্রদান করা হয়ে থাকে। এ হিসাবে দু'ধরনের বিজ্ঞাপন নৈতিক বিশ্লেষণের দাবী রাখে:

১. মিথ্যা বিজ্ঞাপন (False advertisement) এবং

২. আংশিক সত্য বিজ্ঞাপন (partially true advertisement)।

একটি মিথ্যা বিজ্ঞাপন ভোক্তাকে প্রতারিত করে থাকে। আমরা পূর্বের অনুচ্ছেদে আলোচনা করেছি প্রতারণামূলক বিজ্ঞাপন কোনভাবেই নৈতিক নয়। কিন্তু কোন বিজ্ঞাপনে আংশিক সত্যকে প্রকাশ করা কি নৈতিক? যেমন, কোন শ্যাম্পুর বিজ্ঞাপনে বলা হচ্ছে 'ব্যবহারে আপনিও কোমল ও কালো চুলের অধিকারী হতে পারেন'। এই বিজ্ঞাপনে প্রদত্ত তথ্য অনেক ক্ষেত্রেই সত্য প্রমাণিত হয় না। কেননা উক্ত শ্যাম্পু ব্যবহারে ভোক্তার চুল মডেল কন্যার চুলের অনুরূপ নাও হতে পারে। এ জাতীয় বিজ্ঞাপন মিথ্যা প্রতারণামূলক বিজ্ঞাপনের চেয়ে কম ক্ষতিকর এবং পুরোপুরি প্রতারণামূলক বলা যায় না। কিন্তু কোন

বিজ্ঞাপনে আংশিক সত্য প্রকাশ অনেক সময় প্রতারণামূলক বিজ্ঞাপনের চেয়ে ক্ষতিকর হয়ে থাকে। বাংলাদেশে অনেক ধরনের কসমেটিকে আছে যেগুলোর বিজ্ঞাপনে বলা হয় "আপনার ত্বক নরম ও ফর্সা করে" অথচ কসমেটিক যে পার্শ্বপ্রতিক্রিয়া রয়েছে এবং রাসায়নিক উপাদান যে শরীরের জন্য ক্ষতিকারক তা বলা হয়নি। কিন্তু বিজ্ঞাপনে আংশিক সত্যের উপর গুরুত্ব দিয়ে পণ্যটি বাজারজাতকরণের চেষ্টা করছে। ভোক্তার শারীরিক ক্ষতিসাধনের জন্য পণ্যটি দায়ী হয়, এ-রকম পণ্যের বিজ্ঞাপন অনৈতিক। নিম্নের তালিকাটি এ প্রসঙ্গে উল্লেখ করা যেতে পারে :

তালিকা - ৩

| নকল পণ্যের প্রকার | প্রকৃত পণ্যের নাম | প্রকৃত পণ্যের উৎপাদনকারীর নাম | নকল পণ্যের নাম | নকল পণ্যের উৎপাদনকারীর নাম |
|---|---|---|---|---|
| সম্পূর্ণ নকল | ১. মোরগ মার্কা নারকেল তেল | স্যামস কেমিক্যাল ইন্ডাষ্ট্রিজ, ঢাকা | মোরগ মার্কা নারকেল তেল | স্যামস কেমিক্যাল ইন্ডাষ্ট্রিজের নামে তৈরী |
| | ২. গন্ধরাজ কেশ তৈল | লালবাগ কেমিক্যাল ওয়ার্কস, ঢাকা | গন্ধরাজ কেশ তেল | লালবাগ কেমিক্যাল ওয়ার্কসের নামে তৈরি |
| | ৩. নিভিয়া ক্রীম | টি.জি, স্মীর্থ এন্ড কোং, ইংল্যান্ড | নিভিয়া ক্রীম | ডেইজী কেমিক্যাল কোং, ঢাকা |
| প্রায় নকল | ১. তিব্বত স্নো | কোহিনুর কেমিক্যাল কোং, ঢাকা | তিব্বত স্নো | রোজিনা কেমিক্যাল কোং, ঢাকা |
| | ২. ম্যানোলা ভ্যানিসিং ক্রীম | পারফিউম কেমিক্যাল ইন্ডাস্ট্রি লি., চট্টগ্রাম | মনোলোভা ভ্যানিসিং ক্রীম | পারুল কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লি., ঢাকা |
| আংশিক নকল | ১. নিরালা ওয়াসিং সোপ | লালবাগ কেমিক্যাল ওয়ার্কস, ঢাকা | নিরালা ওয়াসিং সোপ | রহমান সোপ ফ্যাক্টরী, ঢাকা |
| | ২. লাইফবয় সোপ | লিভার ব্রাদার্স, চট্টগ্রাম | লাইট বয় সোপ | ইকবাল সোপ ফ্যাক্টরী, ঢাকা |

Source:Department of Marketing, Dhaka University "Marketing observations" 1982, p 21

বাংলাদেশে প্রচলিত বিজ্ঞাপনে অধিকাংশ সময় অসঙ্গতিমূলক দৃষ্টান্ত, অবান্তর প্রসঙ্গ দ্বারা ভোক্তাকে আকৃষ্ট করার চেষ্টা করা হয়। কিউটের এক বিজ্ঞাপনে প্রসাধন সামগ্রী সম্পর্কে কিছু না বলে বলা হচ্ছে 'গাড়ী চালালে সাবধানে ভয় থাকে না কারো প্রাণে' অথবা 'মরণে নিমীলিত চোখ আরেক জীবনে ফোঁটাতে পারে আলো' কিংবা 'মরণোত্তর চক্ষু দান করুন' ইত্যাদি নৈতিকতাপূর্ণ আবেদন ব্যবহার করা হয়ে থাকে। প্রসাধন সামগ্রীর প্রসঙ্গে মূল কথা না বলে অপ্রাসঙ্গিক কিছু নীতিকথা দ্বারা ভোক্তার আবেগকে আকৃষ্ট করার চেষ্টাই হলো এ বিজ্ঞাপনের মূল কৌশল। নৈতিকতার দিক থেকে আবেগকে যদিও মানদণ্ড

হিসাবে গ্রহণ করা হয়, কিন্তু অপ্রাসঙ্গিক ক্ষেত্রে আবেগবাদী নৈতিক মানদণ্ড কি প্রযোজ্য? আর এই বিবেচনায় বিজ্ঞাপনটিতে নৈতিকতার বিষয় অনুপস্থিত।

বাংলাদেশের বিজ্ঞাপনে আরেকটি চালচিত্র হলো নারী মডেলের যথেচ্ছ ব্যবহার। বিজ্ঞাপনে নারী প্রদর্শনী বিভিন্ন অপ-উদ্দেশ্য নিয়ে করা হয়। দেশের জনপ্রিয় টিভি অভিনেত্রী কিংবা সুন্দরী যখন কোন বিজ্ঞাপনের মডেল হবে তখন ক্রেতা সাধারণ ঐ মডেলের প্রতি ভাল লাগার আস্থা থেকে পণ্যের প্রতি আস্থাবান হবেন, এক্ষেত্রে তিনি হয়তো পণ্যের গুণবিচারের দিকে তাকাবেন না। তাছাড়া নারীর মধ্যে আছে সরলতা, আকর্ষণীয়তা এবং উপস্থাপনার ভঙ্গিমা, যা দিয়ে অপরের মধ্যে সংবেদনশীলতা সৃষ্টি করা যায়। এসব কারণে দেখা যায় অধিকাংশ নারী মডেলের ব্যবহার করা হচ্ছে। অনেক সময় এ আবেদন এতোটা যৌন-সংবেদনশীল হয় যে আবেগতাড়িত তারুণ্য উন্মুখ ও আপ্লুত হয়। সুতরাং বিজ্ঞাপনে নারী ও নারীর লাস্যময়ীতা একটি প্রশ্নসাপেক্ষ বিষয়, সেহেতু এখানে নৈতিক বিচারের প্রসঙ্গটিও আসে। সামগ্রিক বিবেচনায় বাংলাদেশের অধিকাংশ বিজ্ঞাপনেই নৈতিক নিয়মনীতিকে অনুসরণ করা হয় না। বাংলাদেশের অধিকাংশ পণ্যই সরকার নির্ধারিত স্ট্যান্ডার্ড মেনে উৎপাদন করা হয় না। উৎপাদনকারীরা কর্তৃপক্ষের যোগসাজশে বি.এস.টি.আই. এর বিবেচনায় নিম্নমানসম্পন্ন পণ্য উৎপাদনের অনুমোদন নিচ্ছে এবং যথেচ্ছ পণ্য উৎপাদন করছে এবং সেই পণ্যের বাজারজাতকরণের জন্য বিজ্ঞাপনের দ্বারস্থ হচ্ছে। ব্যবসার ক্ষেত্রে যেমন অনুসরণ করা হচ্ছে না কোন নৈতিকতা, পণ্যসামগ্রী উৎপাদনের ক্ষেত্রেও নৈতিক নীতির স্খলন হচ্ছে, তেমনি বিজ্ঞাপনের ক্ষেত্রেও কোন নৈতিক মানদণ্ড বা নীতিকে অনুসরণ করার প্রয়োজন বোধ করছে না কেউ। ফলে, বিজ্ঞাপনে নৈতিকতার বিষয়টি উপেক্ষিতই থেকে যাচ্ছে।

## চার

## উপসংহার

বিজ্ঞাপনে যে সব পণ্যের প্রচারকাজ চালানো হয় তাতো ভোক্তার মনোভাবকে প্ররোচিত করার জন্যই। কিন্তু বিজ্ঞাপন দ্বারা যেন ক্রেতা বা ভোক্তা প্রতারিত না হয় সে বিষয়ে ভোক্তার সচেতনতার প্রয়োজন রয়েছে। পণ্য কেনার সময় ক্রেতা যদি বিজ্ঞাপনের ভাষা দ্বারা মুগ্ধ না হন, নিজস্ব বৌদ্ধিক ক্ষমতা প্রয়োগ করে পণ্যের গুণ বিচার করেন তাহলে তিনি বিজ্ঞাপনের ভাষা দ্বারা প্ররোচিত হবেন না। অর্থাৎ ভোক্তাকে 'ignorant consumer' না হয়ে 'rational consumer' হলেই বিজ্ঞাপনের রূপক অর্থকে অনুধাবন করা সুবিধা হবে। মূলকথা হল পণ্যের অধিক প্রসারের জন্য অধিক সংখ্যক মানুষের কাছে পৌঁছে দেবার জন্য বিজ্ঞাপন অতীব প্রয়োজন। কিন্তু পূর্বোক্ত পর্যালোচনায় আমরা লক্ষ্য করেছি বিভিন্ন কারণে বিজ্ঞাপনও অনৈতিক হতে পারে। কিন্তু দায়িত্ব প্রসঙ্গে যদি কয়েকটি গ্রুপ সচেতন হয় তবেই বিজ্ঞাপনকে নৈতিক করা সম্ভব। বিজ্ঞাপনের গ্রুপগুলো হল : ১. প্রস্তুতকারক (Manufacturer), ২. বিজ্ঞাপন নির্মাতা (Advertisement producer), ৩.

বিজ্ঞাপন প্রচারের মাধ্যমসমূহ (Broadcasting media of advertisement), ৪. সাধারণ ভোক্তাগণ (Common consumers), ৫. সরকারি বা বেসরকারি সংস্থাসমূহ (Government and Non-government Agencies) ইত্যাদি। এ প্রসঙ্গে আমরা কয়েকটি বিষয় বিবেচনা করতে পারি :

এক. যেসব প্রতিষ্ঠান পণ্যটির প্রস্তুতকারক কেবল তারাই জানেন পণ্যটির গুণগত মান সম্পর্কে। সুতরাং পণ্যটির গুণগত মান যদি প্রচারিত বিজ্ঞাপনের সঙ্গে বেশি তারতম্য হয় তবে পণ্যের বিজ্ঞাপন সম্প্রচার থেকে বিরত থাকাই নৈতিক।

দুই. যে সব প্রতিষ্ঠান বিজ্ঞাপন প্রস্তুত করেন তারাও এসব নৈতিক দায়-দায়িত্ব এড়াতে পারেন না। বিজ্ঞাপন প্রস্তুতকারকের নৈতিক দায়িত্ব হল পণ্যটির গুণগত মান থেকে অতিরিক্ত আকর্ষণীয় করে তথ্য উপস্থাপন করা থেকে বিরত থাকা।

তিন. বিজ্ঞাপন প্রচারের মাধ্যমগুলো বিশেষ করে টিভি, রেডিও, প্রিন্টমিডিয়া, বিজ্ঞাপন জার্নাল, ট্রেড জার্নাল তারাও বিজ্ঞাপনের নৈতিক দায়-দায়িত্ব থেকে মুক্ত নন। কেননা এসব মিডিয়া যদি বিজ্ঞাপিত পণ্য সম্পর্কে অবগত হন যে পণ্যটি ভোক্তাকে প্রতারিত করতে পারে, সে-ধরনের পণ্যের বিজ্ঞাপন প্রচার থেকে বিরত থাকাই মিডিয়ার নৈতিক দায়িত্ব।

চার. জনগণের পণ্য ও বিজ্ঞাপন প্রসঙ্গে সচেতন হওয়ার প্রয়োজন আছে।

পাঁচ. সরকারের উচিত বিজ্ঞাপনের জন্য 'ethical code' তৈরি করা, যার উপর ভিত্তি করে পণ্যে বিজ্ঞাপন নির্মাণ করা সঙ্গত হবে। এর জন্য কয়েকটি নীতিমালার প্রস্তাব করা যেতে পারে যা নিম্নরূপ :

১. বিজ্ঞাপনে প্রদত্ত ভাষার সঙ্গে পণ্যের সামঞ্জস্য থাকা উচিত,

২. বিজ্ঞাপনের ভাষা হতে হবে রুচিশীল, অশ্লীলতাবর্জিত,

৩. বিজ্ঞাপন দ্বারা কেহই যেন প্রতারিত বা প্রবঞ্চিত না হন সেজন্য সরকারকে প্রয়োজনবোধে আইন প্রয়োগের মাধ্যমে বিজ্ঞাপন নিয়ন্ত্রণ করতে হবে এবং নিষিদ্ধ পণ্য যেমন, হেরোইন, গাঁজা, মাদকদ্রব্য, মারিজুয়ানা ইত্যাদি যা গণ-জীবন বিপর্যস্ত করতে পারে তার বিজ্ঞাপন আইনগতভাবে নিষিদ্ধ করতে হবে।

সর্বোপরি জীবনকে সুন্দর করার জন্য জীবন যাপনের নৈতিক দিকগুলো বিবেচনা করা প্রয়োজন। বিজ্ঞাপন দ্বারা যেন কেউ প্রতারিত না হয় আমাদের সকলকে সেদিকে লক্ষ্য রাখতে হবে। এটা সম্ভব যদি আমরা সবাই নিজেদেরকে নৈতিক রাজ্যের সদস্য ভাবতে পারি। নৈতিকতার ক্ষেত্রে আরেকটি বিষয় স্বীকৃত তা হল : আমরা যেন এমন নীতি অনুসারে কাজ করি যা একটি সর্বজনীন নিয়মে পর্যবসিত হয়। ইমানুয়েল কান্টের নৈতিকতার এই নীতিটিই পারে বিজ্ঞাপন দ্বারা ক্রেতাকে প্রতারিত করা থেকে বিরত রাখতে।

## গ্রন্থপঞ্জি


Altman, Andrew (1983) Pragmatism and Applied Ethics, American Philosophical Quaterly, April.

Bowie. N.E. Duska. Ronald. F., (1982), Business Ethics, Prentice Hall, Englewood Clifs edition,

Carson, Thomas L., et al. (1985), "An Ethical Analysis of Deception in Advertising", in The Journal of Business Ethics, VolA, Reidel Publishing Co., Dorrecht, Holland, and Boston.

Clouser, K.Dancer (1980), *Teaching Bioethics Strategies: Problems and Resources,* New York, The Hastings Centre.

Donald, Davis. E., (1984), Basic Text in Advertising. Printers Inc. Book-NY, 3rd print.

Eldrige, (January-1958), "Advertising Effectiveness- How can be Measured?" *Journal of Marketing*-Vol-XXII, No-3.

Gardner,David,M., (1975),"Deception in Advertising: A Conceptual Approach," Journal of Marketing, 39, January.

Gert, Bernard (1982), Licensing Profession' In Business and Professional Ethics Journal.

Hfiyry, Matti, (1994), Liberal Utilitarianism and Applied Ethics, Routledge, London.

Henry. Jules,(1979) "Advertising as a Philosophical System", In Tom. L. Beauchamp and Norman. E. Bowie, ed,
*Ethical Theory and Business*, 1st edition.

Kant. I, (rpt. I 964) *Groundwork of the Metaphysics of Morals*, Trans by H. H. Patton. New York, Harper and Row Pub.

Manlntyre, Alasdair (1994) Does Applied Ethics Rest on a Mistake', The Monist, Vol. 67

Packard, Vance, (1958), *The Hidden Persuaders*, Pocket Books, New York.

Patrick, George Thomas, (1969), *An Introduction To philosophy*, London.

Report (1948) 'Report of Definition Committee' Journal of Marketing, Vol-XII, N-2.

Searle. J. R., (1964), "How to Derive Ought from is", *The philosophical review*, Vol-LXX.

Stevenson, Charles L.,(1945) *Ethics and Language*, New Heaven: Yale University Press.

দৈনিক ইত্তেফাক, ১০ ডিসেম্বর, ১৮ ডিসেম্বর ও ২০ ডিসেম্বর, ১৯৯২